হোমিওপ্যাথিক

বৃহৎ ফার্ম্মাকোপিয়া।

গ্রেট হোমিওপ্যাথিক হলের ম্যানেজিং পার্টনার

শ্রীবরেন্দ্র চন্দ্র ঘটক কর্ত্তৃক প্রণীত।

আমেরিকান্, জার্ম্মাণ, ব্রিটীশ প্রভৃতি

ফার্ম্মাকোপিয়ার সম্মিলিত মত।

বটকৃষ্ণ পাল এণ্ড কোম্পানী কর্ত্তৃক

প্রকাশিত।

১২ নং বনফিল্ডস্ লেন বড়বাজার, কলিকাতা।

ভূমিকা।

বর্ত্তমান বিংশ শতাব্দীতে বিজ্ঞানের উন্নতির দিনে, চিকিৎসা বিজ্ঞানেরও সমধিক উন্নতি হইতেছে। বিশেষতঃ, হোমিওপ্যাথিক চিকিৎসা দিন দিন সমুন্নতি লাভ করিতেছে। চারিদিকে প্রতিভাশালী সুচিকিৎসক সমুদিত হইয়া সদৃশ চিকিৎসার উজ্জ্বল জ্যোতিঃ বিকীর্ণ করিতেছেন। এক্ষণে সহর অতিক্রম করিয়া পল্লীগ্রামেও নূতন চিকিৎসার নূতন বল আপন প্রভুত্ব বিস্তার করিতেছে। এরূপ সমুন্নতির দিনে সদৃশ চিকিৎসার নূতন নূতন উৎকৃষ্ট গ্রন্থাদি প্রচারিত হওয়া নিতান্ত প্রয়োজন মনে করিয়া আমরা এই **"ঔষধ প্রস্তুত প্রণালী তত্ত্ব"** বা বৃহৎ ফার্ম্মাকোপিয়া পুস্তকখানি সঙ্কলিত করিলাম। বঙ্গভাষায় ভৈষজ্যতত্ত্ব ও চিকিৎসাতত্ত্ব বিষয়ক অনেক গুলি পুস্তক ও ঔষধ প্রস্তুত সম্বন্ধেও দুই একখানি পুস্তক মুদ্রিত হইয়াছে বটে, কিন্তু এখনও সম্যক অভাব পূর্ণ হয় নাই। আমি হোমিওপ্যাথিক, বিভাগে প্রায় বিংশ বৎসর যাবৎ কার্য্য করিয়া যে বহুদর্শন লাভ করিয়াছি, তাহাতে আমার বিশ্বাস এরূপ পুস্তকের যথার্থ অভাব ছিল; সেই অভাব পূর্ণ করিতে বিশেষ চেষ্টা করিয়াছি। এই পুস্তকে আমেরিকান্, জার্ম্মাণ ও ব্রিটিশ মত বিভিন্ন ভাবে লিখিত হইয়াছে। কঠিন কঠিন ইংরাজী শব্দের পারিভাষিক শব্দ বা অনুবাদ বিবিধ গ্রন্থ হইতে সংগৃহীত করিয়া দিয়াছি। বিচূর্ণ, তারল্য বিচূর্ণ (টিঞ্চার ট্রিটুরেশন) প্রভৃতির প্রস্তুত নিয়ম বিশদ ভাবে প্রদত্ত হইয়াছে।

প্রত্যেক ঔষধের সুস্থ দৈহিক পরীক্ষকের নাম সংযোজন করা হইয়াছে। ঔষধগুলির বাঙ্গালা নাম লিখিত হওয়ায়, স্বদেশীয় ভেষজের মধ্যে কোন কোন গুলি গৃহীত হইয়াছে, তাহা সহজে বোধগম্য হয়।

হোমিওপ্যাথিক ঔষধগুলি যাহাতে মফঃস্বলস্থ চিকিৎসক বৃন্দের দ্বারা প্রস্তুত হইতে পারে, তজ্জন্য প্রস্তুত প্রক্রিয়ার সবিশেষ বর্ণনা করিয়াছি। এই পুস্তক সাহায্যে তাঁহারা নিজ নিজ গৃহে বসিয়া এল্‌কোহল ও পরিস্রুত জল লইয়া, ঔষধের উচ্চক্রম, বটিকা, অনুবটিকা প্রভৃতি প্রস্তুত করিতে পারিবেন।

ঔষধের বিশুদ্ধতা সংরক্ষণের জন্য শিশি ও যন্ত্রাদি উত্তমরূপে পরিষ্কৃত করণ ও বিশুদ্ধ এল্‌কোহল কি করিয়া সংরক্ষিত করা কর্ত্তব্য, তাহার বিশদ বিবরণ প্রদত্ত হইল। সমস্ত বিশুদ্ধতা সংরক্ষণ করিতে পারিলে, ঔষধ নিশ্চয়ই বিশুদ্ধ হইয়া থাকে। বিশুদ্ধ ঔষধের দ্বারা সদৃশ চিকিৎসার সুফল নিশ্চয় লাভ করা যায়। ইহাতে চিকিৎসকের পরম আহ্লাদ ও সম্মান এবং সাধারণের বা পীড়িত ব্যক্তির পরম উপকার সাধন হয়।

পরিশেষে নিবেদন, এই পুস্তক খানি প্রনয়ণ করিতে সহরের প্রসিদ্ধ চিকিৎসক, বিবিধ গ্রন্থ প্রণেতা, হোমিওপ্যাথিক স্কুলের অধ্যাপক হোমিও-প্যাথিক সোসাইটির সহকারী সম্পাদক, ডাক্তার শ্রীচন্দ্রশেখর কালি ও ডাক্তার শ্রীরাইমোহন বন্দ্যোপাধ্যায় বিশেষ সাহায্য করিয়াছেন, এজন্য তাঁহাদের নিকট বড়ই কৃতজ্ঞ রহিলাম।

এক্ষণে যাঁহাদের জন্য এই পুস্তক রচনা করিলাম, তাঁহাদের কার্য্যে আসিলে এবং যে উদ্দেশ্যে ইহা সঙ্কলিত হইল, তাহা সাধিত হইলে পরিশ্রমাদি সার্থক জ্ঞান করিব।

নিবেদক

সন ১৩১৩ চৈত্র।

শ্রীবরেন্দ্র চন্দ্র ঘটক।

ম্যানেজিং পার্টনার, গ্রেট হোমিওপ্যাথিক হল।

নিম্নলিখিত ঔষধগুলির মধ্যে কতকগুলি ভেষজ ও কতকগুলি রাসায়নিক পদার্থ। ইহাদের বাঙ্গালা বা সংস্কৃত নাম অনেকে বিদিত নহেন বলিয়া তাঁহাদের সুবিধার্থ এস্থলে উহা প্রদত্ত হইল ;—

ঔষধের নাম।	বাঙ্গালা বা সংস্কৃত নাম।
এলো (Aloe)	মুসব্বর।
এলুমেন (Alumen)	ফটকিরী।
এসিয়াটিকা হাইড্রোকোটাইল ... ... (Asiatica Hydrocotyle) ...	থলকুড়ি।
এণ্টিক্রুডম (Anti crude)	সুর্ম্মা।
এমন মিউর (Amon Mur)	নিশাদল।
এসপারেগাস্ (Asporagus)	শতমূলী।
আর্সেনিক রুব্রাম (Arsenic Rubrum)	মোমছাল।
এগারিকাস্ (Agaricus)	বেঙের ছাতা
আর্সেনিক ইয়েলো সল্‌ফাইড্ ... (Arsenic citrinum or yellow Sulphide of Arsenic	হরিতাল।
বিউফো (Bufo)	সেপো বেঙ্।
ব্রায়োনিয়া (Bryonia alb)	তেলাকুচো। (কেহ কেহ শ্বেত মাকাল বলেন।

ঔষধের নাম।	বাঙ্গালা বা সংস্কৃত নাম।
ক্যানাবিস্ স্যাটাইভা (Cannabis Sativa) ...	সিদ্ধি।
ক্যানাবিস্ ইণ্ডিকা (Cannabis Indica)	গাঁজা, চরস।
ক্যাকটাস্ (Cactus)	লতাসিজ।
ক্যামোমিলা (Chamomilla)	বাবুনাফুল।
ককুলস্ (Cocculus)	কাকমারী
কলোসিন্থ (Calocynth)	ইন্দ্রবারুণী।
কুপ্রম্ সলফ (Cup sulph)	তুতিয়া।
ক্রোকস্ (Crocus)	জাফরান্।
ডলিকাস্ (Dolicus)	আল্কুশী।
ইলাটিরিয়াম্ (Elaterium)	তিতলাউ।
ইয়ুফর্ব্বিয়ম্ (Euphorbium) ...	তেকাটা সেজ।
ইউপেটোরিয়ম পার্ফোলিয়েটাম্ ... ... (Eupatorium Perfoliatum) ...	হাড়জোড়া।
জেল্‌সিমিনম্ (Gelseminum) ...	স্বর্ণযূথিকা।
ইণ্ডিগো (Indigo)	নীল।
কেলিনাইটার ... ... Kali Nit	সোরা।
মার্কুরিয়াস করো (Merc Cor) ...	রস কর্পূর।
নক্স মস্কেটা (Nux Muschata)	জায়ফল।
ওলিয়েণ্ডার (Oleander)	করবী।
পিট্রোলিয়ম (Petrolium)	মেটে তৈল।
প্লম্বম (Plumbum)	সফেদা।

ঔষধের নাম।	বাঙ্গালা বা সংস্কৃত নাম।
রুটা (Ruta)	ব্রাহ্মীশাক।
রিউম (Rheum)	রেউ চিনি।
সেন্না (Senna)	সোনামুখী।
ভিরেট্রাম্ এল্বাম্ (Veretrum alb)	শ্বেতকুট্‌কী।
জিঙ্কাম সলফ (Zincum Sulph) ...	শ্বেত তুতিয়া।

☞ যে সকল ঔষধের এইরূপ দেশীয় নাম পাওয়া যায়, আমরা প্রায় তাহাদের উল্লেখ করিয়াছি। পাঠকগণ এতদ্ সাহায্যে স্বদেশীয় ঔষধের বিষয় অনেক অবগত হইতে পারিবেন।

হোমিওপ্যাথিক ফার্ম্মাকোপিয়ার

সূচীপত্র।

বিষয়। পত্রাঙ্ক।

বিষয়।	পত্রাঙ্ক।

বিষয়। পত্রাঙ্ক।

বিষয়। পত্রাঙ্ক।

বিষয়।				পত্রাঙ্ক।

বিষয়। পত্রাঙ্ক।

হোমিওপ্যাথিক

ফার্ম্মাকোপিয়া।

বা

ঔষধ প্রস্তুত প্রণালী তত্ত্ব।

PHARMACOPŒIA.

যে পুস্তকে ঔষধ প্রস্তুত করণ নিয়মাদি নিয়মিতভাবে লিপিবদ্ধ করা হয়, তাহাকে 'ফার্ম্মাকোপিয়া' কহে। হোমিওপ্যাথিক ফার্ম্মাকোপিয়াতে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত প্রণালী, ক্রম বা ডাইলিউশন করার নিয়ম প্রভৃতি সন্নিবেশিত থাকে।

পারিভাষিক শব্দ (Technical words)।

এই পুস্তকে সর্ব্বদা কতকগুলি ইংরাজী শব্দের পরিভাষা বা বঙ্গানুবাদ ব্যবহৃত হইয়াছে, আমরা পাঠকবর্গের সুবিধার জন্য নিম্নে উক্ত কথা গুলির ইংরাজী শব্দ ও উহার অনুবাদ সন্নিবেশিত করিলাম ;

অনুবাদ......................ইংরাজী শব্দ।

ক্রম বা শক্তি—এটিনিউয়েশন ; পোটেন্সি (Attenuation ; Potency).

বিচূর্ণ—ট্রাইটুরেশন্ (Trituration).

দ্রব—সলিউশন (Solution).

মূল অরিষ্ট—মাদার টিঞ্চার (Mother Tincture).

সুরাসার—এল্‌কোহল (Alcohol).

অনুবাদ..................ইংরাজী শব্দ।

শোধিত সুরা—রেক্‌টিফাইড্‌ স্পিরীট (Rectified Spirit).

পরিস্রুত জল—ডিষ্টিল্‌ড ওয়াটার (distilled water).

অমিশ্র সুরাসার—এবসোলিউট এল্‌কোহল (Absolute Alcohol).

খল বা হামাম—মর্টার (Mortar).

মুষল বা হামামডাটী—পেষ্টেল্‌ (Pestle).

প্রক্রিয়া—ফর্ম্মূলা (Formula).

জলপাই তৈল—অলিভ্‌ অয়েল্‌ (Olive oil).

বাদামের তৈল—এমণ্ড অয়েল্‌ (Almond oil).

মর্দ্দন বা মালিশ—লিনিমেণ্ট (Liniment).

ধাবন—লোশন (Lotion).

স্নেহপট্টীকা—প্লাষ্টার (Plaster).

বস্তিকর্ম্ম—ইঞ্জেক্‌শন (Injection).

দর্ব্বী—স্পুন (Spoon).

ক্বাথ—ডিকক্‌শন (Decoction)

অনুক্রম চর্চ্চা—এনালিসিস্‌ (Analysis).

সার—এসেন্স (Essence).

গাঢ়ভবন—কন্‌ডেন্সেশন (Condensation).

বাষ্পকরণ—ইভাপোরেশন (Evaporation).

অধঃক্ষেপ—সেডিমেণ্ট (Sediment).

উৎসেচন—ফার্ম্মেণ্টেশন (Firmentation).

পচন—পিউট্রিফ্যাকশন (Putrifaction).

সংযমন জমাট—কোয়াগুলেশন (Coagulation).

পরিস্রুত করণ বা চুয়ান—ডিষ্টিলেশন (Distillation).

বক যন্ত্র বা পরিস্রুত করণ যন্ত্র—ষ্টিল্‌ (Still).

প্রস্রাবী যন্ত্র—রিটর্ট (Retort).

গ্রহণ যন্ত্র বা পাত্র—রিসিভার (Receiver).

চুল্লিকা বা উনুন—ফার্নেস (Furnace).

অনুবাদ.....................ইংরাজী শব্দ।

অরিষ্ট মিশ্রিত বিচূর্ণ—টিংক্চার ট্রিটুরেশন (Tincture Trituration).
ভৈষজ শক্তি—ড্রগ্‌-পাওয়ার (Drug-power).
ব্যবস্থাপত্র—প্রেস্‌ক্রিপ্‌শন (Prescription.).
ধূপন—ফিউমিগেশন (Fumigation).
মোদক—কন্‌ফেক্‌শন (Confection).
অনুপান—ভিহিকেল্‌ (Vehicle).
মাত্রা—ডোজ (Dose).
ধাত্বাদি—মিনারেল্‌ (Mineral).
উদ্ভিদাদি—ভেজিটেবিল্‌ (Vegetible).
জান্তব—এনিমেল্‌ (Animal).

কটু—পন্‌জেণ্ট (Pungent).
তিক্ত—বিটার (Bitter).
কষায়—এষ্ট্রিঞ্জেণ্ট (Astringent).
লবণাক্ত—সল্‌টী (Salty).
মিষ্ট—সুইট (Sweet).
অম্ল—সাউয়ার (Sour).

ওজন ও মাপ।

WEIGHT.

ওজন।

৫৪·৬৯৩৭৫ গ্রেণে এক ড্রাম = ʒi
৪৩৭·৫ গ্রেণে এক আউন্স = ℥i
১৬ আউন্সে—এক পাউণ্ড = ℔

---

২০ গ্রেণে = এক স্ক্রুপল্ = ℈
৩ স্ক্রুপলে = ১ ড্রাম
৮ ড্রামে = এক আউন্স
১২ আউন্সে = ১ পাউণ্ড

চিকিৎসকেরা সর্ব্বদা এইরূপ মাপ ব্যবহার করেন।

হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকালে উপরের লিখিত মত গ্রহণ করা কর্ত্তব্য।

তরল দ্রব্যের মাপ।

(MEASURES OF CAPACITY.)

এক মিনিম্—এক ড্রামের ষাটভাগের ভাগ = ♏
৬০ মিনিমে—এক ড্রাম = ʒi
৮ ড্রামে—এক আউন্স = ℥i
২০ আউন্সে—এক পাইণ্ট = O
৮ পাইণ্টে—এক গ্যালন = C

কিরূপ গৃহে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত ও রক্ষা করা কর্ত্তব্য।

(LOCAL ACCOMMODATIONS.)

যে ঘরে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত করা যায় বা প্রস্তুত করিয়া রক্ষা করা যায়, সে ঘরটী শুষ্ক, পরিষ্কৃত ও গন্ধশূন্য হওয়া আবশ্যক, অত্যধিক আলোক বা অত্যধিক অন্ধকারযুক্ত হওয়া উচিত নহে। ড্যাম্প, আর্দ্রতা, ধূলিকণা, কেরোছিন্ তৈল, কোন প্রকার উগ্র গন্ধ, বিশেষতঃ তার্পিণ, কর্পূর, পিপারমেণ্ট, ন্যাপথালিন, আয়োডফর্ম্ম ইত্যাদি ঔষধের শিশির সন্নিকটে রাখা উচিত নহে। **ক্যাম্ফর ও ঔষধ** এক গৃহে প্রস্তুত করা কর্ত্তব্য নহে।

শিশি, বোতল, খল ইত্যাদি (Utensils)। নূতন শিশিগুলি **উত্তমরূপ** ধৌত না করিয়া ব্যবহার করা কর্ত্তব্য নহে। উহার মধ্যে ধূলি কুটা

থাকে, এজন্য সেগুলি পরিষ্কৃত করিয়া প্রথমে শীতল জলপূর্ণ পাত্রে কিয়ৎকাল ভিজাইয়া রাখিয়া, পরে শিশি পরিষ্কারক ব্রস্ দ্বারা উহার অভ্যন্তর পরিষ্কার করিতে হয়। তৎপরে উষ্ণজলে ধৌত করা কর্ত্তব্য। পরে ধূলিবিহীন স্থানে রৌদ্রে শুষ্ক করিয়া লওয়া কর্ত্তব্য। স্পিরিট দ্বারা ভিতর ধৌত করিয়া কর্ক আঁটিয়া রাখিতে হয়।

ছিপি (Corks)।—নূতন ছিপি ব্যতীত ব্যবহৃত বা পুরাতন ব্যবহার করা উচিত নহে। কাচের ছিপি কয়েক স্থলে প্রয়োজিত হইলেও, উত্তম ভেল্‌ভেট কর্ক অপেক্ষা ভাল নহে। তবে এসিড, আয়োডিন প্রভৃতির জন্য গ্লাস ষ্টপার্ড প্রয়োজন। যে সকল কর্ম্মচারী—বা চাকর শিশি প্রভৃতি পরিষ্কার করিবে, তাহাদের দ্বারা তামাক সাজান ভাল নহে। তামাকুসেবী কম্পাউণ্ডার বা ডাক্তারদিগের এ বিষয়ে সাবধানী হওয়া কর্ত্তব্য। অধিক ছিদ্রযুক্ত ছিপি পরিত্যজ্য।

নিক্তি বা স্কেল (Scales)।—ইহা গ্লাসের হউক, বা পিত্তলের হউক উত্তমরূপ ধৌতাদি করা কর্ত্তব্য। উত্তমরূপ ধৌতাদি করা হইলে উভয়দিকে সমান ওজনের কাগজ কাটিয়া দিয়া উহার উপর ঔষধ ওজন করিতে হইবে। কষ্টিক বা কষায় দ্রব্য ওজন করিতে হইলে কাচ নির্ম্মিত নিক্তির বাটীতে ওজন করা কর্ত্তব্য।

হাড়ের বা শৃঙ্গের নিক্তিতে দুগ্ধ-শর্করা পারদাদি সংযুক্ত দ্রব্য ওজন করা বিহিত।

খল ও হামমদিস্তা (Mortars and pestles)।—মূল ঔষধ প্রস্তত করিতে হইলে বা কঠিন দ্রব্য চূর্ণ করিতে হইলে (Pulverising hard substances) লৌহ নির্ম্মিত হামামদিস্তাদি ব্যবহার্য্য। বিচূর্ণন জন্য ওয়েজউড আবিস্কৃত কাচ বা চিনামাটীর যন্ত্র ব্যবহার করা যায়। কাচের খলে তীব্র গন্ধযুক্ত ঔষধ চূর্ণ প্রস্তত করা কর্ত্তব্য নহে। এতন্নিমিত্ত ওয়েজউড আবিষ্কৃত খল ভাল।

খলাদির সংশোধন করণ।—প্রত্যেক ঔষধ বিচূর্ণন করিতে পৃথক পৃথক খল রাখিতে পারিলে ভাল হয়। তদভাবে একটী ঔষধের বিচূর্ণ হইলে উগ ব্রস্ দ্বারা পরিষ্কৃত করিয়া প্রথমে শীতল জলে পরে উষ্ণ জলে ধৌত করিতে হইবে। অতঃপর রৌদ্রে শুষ্ক করিতে হয়। পরে স্পীরিট দ্বারা ধৌত করিয়া উহার মধ্যে সামান্য স্পীরিট জ্বালাইলে উহা সংশোধিত হয়।

স্প্যাচুলা ও স্পুন (Spatula and spoon)।—ইহা হাড়ের বা শৃঙ্গের বা পর্সিলেনের হওয়া আবশ্যক।

ফনেল্ (Funnel)।—চিনামাটীর—বা গ্লাসের হইলেই ভাল; ধাতুর হওয়া উচিত নহে।

ছুরিকা (Chopping knife)।—উত্তম ষ্টিল্ বা ইস্পাতের পরিষ্কৃত হওয়া উচিত।

প্রেস (Presses)।—পৃথক পৃথক ভাবে খোলা যায় এরূপ প্রেস ব্যবহার প্রয়োজন।

মিনিম ও মেজার গ্লাস (Minim and Measure glass)।—ছোট ও বড় নানা প্রকারে গ্লাস ব্যবহৃত হয়। ইহা কাচ নির্ম্মিত ও মার্কা বা চিহ্নযুক্ত। মিনিম মেজারের যে দিকে ১০০০ অঙ্ক লিখিত আছে সেই ভাগটী কেবল সুরাসার বা এল্‌কোহল জন্য। উহা সর্ব্ব নিম্নের দাগ বিশ মিনিম। যে ভাগটীর উপরে ৬০০ লেখা আছে, সেই ভাগটী পরিস্রুত জল মাপিতে হয় উহার সর্ব্ব নিম্নে ১০ দাগ আছে।

ছোট মেজার গ্লাসের বা মিনিম মেজারের তিনটী রেখা টানা আছে। ২০০ চিহ্ন স্পিরীটের ১৫০ ডাইলিউট এল্‌কোহলের এবং একশত চিহ্নিত পরিস্রুত জল মাপিবার জন্য ব্যবহৃত হয়। কেহ কেহ বলেন এই সকল গ্লাস ঔষধ মাপিবার জন্য ব্যবহার করা উচিত নহে। শিশিতে দাগ দিয়া লইতে হয় বা কর্ক দ্বারা ফোঁটা ফেলিয়া লওয়া কর্ত্তব্য বা ওজন করিয়া লওয়া উচিত।

বিন্দু এবং মিনিম (Minims and drops)।—ফোঁটার পরিমাণের স্থিরতা থাকে না; শিশি কর্কের মুখের পরিসর এবং দ্রব্যের তরলতার ন্যূনাধিক্য জন্য ছোট বা বড় ফোঁটা পড়ে। মিনিম বলিতে এক ড্রামের ৬০ ভাগের এক অর্থাৎ ৬০ মিনিমে এক ড্রাম। জলের, স্পিরীটের ও আল্‌কাতরার ফোঁটা নিশ্চয়ই বিভিন্ন।

হোমিওপ্যাথিক

ঔষধ প্রস্তুত করার পরে যন্ত্রাদির পরিষ্কার করণ।

(The cleansing of utensils)

প্রত্যেক ঔষধের জন্য ঔষধার্থ ব্যবহৃত দ্রব্যাদি প্রতিবারে নূতন হইলে যথার্থ বিশুদ্ধতা সংরক্ষিত হয়, কিন্তু কার্য্যতঃ অসম্ভব বলিয়া যতদূর সাধ্য উহা পরিষ্কার করিয়া রাখা কর্ত্তব্য।

গ্লাস এবং বটল বা বোতল প্রভৃতি বৃষ্টির জলে কয়েকবার ধৌত করিয়া পরে পরিস্রুত জল দ্বারা ধৌত করিতে হইবে। তৎপরে প্রবল উত্তাপে উহাদিগকে শুষ্ক করিতে হইবে। (To be dried at a high temparature).

পর্সিলেনের পাত্রগুলি উষ্ণ জলে ধৌত করিয়া পরে উষ্ণ জলে বা অগ্নির অধিক সন্তাপে ধরিয়া বিশুদ্ধ করা উচিত।

সমস্ত যন্ত্রাদি ঔষধার্থ ব্যবহৃত হইলে উহা ধৌত করিয়া রাখা উচিত।

ফোঁটা ফেলিবার সঙ্কেত।—হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী কম্পাউণ্ডরগণকে বা চিকিৎসককে ফোঁটা ফেলিতে শিক্ষা করিতে হয়। কেন না পৃথক পৃথক শিশি বা মিনিম মেজার হওয়া দুর্ল্লভ। শিশিতেই অনেক সময় ক্রম প্রস্তুত করিতে হয়। ঢালিবার দোষে অনেক সময় ছোট বড় ফোঁটা পড়ে। সাবধানে ধীরে ধীরে কর্কটী শিশির মুখে বক্রভাবে বা আড় ভাবে দিয়া ফোঁটা ফেলিতে হয়। যন্ত্রাদি অপরিষ্কার থাকে ও উষ্ণজলে বারম্বার ধৌত করা হয় এজন্য ইহাই উৎকর্ষ উপায়।

হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত করণার্থ উপকরণ বা ভেষজহীন দ্রব্যাদি।

(Neutral Substances or Vehicles).

পরিস্রুত জল।

(Distilled water).

ইহার আর একটী নাম একোয়া ডিষ্টিলেটা। বৃষ্টির জল চুয়ান যন্ত্রে—(ষ্টিল Still) চুয়াইতে হয়। ঝড়ের সময়ের বৃষ্টির জলে ধূলি কুটা থাকে, এজন্য ঝড়ের পরের জল গৃহীতব্য

যে যন্ত্রে গন্ধদ্রব্য পরিস্রুত হয়, তাহাতে এই জল চুয়াইতে নাই। চোয়ান যন্ত্রটী তাম্র নির্ম্মিত এবং ভিতরে টীনের পাত দিয়া যোড়া আবশ্যক এতদর্থে স্বর্ণ বা পর্সিলেন যন্ত্র মন্দ নহে। গ্ল্যাসের রিটর্ট (Retort) থাকিলে সিলকাদি মিশ্রিত হয়। এই জল চুয়ান জন্য যন্ত্রের অর্দ্ধেকাংশ জল পূর্ণ করিয়া মৃদুসন্তাপে জাল দিলে প্রথমে জল বাষ্পাকারে রিটর্টের ভিতর দিয়া যায় এবং পরবর্ত্তী বাঁকা নলের মধ্যে শীতল হইয়া জলাকারে পরিণত হয়। যত জল হইল উহার প্রথম বিশ অংশ ফেলিয়া দিয়া তৎপরবর্ত্তী ১৬ অংশ গ্রহণ করা কর্ত্তব্য। অর্থাৎ দশ পাইণ্ট জল পরিস্রুত হইলে প্রথম দশ আউন্স ফেলিয়া দিয়া তৎপরে ৪ পাইণ্ট লইতে হইবে। তৎপরে যে জল চুয়ান হইবে, তাহাও গ্রহণ করা কর্ত্তব্য নহে। এম্বারবর্ণ বোতলে বা পাত্রে এই জল ভাল থাকে।

পরিস্রুত জল পরীক্ষা।—এই জলের কোন প্রকার বর্ণ বা আস্বাদ বা তলানি থাকিবে না। ইহাতে কষ্টিক্ সংযোগ করিলে রূপান্তর হইবে না। জলে ময়লা না থাকে এজন্য কাচের ছিপিযুক্ত বোতলে ইহা রক্ষা করা কর্ত্তব্য।

সুরাসার (Alcohol)।

হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতার্থ ইহাই প্রধান উপকরণ। ইহার বিশুদ্ধতার উপর সমস্ত ঔষধের গুণাগুণ নির্ভর করে। এই জন্য ইহা কোন বিশ্বস্ত স্থান হইতে ক্রয় করিয়া পুনশ্চ পরিস্রুত করা কর্ত্তব্য। কারণ ইহাতে নানাপ্রকার পদার্থ—ফিউজেল অয়েল (Fusel oil)—প্রভৃতি মিশ্রিত থাকে।

পুনর্ব্বার চোয়ান যন্ত্র কাচনির্ম্মিত যন্ত্র বা স্বর্ণময় যন্ত্র ব্যবহার্য্য। কাচযন্ত্রে সাবধানে না চুয়াইলে, সহসা উহা ভাঙ্গিয়া যায় এবং দম করিয়া শব্দ (Explosion) হয়। মৃদু সন্তাপে এবং বাঁকা নলের উপরের ষ্টপার্ডটী খুলিয়া রাখিতে হয়।

বিশুদ্ধ সুরাসার পরীক্ষা।

ইহা বর্ণবিহীন, স্বচ্ছ; সুতীব্র আস্বাদবিশিষ্ট; অগ্নিতে দহন করিলে ঈষৎ নীলবর্ণ শিখা উঠে, ধূম হয় না। ইহার আপেক্ষিক গুরুত্ব ০. ৮২৯৮ (Specific gravity 0. 8298) অর্থাৎ জলের সহিত তুলনা করিলে ইহার গুরুত্ব অল্প।

সমপরিমাণের জল অপেক্ষা সুরাসার গুরু নহে। ইহা পরিস্রুত জল সহ মিশ্রিত হইলে বর্ণান্তর প্রাপ্ত হয় না। ইহাতে শতকরা ৮৭ অংশ এল্‌কোহল থাকে। সুরাসার সুরা হইতে সংগৃহীত হয়। বিভিন্ন প্রকার সুরায় বিভিন্ন পরিমাণে সুরাসার থাকে। রম (Rum) নামক সুরাতে প্রায় (শতকরা) ৬০।৭০ ভাগ সুরাসার আছে। হুইস্কি বা ব্রাণ্ডিতে বা মদে ৫০ হইতে ৬০ পর্য্যন্ত সুরাসার থাকে। স্যাম্পেনে ৬ হইতে ১৩ মাত্র ; বিয়ার নামক মদে ২ হইতে ৪ অংশ সুরাসার থাকে। সুরাসার যাহাতে অধিক থাকে সেই সুরার তেজ অধিক।

হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত করণার্থ বিবিধ প্রকারের সুরাসার।

আমেরিকান মতে ডাইলিউট এল্‌কোহল (Dilute Alcohol)।— ৭ ভাগ এল্‌কোহল সহ তিন ভাগ পরিস্রুত জল মিশাইলে উহা প্রস্তুত হয়। ইহার আপেক্ষিক গুরুত্ব 0.৮৯ হইয়া থাকে।

আমেরিকান্ এল্‌কোহল ব্রীটিশ্ রেক্‌টিফায়েড্ স্পিরিট সহ সমান এবং আমেরিকান ষ্ট্রং এল্‌কোহল ব্রিটিশ্ এবসোলিউট এল্‌কোহল সহ সমান গুণযুক্ত।

ব্রিটীশ মতে কতিপয় প্রকারের এল্‌কোহল।

(যাহা ঔষধ ও ক্রম প্রস্তুতকরণে প্রয়োজন হয়)

ডাইলিউট এল্‌কোহল।—সম পরিমাণে রেক্‌টিফাইড্ স্পিরিট সহ পরিস্রুত জল মিশাইতে হয়। এই মিশ্রণের গুরুত্ব (Density) 0.৯৪০ এবং শতকরা ৪০ অংশ এবসোলিউট্ এল্‌কোহল্ থাকে।

প্রুফ স্পিরিট্ (Proof Spirit)।—৫ পাঁচ ভাগ রেক্‌টিফাইড্ স্পিরিট সহ তিন ভাগের কিছু অধিক (5 measures of rectified Spirit with 3·2 measures of Distilled water) মিশাইলে এই স্পিরিট প্রস্তুত হয়। এই মিশ্রণ প্রথমে আলোড়িত করিয়া যখন ৬০ তাপাংশ পর্য্যন্ত শীতল হয়, তখন উহাতে যে অংশ কম থাকে, তাহা পরিস্রুত জল দ্বারা পূর্ণ করা

২

কর্ত্তব্য। অর্থাৎ পাঁচ আউন্স রেক্টীফাইড্ স্পিরিট এবং তিন অংশের উপর অথচ সাড়ে তিনের কম (৩·২) অংশ জল মিশাইয়া খানিকক্ষণ জন্য আলোড়ন করিয়া নামাইয়া রাখিবে। পরে যখন উহা ৬০ তাপাংশ পর্য্যন্ত নামিবে, তখন উহাতে ৮ আউন্সের পূরণ জন্য যতটুকু জল প্রয়োজন মিশাইয়া লইতে হয়। ইহাই (Proof Spirit) প্রুফ স্পিরিট।

ইহার আপেক্ষিক গুরুত্ব।—0·৯২০, এবং উহাতে শতকরা ৪০—৪৯ অংশ এল্‌কোহল্ থাকে।

২০ ডিগ্রীর ওভার প্রুফ স্পিরিট (20. O. P. Spirit)।—৬ভাগ রেক্‌টিফাইড্ স্পিরিট সহ দুই ভাগ পরিস্রুত জল মিশাইতে হয়, ইহাতে 0·৮৯৩৯ ঘনত্ব (Density) এবং উহাতে ৬১ অংশ এল্‌কোহল্ থাকে।

৪০ ডিগ্রীর স্পিরিট (40. O. P. Spirit)।—৭ ভাগ রেক্‌টিফাইড্ স্পিরিট সহ একভাগ ডিস্‌টিল্‌ড্ বা পরিস্রুত জল মিশাইতে হয়, ইহার ঘনত্ব 0·৮৬৪৬ এবং উহাতে ৭৩ অংশ এল্‌কোহল্ বিদ্যমান থাকে।

৬০ ডিগ্রীর ওভারপ্রুফ্ স্পিরিট (Rectified Spirit or spirit of Wine)।—ইহাই রেক্‌টিফাইড্ ও স্পিরিট অভ্ ওয়াইন্, ইহার আপেক্ষিক গুরুত্ব 0·৮২৯৮ এবং ইহাতে ৮৭ অংশ এল্‌কোহল্ বিদ্যমান থাকে।

এবসোলিউট এল্‌কোহল্ (Absolute Alcohol)।—ইহার গুরুত্ব 0.৭৯৫। ইহা রেক্‌টিফাইড্ স্পিরিট হইতে প্রস্তুত হইয়া থাকে। ইহা কাচের ছিপিযুক্ত বোতলে না রাখিলে বিনষ্ট হইয়া যায়।

ইথার (Ether)।

ইহাকে কাচের কর্কযুক্ত শিশিতে রক্ষা করা উচিত, উপরে ক্যাপ (Cap) দিয়া বন্ধ করিয়া রাখিতে হয়। বর্ণহীন, তরল তীব্র গন্ধযুক্ত রুক্ষ ও মিষ্টাস্বাদযুক্ত। অগ্নিতে দগ্ধ করিলে ঈষৎ পীতবর্ণের শিখা উঠে। ইহা কতকগুলি ঔষধের ক্রম প্রস্তুতের জন্য প্রয়োজন হয়। ইহার আপেক্ষিক গুরুত্ব 0.৭৩৫।

গ্লিসিরিণ (Glycerine)।

চর্ব্বি এবং তৈলাদি হইতে এই ঈষৎ মিষ্টাস্বাদযুক্ত, বর্ণ ও গন্ধবিহীন স্বচ্ছ ও পিচ্ছিল তরল পদার্থটী প্রস্তুত হয়। ইহাতে সামান্য মাত্রায় জল থাকে। জান্তব বিষ (সর্পাদি) সংরক্ষণাদি জন্য ইহা ব্যবহৃত হয়।

ইহা জলে বা এল্‌কোহলে সহজে দ্রবনীয়। ইহার আপেক্ষিক গুরুত্ব ১·২৫। সমপরিমাণে সোহাগা মিশাইলে দ্রব হইয়া যায়।

সিরাপ (Syrup)।

উৎকৃষ্ট ইক্ষু চিনি (Cane sugar-যাহাকে বাজারে লোপ সুগার বলে) পাঁচ পাউণ্ড এবং পরিস্রুত জল দুই পাউণ্ড মিশ্রিত করিয়া ফুটাইতে হইবে। তার পর নামাইয়া যখন উহা শীতল হইবে তখন ওজন করিয়া দেখিবে যে উহা সাড়ে সাত সেরের কম হইল কি না; যেটুকু কম পড়িবে, সেই পরিমাণে পরিস্রুত জল মিশাইলে সিরাপ বা সরবৎ প্রস্তুত হইল।

দুগ্ধশর্করা (Sugar of milk)।

ইহাকে স্যাক্কেরাস ল্যাক্‌টীস্, বা ল্যাক্টোস্ বলে। ইহা শ্বেতবর্ণ গন্ধবিহীন, এবং হস্ত দিয়া অনুভব করিলে কর্‌করে বলিয়া বোধ হয়। আস্বাদ ঈষৎ মিষ্ট। আড়াই গুণ ফুটন্ত জলে দ্রবনীয় (Soluble in boiling water) হইলেও সাধারণতঃ ছয় গুণ জলে দ্রবনীয়। ইহার দানাগুলি অতিশয় কঠিন বলিয়া ঔষধের বিচূর্ণন জন্য ব্যবহৃত হয়।

অর্থাৎ অন্য কঠিন পরমাণুর সহিত ইহার পরমাণু সংযুক্ত করিলে, চূর্ণনের বিশেষ সাহায্য হয়। এইজন্যই মহাত্মা হানিমান্ ট্রাইটুরেশন করিতে এই দ্রব্যাদি গ্রহণ করিয়াছিলেন।

দুগ্ধ হইতে ছানা প্রস্তুত করিলে যে তরলাংশ অবশেষ থাকে, উহা জ্বাল দিলে পরে এই চিনির দানা দানা অধঃক্ষিপ্ত হয়। উহাদিগকে পুনর্ব্বার জলে দ্রব করতঃ জান্তব কয়লা (Animal charcoal) সঙ্গে মিশাইয়া ফিল্‌টার করিতে হয়। ইহার অবশেষ বা জমা অংশ বিশুদ্ধ দুগ্ধশর্করা নামে অভিহিত হয়। প্রকৃতপক্ষে

দুগ্ধশর্করা বিশুদ্ধভাবে পাওয়া যায় না। বিশেষতঃ ইহাতে বাজারে অনেক প্রকার জুয়াচুরি হয়। ব্যবসায়ীরা ইহার সহিত ষ্টার্চ্চ ও চিনি মিশ্রিত করিয়া দিয়া থাকে। চর্ব্বির অংশ থাকিলে উহা ঔষধার্থে ব্যবহৃত হওয়া উচিত নহে। অনেক সময় ইহার সহিত তাম্রাদি ধাতু মিশ্রিত থাকে। এইজন্য ইহা ব্যবহার করিবার পূর্ব্বে পরীক্ষা করা কর্ত্তব্য।

পটাশ্ ফেরোসাইড্ দ্রব দিলে যদি লালাভ অধঃক্ষেপ পড়ে, তবে উহা বিশুদ্ধ নহে, তাম্রাদি সংমিশ্রিত আছে। যদি লিট্‌মস্ পেপার উক্ত দ্রবে দিলে লাল হইয়া উঠে তবে বুঝিতে হইবে উক্ত দুগ্ধ জলের অম্লত্ব অধিক ছিল।

পরিস্কৃত জলের সহিত দুগ্ধশর্করা জাল দিয়া উত্তমরূপে মিশাইয়া যাইলে উহা শীতল হইলে আয়োডিনের জলীয় দ্রব মিশাইতে হয়, যদি উহা অবিশুদ্ধ হয়, তবে উহার বর্ণ নীল হইয়া উঠিবে। ইহার বিশুদ্ধীকরণ জন্য অনেকে চুলের চালনী ব্যবহার করেন—ইহাতে ছাঁকিয়া লইলে অনেকটা বিশুদ্ধতা জন্মে।

মোটা দানাগুলি চূর্ণন প্রক্রিয়া কালে সাহায্য হয় বলিয়া ট্রাইটুরেশন জন্য ব্যবহৃত হয়; বিশুদ্ধ দুগ্ধ শর্করা ঔষধ সহ মিশ্রিত করিয়া দিতে হয় (Dispensing purpose)। যেখানে বিশুদ্ধ জল পাওয়া যায় না, সেখানে ইহা দিতে হয়।

ইতি পূর্ব্বে উহা ভৈষজ্যগুণ বিহীন বলিয়া বিশ্বাস ছিল; কিন্তু এক্ষণে উহা হোমিওপ্যাথিক ভাবে পরীক্ষার দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে উহাতে ভৈষজ্য শক্তি আছে এবং উহার সুস্থদৈহিক পরীক্ষায় লক্ষণাদি বিকশিত হইয়াছে। তবে ইহার পূর্ব্ব মতানুযায়ী প্রচলন সম্বন্ধে এখন অমত হয় নাই।

অণুবটিকা, বটীকা, চাকৃতি ইত্যাদি।

(Globules, Pilules, Tablets)

বিশুদ্ধ শর্করা দিয়া ইহারা প্রস্তুত হয়; ইহারা দেখিতে শ্বেতবর্ণ এবং গোলাকার ও কঠিন; জলে সহজে দ্রবনীয়। আশু প্রস্তুত বড়িগুলি যত নরম, বেশী দিনের হইলে উহারা তাহাপেক্ষা অধিক কঠিনতর হয়। উহাদের নরম করিবার জন্য ব্যবসায়ীরা ষ্টার্চ্চ, গ্লিসিরিণ, প্রভৃতি মিশ্রিত করিয়া বিক্রয় করে। বায়ু

লাগিলে লাল লাল দাগ ধরিয়া যায়। ইহারা বিভিন্ন আকারের হইয়া থাকে। অতিশয় ক্ষুদ্র (সাগু দানার মত) গুলিকে অনুবটীকা বা গ্লবিউল্ এবং বড়গুলিকে বটিকা বা পিলিউল্ বলে।

চাকৃতি।

চাকৃতিগুলি দুগ্ধ শর্করায় প্রস্তুত হয়। তবে বিশুদ্ধ চিনির চাকৃতি বা বাতাসার আকারের ট্যাবলেট আছে। হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত ও প্রয়োগ জন্য বিশুদ্ধ জল, দুগ্ধ শর্করা, শর্করা নির্ম্মিত বিবিধ দ্রব্য, সুরাসার প্রভৃতি আবশ্যক হয়।

ভৈষজ্য দ্রব্য সংগ্রহ।

(Procuring of medicinal Substances)

প্রত্যেক ঔষধের প্রস্তুত প্রক্রিয়া কালে ভেষজ দ্রব্যের সংগ্রহ কাল নির্ণয় করিয়া দেওয়া হইল। যেথানে প্রচুর পরিমাণে বৃক্ষাদি জন্মে, যে দিন বেশ খটখটে সেই দিনে বৃক্ষাদি সংগ্রহ করিয়া রাখা উচিত। বৃক্ষ গুলিতে মাকড়সার জাল থাকে, এবং নানাবিধ অপরিষ্কার দ্রব্য থাকে তাহা পরিষ্কৃত করিয়া লওয়া কর্ত্তব্য। দূরে লইবার জন্য বেশী কষা বা আট করিয়া প্যাক করা কর্ত্তব্য নহে।

ফলাদি পক্কাবস্থায় গ্রহণ করিতে হয়, তবে উহা বিশেষ বিশেষ স্থলে কাঁচা ফল লওয়া বিধি আছে, কাষ্ঠাদি (Woods) বসন্তকালের প্রথমে গৃহীতব্য, (মুকুল বা কুঁড়ি বাহির হইবার ঠিক পূর্ব্বে।) বীচি হইবার পূর্ব্বে মূল সংগ্রহ করা উচিত। পল্লব সকল তরুণ প্রকারের হওয়া আবশ্যক।

ধাতব, খনিজ ও অন্যান্য রাসায়নিক পদার্থ (Metals, minerals and chemicals) বিশুদ্ধ স্থান হইতে গ্রহণ করা উচিত। বৃক্ষাদি ঠিক হইল কি না, নানাস্থানে নানা ব্যক্তিকে জিজ্ঞাসা করিয়া সংগ্রহ করা উচিত।

বাহ্য প্রয়োগার্থ কতকগুলি পদার্থ।

লিনিমেণ্ট (Liniment) ব্রীটিশমতে নরম সাবান ৬ আউন্স এবং

উহার সহিত ২৪ আউন্স প্রুফ্ স্পিরিট দিয়া মৃদু সন্তাপে জ্বাল দিয়া ছাকিয়া লইতে হয়। ইহাই সাবানের আরক (Tinct. of soap).

অলিভ অয়েল্ দ্বারাও লিনিমেণ্ট হয়। অর্থাৎ টিঞ্চার সোপের পরিবর্ত্তে অনেকে অলিভ অয়েল্ দিয়া লিনিমেণ্ট করেন বা ব্যবহারার্থ উপদেশও দেন।

ইহার সহিত যথন যে ঔষধ মিশ্রিত করিতে হইবে, তথন চিকিৎসকের আদেশমত ঔষধ দ্রব্য মিশ্রিত করিতে হয়। চিকিৎসক ঔষধের পরিমাণ না লিখিয়া দিলে সাধারণতঃ এক অংশ ঔষধে ৯ নয় অংশ লিনিমেণ্ট মিশাইতে হয়; এবং পাত্রের গাত্রে উহার শক্তি বা মাত্রার উল্লেখ করিয়া দেওয়া কর্ত্তব্য।

আমেরিকান্ মতে সিরেট এবং অয়েণ্টমেণ্ট।

(CERATE AND OINTMENT)

স্পার্মসিটাই (Spermaceti) বা চর্ব্বি—৫ ভাগ এবং সাদা মোম—দুই ভাগ এবং এরণ্ড তৈল—১৬ ভাগ। মৃদু সন্তাপে জ্বাল দিয়া মিশ্রণ করতঃ শীতল না হওয়া পর্য্যন্ত আলোড়ন করিতে হয়।

সিরেট্ (Cerate)।

বসা বা চর্ব্বি (Spermaceti) তিন ভাগ এবং সাদা মোম ৬ ছয় ভাগ এবং ১৪ ভাগ অলিভ অয়েল্—পূর্ব্বোক্ত নিয়মে মিশ্রিত করিতে হয়। এতদ্ব্যতীত পিট্রোলিয়ম ৬ ভাগ এবং প্যারাফিন্ ৩ তিন ভাগ একত্র মিশাইলেও সিরেট্ প্রস্তুত হয়। ইহা সহসা পচিয়া নষ্ট হয় না। অনেক দিন স্থায়ী হয়।

আর্ণিকাদির সিরেট সচরাচর এক ভাগ মাদার টিঞ্চার এবং ২০ ভাগ সিরেট মিশ্রিত করিয়া লইতে হয়। কেবল ক্যান্থারিস ও রসটক্সের সময় এক ভাগ মাদার টিঞ্চার সহ চল্লিশ ভাগ সিরেট মিশ্রণ করা কর্ত্তব্য। গ্রাফাইটীস্ সিরেট করিতে হইলে ১ ভাগ ঔষধ সহ ৪০ ভাগ সিরেট দিয়া মর্দ্দন (Rubbing) করিতে হয়। অন্য ঔষধের সময় টিঞ্চার ঢালিয়া দিয়া মৃদু সন্তাপ প্রযোজ্য; যতক্ষণ উক্ত টিঞ্চার শুষ্ক না হয়, ততক্ষণ রাখা কর্ত্তব্য।

ব্রিটীশমতে

সিম্পল্ অয়েণ্টমেণ্ট (Ointment)।

মর্দ্দন বা মলম।

পাঁচ ভাগ মোম, চর্ব্বি তিন আউন্স এবং এমণ্ড অয়েল—তিন আউন্স মৃদু সন্তাপে মোম এবং চর্ব্বি দ্রব করিয়া নাড়িতে নাড়িতে শীতল্ হইলে উহা প্রস্তত হইল।

আর্ণিকা তৈল (আমেরিকান্ মতে)

(Arnica-Oil)

নূতন সংগৃহীত আর্ণিকা মূলের চূর্ণ এক ভাগ এবং উত্তম অলিভ অয়েল দশ ভাগ একত্র করিয়া একটী প্রশস্ত মুখ বোতলে পূর্ণ করিয়া দুই সপ্তাহ রাখিয়া ফিল্টার করিয়া লইলে উহা প্রস্তত হইল। আর্ণিকা লোসনাদি যেখানে সহ্য হয় না, সেখানে ইহা দিলে বিশেষ উপকার করে।

গ্লিসিরোল (Glyceroles)

অয়েণ্টমেণ্ট এবং লিনিমেণ্ট—অর্থাৎ অপেক্ষাকৃত ঘন মর্দ্দন এবং ডবল প্রকারের মর্দ্দনের মধ্যবর্ত্তী প্রকারের বাহ্য প্রয়োগ দ্রব্য গ্লিসিরোল,। গ্লিসিরিণ সহ ঔষধের মিশ্রণকে এই আখ্যা দেওয়া যায়। ইহাতে যেরূপ পরিমাণে ঔষধ মিশাইতে হইবে তাহা চিকিৎসক শিক্ষা দিবেন। ইহার সহিত জল মিশ্রিত হয়, এল্‌কোহল সহ, বা মলম সহ ইহার সংমিশ্রণ হইতে পারে। সমস্ত প্রকারের বাহ্য প্রয়োগ পদার্থ সহ ইহা মিশ্রণ হইয়া থাকে, এই জন্য ইহা অনেক স্থলে প্রযোজ্য হয়।

লোশন (Lotion) বা ধাবন।

১। ব্রিটীশমতে ১ ভাগ ঔষধ সহ দশ বা শত ভাগ পরিস্রুত জল মিশ্রিত করণ।

২। ঔষধের গ্লিসিরোল সহ ৪ বা ৯ ভাগ পরিস্রুত জল মিশান।

৩। ১ ভাগ ঔষধ সহ ১০০ ভাগ ডাইলিউটেড্ এল্‌কোহল মিশ্রিত করণ, ইহাকে ইভাপোরেটিং লোশন (Evaporating Lotion) বলা হয়।

আমেরিকান মতেও এই প্রকারে লোশন করা হয়।

এম্‌প্লাষ্ট্রা (Emplastra), আর্ণিকা প্লাষ্টার প্রভৃতি।

আর্ণিকা প্লাষ্টার।

(Arnica plaster)

আইসিং গ্ল্যাস বা এক প্রকার আঠাবৎ পদার্থ এক আউন্স, আর্ণিকা টিঞ্চার ৬ ড্রাম এবং পরিস্রুত জল পরিমিত।

প্রথমে উক্ত পদার্থ এবং পরিস্রুত জল ফুটাইয়া যতক্ষণ না দশ আউন্স ওজনে আইসে ততক্ষণ আর্ণিকা দেওয়া উচিত নহে। দশ আউন্স থাকিলে আর্ণিকা দিয়া একখানি রেশমের কাপড়ের উপর উহা ঢালিয়া দিতে হয়। ক্যালেণ্ডুলা প্লাষ্টার প্রভৃতিও এই নিয়মে করা যায়।

ইঞ্জেক্‌শন বা পিচকারী করা (প্রক্ষেপ)

(INJECTION)

যোনিপথের ইঞ্জেক্‌শন (Vaginal Injection)

অর্দ্ধ আউন্স ঔষধ, গ্লিসিরিণ দেড় আউন্স এবং জল দুই আউন্স, একত্রে মিশ্রিত করিয়া এক এক চাম্‌চে মাত্রায় (one teaspoonful) ব্যবহার্য্য।

মূত্রমার্গের (Urethral injections) হাইড্রাষ্টীস প্রভৃতি ঔষধ এক আউন্স টিঞ্চার ও এক পাইণ্ট বা ২০ আউন্স পরিস্রুত জলে প্রস্তুত হয়।

গুহ্যদ্বারের জন্য—(Rectal Injection) যে পরিমাণে ঔষধ প্রয়োগ করিবার প্রয়োজন তৎসঙ্গে দুই আউন্স তরল এরারুটের মণ্ড মিশ্রিত করিয়া দিতে হয়। এরূপ সন্তর্পণে উহা প্রয়োগ করা উচিত যাহাতে রোগীর গুহ্যদ্বার হইতে উহা বহির্গত হইয়া না আইসে।

অধঃত্বাচরূপে—প্রয়োগ করিতে হইলে অনেকস্থলে ঔষধ সহ গ্লিসিরিণ বা জল মিশাইয়া লইতে হয়। লাবণিক পদার্থের ইঞ্জেক্‌শন প্রস্তুতার্থ এক আউন্স জল সহ উক্ত পদার্থ দিতে হয়।

হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।

প্রাণিমণ্ডল, উদ্ভিদ ও খণিজ পদার্থ হইতে, এক কথায়, প্রায় সকল প্রকার পদার্থ হইতেই ঔষধ সকল প্রস্তুত হইয়া থাকে। প্রধানতঃ ইহারা তিন প্রকার বিভক্ত হইলেও, উক্ত তিন প্রকার পুনশ্চ কয়েকটী বিভাগে বিভক্ত হইয়া থাকে। যথা;—

১। অরিষ্ট (Tincture); ২। দ্রব (Solution); এবং ট্রিটুরেশন —বিচূর্ণন (Trituration)।

পুনশ্চ ইহারা নিম্নলিখিত প্রকারে বিভক্ত হইয়াছে;— ক্রম (Potency); বটিকা ও অণুবটিকা (globules and Pilules); অরিষ্ট চূর্ণ (Tincture-tritu ration); চাকৃতি বা অবলেটাম্; ট্যাবলয়েড্ ইত্যাদি।

ব্রিটীশ ফার্ম্মাকোপিয়ার মত অনুযায়ী মুলারিষ্ট-(Mother Tincture) প্রস্তুত নিয়ম।

[মুলারিষ্টের চিহ্ন ϕ]।

ইতিপূর্ব্বে বলা হইয়াছে যে তিন জাতীয় পদার্থ হইতে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত হয়। ব্রিটীশ মতে যে সকল মুলারিষ্ট উদ্ভিজ রস হইতে প্রস্তুত হয়, উহাদিগকে পারক্লোরেট্ যন্ত্র সাহায্যে প্রস্তুত করা হইয়া থাকে। আবার কতকগুলি ঔষধ যন্ত্র সাহায্যের অপেক্ষা রাখে না। নিম্নলিখিত উপায়েও করা যায়। উদ্ভিজ্জ রস যাহাতে বহুদিন অধিকৃত ভাবে থাকে, তজ্জন্য উহার সঙ্গে সুরাসার বা সজল সুরাসার মিশ্রণের প্রয়োজন হয়। এই সুরাসার মিশ্রণ নিয়মের বিষয় আমরা পরে লিখিতেছি।

টাট্‌কা সরস উদ্ভিজ্জ হইতে অরিষ্ট প্রস্তুত করিতে হইলে, প্রথমতঃ উক্তপত্র

পুষ্প ফল, মূল বা ত্বককে খণ্ড খণ্ড করিয়া কর্ত্তন করিয়া প্রস্তরের খলে ফেলিয়া সজোরে পেষিত করিতে হয়। অতঃপর পরিষ্কার বস্ত্রখণ্ড দ্বারা নিংড়াইয়া রস বাহির করিয়া একটী নূতন ও পরিষ্কৃত শিশি বা বোতলে পুরিয়া মুখে ছিপি দিয়া বন্ধ করিয়া অন্ধকার গৃহে বন্ধ রাখা কর্ত্তব্য। ১৪ দিন পর্য্যন্ত প্রতিদিন একবার করিয়া বোতলটী নাড়িবে; তৎপরে উহা ফিলটার্ করিয়া লইবে।

যে সকল উদ্ভিজ্জ এল্‌কোহলে দ্রবণীয় বটে, কিন্তু শুষ্ক, তাহাদিগকে অর্দ্ধ পেষণ করিয়া উহার সহিত দশগুণ সুরাসার মিশ্রিত করিয়া ঐরূপে ১৪ দিন অন্ধকার গৃহে রক্ষা করিতে হয়। বোতলটী প্রতিদিন একবার করিয়া নাড়িতে হয়। অতঃপর ব্লটিং কাগজ দ্বারা বা উত্তম ছাকুনীর দ্বারা ছাঁকিয়া লইয়া ঔষধের নাম লিখিয়া রাখা কর্ত্তব্য।

যে সকল উদ্ভিজ্জ্য সুরাসারে আদৌ দ্রবণীয় নহে, তাহাদিগকে যতদূর সম্ভব চূর্ণ করিয়া সমপরিমাণ এল্‌কোহল মিশ্রিত করিয়া প্রথমে মণ্ডবৎ পদার্থ করা উচিত। তৎপরে উক্ত মণ্ডের দশগুণ মাত্রায় এল্‌কোহলে মিশ্রণ পূর্ব্বক পূর্ব্ববৎ প্রক্রিয়া দ্বারা ঔষধ প্রস্তুত করিতে হয়।

হোমিওপ্যাথিক ঔষধের

সলিউশন (Solution) বা জলীয় দ্রব।

কতকগুলি লবণ সম্পর্কীয় পদার্থ (Saline Substances) পরিস্রুত জলে দ্রব করিয়া লইতে হয়। কেন না উহারা সুরাবীর্য্যে দ্রবণীয় নহে। ১০ গ্রেণ লবণ পদার্থ সহ উহাতে আবশ্যকমত জল মিশ্রিত করিয়া দেখিতে হয়, উহা মিশিল কিনা অর্থাৎ উত্তমরূপ গলিয়া গিয়াছে কিনা। কোনও প্রকার অধঃক্ষেপ (Sediments) পড়িলে উহাতে আরও জল মিশাইতে হইবে। তৎপরে উহা ফিল্‌টার করিয়া লইয়া ১০০ মিনিম মাত্রায় অবশিষ্ট জল দিতে হয়, দশমিক ক্রম করিতে হইলে ১০০ মিনিম এবং শততমিক স্থলে ১০০০ হাজার মিনিম পূরণ করা উচিত। উক্তদ্রব্য প্রস্তুত করিয়া অধিক দিন রাখিলে সময়ে সময়ে অধঃক্ষিপ্ত হইতে দেখা যায়; কখন বা উহার বর্ণব্যত্যয় ঘটে, এরূপস্থলে উহা হইতে উচ্চক্রম প্রস্তুত করা কর্ত্তব্য নহে। নিম্নক্রমের ঔষধ

(১দ বা ১ শততমিক ক্রম) পুনঃ পুনঃ প্রস্তুত করিতে হয়। ইহা অধিক মাত্রায় করিলে অনর্থক ক্ষতি হইতে পারে।

আমেরিকান্ ও জার্ম্মাণ ফার্ম্মাকোপিয়ার মতানুসারে মূল ঔষধ প্রস্তুত প্রণালী।

(Mothor Tincture.)

এই উভয় প্রকারের ফার্ম্মাকোপিয়ার মত প্রায় একরূপ, এইজন্য একত্রে উহাদের নিয়মাবলী সন্নিবেশিত হইল। উদ্ভিদ ও জান্তব পদার্থের প্রকৃতি অনুসারে মূল অরিষ্ট (Mother tincture) সাধারণতঃ চারি প্রকারের হইলেও, সর্ব্বশুদ্ধ অর্থাৎ টিঞ্চার. সলিউশন, পোটেন্সী এবং বিচূর্ণন ইহার সঙ্গে ধরিলে সর্ব্বশুদ্ধ নয়টী শ্রেণীতে বিভক্ত করা যায়। আমরা ক্রমশঃ উহাদের উল্লেখ করিতেছি ;—

১ম শ্রেণীর মূলারিষ্ট ঔষধ।

(Tincture Class I.)

হানিমান ইহাদিগকে বেলাডনা শ্রেণীতে সন্নিবেশিত করিয়াছিলেন। তাজামূল বা যাহাদের প্রচুর রস থাকে, তাহাদের মূল বল্কলাদি খণ্ড খণ্ড করিয়া প্রস্তর নির্ম্মিত খলে বা ওয়েজউড আবিষ্কৃত খলে উত্তমরূপ পেষিত করিয়া নূতন বস্ত্রখণ্ড দ্বারা সজোরে নিংড়াইয়া লইতে হয় ; উক্ত নিঃসারিত রসের সঙ্গে সম পরিমাণে সুরাসার মিশ্রিত করিয়া ঘন ঘন আলোড়ন করিয়া একটী কাচের ছিপিযুক্ত শিশিতে পুরিয়া আট দিন অন্ধকার গৃহে রাখিতে হয়। পরে উহা ফিল্‌টার করিয়া লইলে মূল অরিষ্ট প্রস্তুত হইল। ইহার ঔষধ শক্তি (Drug power) অর্থাৎ দশবিন্দু ঔষধে ৫ বিন্দু এল্‌কোহল ও পাঁচবিন্দু মূল ঔষধ দ্রব্য রহিল।

২য় শ্রেণীর ঔষধ।

(Tincture. class II.)

যে সমুদয় উদ্ভিজ্জ অপেক্ষাকৃত অল্প সরস, উহাদিগকে হানিমান "থুজা" শ্রেণীমধ্যে পরিগণিত করিয়াছেন। এই সকল উদ্ভিদ খণ্ড খণ্ড করিয়া কাটিয়া ওজন করতঃ ইহার দুই অংশ এবং তিন অংশ সুরাসার গৃহীত হয়, পেষিত উদ্ভিদে আবশ্যক অনুসারে অগ্রে সামান্য সুরাসার দিয়া উহাকে মণ্ডবৎ পদার্থ করিয়া লওয়া হয়। অতঃপর অবশিষ্ট এল্‌কোহল মিশাইয়া উত্তমরূপে আলোড়ন আবশ্যক। অতঃপর নূতন কাপড় দিয়া ছাঁকিয়া লইতে হয়, এই অরিষ্ট এক্ষণে আটদিন অন্ধকার গৃহে স্থাপিত হইলে তৎপরে উহা ফিল্‌টার করা কর্ত্তব্য। ইহারও ভেষজ শক্তি (½)।

তৃতীয় শ্রেণীর ঔষধ। (Tincture Class III)

দ্বিতীয় শ্রেণী অপেক্ষাও নীরস বৃক্ষাদি এই শ্রেণী মধ্যে অন্তর্ভুক্ত হইয়াছে, ইহার নাম সিলা (Scilla) শ্রেণী; মহাত্মা হানিমান নিজেই রাখিয়া দিয়া ছিলেন। এই বৃক্ষাদি উত্তমরূপে খণ্ড খণ্ড করিয়া কাটিয়া ওজন করিয়া যাহা হয়, তাহাতে উহার দুই অংশ বা মাত্রা এল্‌কোহল দিতে হয়। প্রথমে ইহার এক অংশে ছয় অংশ এল্‌কোহল মিশাইয়া পরে অবশিষ্ট এল্‌কোহল মিশাইতে হয়। তৎপরে উহা ও একটী বোতলে পুরিয়া ৮ দিন একটী অন্ধকার গৃহে রাখা উচিত। তৎপরে উহা ছাঁকিয়া লইলে ঔষধ প্রস্তুত হইল। ইহার ভেষজ্য শক্তি ⅙, অর্থাৎ ৬ ভাগ এল্‌কোহলে ১ ভাগ মাত্র ঔষধ থাকে।

৪র্থ শ্রেণী ঔষধ। (Tincture. Class IV)

শুষ্ক উদ্ভিজ্জ ও জান্তব পদার্থ এই শ্রেণীর মধ্যে পরিগণিত, ইহাকে মহাত্মা হানিমান ষ্ট্যাফিসিগ্রিয়া শ্রেণীতে সন্নিবেশিত করিয়াছেন, বিচূর্ণ মূলদ্রব্য সহ পাঁচগুণ এল্‌কোহল দিয়া যে মিশ্রণ হইবে উহাকে একটী বোতলে পুরিয়া অন্ধকার গৃহে আট দিন রাখিতে হইবে। প্রত্যহ দুইবার করিয়া ঝাকি দিয়া তৎপরে নূতন

বস্ত্র খণ্ড দ্বারা ছাকিয়া লইয়া পরে ফিল্‌টার করিলে মূল ঔষধ প্রস্তুত হয়। ইহার ভৈষজ শক্তি $\frac{1}{10}$। অর্থাৎ দশভাগ ঔষধে একভাগ মূল ঔষধ থাকে।

এই কয়েক শ্রেণীর ঔষধের ক্রম প্রস্তুতাদি এক সঙ্গে লিখিত হইল।

পঞ্চম শ্রেণীর (Class V)

(ক)

জলীয় দ্রব (Aqueous Solution)

ভেষজ দ্রব্য এক ভাগ ৯ ভাগ জলে দ্রব করিলে যে তারল্য প্রস্তুত হইবে উহার ভেষজ শক্তি ($\frac{1}{10}$)

(খ)

ভেষজ দ্রব্য এক ভাগ সহ ৯৯ ভাগ পরিস্রুত জলে যে দ্রব হয়, উহার ভেষজ শক্তি ($\frac{1}{100}$)।

---:o:—

ষষ্ঠ শ্রেণীর ঔষধ (Class VI)

(ক)

সুরাসার দ্রব্য (Alcoholic Solution.)

একভাগ ঔষধ দ্রব্য ৯ ভাগ এল্‌কোহলে যে তারল্য হয় উহার ভেষজশক্তি $\frac{1}{10}$।

খ

একভাগ ঔষধ দ্রব্যসহ ৯৯ ভাগ এল্‌কোহল মিশ্রিত করিয়া যে দ্রব হয় উহার ভেষজ শক্তি ($\frac{1}{100}$)।

—:o:—

৭ম শ্রেণীর ঔষধ (Class VII-Trituration)

বিচূর্ণন

মহাত্মা হানিমান ইহাকে আর্সেনিক শ্রেণী মধ্যে সন্নিবেশিত করিয়াছেন। ইহা দশমিক ও শততমিক প্রকারে প্রস্তুত হয়। যথাক্রমে একভাগ ঔষধ সহ ৯ বা ৯৯ ভাগ দুগ্ধ শর্করা মিশ্রিত করিতে হয়। (মিশ্রণ প্রথা পরে লিখিত হইল।)

৮ম শ্রেণীর ঔষধ (Class VIII).

মহাত্মা হানিমান ইহাকে পিট্রোলিয়ম শ্রেণীতে সন্নিবদ্ধ করিয়াছেন। এক মিনিম ঔষধ সহ ৯৯ গ্রেণ দুগ্ধ শর্করা মিশ্রিত করিয়া যে নিয়মে ক্রম প্রস্তুত হয়, তাহা পরে সন্নিবেশিত হইল।

৯ম শ্রেণীর ঔষধ (Class IX)

এই শ্রেণীকে হানিমান এগারিকাস্ শ্রেণী মধ্যে সন্নিবেশিত করিয়াছেন। তাজা উদ্ভিজ্জ এবং জান্তব পদার্থ প্রথমে বিচূর্ণিত হইয়া পরে, উহাদের যথা-নিয়মে ক্রম বা চূর্ণ প্রস্তুত হয়।

ঔষধের ক্রম বা শক্তি প্রস্তুত প্রণালী।

(Potency or attenuation).

ক্রমশব্দে ডাইলিউশন বুঝায়। ইহার প্রকৃত বা অন্য নাম শক্তি। ক্রম বিবিধ; দ্রব ক্রম ও শুষ্ক ক্রম অর্থাৎ টিঞ্চার ও ট্রিটুরেশন, ইহারা বিভিন্ন নিয়মে সম্পাদিত হয়।

প্রথমতঃ মহাত্মা হানিমান শততমিক ক্রম উদ্ভাবন করেন, পরে মহাত্মা হেরিং দশমিক ক্রমের প্রবর্ত্তক হন। অতঃপর তরল ও চূর্ণ ক্রম বিবিধ প্রকারে বিভক্ত হয়. আমরা ক্রমশঃ উহাদের প্রস্তুত প্রণালীর নিয়ম সন্নিবেশিত করিলাম। দশের অনুপূরক দশমিক ক্রম, এবং শতের অনুপূরক শততমিক ক্রম।

ব্রিটীশ ফার্ম্মাকোপিয়া মতে বিচূর্ণক্রম (ট্রিটুরেশন) প্রস্তুত প্রণালী। (TRITURATIONS).

(British)

ধাতু, খনিজ পদার্থ ও শুষ্ক উদ্ভিজ্জ্যাদি প্রথমে যাহারা সুরাবীর্য্যে সম্যক প্রকারে দ্রবীভূত হয় না, মহাত্মা হানিমান ইহাদিগকে বিচূর্ণ করিয়া পরে দ্রব করিয়াছিলেন। তিনি শততমিক ক্রমে চূর্ণন করিতে উপদেশ দিয়াছিলেন, কিন্তু মহাত্মা হেরিং দশমিক ক্রমের চূর্ণ করিতে বলিয়াছেন। আমরা নিম্নে উভয় প্রকার ক্রমের প্রস্তুত নিয়ম প্রদান করিতেছি;—

দশমিক রীতি। (Decimal process)

নিক্তিতে সমান ওজনের দুই খণ্ড কাগজ কাটিয়া লইয়া উভয় দিকে দিয়া, এক দিকে ওজনের এক গ্রেণ ও অন্য দিকে ঔষধ দিয়া ওজন করিতে হয়। ঔষধ ওজনের পরে সে কাগজখানি ফেলিয়া দিয়া অন্য একখানি কাগজ দিয়া দুগ্ধ শর্করা ওজন করা কর্ত্তব্য।

১ গ্রেণ ঔষধ (মূল ঔষধ) ওজন করিয়া একটী খলে রাখিয়া দিয়া, পরে ৯ গ্রেণ দুগ্ধ শর্করা ওজন করিয়া তিন টুকরা কাগজে পৃথক ভাবে নিম্ন লিখিত ভাবে রাখিতে হইবে। প্রথম পাত্রে ১ গ্রেণ, দ্বিতীয় পাত্রে ৩ গ্রেণ, এবং তৃতীয় পাত্রে ৫ গ্রেণ। প্রথমে এক গ্রেণ দুগ্ধ শর্করা ও ১ গ্রেণ মূল ঔষধ চূর্ণ একত্রে খলে ফেলিয়া স্প্যাচুলার দ্বারা মিশাইয়া ৬ মিনিট কাল উত্তমরূপে পাক দিয়া মাড়িতে হইবে (বিচূর্ণ কালে খলের দাঁটাটি বৃত্তাকারে দক্ষিণ দিকে পাক দিয়া মাড়িতে হইবে, অর্থাৎ উলটা পাক দেওয়া উচিত নহে)। তৎপরে ৪ মিনিট স্প্যাচুলা দ্বারা খল ও খলের দণ্ড উত্তমরূপে চাঁচিয়া লইতে ও নাড়িতে হইবে। আবার উক্তরূপ ছয় মিনিট মাড়িয়া, ৪মিনিট চাঁচিয়া আলোড়ন করিতে হইবে। দুইবার খল করার পর, দ্বিতীয় পাত্রস্থ তিন গ্রেণ দুগ্ধ শর্করা উহার সহিত মিশ্রিত করিয়া পূর্ব্বোক্ত প্রকারে—দুইবার ৬ মিনিট মাড়িয়া এবং ৪ মিনিট চাঁচিয়া আলোড়ন করিতে হইবে। অতঃপর অবশিষ্ট ৫ গ্রেণ দুগ্ধ শর্করা মিশাইয়া—পূর্ব্বোক্ত প্রকারে দুইবার খল করিলে, ১ম দশমিক ক্রম বিচূর্ণ প্রস্তুত হইল এই প্রক্রিয়ায় সর্ব্ব শুদ্ধ ৬০ মিনিট বা এক ঘণ্টা সময় আবশ্যক হয়।

এই প্রথম দশমিক বিচূর্ণ ক্রম হইতে ২য় দশমিক বিচূর্ণ ক্রম করিতে হইবে; অর্থাৎ ১ম দশমিক ক্রমের বিচূর্ণ ১ গ্রেণ লইয়া খলে দিয়া ৯ গ্রেণ দুগ্ধ শর্করা ওজন করিয়া দুই ভাগে বিভক্ত করিয়া (৪½ গ্রেণ হিসাবে লইয়া) মাড়িতে হইবে। প্রথমে ইহার এক ভাগ লইয়া উক্ত এক গ্রেণ ঔষধ সহ ছয় মিনিট কাল মাড়িয়া ৪ মিনিট কাল চাঁচিয়া ও নাড়িয়া লইতে হইবে। পুনর্ব্বার ছয় মিনিট মাড়িয়া এবং ৪ মিনিট চাঁচিয়া লইতে হইবে। অতঃপর দ্বিতীয়ার্দ্ধ ভাগ দুগ্ধ শর্করা মিশাইয়া পুনর্ব্বার পূর্ব্বোক্ত নিয়মে দুইবার ছয় মিনিট ছয় মিনিট মাড়িয়া চারি চারি মিনিট চাঁচিয়া আলোড়ন করিলে ২য় দশমিক ক্রমের বিচূর্ণ প্রস্তুত হয়, ইহাতে ৪০ মিনিট সময় লাগিয়া থাকে।

অতঃপর অন্যান্য, পরবর্ত্তী ক্রমের বিচূর্ণ এই ২য় দশমিক ক্রমের বিচূর্ণের ন্যায় পদ্ধতিতে প্রস্তুত করিতে হয়। কেহ কেহ এক গ্রেণের পরিবর্ত্তে এককালে দশ গ্রেণ ঔষধ লইয়া উহার নয় গুণ দুগ্ধ শর্করা লইতে বলেন। ফলতঃ এক সময়ে সর্ব্বশুদ্ধ একশত গ্রেণের অধিক হওয়া উচিত নহে।

ব্রিটীশ ফার্ম্মাকোপিয়া মতে শততমিক নিয়মানুসারে বিচূর্ণ।

(CENTESIMAL).

(B).

এক গ্রেণ মূল ঔষধের চূর্ণ খলে দিয়া ৯৯ গ্রেণ দুগ্ধ শর্করাকে সমান তিন অংশে (৩৩ গ্রেণ করিয়া) তিনটী পাত্রে পৃথক পৃথক ভাবে রাখিয়া দিতে হইবে। প্রথমে ১ গ্রেণ ঔষধ সহ উক্ত প্রথম ৩৩ গ্রেণ মিশাইয়া ৬ মিনিট মাড়িয়া ৪ মিনিট চাঁচিয়া ও নাড়িয়া (Rubbing for six minutes. Scraping and mixing for four minutes) আবার ৬ মিনিট মাড়িয়া ও ৪ মিনিট চাঁচিয়া ও নাড়িয়া দ্বিতীয়ার্দ্ধ ৩৩ গ্রেণ দুগ্ধ শর্করা যোগ করিতে হইবে। এবং পূর্ব্ববৎ দুইবার ৬ মিনিট ও ৪ মিনিট যথাক্রমে মাড়িয়া ও চাঁচিয়া মাড়িতে হইবে; পরিশেষে অবশিষ্ট ৩৩ গ্রেণ দুগ্ধ শর্করা মিশাইয়া পূর্ব্ববৎ ২০ মিনিট মধ্যে দুইবার খল করিলেই ১ম শততমিক ক্রমের বিচূর্ণ প্রস্তুত করা হয়। ইহাতে ১ এক ঘণ্টা সময় আবশ্যক। পরবর্ত্তী দ্বিতীয় শততমিক ক্রমের বিচূর্ণ প্রস্তুত করিতে হইলে পূর্ব্ববর্ত্তী ক্রমের বিচূর্ণ ১ভাগ লইয়া পূর্ব্ববৎ প্রক্রিয়া মতে তিনবারে এক ঘণ্টা কাল সময়ে উহা প্রস্তুত করা হয়।

ব্রিটীশ হোমিওপ্যাথিক ফার্ম্মাকোপিয়া মতে তরল ক্রম বা শক্তি প্রস্তুত প্রণালী (Liquid attenuation)

মহাত্মা হানিমান একশত অংশে এক অংশ (1 in 100) ঔষধ বিভক্ত করিবার নিয়ম ঠিক করিয়া শততমিক ক্রমের প্রথা প্রবর্ত্তিত করিয়াছিলেন। পরে দশ অংশে এক অংশ (1 in 10) ঔষধ অবস্থিতির প্রথা বা দশমিক ক্রমের প্রথা উদ্ভাবিত হইয়াছে। আধুনিক এইরূপ মত যে ঔষধ প্রস্তুত কালে দশমিক

নিয়ম প্রচলিত করিলেও ব্যবস্থা কালে শততমিক ক্রম উল্লেখ করা ভাল। তরল ক্রম প্রস্তুত করিবার জন্য নিম্নলিখিত উপদেশ আছে ;—

একটী অর্দ্ধ আউন্স নূতন শিশিতে মূলারিষ্ট ২০ মিনিম দিয়া ১৮০ মিনিম প্রয়োজন উপযোগী স্পিরীট (অর্থাৎ যে স্পিরীটে মাদার টিঞ্চারটী প্রস্তুত হইয়াছে) দিয়া কর্ক বন্ধ করিয়া দক্ষিণ হস্তে ধরিয়া, উহার কর্কের উপর বৃদ্ধাঙ্গুষ্ঠ দিয়া, বাম হস্তের করতলে শিশির তলা লাগে এরূপ ভাবে কয়েকটী প্রবল আলোড়ন বা ধাক্কা মারিতে হইবে; ইহাতে ১× দশমিক তরল ক্রম প্রস্তুত হইল। ইহা হইতে পুনশ্চ ২০ মিনিম লইয়া উহাতে আবার ১৮০ মিনিম স্পিরিট দিয়া ঝাঁকি দিলে ২× প্রস্তুত হইল। এইরূপে ইচ্ছানুসারে যত ইচ্ছা তত উচ্চ হইতে উচ্চতর ক্রম করা যায়। ঝাঁকি সম্বন্ধে মত ভেদ দেখা যায়। কেহ কেহ ১০ বার, কেহ কেহ ৬০ বার পর্য্যন্ত ঝাঁকি দিতে বলেন। ঔষধ প্রস্তুত হইলে উহা অধিক দিন রাখিবার জন্য কাচের ছিপি ব্যবহার করা কর্ত্তব্য।

সামান্য মাত্রায় ঔষধ করিতে হইলে একটী দুই ড্রাম শিশিতে বা একড্রাম শিশিতে (ফলতঃ যে শিশিতে ঔষধ করিতে হইবে, তাহাতে যেন ⅓ অংশ খালি থাকে) এক এক মিনিম ঔষধ সহ ৯ মিনিম স্পিরিট্ মিশাইয়া কর্ক দিয়া শিশিটী দক্ষিণ হস্তে ধরিয়া অর্থাৎ তর্জ্জনী অঙ্গুলিটী কর্কের উপর রাখিয়া অবশিষ্ট অঙ্গুলি শিশির গায়ে ধরিয়া এমন ভাবে ঝাকি দিবে যেন বাম হস্তের করতলে উহা প্রত্যেক বার আসিয়া আঘাত করে। ৬০ বার ঝাকি দেওয়ার পরে উহাতে ১× লিখিয়া রাখ এবং উহা হইতে পুনশ্চ এক মিনিম ঔষধ একটি নূতন খালি শিশিতে লইয়া এবং ৯ মিনিম স্পিরিট মিশাইয়া ঐরূপে ঝাকি দিলে ২য় ক্রম প্রস্তুত হইল। এইরূপে ইচ্ছানুসারে যথা বাঞ্ছিত ক্রম করা যায়। মূল ঔষধ একবিন্দু হইলে স্পিরিট্ ৯ বিন্দু; দুই ফোটা হইলে ১৮ বিন্দু স্পিরীট—এই নিয়মে লইতে হয়। তবে মূল ঔষধ ১ ফোটা লইয়া প্রস্তুত করা অপেক্ষা কিঞ্চিৎ অধিক অর্থাৎ ২০ ফোটা ঔষধ ১৮০ ফোটা স্পিরীট দেওয়া নিয়মই প্রশস্ত।

দ্বিতীয় দশমিক ক্রম প্রস্তুত হইলে উহাকে কেহ কেহ ১ম শততমিক ক্রমের তুল্য মনে করিয়া থাকেন। তাঁহারা বলেন যত শততমিক ক্রম হইবে, দশমিক ক্রম তাহার দ্বিগুণ হইবে অর্থাৎ ২য় দ ক্রম ১ম শততমিক ক্রমের সমান। কেন না ১ম শততমিক ক্রমে ১ বিন্দু ঔষধ ও ৯৯ বিন্দু স্পিরিট্ থাকে, ইহাতেও

(২য় দশমিক ক্রমে) ১ বিন্দু ঔষধ ও ৯৯ বিন্দু ঔষধ থাকে যথা—(১+৯=১০ ; ১০+৯০=১০০। ১+৯৯=১০০)।

তবে ইহাতে দুই বারে ঝাকির সংখ্যা বৃদ্ধি পায়।

ব্রিটীশমতে শততমিক নিয়মে তরল ক্রম প্রস্তুত প্রণালী (Centosimal attenuation)

মহাত্মা হানিমানই এই ক্রমের প্রচলিত করেন; তাঁহার সময়ে দশমিক ক্রম ছিল না। ১ ভাগ মূল ঔষধ সহ ৯৯ ভাগ স্পিরিট্ মিশাইয়া, পূর্ব্বোক্ত নিয়মে মিশ্রিত করিলেই ১ম শততমিক ক্রম প্রস্তুত হয়। পরবর্ত্তী ক্রম সকল উক্ত নিয়মে প্রস্তুত হইতে পারে অর্থাৎ পূর্ব্ববর্ত্তী ক্রমের ১ ভাগসহ ৯৯ ভাগ স্পিরিট্ যথা নিয়মে মিশ্রণ করিলে পরবর্ত্তী ক্রম প্রস্তুত হইবে।

ব্রিটীশ হোমিও ফার্ম্মাকোপিয়া মতে বিচূর্ণকে তরল ক্রমে পরিণত করণ ;—

৬ষ্ঠ দশমিক বা তৃতীয় শততমিক ক্রমের পর হইতে অর্থাৎ ৬ষ্ঠ ক্রম বা ৩য় ক্রমের চূর্ণ লইয়া উহা নিম্ন লিখিত নিয়মে ৭ম দ পরে ৮ম দ বা ৪র্থ ক্রম করা যায় ;—

৬ষ্ঠ ক্রমের চূর্ণ ১০ গ্রেণ লইয়া একটী নূতন শিশিতে ঢালিয়া দিয়া, উহাতে ক্রমে ক্রমে ১০০ মিনিম পরিস্রুত জল মিশ্রিত করিতে হইবে—যে জলে শতকরা পাঁচফোটা স্পিরীট দিয়া মিশ্রণ করা আছে—এবং বারম্বার নাড়িতে হইবে, যখন উহা উত্তমরূপে গলিয়া যাইবে তখন উহাকে ৭ দ বা ৭× ক্রম আখ্যা দেওয়া যায়। এই ৭ম দশমিক ক্রমের একটি ফোটা (মিনিম) লইয়া উহার সঙ্গে ৯ মিনিম ২০ ডিগ্রার ওভার প্রুফস্পিরীট মিশাইলে ৮×দ ক্রম হইল। পুনশ্চ উক্ত ৮× ক্রমের এক মিনিম সহ ৯৯ মিনিম রেক্টিফাইড্ স্পিরীট মিশাইলে ১০×দ বা ৫ শততমিক ক্রম প্রস্তুত হইল। অর্থাৎ ৪র্থ বা ৮ম দশমিক ক্রম জন্য ২০ ডিগ্রার ওভার প্রুফ স্পিরীট এবং ৯× বা উহার উচ্চতর ক্রম জন্য রেক্টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

কোন স্পিরীট কোন ক্রমের জন্য প্রয়োজন হয় আমরা নিম্নে উহার একটী নিয়ম লিখিয়া দিতেছি, ইহা সকলে বিশেষতঃ ঔষধের প্রস্তুতকারীগণের সর্ব্বদা মুখস্থ থাকা আবশ্যক। ব্রিটীশ হোমিওপ্যাথিক ফার্ম্মাকোপিয়া অনুমোদিত এই ফর্ম্মিউলা বা পদ্ধতি (Formula) গুলির প্রতিবিশেষ মনোযোগ করিতে হইবে। অন্যথা ঔষধের বিশুদ্ধভাব সংরক্ষিত হইবে না।

ব্রিটীশ ফার্ম্মাকোপিয়া অনুমোদিত বিশেষ বিশেষ প্রক্রিয়া (Formula)।

কোন ঔষধের মূলারিষ্ট যেরূপ স্পিরীট দ্বারা প্রস্তুত হয় তাহার প্রথম দশমিক ক্রমের জন্যও সেই স্পিরীট ব্যবহার্য্য, সুতরাং নিম্নলিখিত নিয়মে উহাদের উচ্চতর ক্রম গুলি প্রস্তুত হয় ;—

(ক) মাদার টিঞ্চার বা মূলারিষ্ট প্রুফ্ স্পিরীট দ্বারা প্রস্তুত হইলে, ১ম ক্রমে নিশ্চয়ই উক্ত প্রুফ্ স্পিরীট প্রয়োজন হয়, ২য় দশমিক বা ১ম ক্রম জন্য ২০ ডিগ্রীর ওভার প্রুফ্ স্পিরীট এবং ৩ × এবং তাহার উপর ক্রম জন্য রেক্টিফাইড্ স্পিরীট প্রয়োজন। [যেখান হইতে রেক্টিফাইড্ স্পিরীট ব্যবহার করা হইবে, তাহার উপর যত ইচ্ছা তত ক্রম করিতে হইলে উহা ব্যতীত কথনই অন্য প্রকারের স্পিরীট ব্যবহৃত হইবে না]।

(খ) যখন মুলারিষ্ট ডাইলিউট এল্কোহল দ্বারা প্রস্তুত হয়, তখন ১ × দ ক্রম জন্যও উক্ত ডাইলিউট স্পিরীট প্রয়োজন, ১ম ক্রম বা ২ দ জন্য ২০ ওভারপ্রুফ্ এবং তাহারপর উচ্চক্রম গুলির জন্য রেক্টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

(গ) যখন মাদার টিঞ্চার বা মূলারিষ্ট ২০ ডিগ্রীর প্রুফ্ স্পিরীট দ্বারা বা ৪০ ডিগ্রীর ওভার প্রুফ্ দ্বারা প্রস্তুত তখন ১ম ক্রম বা ২ × এবং উহাতে উর্দ্ধ ক্রম সকল রেক্টিফাইভ্ স্পিরীট দ্বারা প্রস্তুত হয়।

(ঘ) যখন কোন মাদার টিঞ্চার বা মুলারিষ্ট রেক্টিফাইড্ স্পিরীট দ্বারা সম্পাদিত হয়, তখন পরবর্ত্তী ক্রম সকল উক্ত রেক্টিফাইড্ স্পিরীট দ্বারাই হইয়া থাকে।

(ঙ) যখন কোন মাদার টিঞ্চার বা মূলারিষ্ট এবসোলিউট এল্‌কোহল দ্বারা প্রস্তুত হয়, তখন পরবর্ত্তী ক্রম সকলই উক্ত এল্‌কোহল দ্বারা প্রস্তুত হইবে।

—:০:—

আর একটী বিশেষ কথা।

জল দিয়া কোনও ঔষধের কোন ক্রম প্রস্তুত হইলে, উহার পরবর্ত্তী ক্রম প্রস্তুত জন্য দ্রব্য অনুসারে বিভিন্ন ক্রম জন্য বিভিন্ন প্রকারের সুরাসার প্রয়োজন হইবে, উহা প্রত্যেক ঔষধের ক্রম প্রস্তুত স্থলে বিস্তৃত ভাবে লিখিত হইল।

—:০:—

বিশেষ দ্রষ্টব্য।

মাদার টিঞ্চার চিহ্ন শূন্যস্থান হইতে আরম্ভ হয়। এই মাদার টিঞ্চারের চিহ্ন ϕ গ্রীক্ অক্ষর "থিটা"। যে সকল ঔষধের মূলদ্রব্য পরিস্রুত জলে সলিউশন হয়, এই চিহ্ন দ্বারা তাহাদের আদৃত ঔষধ দ্রব্যকে বুঝায়। যথা এসিড্ নাইট্রিকম্ ϕ; আর্সেনিক ϕ; ক্যালিআয়াড ϕ ইত্যাদি লিখিলে আদত বস্তুকে বুঝায়। সুতরাং উহাদের ১ × ক্রমে আদত ঔষধের শতকরা দশভাগ ঔষধ থাকে। আবার যে সকল স্থলে টিঞ্চার প্রস্তুত হয়, তথায় ϕ চিহ্ন দ্বারা আসল পদার্থকে না বুঝাইয়া মূল আরক বা ষ্ট্রং টিঞ্চারকে বুঝায়। সুতরাং ১ × ক্রম বা মাদার মূল ঔষধে শতকরা—১০ ভাগ না থাকিয়া টিঞ্চারের শতকরা ১০ ভাগ থাকিবে এবং আদত ঔষধের শতকরা ১০০ ভাগ থাকিবে।

ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ার বিধি অনুসারে যে সমস্ত মাদারটিঞ্চার প্রস্তুত হয়, তাহাদের মধ্যে (যেগুলি হইতে পারে না, তাহা বাদে) সমুদয় টিঞ্চারই ১০ ভাগে একভাগ ঔষধ দ্রব্য থাকে। সুতরাং সে হিসাবে টিঞ্চারের প্রথম দশমিক ক্রম বা শক্তি জলীয় সলিউশনের প্রথম শততমিকক্রম সদৃশ। যে যে স্থলে ১০ ভাগে এক ভাগ পরিমাণে মাদার টীঞ্চার হয় না, সে সকল স্থলেও হিসাব করিয়া মাদার টিঞ্চারের পরিমাণ ঠিক করিয়া প্রথম দশমিককে এইরূপ করিয়া করা হয় যে ১০০ ভাগে ১ ভাগ ঔষধ থাকে।

যেখানে মাদার টিঞ্চার ১৫ ভাগে একভাগ হিসাবে প্রস্তুত (যেমন বেলাডনা বা ক্যালেণ্ডুলা) তাহা হইতে ২ × করিতে হইলে মাদার টিঞ্চারের ১৫ ভাগের সহিত ৮৫ ভাগ যথাযোগ্য স্পিরীট যোগ করিতে হয়।

অধুনা ঔষধের সর্ব্বাপেক্ষা অধিক উগ্রশক্তিকে ϕ চিহ্ন দ্বারা ব্যক্ত করা হইয়া থাকে। যথা একোন ϕ; আর্ণিকা ϕ। অর্থাৎ ১০ ভাগে একভাগে এক ভাগ ঔষধ আছে। যে স্থলে দ্রব্যের শক্তি অজ্ঞাত থাকে সেস্থলে উক্ত দ্রব্যের ব্যবহার উপযোগী প্রস্তুতটিই সর্ব্বাপেক্ষা উগ্রশক্তি সুতরাং উহাকেই ϕ চিহ্ন দ্বারা ব্যক্ত করা হয়। যথা কষ্টিকাম ϕ, ল্যাকেসিস ϕ; এপিস্ ϕ ইত্যাদি। যখন কোন দ্রব্য আদত অবস্থায় নির্দ্দিষ্ট রাসায়নিক সংযোগে প্রস্তুত হয়, তখন তাহার ১ × সলি-উশন বুঝাইবার জন্য ϕ চিহ্ন ব্যবহার করা কর্ত্তব্য নহে। যেমন ব্রোমিয়ম্, গ্লনয়ন ϕ ইত্যাদি লিখিলে সকল স্থলেই আদত অমিশ্র দ্রব্যকে বুঝাইবে। কিন্তু উহাদের সর্ব্বাপেক্ষা উগ্র সলিউশন লিখিতে হইলে ব্রোম ১ × ; গ্লনয়ন ১ × লিখিতে হয়। ইহার দ্বারা বুঝাইতেছে যে যে সকল অফিসিনেল্ এসিড হোমিওপ্যাথিক মতে চলিত আছে এবং যেসকল বস্তু বিচূর্ণ দ্বারা প্রস্তুত হয় তাহাদের সম্বন্ধে এই ϕ চিহ্ন দ্বারা আদত বস্তুকে বুঝায়।

—:০:—

আমেরিকান্ ও জার্ম্মাণ্ ফার্ম্মাকোপিয়া অনুমোদিত ঔষধ প্রস্তুত প্রণালীর কতিপয় শ্রেণী বিভাগ।

আমেরিকান ও জার্ম্মাণ ফার্ম্মাকোপিয়ার প্রস্তুত পদ্ধতি প্রায় একরূপ; সুতরাং উহাদের বিষয় একত্রে লিখিত হইল। ঔষধ প্রস্তুত বিষয়ে দুই এক স্থলে যাহা মিলেনা, তাহা আমরা যথাস্থলে উল্লেখ করিলাম ;—

—:০:—

প্রথম শ্রেণী (class I.)।

যেসকল সরস ও তাজা উদ্ভিদে প্রচুর রস আছে এবং যাহাদের মাদার টিঞ্চারের ঔষধ শক্তি ($\frac{1}{2}$) অর্থাৎ যাহারা সমপরিমাণে সুরাসার ও উদ্ভিজ্জ দ্বারা প্রস্তুত।

—:০:—

ক্রম প্রস্তুত করিবার নিয়ম;

দশমিক রীতি।

(Decimal scale)

২ভাগ মূলারিষ্ট ৮ ভাগ ডাইঃ এল্‌কোহল সহ মিশাইলে ১×ক্রম হয়। এবং ১ ভাগ ১×ক্রম, ৯ ভাগ ডাইঃ এল্‌কোহল সহ মিশাইলে ২×ক্রম হয়। ১ ভাগ ২×ক্রম, ৯ ভাগ এল্‌কোহল সহ মিশাইলে ৩×। ১ ভাগ ৩×ক্রম, ৯ ভাগ এল্‌কোহল সহ মিশাইলে ৪×ইত্যাদি। ক্রমে উচ্চতর ও উচ্চতমক্রম প্রস্তুত হয়।

—:•:—

শততমিক রীতি।

(Centesimal scale)

২ ভাগ মাংটিং বা মূলারিষ্ট ৯৮ ভাগ ডাঃ এল্‌কোহল সহ মিশাইলে ১ম হয় এবং ১ম ক্রম একভাগ সহ ৯৯ ভাগ এল্‌কোহল মিশাইলে ২য় ক্রম প্রস্তুত হয় ইত্যাদি।

—:০:—

২য় শ্রেণী (Class II.)

যে সমস্ত সরস ও টাট্‌কা উদ্ভিদে অপেক্ষাকৃত কম রস আছে, সেই সমস্ত উদ্ভিজ পদার্থ ৩ ভাগ, ২ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিয়া যে সকল মাদার টিঞ্চার প্রস্তুত হয়। উহাদেরও ঔষধের শক্তি ½।

দশমিক রীতি (Decimal scale)

২ ভাগ মাদার টিঞ্চার ৮ ভাগ ডাইলিউট্ এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ১×ক্রম হয়। ১ ভাগ ১×ক্রম, ৯ ভাগ ডাইলিউট্ এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ২×ক্রম হয়। ১ ভাগ ২×ক্রম ৯ ভাগ ডাইলিউট এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ৩×ক্রম ইত্যাদি।

অতঃপর পূর্ব্ববর্ত্তী ক্রমের ১ ভাগ লইয়া ৯ ভাগ এল্‌কোহল সহিত মিশ্রিত করিলেই পরবর্ত্তী দশমিক ক্রম প্রস্তুত হইবে।

শততমিক রীতি (Centesimal scale.)

২ ভাগ মাদার টিঞ্চার ৯৮ ভাগ ডাইলিউট্ এল্‌কোহল্ সহ মিশ্রিত করিলেই ১ ক্রম হয়। ১ ভাগ ১ ক্রম ৯৯ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিলেই ২ ক্রম হয়। এই নিয়মে পরবর্ত্তী ক্রম প্রস্তুত হয়।

—:০:—

৩য় শ্রেণী (Class III,)

অপর কতকগুলি কম রস বিশিষ্ট উদ্ভিজ পদার্থের দ্বিগুণ এল্‌কোহল যোগ করিয়া যে সকল মাদার টিঞ্চার প্রস্তুত হয়, সেই সকল মাদার টিঞ্চারের ভৈষজ্য শক্তি ⅓। ইহাদের ক্রম প্রস্তুত পদ্ধতি এইরূপ;—

—:০:—

দশমিক রীতি (Decimal scale.)

৬ ভাগ মাদার টিঞ্চার, ৪ ভাগ ডাইলিউটেড্ এল্‌কোহল সহ মিশ্রিত করিয়া ১ × ক্রম হয়। ১ ভাগ ১ × ক্রম, ৯ ভাগ ডাইলিউট্ এল্‌কোহল সহ মিশ্রিত করিয়া ২ × ক্রম হয়। ১ ভাগ ২ × ক্রম, ৯ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিয়া ৩ × ক্রম হয়, অতঃপর যথা নিয়মে উচ্চক্রম প্রস্তুত হয়।

শততমিক রীতি (Centesimal Scale)।

৬ ভাগ মাদার টিঞ্চার ৯৪ ভাগ ডাইলিউট্ এল্‌কোহল সহ মিশ্রিত করিলেই ১ ক্রমহয়। ১ ভাগ—১ম ক্রম সহ৯৯ ভাগ এল্‌কোহল মিশাইলে ২য় ক্রম হয়। অতঃপর যথানিয়মে পরবর্ত্তী ক্রম প্রস্তুত হয়।

৪র্থ শ্রেণী (Class IV.)।

যে সমুদয় শুষ্ক উদ্ভিদ বা উহার কোন অংশ এবং জান্তব পদার্থ চূর্ণ বা পেষণ করিয়া উহাতে ৫ গুণ এল্‌কোহল মিশ্রিত করিয়া যে সকল মাদার টিঞ্চার প্রস্তুত হয়, সেই সমস্ত মাদার টিঞ্চার হইতে ক্রম বা ডাইলিউশন্ প্রস্তুত প্রণালী এস্থলে লিখিত হইল। উহাদের ঔষধের শক্তি $\frac{1}{10}$

—:০:—

দশমিক রীতি (Decimal scale)।

এখানে মূল ঔষধের শক্তি $\frac{1}{10}$ অর্থাৎ ১০ ভাগে ১ ভাগ মূল ঔষধ আছে। সুতরাং উহা ১ × ক্রমের সমান।

১ ভাগ এই ঔষধ অর্থাৎ ১ × ক্রমের ঔষধ, ৯ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ২ × ক্রম হয়। ইত্যাদি।

—:০:—

শততমিক রীতি (Centesimal scale)

১০ ভাগ মাদার টিঞ্চার ৯০ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ১ ক্রম হয়। ১ ভাগ ১ ক্রম ৯৯ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ২ ক্রম হয় ইত্যাদি। পরবর্ত্তী ক্রম যথানিয়মে প্রস্তুত হয়।

৫ম শ্রেণী (Class V)

জলীয় দ্রব (Watery solution)

১ ভাগ ঔষধ-পদার্থ, ৯ ভাগ পরিস্রুত জলে (ডিষ্টিল্‌ড্ ওয়াটারে) দ্রব করিয়া যে সমস্ত ঔষধ প্রস্তুত হয়, সেই সকল ঔষধেয় ক্রম প্রস্তুত প্রণালী নিম্নে লিখিত হইল ;—উহাদের শক্তি $\frac{1}{10}$।

দশমিক রীতি (Decimal scale)।

৯ ভাগ পরিস্রুত জলে, ১ ভাগ ঔষধ পদার্থ দ্রব হইয়াছে বলিয়া উহার মূল ঔষধের শক্তি $\frac{1}{10}$ অর্থাৎ ১০ ভাগে ১ ভাগ মূল ঔষধ আছে। সুতরাং ১ × ক্রম ও যাহা ঐ জলীয় দ্রব্যও (Watery solution) তাহাই। ১ ভাগ ১ × ক্রমের জলীয় দ্রব, ৯ ভাগ পরিস্রুত জলের সহিত মিশ্রিত করিলেই ২ × ক্রম হয়। ১ ভাগ ২ × ক্রম ৯ ভাগ ডাইলিউট্ এল্‌কোহল সহ মিশ্রিত করিলেই ৩ × ক্রম। এক ভাগ ৩ × ক্রম ৯ ভাগ ডাইলিউট এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ৪ × ক্রম হয় ইত্যাদি।

—:০:—

শততমিক রীতি (Centesimal scale)

দশ ভাগ ঔষধ ৯০ ভাগ পরিস্রুত জল সহ মিশ্রিত হইয়া ১ম ক্রম হয়। ১ ভাগ ১ম ক্রম, ৯৯ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ২য় ক্রম হয়। ইত্যাদি—

দ্রষ্টব্য। পঞ্চম শ্রেণীর দ্বিতীয় বিভাগের ঔষধ শক্তি $\frac{1}{100}$ অর্থাৎ এক ভাগ ঔষধ দ্রব্য সহ একশত ভাগ পরিস্রুত জল মিশ্রিত করা হয়। উহাই প্রথম শততমিক ক্রম বা দশমিক ক্রমের ২য় ক্রম। উহার দ্বিতীয় শততমিক ক্রম জন্য ডাইলিউট এল্‌কোহাল এবং ৩য় ক্রম জন্য এল্‌কোহল্ ব্যবহার্য্য।

—:০:—

৬ষ্ঠ শ্রেণী Class VI.)

(ক) সুরাসারীয় দ্রব (Alcoholic solution)

১ ভাগ ঔষধ পদার্থ, ৯ ভাগ সুরাসার বা এল্‌কোহলে দ্রব করিয়া যে সমস্ত ঔষধ প্রস্তুত হয়, সেই সমস্ত ঔষধের প্রস্তুত প্রণালী (উহাদের ঔষধের শক্তি $\frac{1}{10}$) এইরূপ ;—

—:০:—

দশমিক রীতি (Decimal scale)

৯ ভাগ এল্‌কোহলে ১ ভাগ ঔষধ পদার্থ আছে সুতরাং উহা ১ × ক্রমের সমান। ১ ভাগ ১ × শক্তি, ৯ ভাগ এল্‌কোহাল সহ মিশ্রিত করিলে ২ × ক্রম হয়। ইত্যাদি—

—:০:—

শততমিক রীতি (Centesimal scale)

১০ ভাগ সুরাসারীয় দ্রব, ৯০ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ১ম ক্রম হয়। অতঃপর এক ভাগ ১ম ক্রম সহ ৯৯ ভাগ এল্‌কোহল মিশাইলে ২য় ক্রম হয়। ইত্যাদি—

—:০:—

৬ষ্ঠ শ্রেণী (Class VI.)

(খ) সুরাসারীয় দ্রব।

১ ভাগ ঔষধ পদার্থ, ৯৯ ভাগ সুরাসার বা এল্‌কোহলে দ্রব করিয়া যে ঔষধ প্রস্তুত হয়, সেই সমস্ত ঔষধের ক্রম প্রস্তুত প্রণালী (উহাদের ঔষধের শক্তি $\frac{1}{100}$);—

দশমিক রীতি (Decimal scale)

১০০ ভাগে মূল ঔষধ ১ ভাগ আছে, সুতরাং উহা ২×ক্রম বা ১ম ক্রমের সমান।

১ম ভাগ ২×ক্রমের ঔষধ ৯ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ৩× ক্রম হয়। ইত্যাদি—

শততমিক রীতি (Centesimal scale)

এস্থলে ১ম ক্রম ও সুরাসারীয় দ্রব একই পদার্থ। এক ভাগ ১ম ক্রমের ঔষধ, ৯৯ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ১ম শততমিক বা ২×ক্রম হয়। ইত্যাদি—

—:০:—

৭ম শ্রেণী (Class VII)

বিচূর্ণ প্রস্তুত প্রণালী। (Trituration).

মূল ঔষধের চূর্ণ, দুগ্ধ শর্করা বা সুগার অভ্ মিল্ক সহ নিম্নলিখিত মতে বিচূর্ণ প্রস্তুত হয়;—

—:০:—

দশমিক রীতি। (Decimal scale)

১ম ভাগ মূল ঔষধের চূর্ণ, ৯ ভাগ দুগ্ধশর্করা সহিত মিশ্রিত করিয়া ১× বিচূর্ণ ক্রম হয়। ১ ভাগ ১×চূর্ণ, ৯ ভাগ দুগ্ধশর্করার সহিত মিশ্রিত করিয়া ২×ক্রম হয়। এবং ১ ভাগ ২×চূর্ণ, ৯ ভাগ দুগ্ধশর্করার সহিত মিশ্রিত করিলে ৩×ক্রম হয় ইত্যাদি—

—:০:—

শততমিক রীতি (Centesimal Scale)

১ ভাগ মূল ঔষধের চূর্ণ, ৯৯ ভাগ দুগ্ধ শর্করার সহিত মিশ্রিত করিলে ১ম বিচূর্ণ ক্রম হয়। ১ ভাগ ১ম বিচূর্ণ ক্রম, ৯৯ ভাগ দুগ্ধশর্করার সহিত মিশ্রিত করিলে ২য় বিচূর্ণ ক্রম হয়। ১ ভাগ ২য় বিচূর্ণ ক্রম, ৯৯ ভাগ দুগ্ধশর্করার সহিত মিশ্রিত করিলে ৩য় বিচূর্ণ ক্রম হয়।

—:•:—

বিচূর্ণ হইতে তরল ক্রম।

এক ভাগ ৬ষ্ঠ দশমিক বা ৩য় শততমিক ক্রমের বিচূর্ণ ৫০ ফোঁটা পরিস্রুত জলে দ্রব করিয়া তাহাতে ৫০ ফোঁটা এল্‌কোহল, মিশ্রিত করিলে ৪র্থ শততমিক বা ৮ম দশমিক দ্রব ক্রম হয়। ১ ভাগ ৪র্থ ক্রম ৯৯ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিলে ৫ম দ্রব ক্রম হয় ইত্যাদি—অথবা ১ ভাগ ৮ম ক্রম সহ ৯ ভাগ ডাঃ এল্‌-কোহল মিশাইলে ৯ম ক্রম হয়। ইত্যাদি—

—:•:—

৮ম শ্রেণী (Class VIII)

মূল অরিষ্ট বা মাদার টিঞ্চার হইতে বিচূর্ণ প্রস্তুত পদ্ধতি।

তারল্য হইতে বিচূর্ণ প্রস্তুত পদ্ধতি।

এমন কতকগুলি মূল অরিষ্ট আছে, যাহাদের এক বিন্দু ৯ গ্রেণ দুগ্ধশর্করার সহিত মিশ্রিত করিলে ১ × বিচূর্ণ ক্রম হয়। ১ গ্রেণ ১ × ক্রমের বিচূর্ণ ৯ গ্রেণ দুগ্ধ-শর্করার সহিত মিশ্রিত করিলে ২ × বিচূর্ণ ক্রম হয়। ইত্যাদি—

—:•:—

শততমিক রীতি (Centesimal scale)

১ ফোঁটা মূল অরিষ্ট, ৯৯ গ্রেণ দুগ্ধশর্করার সহিত মিশ্রিত করিলে ১ম বিচূর্ণ ক্রম হয়। ইত্যাদি—

দ্রষ্টব্য। এই বিচূর্ণ ক্রম হইতে তরল ক্রম করিতে হইলে ৭ম শ্রেণীর নিয়মে সম্পাদিত করিতে হয়।

৯ম শ্রেণী (Class IX)

দশমিক রীতি (Decimal scale)

১ ভাগ মূল ঔষধের চূর্ণ, ৯ ভাগ দুগ্ধশর্করার সহিত মিশ্রিত করিলে ১× বিচূর্ণ ক্রম হয়। ১ ভাগ ১× ক্রমের বিচূর্ণ, ৯ ভাগ দুগ্ধশর্করার সহিত মিশ্রিত করিলে ২× বিচূর্ণ ক্রম হয়। যে নিয়মে বিচূর্ণ করিতে হয় পরে লিখিত হইয়াছে।

শততমিক রীতি (Centesimal scale)

১ ভাগ মূল ঔষধের চূর্ণ, ৯৯ ভাগ দুগ্ধ শর্করার সহিত মিশ্রিত করিলে ১ম বিচূর্ণ ক্রম হয়। ইত্যাদি। এই বিচূর্ণ হইতে তরল ক্রম করিতে হইলে পূর্ব্ব নিয়মে করা কর্ত্তব্য।

আমেরিকান ও জার্ম্মাণ মতে

দশমিক নিয়মে বিচুর্ণ প্রস্তুত প্রণালী ;—

এক গ্রেণ মূল ঔষধের চূর্ণ খলে দিয়া, তিন খণ্ড নূতন পরিষ্কৃত কাগজে ৯ গ্রেণ দুগ্ধশর্করা তিন সমান ভাগে বিভক্ত করিয়া রাখিতে হইবে। প্রথমতঃ প্রথম ভাগ দুগ্ধশর্করা তিন গ্রেণ লইয়া, ৬ মিনিটকাল মাড়িতে হইবে, (মাড়িবার সময় দক্ষিণদিকে পাক দিবে) এবং ৪ মিনিটকাল স্প্যাচুলার দ্বারা খল ও খলের ডাঁটী উত্তমরূপে চাঁচিয়া লইতে ও নাড়িতে হইবে। অতঃপর পুনশ্চ ৬ মিনিট মাড়িয়া, ৪ মিনিট চাঁচিতে ও নাড়িতে হইবে। প্রথম বারের কার্য্য ২০ মিনিটে শেষ হইবে।

অতঃপর দ্বিতীয় ভাগ ৩ গ্রেণ দুগ্ধশর্করা লইয়া ৬ মিনিট নাড়িতে ও ৪ মিনিট চাঁচিতে ও নাড়িতে হইবে। পুনশ্চ ৬ মিনিট নাড়িতে এবং ৪ মিনিট চাঁচিতে ও নাড়িতে হইবে। ইহাতে আর ২০ মিনিট লাগিবে। অতঃপর তৃতীয়ার্দ্ধ বা অবশিষ্ট ৩ গ্রেণ দুগ্ধশর্করা সহ পূর্ব্বোক্ত নিয়মে দুইবার মাড়িয়া এবং চাঁচিয়া ও নাড়িয়া ১ম দশমিক ক্রমের চূর্ণ প্রস্তুত হইল ;—ইহাতে ১ ঘণ্টা সময় আবশ্যক হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে দশমিক ক্রমের চূর্ণ করিতে নিম্নলিখিত নিয়মও গৃহীত হয়;—যথা এক গ্রেণ ঔষধ চূর্ণ স্থলে দশ গ্রেণ এবং ৯ গ্রেণ স্থলে ৯০ গ্রেণ দুগ্ধশর্করা লইয়া, তিন ভাগে বিভক্ত করিয়া প্রত্যেক ভাগে তিন গ্রেণ স্থলে ৩০ ত্রিশ গ্রেণ করিয়া লইয়া পূর্ব্বোক্ত নিয়মে বিচূর্ণ করা উচিত। কেননা এক গ্রেণ ঔষধ আর তিন গ্রেণ দুগ্ধশর্করা মাড়িতে মাড়িতে খলের ও ডাঁটীর গায়ে লাগিয়া যায়; বিচূর্ণন করিবার সুবিধা হয় না; এইজন্য ১০ গ্রেণ সহ ৯০ গ্রেণ পূর্ব্বোক্ত নিয়মে বিভক্ত করিয়া লইলে সুবিধা হয়।

দ্বিতীয় দশমিক চূর্ণ করিতে হইলে, এক গ্রেণ ১ম ক্রমের চূর্ণ সহ ৯ গ্রেণ দুগ্ধশর্করা অথবা ১০ গ্রেণ দুগ্ধশর্করা সমান তিন ভাগে বিভক্ত করিয়া ১ম দশমিক ক্রমের বিচূর্ণের ন্যায় তিন অবস্থায় ২০ মিনিট হিসাবে ১ ঘণ্টার মধ্যে পূর্ব্ববৎ মাড়িয়া এবং নাড়িয়া ও চাঁচিয়া লইলে ২য় দশমিক ক্রমের বিচূর্ণ হয়।

অতঃপর পরবর্ত্তী ক্রম সকলও এই নিয়মে প্রস্তুত করা উচিত।

—:০:—

আমেরিকান্ মতে শততমিক রীতি অনুসারে বিচূর্ণ প্রস্তুত প্রণালী।

মূল ঔষধের চূর্ণ বা দ্রব্য এক গ্রেণ একটী খলে রাখিয়া, অপর তিন খণ্ড কাগজে সমানভাগে ওজন করিয়া ৩৩ গ্রেণ মাত্রায় দুগ্ধ শর্করা রাখিতে হইবে। প্রথমতঃ ৩৩ গ্রেণ দুগ্ধশর্করা খলে দিয়া পূর্ব্বোক্ত এক গ্রেণ চূর্ণসহ স্প্যাচুলার দ্বারা মিশাইয়া ৬ মিনিট কাল সজোরে নাড়িয়া ৪ মিনিট কাল খল ও খলের ডাঁটী চাঁচিয়া ও নাড়িয়া লইতে হইবে। এইরূপ আর একবার করিতে হইবে। তৎপরে দ্বিতীয় ৩৩ ভাগ দুগ্ধশর্করা মিশাইয়া পুনশ্চ পূর্ব্ব নিয়মে দুইবার মাড়িয়া এবং দুইবার চাঁচিয়া ও নাড়িয়া লইতে হইবে। সর্ব্বশেষে তৃতীয় ভাগ দুগ্ধশর্করা উহার সহিত বিমিশ্রিত করিতে হইবে। ইহাও পূর্ব্বোক্ত নিয়মে ২বার মাড়িয়া এবং দুইবার চাঁচিয়া ও নাড়িয়া লইতে হইবে। তৎপরে উহাকে একটী নূতন শিশিতে ঔষধের নাম ও ১ম ক্রম লিখিয়া তুলিয়া রাখিবে। ইহাতে এক ঘণ্টা সময় আবশ্যক।

২য় শততমিক ক্রমের বিচূর্ণ করিতে হইলে, ১ম শততমিক ক্রমের এক গ্রেণ লইয়া ৯৯ গ্রেণ দুগ্ধ শর্করার সহিত পূর্ব্বোক্ত নিয়মে খলে করিয়া ১ ঘণ্টা কাল মাড়িতে হইবে। ইত্যাদি নিয়মে পূর্ব্ববর্ত্তী বিচূর্ণ ক্রম হইতে পরবর্ত্তী ক্রমের বিচূর্ণ করা যায়।

—:•:—

আমেরিকান্ হোমিওপ্যাথিক ফার্ম্মাকোপিয়া মতে বিচূর্ণকে তরল ক্রমে পরিণত করণ প্রণালী।

শততমিক চূর্ণ হইতে তারল্য বা অরিষ্ট প্রস্তুত করিতে হইলে, ৩য় শততমিক ক্রমের বিচূর্ণ গ্রহণ করা হয়। উহার নিম্ন ক্রম হইতে তরল করিবার নিয়ম নাই। বিচূর্ণ ক্রমকে দ্রব ক্রম করিবার সময় প্রথমে দশমিক নিয়ম অবলম্বন করা ভাল নহে। দশমিক ক্রমে পরিণত করা আবশ্যক স্থলে প্রথমে দ্রব ক্রম শততমিক নিয়মে প্রস্তুত করিয়া পরবর্ত্তী ক্রম দশমিক করিতে হয়। যেহেতু দুগ্ধশর্করা হইতে প্রস্তুত বিচূর্ণ সম্পূর্ণরূপে দ্রব করিতে হইলে উহার ২য় গুণ জল আবশ্যক। এল্‌কোহলে আদৌ দ্রব হয় না। নিম্নে উহাদের বিস্তৃত বিবরণ প্রদত্ত হইল :—

দশমিক রীতি।—যে শিশিতে এই দ্রবক্রম করিতে হইবে, উহা যেন একটু বড় হয় অর্থাৎ দ্রব করার সময় অন্ততঃ উহার ⅓ অংশ খালি থাকে। প্রথমে ৬ × দশমিক ক্রমের ১ গ্রেণ লইয়া উক্ত শিশিতে দিয়া তাহাতে ৫০ বিন্দু পরিস্রুত জল ঢালিয়া দিয়া একটুকু আলোড়ন করিতে হইবে। উহা দেখিতে দেখিতে দ্রব হইয়া আসিবে সম্পূর্ণ দ্রব হইয়া যাইলে উহাতে ৫০ বিন্দু এল্‌কোহল ঢালিয়া দিয়া শিশির মুখে নূতন কর্ক দ্বারা বদ্ধ করিয়া দশবার ঝাঁকিতে হইবে। এই ঔষধ একেবারে ৮ × বা ৪র্থ ক্রম হইল। এক্ষণে ইহার ১বিন্দু ঔষধ সহ ৯বিন্দু ডাইলিউট এল্‌কোহল দিয়া পূর্ব্বোক্ত নিয়মে ঝাঁকি দিয়া ৯ × ক্রম করিতে হয়। অতঃপর পূর্ব্ববর্ত্তী ক্রমের ঔষধ এক ভাগ, ৯ ভাগ এল্‌কোহল সহ মিশ্রিত করিয়া পরবর্ত্তী ক্রম করা যায়।

—:•:—

শততমিক রীতি।

৩য় শততমিক ক্রমের চূর্ণ ১ গ্রেণ লইয়া পূর্ব্ব প্রকারের একটু বড় শিশিতে রাখিয়া উহাতে ৫০ বিন্দু পরিস্রুত জল ঢালিয়া আলোড়ন করিতে করিতে যখন দেখিবে বিচূর্ণ দ্রব হইয়া মিশাইয়া গিয়াছে, তখন উহাতে ৫০ বিন্দু এল্‌কোহল ঢালিয়া দিয়া ১০বার ঝাঁকি দিতে হইবে। ইহাতে ৪র্থ ক্রম প্রস্তুত হইল। ইহা হইতে ৫ম ক্রম করিতে হইলে, ইহার ১বিন্দু ঔষধ সহ ৯৯ বিন্দু ডাইলিউট এল্‌কোহল দিয়া পূর্ব্বোক্ত প্রণালীতে ঝাঁকি দিয়া ৫ম ক্রম প্রস্তুত করিতে হয়। পূর্ব্ববর্ত্তী ক্রমের এক ভাগ সহ ৯৯ ভাগ এল্‌কোহল মিশাইলে পরবর্ত্তী ক্রম প্রস্তুত হয়।

---:o:---

আমেরিকান্ মতে ক্রম বা শক্তি (ডাইলিউশন বা এটিনিউ-য়েশন) প্রস্তুত প্রণালী।

উভয় মতের ক্রম প্রস্তুত করিতে হইলে ইহাদের নিয়মের বিভিন্নতা যথা স্থলে লিখিত হইল। ব্রিটীশমতে ষাইট বার ঝাঁকি দিতে হয়। আমেরিকান ও জার্ম্মাণ মতে দশবার মাত্র।

দশমিক রীতি অনুসারে ডাইলিউশন করিতে হইলে একটী বড় শিশি লইতে হয়। প্রথমে এক ভাগ মূল ঔষধ লইয়া শিশিতে ঢালিয়া দিয়া পরে যে যে ঔষধে যেরূপ প্রকারের এল্‌কোহল আবশ্যক তাহার ৯ ভাগ মাপিয়া উক্ত শিশিতে ঢালিয়া দিয়া কর্ক আঁটিয়া ঝাঁকি দিতে হয়। এইরূপ পূর্ব্ববর্ত্তী ক্রম হইতে পরবর্ত্তী উচ্চক্রম করা যায়।

শততমিক রীতি। ইহাতে ১ ভাগ মূল ঔষধসহ ৯৯ ভাগ আবশ্যকীয় স্পিরীট মিশাইয়া পূর্ব্বোক্ত নিয়মে ঝাঁকি দিয়া ক্রম প্রস্তুত করা হয় ইহাদের অন্যান্য বিবরণ ইতিপূর্ব্বে লিখিত হইয়াছে।

---:o:---

ঔষধ প্রয়োগ প্রকরণ।

হোমিওপ্যাথিক ঔষধ চূর্ণ, দুগ্ধশর্করাদি সহ চূর্ণাকারে (পাউডার রূপে,) টিঞ্চার, জলের সহিত দিয়া তরলাকারে এবং বটিকা, চাক্তি, ট্যাবলয়িড্ প্রভৃতি

ঔষধে সিক্ত করিয়া দেওয়া যায়। এতদ্ব্যতীত বাহ্য প্রয়োগ প্রকরণ লিখিত হইয়াছে। ঔষধ সময়ে সময়ে আঘ্রাণ করান হইয়া থাকে। এক্ষণে এই সকল দ্রব্য সহ কি প্রকারে ঔষধ প্রয়োগ করা যায়, নিম্নে লিখিত হইল ;—

দুগ্ধ শর্করার সহিত চিকিৎসকের ব্যবস্থামত নির্দ্দিষ্ট মাত্রার বিচূর্ণ ঔষধ অথবা নির্দ্দিষ্ট সংখ্যক আরক ঔষধ মিশ্রিত করিয়া পাউডার প্রস্তুত করা হয়। অতএব উহা মনে রাখা উচিত যে, যে সকল দ্রব প্রুফ স্পিরীট্ অথবা তাহা হইতে উগ্র শক্তি'র স্পিরীট্ দিয়া প্রস্তুত হয়, সেই সকল ঔষধই এইরূপ পাউডার আকারে বিলি করা যাইতে পারে। কারণ তাহা অপেক্ষা ক্ষীণ শক্তির স্পিরীটে যদি ঔষধ প্রস্তুত হয়, তাহা হইলে উহার দ্বারা দুগ্ধ শর্করা আংশিক গলিয়া গিয়া ঔষধ প্রস্তুত করিবার পক্ষে অত্যন্ত অসুবিধা হইয়া উঠে।

কিন্তু (Tincture-trituration) টিঞ্চার ট্রাইটুরেসন অর্থাৎ আরক-চূর্ণ সম্বন্ধে এই নিয়ম নহে। অনেক সময়ে টিঞ্চারই শিশিতে করিয়া দিতে হয়, কত ফোঁটা কতখানি জলে মিশাইয়া খাইতে দিতে হয় তাহা ব্যবস্থা কর্ত্তার বলিয়া দিতে হয়, অথবা ব্যবস্থা কর্ত্তাই করিয়া দেন। সাধারণতঃ আধ আউন্স জলের সহিত এক মিনিম মিশাইয়া এক মাত্রার মিক্শ্চার (Mixture) করিতে হয়।

বটিকা ও অনুবটিকা। (Globules & Pilules.)

এক ফোঁটার ভগ্নাংশ ব্যবস্থা করিবার সুবিধার জন্য ক্রম নিষ্পন্ন আরকে গ্লোবিউল নামক ক্ষুদ্র ক্ষুদ্র বড়ী সিক্ত করিয়া লইয়া ব্যবহার করিবার প্রণালী মহাত্মা হানিমান কর্ত্তৃক প্রবর্ত্তিত হয়। রোগী প্রত্যেক মাত্রায় ২টি কি ৪টি গ্লোবিউল খাইবে এইরূপ ব্যবস্থা বলিয়া দিলেই চলে। হানিমানের সময়ের পর হইতে পিলিউল নামক আর এক প্রকার বড় বড়ী প্রচলিত আছে, এবং উহা এক্ষণে সর্ব্বত্রই দেখা যায়। আয়তনে গ্লোবিউল ও পিলিউলের পরস্পরের ভিন্ন ভিন্ন রূপ হইয়া থাকে অর্থাৎ উহাদের মধ্যে ছোট বড় আছে।

অরিষ্ট হইতে বিচূর্ণ (Tincture—Trituration)

আমেরিকায় আর এক প্রকারের পাউডার প্রচলিত হইয়াছে, তাহাতে কোন কোন স্থলে বিলক্ষণ সুবিধা হইতে পারে বলিয়া বোধ হয়। ইহাকেই টিঞ্চার-ট্রাইটুরেশন বা আরক-চূর্ণ বলে। ইহা কিরূপে প্রস্তুত করিতে হয় তাহা বলিতেছি; দুই আউন্স সুগার অব্ মিল্ক ওজন করিয়া লইয়া একখানি খলের মধ্যে রাখিয়া উহার উপরে যে ঔষধের আরক-চূর্ণ প্রস্তুত করিবে তাঁহার এক আউন্স টিঞ্চার ঢালিয়া দিয়া, উত্তমরূপে মাড়িয়া লেইএর মত করিয়া লও। ধুলা না পড়ে অথচ জলীয়াংশ উড়িয়া যাইতে পারে, এই উদ্দেশ্যে ঐ খলের উপর একখানি কাগজ আল্‌গা করিয়া ঢাকা দিয়া, খলখানিকে কোন শুষ্ক স্থানে রাখিয়া দিতে হয়। যখন লেই মত (মণ্ডবৎ) শুখাইতে থাকিবে, উহাকে বারম্বার উত্তমরূপে ঘর্ষণ করিতে হয় এবং মর্টর ও পেষ্টল হইতে চাঁচিয়া লওয়া আবশ্যক, সম্পূর্ণ শুষ্ক না হওয়া পর্য্যন্ত এইরূপ করিতে হয়। তাহার পর পুনরায় আর এক আউন্স টিঞ্চার উহাতে ঢালিয়া দিয়া দ্বিতীয়বার পূর্ব্বের ন্যায় সমুদয় প্রক্রিয়া করিতে হয়। শুষ্ক হইলে ওজন করিয়া ৯৬০ গ্রেণের যতখানি কম থাকিবে, ততখানি দুগ্ধ শর্করা উহার সহিত যোগ করিয়া সমস্ত ঔষধকে সিকি ঘণ্টাকাল পুনরায় ট্রাইটুরেশন করিতে হয়। তৎপরে শিশিতে অপরাপর ঔষধের ন্যায় যত্নপূর্ব্বক রাখিয়া দিবে। যে প্রকারে উহা প্রস্তুত হইতে দেখা গেল তাহাতে জানা যাইতেছে যে, টিঞ্চারের ১ মিনিমে যে পরিমাণ ঔষধ থাকে, এই টিঞ্চার ট্রাইটুরেশনে ১ গ্রেণে তাহাই থাকে। স্থানান্তরে লইবার ও পাউডাররূপে ব্যবস্থা করিবার সুবিধা ব্যতীত টিঞ্চারাপেক্ষা টিঞ্চার ট্রাইটুরেশনে অন্য কোন বিশেষ সুবিধা দেখা যায় না। দ্রবক্রম প্রস্তুত করিবার সময় ট্রিটুরেশন হইতেই করিবে, এই আরক-চূর্ণ হইতে কখনই করিবে না।

বটিকা ও অনুবটিকা ঔষধসিক্ত করণ।

(How to medicate globule &Pilule)

এক্ষণে পিলিউল্ ও গ্লোবিউলকে কি প্রকারে ঔষধ দ্বারা সিক্ত করিতে হয়, অতঃপর তাহার উল্লেখ করা গেল ;—

একটী শিশির মধ্যে বড়ীগুলিকে পুরিয়া যে ঔষধের টিঞ্চারে উহাদিগকে সিক্ত করিতে হইবে, তাহার এরূপ পরিমাণ উহাদিগের উপর ঢালিয়া দিবে, যাহাতে সমুদয় বড়ীগুলি সম্পূর্ণরূপে ভিজিতে পারে। সকল বড়ীগুলি যাহাতে সমভাবে টিঞ্চার দ্বারা সিক্ত হয় তজ্জন্য শিশিটীকে বারম্বার ঝাঁকিয়া লইবে, অথবা হাতের মধ্যে দৃঢ়রূপে শিশিটীকে মুটা করিয়া ধরিয়া বেগে বৃত্তাকারে হস্ত সঞ্চালন করিতে হয়। প্রথমতঃ শিশিটীকে খাড়া ভাবে ধরিয়া রাখিতে হয়। পরে শোয়াভাবে রাখা উচিত। কোন কোন ঔষধপ্রস্তুতকারীরা শিশিটীকে টিঞ্চারে পরিপূর্ণ করিয়া বড়ীগুলি কিছুদিন ধরিয়া উহাতে ভিজাইয়া রাখেন; কাহারও মতে বড়ীগুলিতে কতকখানি টিঞ্চার শোষিত করিতে হয়, তাহা সতর্কতা পূর্ব্বক নিরূপণ করিয়া সেই পরিমাণ টিঞ্চার শোষিত করান উচিত। সতর্কতা পূর্ব্বক ইহা নিরূপণ করিয়া সেই পরিমাণ টিঞ্চার উহাতে দিতে হয়। যে কোন প্রকার প্রণালী অবলম্বন করা হউক বড়ীগুলি যাহাতে সম্পূর্ণরূপে সিক্ত হয় সে বিষয়ে অনুধাবন রাখা আবশ্যক। শেষোক্ত প্রণালীতে এই সুবিধা আছে যে, শুকাইবার জন্য ইহাদিগকে আল্‌গা রাখিবার দরকার হয় না। কিন্তু পূর্ব্বের প্রণালী মত করিলে কিছুদিন পরে অতিরিক্ত টিঞ্চার খানিক ঢালিয়া লইয়া পিল ও গ্লোবিউল গুলিকে উপর নীচে ব্লটিং কাগজ দিয়া তাহার মধ্যে রাখিয়া শুকাইয়া লইতে হয়। অনেক কারণে এরূপ করায় অনেক দোষ হইতে পারে।

বড়ীগুলিকে ঔষধাক্ত করিবার পক্ষে দেখা গিয়াছে যে, ২০ ওভার প্রুফ্ স্পিরীটে প্রস্তুত হইলে, তদপেক্ষা উগ্রশক্তির এল্‌কোহলে প্রস্তুত টিঞ্চার অপেক্ষা শোষণ করাইবার সুবিধা হয়। সেই জন্য বড়ী সিক্ত করিতে হইলে, নিয়ম অনুসারে অন্য প্রকার স্পিরীটে দ্রব ক্রম করিবার ব্যবস্থা থাকিলেও, স্বতন্ত্র করিয়া ২০ ডিগ্রী ওভার স্পিরীটে দ্রব ক্রম করিয়া লওয়া যাইতে পারে।

কিন্তু যদি মাদার টিঞ্চার অথবা কোন নিম্নের দ্রব ক্রম, যাহা ২০ ওভার প্রুফ্ স্পিরীট অপেক্ষা উগ্রশক্তির স্পিরীট দ্বারা প্রস্তুত, এবং যদি তাহা দিয়া পিলিউল্ বা গ্লোবিউল্ সিক্ত করা আবশ্যক হয়, তাহা হইলে স্পিরীটের শক্তি কমাইতে হইলে টিঞ্চারের নিম্নে তলানী পড়িতে পারে। অতএব সেইরূপ স্থলে পিলিউল্ বা গ্লোবিউলের প্রত্যেক আউন্স প্রতি, উহাদের কঠিনতা বিবেচনা করিয়া, ১ ফোঁটা বা ২ ফোঁটা চয়িত জল যোগ করতঃ পূর্ব্বের বর্ণিত প্রণালীতে শিশিকে

আলোড়ন করিয়া সমস্ত বড়ীগুলিকে সমানভাবে ভিজাইয়া লইয়া কয়েক মিনিটের জন্য রাখিয়া দিলে, তৎপরে উহারা উগ্রশক্তির স্পিরীট সহজে শোষণ করিতে সমর্থ হয়। অনেকেই এইরূপ প্রথা অবলম্বন করেন। বড়ী সিক্ত করিবার জন্য যতটুকু টিঞ্চার আবশ্যক হইবে, সমুদয় একবারে না দিয়া সমান ভাগ করিয়া দুইবার দিতে হয়, এবং প্রত্যেক বারের মধ্যে ২৪ ঘণ্টা সময়ের ব্যবধান রাখিতে হয়, অর্থাৎ দ্বিতীয় বারের অংশ যোগ করিবার পূর্ব্বে বড়ী গুলি যেন শুষ্ক হয়। কিন্তু যদি ২০ওভার প্রুফ স্পিরিটে অপেক্ষাকৃত কম এলুকোহলিক (Alcoholic) শক্তির স্পিরিটে (যথা ওভার প্রুফ স্পিরিট) প্রস্তুত মাদার টিংচার দিয়া পিলিউল্ বা গ্লোবিউল সিক্ত করিবার প্রয়োজন হয়, তাহা হইলে যে পরিমাণ রেক্‌টিফায়েড্ স্পিরিট্ (Rectified Spirit) যোগ করিলে ঐ ক্রম শক্তির স্পিরিট ২০ ডিগ্রীর ওভার প্রুফ স্পিরিটের সমান হয়, সেই পরিমাণ, রেক্‌টিফায়েড্ স্পিরীট দিয়া প্রথমে বড়ীগুলিকে সিক্ত করিয়া লইবে, পরে পূর্ব্বের মত টিঞ্চারকে দুই দুই অংশ করিয়া উহাতে যোগ করিবে।

হোমিওপ্যাথিক ঔষধের মাত্রাদি।

টিঞ্চার। ইহা জলের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করিতে হইলে, শিশুর পক্ষে ⅓ মিনিম (১ ফোঁটায় ৩ বার), এক এক ড্রাম জলের সহিত সেব্য। বালক বালিকাগণের পক্ষে দুই ড্রাম জলে ½ ফোঁটা (১ ফোঁটা ২ বার); ১৪ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক ব্যক্তিদিগের পক্ষে আধ আউন্স জলে ১ ফোঁটা ব্যবস্থেয়।

কত সময়ান্তর সেবন করিতে হয় তাহা চিকিৎসক ব্যবস্থা পত্রে লিখিয়া দিবেন; যদি চিকিৎসক লিখিয়া দিতে ভুল করেন, তাহা হইলে মোটের উপর জানিয়া রাখা আবশ্যক যে—তরুণ ও প্রখর রোগে ১। ২। ৩ বা ৪ ঘণ্টা অন্তর, পুরাতন রোগে প্রতিদিন ২। ৩ বার, ওলাউঠা, ঘুংড়ীকাসি, খিলধরা বা খিচুনি, শূল বেদনা ইত্যাদি সাংঘাতিক ও কষ্টদায়ক রোগে ১০।১৫, ২০ বা ৩০ মিনিট অন্তর ঔষধ সেবন বিধি আছে।

চূর্ণ ঔষধের মাত্রা। শিশুর পক্ষে ইহা ব্যবস্থেয় নহে। তবে একটু বড় ছেলের পক্ষে ¼ সিকি গ্রেণ, অল্প বয়স্ক বালক বালিকার পক্ষে ½ অর্দ্ধ গ্রেণ এবং ১৪ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক ব্যক্তির পক্ষে ১ গ্রেণ প্রতি মাত্রায় ব্যবস্থেয়।

অনুবটিকার মাত্রা। অনুবটিকা শিশুর পক্ষে ২টি, বালক বালিকার পক্ষে ৪টি, এবং ১৪ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক ব্যক্তির পক্ষে ৬টি। ষড় বটিকা হইলে শিশুর পক্ষে অর্দ্ধ বটিকা, বালক বালিকার পক্ষে ১টি, এবং ১৪ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক ব্যক্তির পক্ষে ২টি ব্যবস্থেয়। চাকৃতি ও ট্যাবলয়েট্ যথা নিয়মে ব্যবস্থেয়।

হোমিওপ্যাথিক ঔষধ ব্যবস্থা পত্র লিখন (Prescription);

'হোমিওপ্যাথিক মতে ঔষধ প্রস্তুত করিবার কতকগুলি বিশেষ প্রক্রিয়া থাকাতে ব্যবস্থা পত্রে বা প্রণালীতেও কিছু কিছু বিশিষ্টতা বা বিভিন্নতা পরিদৃষ্ট হয়।

একই ঔষধের অনেকগুলি প্রস্তুত প্রক্রিয়া হইতে পারে বলিয়া ঔষধের নামের পর সেই প্রস্তুতি বোধক চিহ্ন দেওয়া আবশ্যক হয়। যথা—কেবল বেলেডনা লিখিলেই যথেষ্ট হইতে পারে না, উহার পর বেলেডোনার কোন্ ক্রম তাহাও লেখা আবশ্যক। যথা—

বেলাড ϕ, বেলাড ৩×, বেলাড ৬, বেলাড ৩০ ইহারা ক্রমান্বয়ে মাদার টিঞ্চার, তৃতীয় দশমিক, ষষ্ঠ শততমিক এবং ত্রিংশ শততমিক দ্রব ক্রমকে বুঝাইতেছে।

প্রস্তুতি বোধক চিহ্নের পর পরিমাণ বুঝাইবার প্রচলিত চিহ্ন ব্যবহার করিতে হয়। এবং এই চিহ্নের সঙ্গে সঙ্গে চূর্ণ কি টিঞ্চার, কি পিল, কি গ্লোবিউল, কোনটি চাই, তাহার বোধক সঙ্কেত থাকে, যথা মার্কু ভাই ৩× grs. ii, অর্থাৎ তৃতীয় দশমিক চূর্ণের দুই গ্রেণ।

মার্কু ভাই ৬ gtt. ii, অর্থাৎ ৬ষ্ঠ (গট্ শব্দে ফোঁটা) শততমিক ক্রমের দুই ফোঁটা।

মার্কু ভাই ৬ পিল ২, অর্থাৎ ৬ষ্ঠ শততমিক ক্রমের ২টি পিল।

মার্কু ভাই ৩০ গ্লোবিউল ৩, অর্থাৎ ত্রিংশ শততমিক ক্রমের তিনটী গ্লোবিউল।

ইহাদিগকে বিভিন্ন প্রণালীতেও লিখিতে পারা যায়;

এই নিয়ম অনুসারে হোমিওপ্যাথিক প্রিস্‌ক্রিপ্‌সন্ বিবিধ মত বা প্রণালীতে লেখা যাইতে পারে।

পাউডারের জন্য।

Re একোনাইট ৩× gtt iii অর্থাৎ ৩ ফোঁটা ঔষধ ; সুগার অব মিল্ক grs vi অর্থাৎ ৬ গ্রেণ সহ মিশ্রিত কর।

—:o:—

মিকশ্চারের জন্য।

Re বেলেডোনা ১২ × gtt. vi.

ডিষ্টিল্ড ; ওয়াটার (Distilled water) ℥i

এক আউন্স মিশ্রিত কর (Mix) এবং

এক এক কাঁচ্চা করিয়া তিন ঘণ্টা অন্তর সেব্য।

Re নক্সভমিকা ৬ gtt × ii ; ডিষ্টিল্ড ওয়াটার ℥ viii এক কাঁচ্চা করিয়া দিনে তিন বার ইত্যাদি।

যদি এমন হয় যে ঔষধের ক্রম উল্লেখ ব্যতিরেকে কোন প্রিস্‌ক্রিপসন আইসে এবং ব্যবস্থাদাতা বা চিকিৎসককে জিজ্ঞাসা করিয়া পাঠাইবার সুবিধা না থাকে, তাহা হইলে ব্যবস্থাপত্রের ভাব বুঝিয়া ৩ বা ৬ ক্রম দিবে, কিন্তু বিশেষ করিয়া লেখা না থাকিলে কোন স্থলেই ϕ বা ১× দিতে নাই। ব্যবস্থাপত্র লিখিবার সময় এমন করিয়া লেখা উচিত যে যে কোন হোমিওপ্যাথিক ঔষধ বিক্রেতা উহা অনায়াসে ও বিনা ভ্রমে পড়িতে পারেন। এবং ঔষধ সেবনের বিধি এপ্রকারে লেখা আবশ্যক যে রোগী ও ঔষধ প্রস্তুতকারী উভয়েই বুঝিতে পারেন।

ব্যবস্থাপত্রের লিখিত কতিপয় সাঙ্কেতিক ল্যাটীন শব্দের অর্থ ;—

(Latin Phrases used in the prescription writing)

a a = প্রত্যেকে। Aq dist = পরিস্রুত জল।

ad = যোগ কর। Bd Ind = প্রত্যহ দুইবার।

D = মাত্রা। Dv = ভাগ কর।

Gtt = ফোঁটা। H. S. = শয়নকালে।

Mit = প্রেরণ কর। Q. s. = যতটা আবশ্যক।

Re = গ্রহণ কর। Rep = পুনর্ব্বার ব্যবস্থেয়।

T. D = প্রত্যহ তিন বার।

Ft = প্রস্তুত কর। F. Pil = বটিকা প্রস্তুত কর।

ইত্যাদি।—

ওলাউঠায় ব্যবহৃত রুবিণী সাহেবের ক্যাম্ফর প্রস্তুত প্রণালী।

নেপলস্ নিবাসী ডাক্তার রুবিণীর ফর্ম্মুলা বা প্রক্রিয়া অনুসারে ক্যাম্ফর নিম্নলিখিত ভাবে প্রস্তুত হয়;—উৎকৃষ্ট কর্পূর বাজারে খরিদ করিতে পাওয়া যায়। চূর্ণাকারের হইলে সুবিধা; অন্যথা চাক্তি আকারের হইলে ছুরি দ্বারা খণ্ড খণ্ড করিয়া কাটিয়া খলে ফেলিয়া চূর্ণ করিয়া একটী খালি বোতল ছিপিসহ দাঁড়িপাল্লায় ওজন করিতে হয়। অতঃপর একদিকে ঐ চূর্ণ কর্পূর, অন্যদিকে উহার সমপরিমাণ এল্‌কোহল (অভাবে রেক্টিফায়েড্ স্পিরিট্) বোতলের মধ্যে ঢালিয়া দিয়া সমান ওজন করিয়া লইতে হয়। এবং দাঁড়িপাল্লা হইতে কর্পূর ও বোতল নামাইয়া ঐ চূর্ণ বোতলের মধ্যে ঢালিয়া ছিপি আঁটিয়া দিয়া সজোরে বারম্বার আলোড়ন করা উচিত। যখন দেখিবে ঐ কর্পূর চূর্ণ অধিকাংশ ভাগ এল্‌কোহালের সহিত মিশ্রিত হইয়াছে এবং কিয়দংশ মিশ্রিত হয় নাই, এমন সময়ে ঐ বোতলটী শুষ্ক পরিষ্কৃত স্থানে রাখিয়া দিয়া, যখন দেখিবে যে ঐ অবশিষ্ট অংশ গলিয়া গিয়া এল্‌কোহলের সহিত সম্পূর্ণরূপে মিশ্রিত হইয়াছে, তখন উহাকে ব্লটিং কাগজ দ্বারা ছাঁকিয়া লইয়া অপর ১টা কাচের ছিপি বিশিষ্ট বোতল বা শিশিতে রাখিয়া দিয়া উহা এমন ভাবে রাখিতে হইবে যেন ভিতরে বায়ু প্রবেশ না করে; কারণ ছিপি আলগা হইয়া বায়ু প্রবেশ করিলেই জমিয়া যাইবে বা উড়িয়া যাইবে। এইরূপে যে ক্যাম্ফর প্রস্তুত হয়, তাহাই কলেরা রোগে প্রয়োগ করা যায়। ফল কথা প্রস্তুত প্রণালী এই যে কর্পূর ও এল্‌কোহাল অথবা রেক্টিফাইড্ স্পিরিটে সমভাবে মিশ্রিত করিলেই রুবিনি সাহেবের ক্যাম্ফর প্রস্তুত হইল। এই ক্যাম্ফর আভ্যন্তরিক ও বাহিক উভয় প্রকারই প্রয়োগ হয়। দুগ্ধ শর্করা, পরিষ্কার চিনি ও শাদা বাঁতাসার সহিত মাত্রানুসারে সেবন করিতে হয়। ক্যাম্ফর পিল প্রস্তুত করিতে হইলে পিলিউল বা বটিকা ক্যাম্ফর মধ্যে ৭ দিন কাল ভিজাইয়া রাখিতে হয়। মহাত্মা হানিমান—১ ভাগ কর্পূর ও ১২ ভাগ (রেক্টিফায়েড্ স্পিরিট) দ্বারা দ্রব প্রস্তুত করিতেন। ডাক্তার স্থালজার ক্যাম্ফরের বিচূর্ণ ব্যবহার করিতে বলেন। তিনি বলেন যে, উল্লিখিত ক্যাম্ফর ব্যবহারে রোগীর বমনোদ্বেগ হয়, এবং ক্যাম্ফরের সঙ্গে অনেক সুরাসার উদরস্থ হয়।

উপদংশ বিষনাশক বা এণ্টি-সিফিলিটীকস্ ঔষধ।

(Anti-Syphylitic).

আর্সেনিক, আর্সআয়োড্, এ্যাসাফি, অরম্, অরম্-মি, ব্যাডিয়াগা, বেনজ এসিড্, কার্ব্ব এনি, কার্ব্ব ভেজি, সিনেবার, কোরাল রুব, ক্রোটেলস্; ফ্লুরিক্ এসিড্, হেপার্, ক্যালি-বাই, ক্যালি আই, ক্যাম মিলা, ল্যাক ক্যানি, ল্যাকেসিস, লাইকো, মার্কু, মার্কু-কর, মার্কু আইড্, মেজারিয়ম্, নাইট্রিক এসি, পেট্রোলিয়ম্, ফস্ফরিক এসি, ফাইটোলাকা, সারসাপে, সাইলিসিয়া, ষ্টাফেসি, ষ্টিলেন্জিয়া, সলফার, সিফিলিন্; থুজা ইত্যাদি।

প্রমেহ বিষ দোষঘ্ন বা এণ্টি-সাইকোটীক ঔষধ।

(Anti-sycotic)

এনাকার্ডি, এণ্টিক্রুড, এণ্টিম-টার্ট, এপিস্, আরসি, আর্জেণ্ট—মেটা, এঙ্গাষ্টুরিয়া; অরম, অরম-মি, ব্যারাইটা, ব্রাইওনিয়া, ক্যাল্কে, কার্ব্ব এনি, কার্ব্বভেজি, কষ্টিকম্, ক্যামো, সিনেবার, কোনায়ম, ডলকে, ইউফ্রেসিয়া, ফেরম, ফ্লুরিক এসিড, গ্রাফাইটিন্, হেপার, আইয়োডিয়ম্, কালি, কার্ব্ব, ক্যামমিলা, ল্যাকেসিস, লাইকোপোডিয়ম্, মেডর। মার্কুরিয়স্, মেজেরিয়ম্, নেট্রম, নাই এসিড্, পেট্রোলি, সারসাপেরিলা, সিলিনিয়ম্, সিপিয়া, সাইলি, সিকেল্, ষ্টাফিসেগ্রিয়া, সলফার, থুজা।

সোরা দোষঘ্ন অর্থাৎ এণ্টি-সোরিক (Anti-Psoric) ঔষধ।

এগারিকস্, এলুমিনা, এমন কার্ব্ব, এমন মিউ, এনাকার্ডিয়ম্, এণ্টিম্ ক্রুড, এপিস্, আর্জেণ্টাম্-মে, আর্সেনিক্, অরম্, ব্যারাইটা কার্ব্ব, ক্যাল্কেরিয়া-কার্ব্ব, ক্যাল্কে-ফস্, কার্ব্ব এনি, কার্ব্ব ভেজি, কষ্টিকম্, ক্লিমেটীস্, কোনিয়ম্, কিউপ্রম্, ডলকামরা, ইউফর্ব্বিয়ম্ ফেরম্, ফ্লুরিক এসি, গ্রাফাইটীস্, গোয়েকম্, হেপার সল্ফ্, হাইড্রাষ্টি, আইওড, ক্যালি বাই, লাইকো, ক্যালি কার্ব্ব, ক্যালি আইওড, ক্যালি নাই, ল্যাকেসিস্, মার্কু,-মাগ্নেসিয়া-কার্ব্ব, ম্যাঙ্গানম্, মেজেরিয়ম্, মিউ এসিড্, নেট্রম্ কার্ব্ব, নেট্রম মি, নাইট্রীক্ এসি, পেট্রোলিয়ম্, ফস্ফরাস্,

ফস্ এসিড, সোরিনম্, প্লাটিনম্, প্লম্বম্, রুটা, রুমেকস্, সারসা-পেরিলা, সিপিয়া, সাইলি, ষ্ট্র্যামো, স্পঞ্জিয়া, সলফার, সল্ফি এসিড্, জিঙ্ক ইত্যাদি।

ডাঃ সুস্লারের টিশু রেমিডীর চূর্ণ।

(Dr. Schusslers Tissue Remedies)

ঔষধ দ্রব্যকে দুগ্ধশর্করা সহযোগে বিচূর্ণ করাকে ট্রিটুরেশন কহে। ডাক্তার সুস্লার প্রভৃতি উগ্রবীর্য্য সুরাদি সহ মিশ্রিত ঔষধ অপেক্ষা বিচূর্ণের বিশেষ পক্ষপাতী। তাহার নিম্নলিখিত কারণ নির্দ্দেশ করেন। মনুষ্য শরীরের রস-রক্তাদিতে রাসায়নিক পরীক্ষা দ্বারা সুরাদির ন্যায় কোন প্রকার দ্রব্য পাওয়া যায় না। যখন শরীরে সুরার ন্যায় কোন পদার্থ নাই, তখন সুরা ব্যবহার করা উচিত নহে। আরও ধাতব দ্রব সকল কোনটীই সম্পূর্ণরূপে সুরার সহিত মিশ্রিত হয় না, এজন্য প্রথমে দুগ্ধ শর্করার সহিত মিশ্রিত করিয়া চূর্ণ করিয়া, পরে মিশ্রিত হইবার উপযুক্ত হইলে তখন সুরা দ্বারা ডাইলিউশন্ প্রস্তুত করিতে হয়। আর আমাদের জীবনধারণ জন্য দুগ্ধশর্করা একটী আবশ্যকীয় দ্রব্য ও রাসায়নিক পরীক্ষা দ্বারা শরীরে শর্করার অংশ বিশেষ প্রাপ্ত হওয়া যায়। দুগ্ধ শর্করা কোন প্রকার ঔষধ গুণবিহীন, একারণ পরিষ্কৃত বিশুদ্ধ দুগ্ধশর্করা দ্বারা চূর্ণই প্রশস্ত। মূল ঔষধ এক ভাগ ৯ ভাগ দুগ্ধশর্করা লইয়া কাচ নির্ম্মিত খলে দশ ঘণ্টা মাড়িয়া চূর্ণ করিতে হয়। ইহাকে ১ম ক্রম চূর্ণ কহে। উক্ত ১× দশমিক চূর্ণের ১ ভাগ ও দুগ্ধশর্করা ৯ ভাগ লইয়া পুনরায় তদ্রূপ চূর্ণ করিলে ২× দশমিক চূর্ণ কহে। এইরূপ ৩× দশমিক, ৪×, দশমিক ইত্যাদি প্রস্তুত করিতে হয়। সচরাচর ৩×, ৬ষ্ঠ, ১২, ও ৩০, ব্যবহৃত হয়। অধুনা উচ্চক্রমের ঔষধ ব্যবহৃত হইতেছে, হোমিওপ্যাথিক মতে৬× দশমিক দক্রমের পর হইতে এই বিচূর্ণন তরল-ক্রমে পরিণত করা হইয়া থাকে। তবে সুস্লারের, তাহা অভিপ্রেত কিনা ইহা তর্ক-সঙ্কুল। চিকিৎসক মাত্রেই আজকাল ফেরম্ফস্, ক্যালি-মিউর, ক্যাল্কেরিয়া-সল্ফ, সাইলিসিয়া সর্ব্বদা ব্যবহার করেন, সুতরাং এতদ্বিষয়ে সম্যক-জ্ঞান থাকা আবশ্যক।

ডাক্তার স্থস্‌লারের টিশু রেমিড্‌ বিচূর্ণ প্রস্তুত প্রণালী।

মূল ঔষধ দ্রব্য এক ভাগ এবং নয় ভাগ বিশুদ্ধ দুগ্ধ শর্করা (মোটা রকমের দানাবিশিষ্ট দুগ্ধশর্করা) সুদৃঢ় ও পরিষ্কৃত খলে অন্ততঃ দশ ঘণ্টাকাল মাড়িয়া বিচূর্ণ করিতে হয়। অনেকে হোমিওপ্যাথিক বিচূর্ণনের মত এক ঘণ্টায় কার্য্য-শেষ করেন, কিন্তু উহা সর্ব্ববাদীসম্মত নহে, তজ্জন্য আশানুরূপ কার্য্য হয় না। অনুবীক্ষণ যন্ত্র দ্বারা পরীক্ষা করিয়া দেখিলে তাহার কিয়দংশ চূর্ণ ও অবশিষ্ট অংশ স্থূল ও অবিভক্ত অবস্থায় থাকিতে দেখা যায়। যেমন কোন সুরকির কলে ইষ্টক প্রদান করিলে কতকগুলি চূর্ণ, অবশিষ্ট অংশ কতক অর্দ্ধ-চূর্ণিত ও কতকগুলি স্থূলরূপেই থাকিয়া যায়, তাহাদিগকে পুনঃপুনঃ খিলের মধ্যে দিলে ক্রমে চূর্ণিত হয়; তদ্রূপ ঔষধ সামান্যক্ষণ চূর্ণ করিলে কতক চূর্ণ হয় ও কতক অংশ স্থূল অবিকৃত অবস্থায় থাকিয়া যায়। ক্রমাগত অনেকক্ষণ ধরিয়া পুনঃপুনঃ চূর্ণ করিলে তবে সকল ঔষধ চূর্ণিত হয়। এইরূপ করিলে তাহাকে ১× দশমিক চূর্ণ কহে। উক্ত ১× দশমিক চূর্ণের ১ ভাগ ও দুগ্ধ শর্করার দ্বারা বিচূর্ণ প্রস্তুতই প্রশস্ত। চূর্ণ ঔষধ বহুকাল নষ্ট হয় না। সুরা দ্বারা তরলীকৃত ঔষধ কর্কাদি দ্বারা নষ্ট হয় ও অনেক দিবস থাকিলে বর্ণাদি খারাপ ও উড়িয়া নষ্ট হয় ইত্যাদি কারণে চূর্ণই প্রশস্ত—স্থস্‌লার, কেপ্‌লার প্রভৃতির এইরূপ মত। কিন্তু অনেকে এই মত স্বীকার করেন না। তাঁহারা দুগ্ধ শর্করার অধিক দিন অবিকৃতভাবে অবস্থিতি অসম্ভব মনে করেন। প্রকৃতপক্ষে দুগ্ধ শর্করা কিছুদিন পরে দাগ ধরে ও বিস্বাদ হয়, অধিকন্তু উহার নিজেরও আর একটী ভেষজ গুণ আছে; অধুনা তাহা বিশেষরূপে পরীক্ষিত হইয়াছে। মত-বিভিন্নতা লইয়া জগৎপূর্ণ; তবে ঔষধ প্রস্তুতকারীগণের সমস্ত বিষয় জানা থাকা আবশ্যক।

টিশু ঔষধ সকলের নাম।

ঔষধের নাম।	সংক্ষিপ্ত নাম।	সাঙ্কেতিক নাম।
১। ক্যাল্‌কেরিয়া—ফ্লুরিকম্‌। Calocarea—Flouricum.	ক্যাল্‌—ফ্লুর Calc Fl	সি. এফ্‌. C. F.
২। ক্যালকেরিয়া—ফস্ফরিকাম্‌। Calcarea—Phosphoricum.	ক্যাল—ফস্‌ Calc—Phosph.	C. P. সি. পি.
৩। ক্যালকেরিয়া—সল্‌ফিউরিকম্‌। Calcarea—Sulphuricum.	ক্যালক—সলফ্‌ Calc—Sulph.	C. S. সি. এস্‌.
৪। ফেরম্‌—ফসফরিকাম। Ferum—Phosphoricum.	ফের—ফস্‌ Fer—Phosph.	F. P. এফ্‌. পি.
৫। ক্যালি-মিউরি-এটিকাম্‌। Kali—Muriaticum.	ক্যালি—মুর Kali—Mur.	K. M. কে. এম্‌.
৬। ক্যালি-ফস্ফরিকাম্‌ Kali—Phosphoricum.	ক্যালি—ফস্‌ Kali—Phos.	K. P. কে পি.

ঔষধের নাম।	সংক্ষিপ্ত নাম।	সাঙ্কেতিক নাম।
৭। ক্যালি-সলফিউরিকম্।	ক্যালি—সলফ্	K. S.
Kali—Sulphuricum.	Kali—Sulph.	কে. এস্.
৮। ম্যাগ্নেসিয়া ফসফরিকাম্।	ম্যাগ—ফস্	M P.
Magnesia—Phosphoricum.	Mag—Phosph.	এম্. পি.
৯। নেট্রম—মিউরিএটিকম্।	Nat—Mur.	N. M.
Natrum Muriaticum.	নেট্রাম্—মুর	এন্. এম্.
১০। নেট্রম—ফস্ফরিকাম্।	Nat—Phosph.	N. P.
Natrum—Phosphoricum.	নেট্র—ফস্	এন্. পি.
১১। নেট্রম—সলফিউরিকম্।	Nat—Sulph	N. S.
Natrum—Sulphuricum.	নেট্র—সল্ফ্	এন্. এস্.
১২। সাইলিসিয়া।	সিলিক্	Sil.
Silicia.	Silic.	সিল্।

ঔষধ প্রস্তুত প্রণালী
ও
ক্রমপ্রস্তুত প্রক্রিয়া।

এবেল্ মস্কস্।

(Abel moschus)।

সমসংজ্ঞা (Synonym)।—হিবিস্কস্ এবেল্মস্কস্।

সাধারণ নাম (Common name) মস্ক সিড্।

জন্মস্থান ও প্রাপ্তিস্থান (Habitat)।—এই গুল্মজাতীয় ক্ষুদ্র বৃক্ষ মিসর প্রভৃতি স্থানে প্রাপ্তব্য। পূর্ব্ব ও পশ্চিম প্রদেশে ও জন্মায়। ইহার বীচিতে মস্কের বা মৃগনাভির মত গন্ধ আছে।

ঔষধ প্রস্তুত জন্য ইহার বীচিই গৃহীত হয়।

প্রস্তুত প্রক্রিয়া (Preparation)।—টিঞ্চার প্রস্তুত করিতে হইলে ইহার শুষ্ক বীচি গুলি লইয়া পাঁচগুণ এল্কোহলে ভিজাইয়া আটদিন রাখিয়া তৎপরে পরিস্কৃত বা ফিল্টার করিয়া লইতে হয়।

ইহার ভৈষজ্যশক্তি (Drug power)—$\frac{১}{১০}$।

ক্রম প্রস্তুতি। আমেরিকান্ মতে ৪র্থ শ্রেণী এবং ব্রিটিশ মতে রেক্টিফাইড্ স্পিরিটে ক্রম প্রস্তুত করা কর্ত্তব্য।

—:০:—

এবিস্ ক্যানাডেন্সিস্।

(Abies canadensis)

সমসংজ্ঞা।—পাইনাস্ ক্যানাডেন্সিস্।

সাধারণ নাম।—হেমলক্ স্প্রুছ, ক্যানাডা পিচ্।

বাসস্থানাদি।—ইংলণ্ড, আমেরিকা ও যুক্তপ্রদেশে পার্ব্বতীয় দেশে এই বৃক্ষ জন্মে।

ঔষধ শক্তি।—$\frac{১}{১}$। তাজা ছাল এবং কুঁড়ি ঔষধার্থ গৃহীত হয়।

এবিস্ নাইগ্রা।

(Abies nigra.)

সমসংজ্ঞা।—পাইনস্ নাইগ্রা। ব্ল্যাক স্প্রুচ।

বিবরণ।—আমেরিকা দেশ জাত বৃক্ষ বিশেষের গঁদ বা আটা। ডাক্তার লিমান কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ শক্তি-(১/১০)।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে প্রুফ্স্পিরিটে মাদারটিঙ্কার।

আমেরিকান্ মতে ষষ্ঠ শ্রেণীর (ক)।

এব্রটেনম্।

(Abrotanum.)

সমসংজ্ঞা—আর্টিমিশিয়া এব্রটেনম্।

বিবরণ। এই ক্ষুদ্র বৃক্ষ দক্ষিণ ইয়ুরোপে জন্মে। ঔষধার্থ ইহার তাজা পত্র গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ভেষজ শক্তি ১/৬।

আমেরিকান্ মতে—তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

এবসিন্থিয়ম্।

(Absinthium)

সমসংজ্ঞা।—আর্টিমিশিয়া এবসিন্থিয়ম্; কমন্ ওয়ার্ম উড্।

ডাক্তার গ্যাচেস্ কর্ত্তৃত্বাধীনে প্রথম পরীক্ষিত।

ইহার পত্রাদি ঔষধার্থ গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধ শক্তি ১/৬।

আমেরিকান্ মতে—তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে—২০ ডিগ্রীর ওভার স্পিরিটে মাদার টিঙ্কার হয়।

একালিফা ইণ্ডিকা।

(Acalypha Indica)

সমসংজ্ঞা।—মুক্তঝুরী, মুক্তবর্ষী, মুক্তপুরীষ ইত্যাদি।

বিবরণ।—ভারতবর্ষ জাত ক্ষুদ্র বৃক্ষ বিশেষ। পত্রাদি ঔষধার্থ গৃহীত হয়। ডাক্তার সরকার প্রথমে সুস্থ দৈহিক পরীক্ষা প্রকাশ করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রিটীশ মতে টিঞ্চার ২০ ওভার প্রুভ-স্পিরিটে প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—৩য় শ্রেণীর অন্তর্গত। ভেষজ শক্তি ½।

—-•—-

এসিডম্ এসিটিকাম্।

(Acidum Aceticum)

সমসংজ্ঞা।—গ্যাসিয়েল এসিটিক এসিড, এসেটিক এসিড।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে এক ড্রাম এসিটিক এসিডে পরিস্রুত জল মিশাইয়া দশ ড্রাম করিলে ১ম দশমিক ক্রম হয়। ২× বা ১ম ক্রম পরিস্রুত জলে; ৩× হইতে ৬× পর্য্যন্ত শতকরা ৫ পাঁচ ভাগ রেক্টি-ফাইড্ স্পিরিট্ মিশ্রিত পরিস্রুত জলে ক্রম প্রস্তুত করা হয়। ৪র্থ ক্রম ডাইলিউট এল্‌কোহলে এবং ৫ম বা তদূর্দ্ধ ক্রম রেক্‌টিফাইড্ স্পিরিটে হইয়া থাকে।

আমেরিকান্ মতে। ৫ম শ্রেণী (ক) অনুসারে ক্রম প্রস্তুত হয়।

—*০*—

এসিডম্ বেঞ্জোয়িকম্।

(Acidum Benzoicum.)

সমসংজ্ঞা।—বেঞ্জোয়িক এসিড্; লোবান্ ইত্যাদি।

বিবরণ।—প্রসিদ্ধ বেঞ্জোয়িন্ নামে ধূনার মত পদার্থ বিশেষ হইতে উর্দ্ধপাতন দ্বারা প্রস্তুত হয়, ইহা অবিশুদ্ধাবস্থায় দানার আকারে পাওয়া যায়। ইহাতে একপ্রকার সদগন্ধ আছে। শীতল জলে অল্প পরিমাণ দ্রব, হয় বটে, কিন্তু রেক্টিফাইড স্পিরিটে সম্পূর্ণ দ্রব হয়।

প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে।—বিচূর্ণ। রেক্টিফায়েড্ স্পিরিটে সোলিউশন (Solution)।

আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে। এক ভাগ ওজনে বেঞ্জোরিক এসিড, নয় (৯) ভাগ ওজনে এলকোহলে দ্রব করিয়া সোলিউশন। ঔষধ শক্তি $\frac{1}{10}$।—৬ষ্ঠ শ্রেণী (ক) মতে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৩ বিচূর্ণ; অথবা ১× হইতে বরাবর আরক-চর্ণ, পিল বা গ্লোবিউল ইত্যাদি।

—*:*—

এসিডম বোরাসিকম্।

(Acidum Boracicum.)

সমসংজ্ঞা (Syn.)—বোরাসিক্ এসিড্।

বিবরণ। সোহাগা হইতে প্রস্তুত হয়।

প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে,—রেক্টিফায়েড্ স্পিরিটে সোলিউশান। **আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া।** ৭ম শ্রেণী মতে বিচুর্ণ।

—*0*—

এসিডম্ ব্রোমিকাম্।

(Acidum Bromicum.)

সমসংজ্ঞা।—বর্ত্তমান নাম হাইড্রোজেন ব্রোমাইড্।

স্বরূপ। বিশুদ্ধ হাইড্রোব্রোমিক এসিড বর্ণশূন্য, তীব্র অম্লাক্ত কটু বাষ্পবিশেষ। জলে দ্রবণীয়।

ঔষধ প্রস্তুতি। একভাগ এসিড্, নয়ভাগ পরিস্রুত জলে দ্রব প্রস্তুত হয়। ঔষধশক্তি $\frac{1}{10}$।

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে পঞ্চম শ্রেণীর (ক) সন্নিবিষ্ট।

এসিডম্ কার্ব্বোলিকাম্।

(Acidum Carbolicum.)

সংক্ষিপ্ত নাম। কার্ব্ব-এসিড্।

সমসংজ্ঞা। (Syn)—কার্ব্বলিক এসিড। ফেনিক-এসিড ইহার বর্ত্তমান নাম।

স্বরূপ। কোলটার অয়েল্ নামক পাথরী কয়লা হইতে নিষ্ক্রামিত আল্কাতরা জাতীয় তৈল বিশেষ হইতে পরিষ্কৃত ও রিফাইন করিয়া এই এসিড প্রস্তুত হয়। ইহার দানা গুলি বর্ণহীন, ৯৫ ডিগ্রী উত্তাপে তৈলবৎ দ্রব পদার্থে পরিণত হয়। দানা গুলি বাতাসে খোলা থাকিলেও অতি শীঘ্র বায়ু হইতে জল আকর্ষণ করিয়া দ্রবরূপে পরিণত হইয়া থাকে। এই এসিড জলে তেমন ভাল-রূপে দ্রব হয় না, কিন্তু এল্কোহল, ঈথর, ও গ্লিসিরণে যথেষ্ট পরিমাণে দ্রব হইয়া থাকে। ইহা দ্বারা নীলবর্ণের লিট্মস কাগজ লাল হয় না। একখণ্ড ডিল কাষ্ঠ ইহাতে ডুবাইয়া তাহার পর হাইড্রোক্লোরিক এসিডে ডুবাইলে, এবং বাতাসে শুখাইয়া জমাইলে, উহার বর্ণ সবুজের আভাযুক্ত নীল হইতে দেখা যায়। ইহা আল্বুমেন বা অণ্ডশ্বেতকে জমাট বাঁধাইয়া দিয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে রেক্টিফায়েড স্পিরিটে সোলিউশন। ১০ ভাগে ১ ভাগ হিসাবে থাকে।

আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে এলকোহল সলিউশন, ১ভাগ ও ৯ ভাগ। ৬ষ্ঠ শ্রেণী (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

ব্রীটিশ হোমিওপ্যাথিক ফার্ম্মাকোপিয়া মতে "অধিকাংশ স্থলে ইহা লোশন রূপে বাহ্যিক ব্যবহার হইয়া থাকে, এবং তজ্জন্য ৩০ ভাগে ১ভাগ বা কখন ৪০০ ভাগে অর্থাৎ একভাগ বহুপ্রকার পরিমাণে জলের সহিত সলি-উশন করিয়া লওয়া হয়।"

ব্যবহার। (use)—১× হইতে বরাবর আরক, পিল বা গ্লোবিউল। সম্পূর্ণ বিশুদ্ধ কার্ব্বোলিক এসিডে ধোঁয়াটে গন্ধ প্রায় থাকে না। ইহার ১ ভাগ ১৫ ভাগ জলে ও ১½ ভাগ অলিভ অয়েলে (olive oil) দ্রব হয়। গ্লিসিরিণ, ক্লোরফর্ম্ম, ইথার কিম্বা এল্কোহলের ১ ভাগে যথাক্রমে ইহার ৪ ও ৫ ভাগ দ্রব হয়। বাহ্যিক ব্যবহারার্থ ইহার নানা প্রকার সলিউসন প্রস্তুত হইয়া

থাকে। গার্গল বা কুল্লির জন্য ১ আউন্স জলে ২ গ্রেণ, অথবা গ্লিসিরিণ কার্ব্বলিক এসিড (কার্ব্বলিক ১ ড্রাম গ্লিসিরিণ ১ ড্রাম, জল ৬ ড্রাম।); বাষ্প গ্রহণের জন্য ১ পাইন্ট গরম জলে ১৫ গ্রেণ। ইঞ্জেক্‌শনের জন্য ৪ আউন্স জলে ১ গ্রেণ। ঔপদংশিক প্রভৃতি দূষিত ক্ষতাদির জন্য ধাবন ১ আউন্স জলে ১৫ হইতে ৩০ গ্রেণ, অথবা ১ আউন্স বেঞ্জোএটেড লার্ডে ৩০ হইতে ৬০ গ্রেণ দিয়া মলম। ছিন্ন বা ক্ষত স্থান ড্রেস করিবার জন্য ১ ভাগ কার্ব্বলিক ২০ ভাগ অলিভ অয়েল কিম্বা জল দিতে হয়।

—**—

এসিডম্ ক্রমিকাম্।

(Acidum chromicum.)

সমসংজ্ঞা। ক্রমিক এনি হাইড্রিড্ (Anhydride)

হোমিওপ্যাথিক ব্যবহার। এক ভাগ এসিড ৯ ভাগ পরিস্রুত জলে দ্রব প্রস্তুত হয়। ঔষধ শক্তি ($\frac{1}{10}$)। আমেরিকান ফর্ম্মাকোপিয়া মতে ক্রমপ্রস্তুতি জন্য পঞ্চম শ্রেণীর (ক) নিয়ম অনুসরণীয়।

—:•:—

এসিড ক্রাইসোফেনিক।

(Acidum chrysophanic)

সমসংজ্ঞা। ক্রাইসোফেনিক এসিড। ইহা গোয়া পাউডারের প্রধান উপাদান।

ক্রম প্রস্তুতি। ইহা আমেরিকান ফর্ম্মাকোপিয়া অনুসারে ৭ম শ্রেণী মধ্যে গণিত হইয়া বিচূর্ণ প্রস্তুত হয়।

—**—

এসিডম্ সাইট্রিকম্।

(Acidum citricum)

সমসংজ্ঞা—সাইট্রিক এসিড।

প্রস্তুত ক্রম প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়ার ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়ার মতে বিচূর্ণও হইতে পারে।

পরিস্কৃত জলের দ্রব —১ × হইতে ৪ × পর্য্যন্ত ডাইলুট এল্‌কোহলে। তৎপরে রেক্টিফায়েড স্পিরীটে ক্রম প্রস্তুত করা যাইতে পারে।

এসিডম্ ফ্লুয়োরিকম্।

(Acidum Fluoricum.)

সংক্ষিপ্ত নাম।—ফ্লুয়ো এসি।

সমসংজ্ঞা।—(syn) হাইড্রো ফ্লুরিক এসিড্ ইহার বর্ত্তমান নাম।

বিবরণ।—ইহাকে জলীয় সোলিউশন রূপে সচরাচর পাওয়া যায়। ইহাকে গটাপার্চ্চা দ্বারা নির্ম্মিত শিশিতে রাখিতে হয়। ইহার এক ফোটা লইয়া এক টুকরা কাচের উপর ফেলিয়া কয়েক মিনিট রাখিয়া দিয়া মুছিয়া ফেলিলে দেখিতে পাইবে, কাচের যে স্থানেতে ফোটাটি পড়িয়াছিল, সেই খানকার পালিস ক্ষয় হইয়া গিয়াছে। এই এসিড প্রস্তুত করিবার সময়ে বিশেষ সতর্ক হওয়া আবশ্যক। ইহা চর্ম্মে লাগিলে চর্ম্ম দগ্ধ হইয়া যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে পূর্ব্বোক্ত জলীয় সোলিউশনে শতকরা ৩৬ ভাগ আদত এসিড থাকে সুতরাং উহার ২২ মিনিম অথবা তাহার সমপরিমাণ ফোটা যত হয় সাবধানে একটা গটাপার্চ্চার শিশির মধ্যে ঢালিবে। এবং শিশিতে পূর্ব্বে এক ড্রাম পরিস্রুত জল দিয়া লইবে। এইরূপ করিলে এই সোলিউশন ১ × ক্রমের সমান হইবে। ৩ ডাইলিউশন পর্য্যন্ত জল দিয়া করিবে, এবং গটাপার্চ্চার শিশিতে রাখিবে। ৪ ক্রম ডাইলুট এল্‌কোহলে করিবে। এবং তাহার উপর ক্রম সমুদয় রেক্টিফায়েড্ স্পিরিটে হইয়া থাকে।

আমেরিকান ফার্ম্মাকোপিয়ার মতে।—এক ভাগ ওজনে আদত ফ্লুয়োরিক এসিড ৯০ ভাগ চয়িত জলে দ্রব করিয়া সোলিউশন। ইহার শক্তি $\frac{১}{১০০}$। ডাইলুশন ৫ম শ্রেণীর (খ) বিধিমতে কিন্তু ৩ বা ৬ × পর্য্যন্ত সমস্ত চয়িত জলে। ঔষধ ডাইলুশন করিতে গটাপর্চ্চার শিশি ব্যবহার্য্য।

ব্যবহার।—১ × হইতে ৩ কেবল জলীয় সোলিউশন, ৪ ডাইলুট টিঞ্চার ৫ হইতে বরাবর আরক পিল বা গ্লোবিউল।

এসিডম্ ফর্ম্মিকম্।

(Acidum Formicum.)

সমসংজ্ঞা।—(Syn) মেথিলেন ফার্ম্মিক এসিড্। ফার্ম্মিক এসিড্।

বিবরণ।—কোন কোন কীটের এবং উদ্ভিদের গাত্রে এই এসিড প্রাকৃতিক ভাবে আছে যথা সুয়াপোকা, লালপিপড়া, বিছুটি ইত্যাদি। ইহা অত্যন্ত বিলেখক, চর্ম্মে লাগিলে ক্ষত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—১ × চয়িত জলে সোলিউশন করিয়া ১ ডাইলুট এলকোহলে ৩ × ও তদূর্দ্ধ ক্রম রেক্টিফাইড্ স্পিরীটে। আমেরিকান ফার্ম্মাকোপিয়ার মতে সোলিউশন, ৫ম শ্রেণী (ক) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

এসিডম্ গ্যালিকম্।

(Acidum Gallicum)

সমসংজ্ঞা।—(Syn) গ্যালিক এসিড।

বিবরণ।—ইহা মাজু ফল প্রভৃতি পদার্থ হইতে প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—সোলিউশন, রেক্টিফায়েড স্পিরীটে। আমেরিকান ফার্ম্মাকোপিয়ার মতে বিচূর্ণ, ৭ম শ্রেণী।

এসিডম্ হাইড্রসিয়ানিকম্।

(Acidum Hydrocyanicum).

সংক্ষিপ্ত নাম।—(Syn) হাইড্রো এসি।

সমসংজ্ঞা।—হাই ড্রসিয়েনিক এসিড্।

বিবরণ।—ইয়োলো অর্থাৎ পীতবর্ণ প্রুশিয়েট অব্ পটাসকে সলফিউরিক এসিড ও জলের সহিত মিশ্রিতাবস্থায় চোলাই করিয়া এই এসিড প্রস্তুত হয়। ইহা বর্ণ শূন্য দ্রব বিশেষ, বিশিষ্ট প্রকারের গন্ধযুক্ত। বাদামের শাঁস, কুল বিচির শাঁস, পীচ ফলের বিচির শাঁস প্রভৃতিতে এই এসিডের অংশ আছে।

এই এসিডে লিটমাস্ পেপার ডুবাইলে ইহা ঈষৎ ও ক্ষণস্থায়ী লালবর্ণ হয়। সচরাচর জল মিশ্রিত অবস্থায় বিক্রীত হইয়া থাকে, এবং ইহার নাম ডাইলুট হাইড্রোসিয়ানিক এসিড্। ইহাতে ওজনে ১০০ ভাগের মধ্যে ২ ভাগ আসল এসিড্ থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে।—ডাইলুট এসিডের এক ভাগকে রেক্টিফায়েড্ স্পিরিট যোগ করিয়া ২ ভাগ করিয়া লইলে ১শততমিক ক্রমের সমান শক্তি হইবে। ৩ ক্রম হইতে বরাবর রেক্টিফায়েড্ স্পিরিট ব্যবহৃত হয়।

দ্রষ্টব্য।—হাইড্রসিয়েনিক এসিড ও ইহার দ্রব ক্রম সমুদয় অধিকদিন থাকিলে খারাপ হইয়া যায়। ইহাতে আলোক না লাগিতে পায় এরূপভাবে রাখা কর্ত্তব্য। যদি দেখিতে পাও, ইহাতে লিটমস পেপার ডুবাইলে সবুজ অথবা দীর্ঘকাল স্থায়ী লালবর্ণ হয়, তাহা হইলে উহা পরিত্যাগ করিবে।

আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে—ডাইলুট হাইড্রসিয়েনিক এসিডের সহিত সমভাব চয়িত জল মিশ্রিত করিয়া সলিউশন। ঔষধশক্তি $\frac{1}{200}$। ৬ষ্ঠ শ্রেণীর (থ) বিধি অনুসারে ডাইলিউশন করা হয়।

ব্যবহার।—৩× ক্রমের নিম্নে কেবল মাদার টিঞ্চার; ৩× ক্রম এবং তাহার উপর আরক, পিল বা গ্নোবিউল।

এই এসিড চর্ম্মের কণ্ডুয়ন নিবারণার্থ ব্যবহৃত হইয়া থাকে। ১ ড্রাম ডাইলুট এসিড ৮ আউন্স জলে মিশ্রিত করিয়া লোশন প্রস্তুত হয়। মলম করিতে হইলে জিঙ্ক অয়েণ্টমেণ্টের প্রত্যেক আউন্স প্রতি ১ হইতে ১ ড্রাম ডাইলিউসন এসিড মিশ্রিত করা যায়। ইহা দ্বারা বিষাক্ত হইলে বিশুদ্ধ বায়ু সেবন ও ১০ গ্রেণ সলফেট অব আয়রণ ১ আউন্স জলে মিশ্রিত করিয়া দিতে হয়। তৎপরে ষ্টিমুলেণ্ট এমোনিয়া, এট্রোপাইন $\frac{1}{60}$ গ্রেণ প্রভৃতি দিতে হয়।

—*:*—

এসিডাম্ লাকটীকম্।

(Acidum Lacticum.)

সমসংজ্ঞা।—(Syn) ল্যাক্টিক এসিড।

বিবরণ।—দুগ্ধ হইতে বিশেষ নিয়মে প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—১ × চয়িত জলে সোলিউশন; ১ ডাইলুট এল্‌কোহলে, তদূর্দ্ধে রেক্টিফায়েড স্পিরিট ব্যবহার্য্য। আমেরিকান ফার্ম্মা-কোপিয়া মতে ক্রম করা জন্য ৬ষ্ঠ শ্রেণী অনুসরণীয়।

—*:*—

এসিডাম্ মোলিবডিনিকম্।

(Acidum Molybdenicum.)

ঔষধ প্রস্তুতি। ইহাকেও বিচূর্ণন করিতে হয় (ক্রাইসোফেনিক এসিড মত।)

—*:*—

এসিডাম্ মিউরিয়াটিকম্।

(Acidum Muriaticum.)

সমসংজ্ঞা।—এসিড হাইড্রোক্লোরিক, মিউরি এসিড।

স্বরূপ।—ইহা বর্ণ হীন বাস্প, তীব্র গন্ধ ও অতিশয় অম্লস্বাদযুক্ত বায়ুতে প্রক্ষীপ্ত হইলে শ্বেত ধুমাকায় দেখায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—সাধারণের মিউরিএটিক এসিডে শতকরা ৩২ ভাগ (ওজনে) আদত এসিড থাকে। সুতরাং উহার দেড় ড্রাম লইয়া চয়িত জল যোগ করত ৬ ড্রাম করিলে তাহাই ১ × ক্রমের সমান শক্তি হইবে ১ক্রম করিতে কেবল চয়িত জল ব্যবহার করিবে। ৩ ক্রম পর্য্যন্ত করিতে শতকরা ৫ অংশ রেক্টিফায়েড স্পিরিট মিশ্রিত চয়িত জল, তৎপরে ৪ ডাইলুট এল্‌কোহল এবং তাহার পর রেক্টিফায়েড স্পিরিট ব্যবহার্য।

আমেরিকান ফর্ম্মাকোপিয়া মতে।—ওজনে ১ ভাগ বিশুদ্ধ মিউরিএটিক এসিড ওজনে দুই ভাগ চয়িত জল সহ মিশ্রিত করিয়া সোলিউশন।

ঔষধ শক্তি $\frac{1}{10}$। ডাইলুশন ৫ম শ্রেণীর (ক) বিধিমতে প্রস্তুত হয়।

ব্যবহার। ১ × হইতে ৩ পর্য্যন্ত কেবল জলীয় সোলিউশন। ৪ ডাইলুট টিঙ্কার। ৫ হইতে বরাবর আরক, পিল বা গ্লোবিউল।

এসিডাম্ নাইট্রিকাম্।

(Acidun·Nitricum.)

সংক্ষিপ্ত নাম। নাইট্রি এসিড।

সমসংজ্ঞা। নাইট্রিক এসিড।

বিবরণ। জল মিশ্রিত সলফিউরিক এসিডের সহিত নাইট্রেট অব্ পটাশ (সোরা) কিম্বা নাইট্রেট অব সোডা চুয়িত করিয়া প্রস্তুত হয়। ইহাতে প্রায় শতকরা সিকি অংশ করিয়া আদত এসিড থাকে। ইহার পরীক্ষা এইরূপ। বর্ণবিহীন তরল পদার্থ, ইহা হইতে অত্যন্ত প্রবল ঝাঁঝাল ধুম নির্গত হয় সম্পূর্ণ উড়িয়া শুষ্ক হইলে অবশিষ্ট কিছুই থাকে না। তাম্রের চাঁচনি (অর্থাৎ উখার দ্বারা ঘর্ষণ করিলে যে গুড়া হয়) লইয়া তাহার উপর এই এসিড নিক্ষেপ করিলে তৎক্ষণাৎ প্রগাঢ় লাল ধুম হইতে থাকে। এসিডটিকে যদি সমভাবে জল মিশ্রিত করিয়া তাম্রচূর্ণের উপর নিক্ষেপ করা যায় তাহা হইলে এক প্রকার বর্ণ বিহীন গ্যাস উঠিতে থাকে এবং গ্যাসটি বায়ুর সহিত মিশ্রিত হইবা মাত্র পাকা কমলার ন্যায় বর্ণ হইয়া যায়। এবং চুয়িত জলে নাইট্রেট অব সিলভার সংযোগ করিলে কোন প্রকার তলানি পড়ে না।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—১ ড্রাম চুয়িত জল যোগ করিয়া ৯ ড্রাম করিয়া লইলে ১× ক্রম হয়। ১ম করিতে চুয়িত জল ব্যবহার করিবে। ৩ পর্য্যন্ত শতকরা ৫ ভাগ রেক্টিফায়েড্ স্পিরিট মিশ্রিত চুয়িত জল। ৪ ডাইলুট এল্‌কোহলে; ও তাহার পর রেক্টিফায়েড্ স্পিরিট ব্যবহার্য্য।

আমেরিকান ফার্ম্মাকোপিয়া। ওজনে ১ ভাগ বিশুদ্ধ নাইট্রিক এসিড, ওজনে ৯ ভাগ চুয়িত জলে মিশ্রিত করিয়া সোলিউশন। ইহার ঔষধ শক্তি ১/১০। ৫ম শ্রেণীর (ক) মতে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার। ১× হইতে ৩ পর্য্যন্ত কেবল জলীয় সোলিউশন। ৪ ডাইলুট টিঙ্কার, ৫ হইতে বরাবর আরক পিল বা গ্লোবিউল।

—•:•—

এসিডাম্ অক্জেলিকাম্।

(Acidum Oxalicum.)

সংক্ষিপ্ত নাম। অক্জে এসি।

সমসংজ্ঞা। (syn) অকজেলিক এসিড।

স্বরূপ। ইহা বর্ণহীন দানার আকারে হয়, অত্যন্ত অম্ল। একটী টেষ্ট টিউবের (Test tube) মধ্যে ষ্ট্রং সলফিউরিক এসিড সংযোগে উত্তপ্ত করিলে ফুটিয়া গলিয়া যায়। এবং টিউবের মুখের নিকট বাতি জ্বলিয়া ধরিলে টিউব হইতে নির্গমনশীল কার্ব্বনিক অকসাইড গ্যাস নীলবর্ণ শিখা ধারণ করিয়া জ্বলিতে থাকে। শুষ্ক টিউবের মধ্যে রাখিয়া উত্তাপ দিলে সম্পূর্ণরূপে গলিয়া যায়। জলে দ্রব করিয়া সোলিউশন প্রস্তুত করত উহাতে নাইট্রেট্ অব্ সিল্ভার দিলে নিম্নে শ্বেত বর্ণ তলানি পড়ে। এই তলানি নাইট্রিক এসিডে দিলে গলিয়া যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে ১০ ভাগে ১ ভাগ পরিমাণে রেক্টিফায়েড্ স্পিরিট দ্বারা সোলিউশন। আমেরিকান ফার্ম্মাকোপিয়া—ট্রিটুরেশন।

ব্যবহার। বিচূর্ণ বা ১× হইতে বরাবর আরক, পিল ও গ্লোবিউল।

এসিডাম্ ফস্ফরিকাম্।

(Acidum Phosphoricum.)

সংক্ষিপ্ত নাম। ফস এসিড।

সমসংজ্ঞা। ফস্ফরিক এসিড।

স্বরূপ। ইহা সচরাচর ডাইলুট অর্থাৎ জল মিশ্রিত অবস্থাতেই পাওয়া যায়। এলোপ্যাথিক রাসায়নীরা এই জল-মিশ্র প্রস্তুতিকে ডাইলুট্ ফস্ফরিক এসিড কহিয়া থাকেন। ইহা আমাদিগের ১ দশমিক ক্রমের তুল্য শক্তি ইহার

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে ১ম ক্রম চয়িত জলে; ৩×ও ২ শতকরা ৫ ভাগ রেক্টিফায়েড্ স্পিরিট মিশ্রিত চয়িত জলে; ৫× ডাইলুট এল্কোহলে; ও তদূর্দ্ধ ক্রম সকল রেক্টিফায়েড স্পিরিটে প্রস্তুত হয়।

আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে। ওজনে ১ ভাগ বিশুদ্ধ গ্লেসিয়েল ফস্ফরিক এসিড, ওজনে ৯৯ ভাগ চয়িত জলে দ্রব করিয়া উহাতে ১০ ভাগ এলকোহল যোগ করিলে ২× ক্রম প্রস্তুত হয়। ঔষধ শক্তি $\frac{১}{১০০}$। পঞ্চম শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার। ১ম হইতে ২য় কেবল জলীয় সোলিউশন। ৫× ডাইলুশন, টিঞ্চার। তৃতীয়ের পর হইতে বরাবর আরক, পিল বা গ্লোবিউল।

দ্রষ্টব্য। ফস্ফরিক এসিড তিন প্রকার ;—

(১) কন্‌সেণ্ট্রেটেড ফস্ফরিক এসিড। ইহা বর্ণশূন্য সিরাপের ন্যায় চটচটে দ্রব পদার্থ।

(২) ডাইলুট ফস্ এসিড। ইহা ৩ আউন্স কন্‌সেণ্ট্রেটেড এসিড সহ চয়িত জলে মিশাইয়া ২০ আউন্স পূরণ করিয়া লইয়া প্রস্তুত হয়।

(৩) (গ্লেসিয়েল ফস্ এসিড)। ইহা বর্ণ শূন্য, কাচপিণ্ড অথবা বরফ খণ্ডবৎ আকার বিশিষ্ট।

—*:*—

এসিডাম্ পিক্রিকম্।

(Acidum-Picricum.)

সংক্ষিপ্ত নাম। পিক্রি এসিড্।

সমসংজ্ঞা। পিক্রিক এসিড। কার্ব্বো-জোটিক্ এসিড।

বিবরণ। লঘু পীতবর্ণ উজ্জ্বল শল্কাকার ; জলে অতি অল্প পরিমাণে দ্রব হয়, এলকোহল ও ইথারে অনায়াসে দ্রব হয়। ইহার সোলিউশন পীতবর্ণ এবং অত্যন্ত তিক্তাস্বাদ ; চর্ম্মে লাগিলে গাঢ় পীতবর্ণের দাগ হয়। টেষ্ট-টিউবের মধ্যে লইয়া সাবধানে উত্তাপ প্রয়োগ করিলে আন্দাজ ২৫৩ ডিগ্রির উত্তাপে গলিয়া গিয়া পীতবর্ণ তিলবৎ দ্রব পদার্থে পরিণত হয়, এবং উত্তাপের ক্রমশঃ বৃদ্ধি করিতে থাকিলে উর্দ্ধপাতিত হইতে থাকে। ইহার ১ গ্রেণ দ্বারা অন্ততঃ ২৫০,০০০ মিনিম চয়িত জল পীতবর্ণ হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে। বিচূর্ণ; রেক্টিফায়েড্ স্পিরিটে সোলিউশন, ২০ ভাগে ১ ভাগ পরিমাণ। **আমেরিকান্ ফার্ম্মা-**

কোপিয়া মতে ওজনে ১ ভাগ বিশুদ্ধ এসিড্ ওজনে ৯৯ ভাগ চয়িত জলে সোলিউশন্ করিয়া লইতে হয়। ঔষধের শক্তি $\frac{1}{100}$। ডাইলুশন ৫ম শ্রেণীর (খ) নিয়মে প্রস্তুত হয়।

ব্যবহার। ১× হইতে ৩× বিচূর্ণ অথবা ২০ ভাগে ১ভাগ সোলিউশন; তদূর্দ্ধ ক্রম হইতে আরম্ভ করিয়া বরাবর আরক, আরকচূর্ণ; পিল বা গ্লোবিউল।

—*:*—

এসিডাম সেলিসিলিকাম্।

(Acidum Salycylicum)

সংক্ষিপ্ত নাম। এসিড সেলি।

সমসংজ্ঞা।—সেলিসিলিক এসিড। অর্থো অক্সি-বেন্‌জয়িক এসিড

প্রস্তুত প্রক্রিয়া। ব্রিটিশ মতে ১× হইতে বরাবর রেক্টিফায়েড স্পীরিটে সোলিউশন। বিচূর্ণ।

আমেরিকান মতে। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

—**—

এসিডম্ সক্‌সিনিকম্।

(Acidum Succinicum)

ক্রম প্রস্তুতি। আমেরিকান মতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

—*:*—

এসিডাম্ সলফিউরিকাম্।

(Acidum Sulphuricum.)

সংক্ষিপ্ত নাম।—সল্‌ফি-এসিড্।

সমসংজ্ঞা।—সল্‌ফিউরিক এসিড; হাইড্রোজেন্ সলফেট্।

বিবরণ। বর্ণহীন তৈলবৎ পদার্থ। ছয় গুণ চয়িত জলসহ মিশ্রিত করিলে নিম্নে শ্বেতবর্ণ তলানি পড়ে না। সল্‌ফেট অব্ আয়রণ বা হীরাকসের

সোলিউশন উহার উপর ঢালিয়া দিলে কোনরূপ বেগুনিয়া রং হইতে দেখা যায় না।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে।—সাধারণ সলফিউরিক এসিডে শতকরা ৯৬°৮ ভাগ (ওজনে) আদত এসিড থাকে। সুতরাং ইহার ৩০ মিনিম লইয়া এইরূপ পরিমাণে চয়িত জল মিশ্রিত করিবে যেন ঠাণ্ডা হইলে এক আউন্স হয়, তাহা হইলে উহা ১×ক্রমের সমান শক্তি হইবে। ১ ক্রমও চয়িত জলদ্বারা করিতে হয়। ৩× হইতে ৩ক্রম পর্য্যন্ত করিতে শতকরা ৫গুণ রেক্টিফায়েড স্পিরীট মিশ্রিত চয়িত জল; ৪র্থ ডাইলুট্ এলকোহলে; ৫ হইতে বরাবর রেক্টিফায়েড্ স্পিরীটে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

আমেরিকান ফার্ম্মাকোপিয়া। ওজনে ১ ভাগ বিশুদ্ধ সলফিউরিক এসিড, ওজনে ৯ ভাগ চয়িত জল সহ মিশ্রিত করিয়া সোলিউশন। ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$। ক্রম প্রস্তুতি জন্য ৫ম শ্রেণীর (ক) মতে ডাইলুশন প্রস্তুত হয়।

ব্যবহার। ১× হইতে ৩ কেবল জলীয় সোলিউশন। ডাইলুট এলকোহল, টিংচার; ৫ হইতে বরাবর আরক, গ্লোবিউল ইত্যাদি প্রস্তুত হয়।

এসিডম্ সলফিউরোসম্।

(Acidum Sulphurosum.)

ক্রম প্রস্তুতি।—১× সলিউশন। পরে ২× জন্য ডাইলিউট, এবং তদূর্দ্ধ ক্রম এলকোহলে।

—**—

এসিডাম্ ট্যানিকাম্।

(Acidum Tannicum.)

সমসংজ্ঞা। ট্যানিক এসিড; গ্যালোট্যানিক এসিড্; ট্যানিন্।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে, সোলিউশন-রেক্টিফায়েড স্পিরীটে হয়।

ব্যবহার। টিঞ্চার এবং আমেরিকান্ মতে ট্রাইটুরেশন।

—*:*

এসিডাম্ টার্টারিকাম্।

(Acidum Tartaricum.)

এবং

এসিডাম ইউরিকাম। আমেরিকান্ মতে পূর্ব্বোক্ত ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণক্রম প্রস্তুত হয়, ব্রীটিশ মতে, সলিউশন হইয়া থাকে।

—*:*—

একোনাইটাম্।

(Aconitum)

সমসংজ্ঞা।—মনক্স হুড়; উলফস্ বেন্; একোনাইট নেপেলাস্; কাটবিষ; অমৃত ইত্যাদি।

বাসস্থান।—সরস ও পার্ব্বত্যভূমি, মধ্য ইউরোপ; মধ্যএসিয়া। ইংলণ্ড প্রভৃতি স্থানে প্রাপ্ত হওয়া যায়।

মাহাত্মা হানিমান কর্ত্তৃক হোমিওপ্যাথিতে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

বিবরণ বা স্বরূপ নির্ণয়। জুন ও আগষ্ট মাসে ফুল এবং পত্রাদি সংগ্রহের সময়। যথন ফুল ফুটিয়া যায় তথন উহা গৃহীতব্য।

ইহার ভৈষজ্য শক্তি $\frac{1}{2}$।

ঔষধ ও প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে ১ম ও ২য় শ্রেণী মতে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশমতে। প্রুফ স্পিরীটে মাদার প্রস্তুত হয়।

ব্যবহার।—মূলারিষ্ট; তদূর্দ্ধ টিঞ্চার, ট্রাইটুরেশন। মূলাদি লিখিয়া না দিলে সমস্ত বৃক্ষের আরক ইহাকেই বুঝায়।

একোনাইটম্ কেমেরম্।

(Aconitum Cammarum)

সমসংজ্ঞা।—একোনাইটম্ ভ্যারিই গেটাম।

বাসস্থান।—একোনাইটের ন্যায়।

স্বরূপতত্ত্ব।—একোনাইট নেপেলস্ জাতীয় বৃক্ষ ইহার সহিত ভ্রম হয়। আমেরিকান মতে। ঔষধ শক্তি (⅙)। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম সম্পাদিত হয়। ঔষধার্থ মূল গৃহীত হয়।

—*:*—

একোনাইটম্ ফেরোক্স

(Aconitum Ferox.)

বিশেষতত্ত্ব।—এই জাতীয় একোনাইট অতিশয় বিষাক্ত; ইহা হিমালয় প্রদেশে জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। মূল বিচূর্ণিত করিয়া এল্কোহালে ভিজাইয়া যথানিয়মে ছাকিয়া লইতে হয়। ইহার ভেষজ শক্তি ($\frac{1}{10}$ ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান মতে চতুর্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

একোনাইটম্ লিকক্টোনম্।

(Aconitum Lycoctonum.)

এই প্রকারের একোনাইট হইতে নেপলাস্ প্রকারের একোনাইট বিভিন্ন করিতে হয়। পীতাভ ফুল এবং উপরের কেশবৎ আবরণ দেখিয়া বিভিন্নতা বুঝিতে হয়।

ঔষধপ্রস্তুতি ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান মতে ঔষধ শক্তি ($\frac{1}{2}$)। প্রথম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

—*:*—

একোনাইটম্ র‍্যাডিক্স্।

(Aconitum Radix.)

ইহা অন্য নামে অভিহিত হইবার যোগ্য নহে। কেননা ইহা একোন নেপিলসের কেবল মূল হইতে প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি (⅙)।

ক্রমপ্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান মতে। ক্রম প্রস্তুত করণার্থ তৃতীয় শ্রেণীতে সন্নিবেশিত হইয়াছে।

—*•*—

এক্টীয়া রেসিমোসা।

(Actea Racemosa.)

সংক্ষিপ্ত নাম।—এক্টী রেসি।

সমসংজ্ঞা।—সিমিসিফিউগা রেসিমোসা। ব্লাক স্নেক রুট।

বিবরণ।—আমেরিকাদেশীয় উদ্ভিদ বিশেষের শিকড়। বসন্তকালে পত্রাগমনের পূর্ব্বে আহরণ করিতে হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—(১) টাটকা শিকড়ের আরক, আমেরিকা হইতে আনীত। (২) **ব্রীটিস মতে** শুষ্ক শিকড়ের আরক, প্রুফ স্পিরিটে মাদার টিঞ্চার।

আমেরিকান্ ফার্ম্মোকোপিয়া—তৃতীয় শ্রেণীর বিধি অনুসারে ক্রমপ্রস্তুত করা হয়। ঔষধ শক্তি ⅙।

ব্যবহার।—মূলারিষ্ট হইতে বরাবর আরক, বা আরক চূর্ণ বা ছোট ও বড় বড়ী।

দ্রষ্টব্য।—আমেরিকান ফার্ম্মাকোপিয়ার ইহার "সিমিসিফিউগা" নামই প্রচলিত।

"এক্টীয়া বলিলে তন্মতে এক্টীয়া স্পাইকেটা" ঔষধকে বুঝায়।

—*:*—

এক্টীয়া স্পাইকেটা।

(Actœa Spicata).

সমসংজ্ঞা।—বেন্ বেরি। (Bane-berry)

বিবরণ।—ইয়োরোপ জাত গুল্মবিশেষের টাট্‌কা শিকড় ও পক্কফল।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ টিঞ্চার, প্রুফস্পিরিটে। আমেরিকান ফার্ম্মাকোপিয়া অনুসারে ৩য় শ্রেণীর মতে ক্রমপ্রস্তুত হয়।

ব্যবহার। টিঞ্চার ইত্যাদি।

—*:*—

ইস্কুউলস্ হিপোকেষ্টনম্।

(Æsculus Hippocastanum)

সংক্ষিপ্ত নাম।—ইস্—হিপ।

সমসংজ্ঞা।—হর্সচেষ্ট নট্। হিপেসা ক্যাষ্টনম্ ভল্‌গেরি।

বিবরণ।—উত্তর ভারতবর্ষে ও উত্তর আমেরিকার জাত বৃক্ষ বিশেষের সুপক্ক ফলের আঁটি হইতে প্রস্তুত হয়। এই গাছকে দার্জিলিং অঞ্চলে 'কটুস" কহে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে।—আঁটির শাঁসের টাট্‌কা অবস্থায় আরক, প্রুফ স্পিরিটে মাদার টিঞ্চার। শুষ্ক শাঁসের বিচূর্ণ হয়।

আমেরিকান ফার্ম্মাকোপিয়ার মতে।—পাকা টাট্‌কা ফল হইতে মাদার টিঞ্চার ৩য় শ্রেণীর বিধি অনুসারে ক্রমপ্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি ১/৬।

ব্যবহার। মূলারক হইতে বরাবর আরক, বড় এবং ছোট বড়ী। অথবা ১ হইতে ৩ পর্য্যন্ত বিচূর্ণ।

—*:*

ইস্কুলস্ গ্লেব্রা।

(Æsculus Glabra.)

সমসংজ্ঞা। পেভিয়া গ্লেব্রা।

বিবরণ। আমেরিকায় উৎপন্ন বৃহৎ বৃক্ষ বিশেষের পক্ক ফল।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে টিঞ্চার, প্রুপ স্পিরীটে। বিচূর্ণ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে বিচূর্ণ; ৩য় শ্রেণীর নিয়মে তরল ক্রম প্রস্তুত হয়।

ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$।

—*:—

ইথুজা সিনেপিয়ম্।

(Æthusa cynapium.)

সমসংজ্ঞা—ডগ্ পয়জন। গার্ডেন হেমলক।

সংক্ষিপ্ত নাম। ইথুজা।

জন্মস্থান। ইউরোপ খণ্ডে উৎপন্ন ইথুজা সিনেপিয়ম্ নামক ক্ষুপ বিশেষ। সমস্ত গাছ ঔষধার্থে ব্যবহৃত হয়। কুসুমিত সময়ে আহরণ করিতে হয়।

ঔষধ ও ক্রমপ্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে। প্রুফ স্পিরীটে মাদার প্রস্তুত হয়। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। ইহার ঔষধের শক্তি $\frac{1}{6}$।

ব্যবহার। মাদার অরিষ্ট হইতে বরাবর আরক, আরক চূর্ণ, বড় বা ছোট বড়ী।

এগারিকস্ মস্কেরিয়স্।

(Agaricus Muscarius.)

সংক্ষিপ্ত নাম। এগারিকস্।

সমসংজ্ঞা। এমানিটা মাস্কেরিয়া, বগ্ এগারিক।

বিবরণ। ফাঙ্গাই জাতীয় এগারিকস্ মস্কেরিয়স্ নামক অণ্ডাকৃতি দুর্গন্ধ ছত্রক বিশেষ। সর্ব্বদেশেই জন্মে। সমস্ত ছত্রটিকে উত্তমরূপে ধৌত করিয়া উপরকার ছাল উঠাইয়া ফেলিতে হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে। মাদার টিঙ্কার ডাইলুট এল্‌কোহল দ্বারা প্রস্তুত হয়। কোন কোন রাসায়নিক শুষ্ক অবস্থায় ইহার টাইটুরেশন প্রস্তুত করিয়া থাকেন।

আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি ⅙; তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। "এগারিকস্ এমেটিকসের" ক্রম প্রস্তুতি বিভিন্ন নহে।

—*:*—

এগেভি এমেরিকেনা।

(Agave Americana)

সমসংজ্ঞা।—এমেরিকান্ এলো।

ঔষধপ্রস্তুতি।—টাট্‌কা পত্র হইতে ঔষধ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি। আমেরিকান্ মতে—ঔষধ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর মতে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এগ্নস্ ক্যাষ্টস্।

(Agnus castus)

সংক্ষিপ্ত নাম। এগ্ন-ক্যাস্

জন্মস্থান। ইউরোপের সমুদ্রতীরবর্ত্তী বালুকাময় স্থানে ও পর্ব্বতের সানুদেশে জন্মে।

ঔষধ প্রস্তুতি।—টাট্‌কা অথবা অল্প দিনের শুষ্ক পক্ক ফল হইতে যথা-নিয়মে ঔষধ প্রস্তুত হয়। মহাত্মা হানিমন কর্ত্তৃক পরীক্ষিত।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে মাদার টিঞ্চার ২০ ওভার প্রুফ্ স্পিরিটে প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ⅙। ৩য় শ্রেণীর মতে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার। ইহা বরাবর আরক, আরক-চূর্ণ, বড় বা ছোট বড়ী হয়।

—*:*—

এগ্রষ্টিমা।

(Agrostemma)

সমসংজ্ঞা।—লিক্ নিস্ গিথেগো।

বাসস্থান।—এই গাছড়া ইয়ুরোপে অধিক পাওয়া যায়।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—সুপক্ক ফল হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—**—

এইলেন্থাস্।

(Ailanthus.)

সমসংজ্ঞা। স্বর্গবৃক্ষ।

সংক্ষিপ্ত নাম। এইলেন্থ। এলেন্থাস্ গ্লাণ্ডুলোসা।

বাসস্থান। ইহা চীন ও আমেরিকা দেশ জাত এইলেণ্টস্ গ্ল্যাণ্ডুলোসা নামক ভেষজ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। বৃক্ষের পূর্ণ বিকশিত টাট্‌কা পুষ্প, কিম্বা নবোদ্‌গত শাখা সমূহের ত্বক এবং মূলের ত্বক হইতে আরক প্রস্তুত হয়।

(১) ফুলের টিঞ্চার; (২) শাখার ত্বক ও মূলের ত্বক সম পরিমাণে লইয়া তাহার টিঞ্চার। উভয় স্থলেই **ব্রীটিশমতে** প্রুফ স্পিরীটে মাদার প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—সমভাগ নবশাখা, পত্র কুসুম ও ত্বক লইয়া মাদার প্রস্তুত হয়। তৃতীয় শ্রেণীর বিধি অনুসারে ক্রম প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$।

ব্যবহার। বরাবর আরক, আরকচূর্ণ, বড় বা ছোট বটিকা ইত্যাদি।

—*:*—

এল্‌কোহল্ সল্‌ফিউরিস।

(Alcohol Sulphuris)

সমসংজ্ঞা। কার্ব্বনিয়ম্ সল্‌ফিউরেটম্। কার্ব্বন সলফাইড্। বাইসলফাইড্ অব্ কার্ব্বন।

বিবরণ। ইহা তপ্তলোহিত অগ্নি সংস্পর্শে গন্ধকোত্থিতধূমের রাসায়নিক ক্রিয়া বিশেষ দ্বারা উৎপন্ন। ইহা তীব্র স্বাদযুক্ত, দুর্গন্ধি, তরল পদার্থ বিশেষ।

ইহার বাষ্প অতিশয় বিষগুণযুক্ত সেজন্য ইহাকে উত্তম ষ্টপার্ডযুক্ত বোতলে রাখা কর্ত্তব্য।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রৌটিশ মতে।—রেক্‌টিফায়েড্ স্পিরিটে সোলিউশন। **আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে** ওজনে ১ভাগ বাই সল্‌ফাইড্ অব্ কার্ব্বন, ওজনে ৯৯ ভাগ (শতকরা ৯৫ শক্তির) এল্‌কোহলে সোলিউশন্। **আমেরিকানমতে** ইহার ঔষধের শক্তি ১/১০। ৬ষ্ট শ্রেণীর নিয়মে ডাইলুশন (শতকরা ৯৫ শক্তির এলকোহল দ্বারা) প্রস্তুত হয়।

[কার্ব্বনিয়ম সলফিউরেটম দ্রষ্টব্য।]

—*:*—

এলেট্রিস্ ফেরিনোসা।

(Aletris Farinosa)

সমসংজ্ঞা। ষ্টার গ্র্যাস্। কলিক রুট্।

বাসস্থান। মার্কিন দেশ জাত বৃক্ষ বিশেষের মূল।

ঔষধ ও ক্রমপ্রস্তুত প্রক্রিয়া। যথা নিয়মে কন্দ হইতে ঔষধ-প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি ১/১। ডাইলিউশন ৩য় শ্রেণীর নিয়মে প্রস্তুত হয় (আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া)।

—*:*—

এলিস্‌মা প্লাণ্টেগো

(Alisma plantago)

সমসংজ্ঞা। ওয়াটার প্লাণ্টেন্।

বাসস্থান। যুক্তপ্রদেশে ও ইয়ুরোপে প্রচুর জন্মে।

ঔষধপ্রস্তুতি। তাজামূল হইতে মাদার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ১/১। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এলিয়াম সিপা।

(Allium Cepa)

সংক্ষিপ্ত নাম।—সিপা।

সমসংজ্ঞা।—ওলিয়ম বা পলাণ্ডু (পিঁয়াজ)।

বিবরণ।—পলাণ্ডুর সুপুষ্ট কন্দ। যেগুলি লাল রকম লম্বা এবং প্রখর গন্ধ বিশিষ্ট তাহাই বাছিয়া লইবে। যে জমিতে বহুদিন হইতে চাষ হইয়া আসিতেছে সেরূপ জমিতে উৎপন্ন গুলি ভাল হয় না।

ঔষধ ও ক্রম প্রস্তুতপ্রক্রিয়া।—ব্রীটিশ মতে টিঞ্চার (২০ভাগে ১ভাগ) প্রুফ স্পিরিটে মাদার।

আমেরিকান্ মতে।—তৃতীয়শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। ইহার ভৈষজ্য শক্তি ⅙।

ব্যবহার।—আরক, আরকচূর্ণ, বটিকা বা অনুবটিকা ইত্যাদি।

এলিয়ম সেটাইভম্।

(Allium Sativum)

সমসংজ্ঞা।—গ্যালিক। রশুণ।

জন্মস্থান। পৃথিবীর সর্ব্বত্র ইহা জন্মিয়া থাকে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে উক্ত কন্দ বা মূল দ্বারা মাদার টিঞ্চার (২০ ভাগে ১ভাগ) প্রুফ্ স্পিরিটে প্রস্তুত হয়। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়ার মতে ৩য় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি ⅙।

ব্যবহার।—মাদার. টিঞ্চার, টিঞ্চার ইত্যাদি।

এলনস্ রুব্রা।

(Alnus Rubra)

সমসংজ্ঞা। এলনস্ সেরুলেটা।

বাসস্থান। আমেরিকায়।

ঔষধ ও ক্রম প্রস্তুতি। আমেরিকান্ মতে তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি ৬।

— ০ঃ০ —

এলো

(Aloe)

সমসংজ্ঞা। এলো ; এলো সকোট্রিনা।

বিবরণ। সোকোট্রো (সুখোতর) দ্বীপে উৎপন্ন এলো সোকোট্রিনা নামক ভেষজের নির্যাস।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। এই জাতীয় বৃক্ষের পত্র হইতে রাসায়নিক ভাবে লইয়া শুষ্ক করিয়া ঔষধ প্রস্তুত হয়। ইহা লোহিতাক্ত, পিঙ্গলবর্ণ, অস্বচ্ছ পিণ্ডাকারে পাওয়া যায়। কিনারার স্থানের ভিতর দিয়া আলোক দেখিতে পাওয়া যায়। ভগ্ন করিলে ভগ্ন পৃষ্ঠ, রজন ভাঙ্গিলে যেরূপ হয়, সেইরূপ দেখায়। ইহার স্বাদ তিক্ত এবং উগ্র, কিন্তু সদ্গন্ধযুক্ত।

প্রুফ স্পিরিটে সম্পূর্ণ রূপে গলিয়া যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। **ব্রীটিশ মতে** সোলিউশন, প্রুফ স্পিরিটে, (এক ভাগে দশভাগ)। **ইহাই মাদার টিঞ্চার।**

আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে। **যথন ট্রাইটুরেশন হয় তখন।** ৭ম শ্রেণীর বিধি অনুসারে হয়। **টিঞ্চার ৪র্থ** শ্রেণীর অনুসারে ক্রম প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি $\frac{১}{১০}$।

ব্যবহার। আরক, আরকচূর্ণ, বটিকা ও অনুবটিকা ইত্যাদি।

— *ঃ* —

এল্‌ষ্টোনিয়া কন্‌ষ্ট্রিক্‌টা।

(Alstonia Constricta)

সমসংজ্ঞা।—তিক্ত ছাল্; বিটার বার্ক।

বাসস্থান।—নিউ সাউথ ওয়েল্‌স্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—রেক্‌টিফায়েড্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

দ্রষ্টব্য।—ইহা আমেরিকান্ ফার্ম্মাকোপিয়ায় নাই।

এলষ্টোনিয়া স্কলারিস্।

(Alstonia Scholaris.)

সংক্ষিপ্ত নাম। এলোষ্টোনিয়া

বিবরণ। সপ্তপর্ণী বা ছাতিম্ গাছের ছাল।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে প্রুফ স্পিরিটে মাদার।

আমেরিকান্ মতে। ৪র্থ **শ্রেণীর** নিয়মে ক্রম প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

—*:*—

এল্‌থিয়া।

(Althea)

সমসংজ্ঞা।—মার্স ম্যালো।

বাসস্থান।—যুক্ত প্রদেশের পূর্ব্বভাগে পাওয়া যায়।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—তাজামূল হইতে যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—:০:—

এলুমেন্।

(Alumen.)

সমসংজ্ঞা। এলম্ বা ফিটকিরি; ক্রুড এলুমেন্; পোটাস এলাম Alum S. *P.*

বিবরণ। সাধারণ ফিটকিরিকে পুনরায় দানা বাঁধাইয়া লইলে বিশুদ্ধ অবস্থায় ব্যবহৃত হয়। ইহা বর্ণহীন, স্বচ্ছ, স্ফটিক খণ্ডবৎ; অম্লমধুর কষায় মিশ্রিত আস্বাদ বিশিষ্ট।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে। বিচূর্ণ। ২০ভাগে ১ ভাগ পরিস্রুত জলে সলিউশনও হইয়া থাকে। এই সলিউশন হইতে ১ ক্রম করিতে হইলে পরিস্রুত জল ব্যবহার করিবে। ১× হইতে ৩ পর্য্যন্ত শতকরা ৫ ভাগ রেক্‌টিফায়েড স্পিরীট মিশ্রিত পরিস্রুত জল; ৭× ক্রম জন্য ডাইলুট এল্‌কোহল। ৪র্থ ক্রম জন্য ২০ ওভার প্রুফ্ এবং ৫ম ক্রম জন্য রেক্‌টিফাইড স্পিরীট প্রয়োজন।

আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এলুমিনা।

(Alumina.)

সমসংজ্ঞা। এলুমিনা ট্রি-হাইড্রেট। আর্গিলা পিউরা। বিশুদ্ধ কর্দ্দম।

বিবরণ। অতি সূক্ষ্ম শ্বেতবর্ণ চূর্ণ বিশেষ; স্পর্শে কোমল, আস্বাদ বিহীন; অগ্নিতে দ্রবণীয় নহে, জলের সহিত মিশ্রিত হইলে লেইয়ের মত হয়, কিন্তু জলে দ্রবণীয় নহে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রিটীশ ফার্ম্মাকোপিয়া মতে বিচূর্ণ; **আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতেও** বিচূর্ণ।

ব্যবহার। ১× হইতে ৩ কেবল চূর্ণ। ৪র্থ হইতে,আরক; আরক চূর্ণ ইত্যাদি।

—*:*—

এলুমিনিয়ম্ মেটালিকাম্।

(Aluminum Metallicum.)

সমসংজ্ঞা। মিটালিক এলুমিনাম্।

স্বরূপত্ব। খনিজ পদার্থের সহিত বা বালুকার সঙ্গে এই ধাতু যথেষ্ট পরিমাণে পাওয়া যায়। ইহা দেখিতে রৌপ্যসদৃশ, ইহাতে আজ কাল বাসন প্রস্তুত হইতেছে।

সতর্কতা। মিউরিয়েটিক এসিড দ্বারা দ্রবিত হয়।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে, ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*—

এম্ব্রা গ্রিসিয়া।

(Ambra Grisea)

সমসংজ্ঞা।—এম্ব্রা ভিরা; এম্ব্রা মেরিটোমা; এম্বেরম্।

বিবরণ।—সুমাত্রা ও জাপানাদির তিমি জাতীয় মৎসের অন্ত্রাদির মধ্যে ইহা পাওয়া যায়—পিত্তবৎ পদার্থ।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে,—বিচূর্ণ ও তরল উভয় প্রকার ক্রম প্রস্তুত হয়। টিঞ্চার জন্য (এক ভাগে ২০ ভাগ) এল্‌কোহল প্রয়োজন।

আমেরিকান্ মতে।—বিচূর্ণ (৭ম শ্রেণী)।

—:o:—

এমোনিয়েকাম্।

(Ammoniacum)

সমসংজ্ঞা।—ডোরিমা এমোনিয়াকাম, ডন্ (Don); গম্ এমোনিয়াক্।

জন্ম বা প্রাপ্তিস্থান।—পার্সিয়া (পারশ্য) এবং পাঞ্জাবে উৎপন্ন বৃক্ষ বিশেষের কাণ্ড হইতে নির্গত গঁদ বা আটা।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।— বিচূর্ণ এবং সুরাসারে ক্রম প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্যবহার।— ১ হইতে ৬×বা ৩ বিচূর্ণ। তদূর্দ্ধ ক্রম টিঞ্চার বা তারল্য ইত্যাদি।

—*:—

এমোনিয়ম এসিটিকাম্।

(Ammonium Aceticum)

সমসংজ্ঞা।— লাইকার এমনি এসিটেটিস্; স্পিরিটস্ মিণ্ডিরেরাই।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে এক ভাগ এসিডে নয় ভাগ পরিস্রুত জলে সলিউশন।
ঔষধ শক্তি ($\frac{১}{১০}$)।

ক্রম প্রস্তুতি।— ক্রমগুলি ৫ম শ্রেণীর (ক) নিয়মে সম্পাদিত হয়।

ব্রীটিশমতে।— পরিস্রুত জলে ইহার সলিউসন প্রস্তুত হয়।

—*:*—

এমোনিয়ম বেঞ্জোয়িকাম্।

(Ammonium Benzoicum)

সমসংজ্ঞা— এমোনিয়ম্ বেঞ্জোয়েট্।

প্রস্তুত প্রক্রিয়া— বেঞ্জোয়িক্ এসিড্ এমোনিয়ার সলিউশনে দ্রব করিয়া ইহা প্রস্তুত হয়।

ক্রমপ্রস্তুত পদ্ধতি। ব্রীটিশমতে ১× করিতে হইলে পরিস্রুত জল; এবং ১বা ২× করিতে ডাইলিউট এল্‌কোহল এবং তদূর্দ্ধ ক্রম জন্য সুরাসার প্রয়োজন হয়। **আমেরিকান মতে।—** বিচূর্ণ (৭ম শ্রেণীর নিয়মে সম্পাদিত)।

—*:*—

এমোনিয়ম ব্রোমেটাম্।

(Ammonium Bromatum)

সমসংজ্ঞা—ব্রোমাইড্ অভ্ এমোনিয়া।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া—এমোনিয়া সলিউশনে যথানিয়মে ব্রোমিন সংযোগে ইহা প্রস্তুত হয়।

ক্রমপ্রস্তুত পদ্ধতি।—ব্রীটিশমতে—১ম ক্রম পর্য্যন্ত পরিস্রুত জলে। ৩ × ডাইলিউট এল্‌কোহলে এবং তদূর্দ্ধ ক্রম জন্য রেক্টিফায়েড্ স্পিরীট প্রয়োজন হয়।

আমেরিকান্ মতে। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত করা হয়।

—*:*—

এমোনিয়া কার্ব্বনিকাম্।

(Ammonium Carb)

সমসংজ্ঞা—কার্ব্বনেট্ অভ এমোনিয়া। স্যাল্‌ভোলেটাইল অথবা ভোলেটাইল সাল্ট।

ঔষধ প্রস্তুত নিয়ম।—উগ্রক্ষার যুক্ত, সদ্‌গন্ধযুক্ত, উদ্বায়ু লবণ বিশেষ। শীতল জলে দ্রবণীয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে ১ × পরিস্রুতজলে; প্রথম ক্রম ডাইলিউট এল্‌কোহলে, এবং তদূর্দ্ধক্রম রেক্টিফায়েড্ স্পিরীটে প্রস্তুত হয়।

আমেরিকান মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৫ম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—৩ × হইতে বড়ি ইত্যাদি প্রস্তুত হয়।

—**—

এমোনিয়ম্ কষ্টিকাম্।

(Ammonium Causticum)

সমসংজ্ঞা—একোয়া এমোনি, এমোনিয়াস হাইড্রেট্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এমোনিয়া বিশিষ্ট গ্যাসের জলীয় দ্রব। এই ঔষধ প্রস্তুত করিয়া রাখিলে অধিক দিন ভাল থাকে না।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে যে দ্রব প্রস্তুত হয় ইহার আপেক্ষিক গুরুত্ব—১.৯৫৯। ইহাতে একের দশমাংশ গ্যাস থাকে—এজন্য ইহা ১×ক্রম সদৃশ। ইহার ক্রমাদি ৫ম শ্রেণীর (ক নিয়মে সম্পাদিত হয়।

ব্রীটিশমতে। ৩ ড্রাম পরিস্রুত জলে ডাইলিউট করিয়া এক আউন্স করিয়া লইলে ১×ক্রম হয়; ১ম ক্রম পরিস্রুত জলে; ২য় পর্যন্ত ডাইলিউট্ এলকোহলে; তদূর্দ্ধ ক্রম এল্‌কোহল দ্বারা প্রস্তুত হয়।

ব্যবহার। ৫× হইতে আরক বড়ি ইত্যাদি।

—*:*—

এমোনিয়ম আইয়োডেটাম্।

(Ammonium Iodatum)

সমসংজ্ঞা।—আইয়েডোইড অভ্ এমোনিয়ম্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। পটাশ আয়োড ও এমোনিয়া সলফ হইতে যথা নিয়মে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—আমেরিকান্ মতে বিচূর্ণ (৭ম শ্রেণীর সন্নিবিষ্ট)। **ব্রীটিশ মতে,** ১ম ক্রম পর্য্যন্ত পঃ জলে, ৩× শতকরা ৫ ভাগ এল্‌কোহল মিশ্রিত জলে, তৎপরে রেক্‌টিফায়েড্ স্পিরীটে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এমোনিয়াম মিউরিয়াটিকাম্

(Ammonium Muriaticum)

সমসংজ্ঞা।—ক্লোরাইড অভ এমোনিয়া। নিসাদল।

ক্রম্ প্রস্তুত প্রক্রিয়া। ব্রিটীশ মতে।—বিচূর্ণ এবং পরিস্রুত জলে দ্রব করিয়া ১ × । তদূর্দ্ধ ক্রম রেক্‌টিফায়েড স্পিরীটে প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ($\frac{১}{১০}$); ৫ম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়। বিচূর্ণ ক্রম ৭ম শ্রেণীর নিয়মে প্রস্তুত হয়।

ব্যবহার। ১ × হইতে ৬ × বিচূর্ণ। অথবা ১ × সলিউশন হয়। ৩ × আরক ও পিল ইত্যাদি।

—*:*—

এমোনিয়ম নাইট্রিকাম্।

(Ammonium Nitricum)

সমসংজ্ঞা।—নাইট্রেট অভ্ এমোনিয়া।

প্রস্তুত প্রক্রিয়া।—এমোনিয়া হাইড্রেট্ ও এসিড্ নাইট্রিক হইতে প্রস্তুত হয়। একভাগ ওজনের সহিত নয় ভাগ ওজনের পরিস্রুত জলে দ্রব প্রস্তুত হয়। **আমেরিকান্ মতে** ঔষধ শক্তি $\frac{১}{১০}$। ১ম শ্রেণীর (ক) নিয়মে ক্রমাদি সম্পাদিত হয়।

—*:*—

এমোনিয়ম ফস্ফরিকাম।

(Ammonium Phosphoricum)

সমসংজ্ঞা।—ফস্ফেট্ অভ্ এমোনিয়া।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—ফস্ফরিক এসিড সহ এমোনিয়া সংযোগ করিয়া এই দানাবৎ পদার্থ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে বিচূর্ণ। ৭ম শ্রেণীর নিয়মানুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রথম ক্রম পরিস্রুত জলে, ৩ × এবং ৪ × জন্য যে পরিস্রুত জল ব্যবহৃত হয়, উহাতে শতকরা ৫ভাগ রেক্‌টিফাইড্ স্পিরীট মিশ্রিত থাকে। তৃতীয় ক্রম ডাইলিউট এলকোহল এবং তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

—০০—

এমোনিয়ম সক্‌সিনিকাম্।

(Ammonium Succinicum)

সমসংজ্ঞা।—বর্ত্তমান নাম এমোনিক্ সাক্‌সিনেট।

প্রস্তুত প্রক্রিয়া।—ইহা সক্‌সিনিক এসিড্ ও এমোনিয়া সংযোগে যথা নিয়মে প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—এমন—ফসের ন্যায়।

—*:*—

এমোনিয়াম ভ্যালেরিয়ানিকাম্।

(Ammonicum Valerianicum)

সমসংজ্ঞা।—ভ্যালেরিয়েনেট্ অভ্ এমোনিয়া।

ঔষধ ও ক্রম প্রস্তুত পদ্ধতি।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এম্পিলোপ্‌সিস্।

(Ampelopsis)

সমসংজ্ঞা।—ভার্জ্জিনিয়ান ক্রিপার। আমেরিকান্ আইভি।

প্রাপ্তিস্থান।—আমেরিকার জঙ্গলে ইহার জন্ম।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে মুকুল ও বল্কল হইতে এলকোহল সংযোগে যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ইহার ঔষধ শাক্তি (⅙)।

ক্রমপ্রস্তুত জন্য ৩য় শ্রেণীর নিয়ম রক্ষা করা কর্ত্তব্য।

—*:*—

এম্ফিস্‌বিনা ভার্মিকুলারিস্।

(Amphisbœna Vermicularis)

সমসংজ্ঞা।—সরিয়া (Sauria) জাত একপ্রকার সর্প বিশেষ।

প্রাপ্তিস্থান।—ব্রেজিলের জঙ্গলে প্রচুর দেখা যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে জীবন্ত সর্প হইতে বিষগ্রহণ করিতে হয়। ৯ম শ্রেণীর নিয়মে বিচুর্ণ প্রস্তুত করিতে হয়।

—*:*—

এমিগ্‌ড্যালি এমেরি।

(Amygdalæ Amaræ)

সমসংজ্ঞা।—বিটার এল্‌মণ্ড

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—পারশ্য দেশে এই বৃক্ষ প্রথমে দেখা যায়। এক্ষণে ইয়ুরোপ খণ্ডের অনেক স্থানে হইয়াছে। **আমেরিকান্ মতে** ইহার ভেষজ শক্তি ($\frac{1}{10}$)।

ক্রম প্রস্তুত করিতে ৪র্থ শ্রেণী এবং বিচুর্ণ করিতে ৭ম শ্রেণীর নিয়ম রক্ষিতব্য।

—*:*—

এমিল নাইট্রোসম্।

(Amyl Nitrosum)

সমসংজ্ঞা।—নাইট্রেট অভ্ এমিল।

বিবরণ। ঈষৎ পীতবর্ণ রাসায়নিক তরল পদার্থ বিশেষ।

সতর্কতা।—ইহার উগ্র গন্ধের জন্য প্রস্তুতকারীকে সর্ব্বদা সতর্ক থাকিতে হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে। রেক্টিফাইড্ স্পিরীটে সলিউশন। **আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া** অনুসারে ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত করা কর্ত্তব্য।

একভাগ ঔষধে নয় ভাগ এল্‌কোহল মিশাইতে হইবে (যে এলকোহলে ৫ ভাগ জল মিশ্রিত থাকে।)

এনাকার্ডিয়ম্ ওরিয়েণ্ট্যালিস্।

(Anacardium Orientalis)

সমসংজ্ঞা।—এনাকার্ডিয়ম; ভেলা।

প্রাপ্তিস্থান।—এসিয়া খণ্ডে এবং আমেরিকার পার্ব্বত্য প্রদেশ জাত বৃক্ষবিশেষ; ইহার ফলের আটাময় নির্য্যাস ঔষধার্থ গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ ফার্ম্মকোপিয়া মতে।—ইহার নির্যাস্ হইতে বিচূর্ণ প্রস্তুত হয়। ভেলা ফল হইতে টিঞ্চার হইতে পারে। উহা জলে বা সুরাসারে বিশিষ্ট রূপে দ্রবণীয় নহে বলিয়া উহার অনির্দ্দিষ্ট শক্তি জন্মে; এজন্য সর্ব্ববাদী রূপে অনুমোদিত নহে।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে। ভেলাগুলিকে পেষিত করিয়া উহার পাঁচগুণ শতকরা ৯৫ শক্তির এল্‌কোহলে ভিজাইয়া যথানিয়মে টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ইহার ঔষধ শক্তি (১/১০)

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। কৃষ্টবর্ণ আঠা দুগ্ধ শর্করা সহ বিচূর্ণ প্রস্তুত জন্য ৯ম শ্রেণীর নিয়ম গ্রহণ করা কর্ত্তব্য।

—*:*—

এনাগেলিস্।

(Anagallis)

সমসংজ্ঞা।—এনাগ্যালিস্ আর্ভেন্সিস।

বিবরণ। এই বৃক্ষ ইয়োরোপ খণ্ডে জন্মে। ইহার ফুল জুলাই ও আগষ্ট মাসে ফুটিয়া থাকে। দীন দরিদ্র ব্যক্তিগণের নিকট মন্দ ঋতু নির্দ্দেশক বৃক্ষ বলিয়া অভিহিত। কেননা দেবতার অত্রযোগ হইলে ফুল মুদিত হইতে থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে।—প্রফস্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে। ইহার ঔষধ শক্তি (১/২)। ১ম শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এনান্থিরাম্ মিউরিকেটাম্।

(Anantherum Muricatum)

সমসংজ্ঞা।—এণ্ড্রো পোগন্ মিউরিকেটাস্। বেনা; খস খস।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে মূল চূর্ণ হইতে যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি (১/১০)। ৪র্থ শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

এণ্ডিরা ইনার্মিস্।

(Andira Inermis)

সমসংজ্ঞা।—এণ্ডিরা রিফিউসা। ক্যাবেজ ত্বক ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ত্বক হইতে এল্‌কোহল সংযোগে যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে। ঔষধ শক্তি (১/১০)। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এনিমোনিন্।

(Anemonin)

বিবরণ। ইহা এনিমনি প্রেটেন্‌সিস্ বৃক্ষের (পল্‌সেটিলার) পত্রের ও মূলের সার বিশেষ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে ইহা ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

—*:*—

এঞ্জেলিকা আর্কেঞ্জেলিকা।

(Angelica Archengelica)

সমসংজ্ঞা। গার্ডেন এঞ্জেলিকা।

ঔষধ প্রস্তুতি।—এই বৃক্ষের মূল হইতে যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ঔষধ শক্তি (১/১০)।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

এঙ্গুষ্টুরা স্পিউরিয়া।

(Angustura Spuria)

সমসংজ্ঞা।—ক্রুসিয়া এণ্টি ডিসিণ্টিরিকা।

বিবরণ। ইহা ষ্ট্রিক্‌নস নক্সভমিকা বৃক্ষের ত্বক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক ত্বক হইতে বিচুর্ণ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে,—ইহার ঔষধ-শক্তি (১/১০)। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

এঙ্গুষ্টুরা কর্টেক্স্।

(Angustura Cortex)

সমসংজ্ঞা। এঙ্গুষ্টুরা কাস্পেরিয়া।

জন্মস্থান।—দক্ষিণ আমেরিকার উচ্চ প্রদেশজাত কস্পেরিয়া বৃক্ষের ত্বক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে।—ডাইলিউট এল্‌কোহলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। বিচূর্ণ।

আমেরিকান্ মতে।—শুষ্ক ত্বক হইতে টিঞ্চার প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি (১/১০)। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এনিলিনম্।

(Anilinum)

সমসংজ্ঞা।—ফেনিলামিন্; কায়নল্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে।—রেক্‌টিফাইড্ স্পিরীটে সলিউশন হয়। ইহা এম্বার বর্ণ শিশিতে রাখা কর্ত্তব্য।

এনিলিনম্ সলফিউরিকাম্।

(Anilinum Sulphuricum)

সমসংজ্ঞা।—এনিলিন্ সলফাস্ ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে,—১ম ক্রম পরিস্রুত জলে (যে জল শতকরা ৫ভাগ রেক্টি-স্পিরীট মিশ্রিত।) এবং তদ্দ্বারা ৩× ও ৪× বা ২য় ক্রম; ৩য় ক্রম জন্য ডাইলিউট এল্কোহল; তদূর্দ্ধ ক্রম জন্য রেক্টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

—*:*—

এনিসম্ ষ্টিলেটাম্।

(Anisum Stellatum)

সমসংজ্ঞা।—ষ্টার এনিসি-সিড্।

জন্মস্থান।—ইহা চায়না ও জাপান দেশে জন্মে।

ঔষধের জন্য বীজ গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে—রেক্টিফাইড্ স্পিরীটে মাদার ও ক্রম প্রস্তুত হয়।

আমেরিকান মতে—ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

—**—

এন্থেমিস নোবিলিস্।

(Anthemis Nobilis)

সমসংজ্ঞা।—সাধারণ ক্যামোমিলা।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।। ক্রম প্রস্তুত করিতে ২০ ডিগ্রীর ওভার প্রুফ্স্পিরিট ব্যবহৃত হয়।

আমেরিকান্ মতে।—৩য় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করা হইয়া থাকে। ইহার ঔষধ শক্তি ($\frac{1}{6}$)।

—*:*—

এন্থক্স্যান্থম্ ওডোরেটাম্।
(Anthoxanthum Odoratum)

সমসংজ্ঞা।—সুইট্ ভার্ণাল গ্রাও।

প্রাপ্তি স্থান।—আফ্রিকার গ্রীনল্যাণ্ড; ইয়ুরোপ ও আমেরিকা।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত গাছ হইতে যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্রীটীশ মতে।—২০ ডিগ্রীর ওভার প্রুফ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি (১)। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

এন্থ্রাসাইট।
(Anthracite)

সমসংজ্ঞা।—ষ্টোন কোল (Stone coal)

প্রাপ্তিস্থান।—যুক্ত প্রদেশের পেন্সিল ভ্যানিয়া।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচুর্ণ প্রস্তুত হয়।

এন্থ্রাকোকেলি।
(Anthrakokali)

সমসংজ্ঞা।—লিথান্থ্রাকোকেলি সিমপ্লেক্স।

বিবরণ।—হঙ্গেরি রাজ্যে উৎপন্ন হয়; এক প্রকার পাথুরিয়া কয়লার সহিত কাষ্টিক পটাশ সংযোগে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিচুর্ণ (৭ম শ্রেণী)। ইহা কাচের ছিপী-যুক্ত শিশিতে রাখা উচিত।

—*:*—

এণ্টিমণিয়ম ক্রুডম্।

(Antimonium Crudum)

সমসংজ্ঞা।—এণ্টিমণি সলফুরেটাম; ব্ল্যাক এণ্টিমণি; সুর্ম্মা।

প্রাপ্তিস্থান।—হঙ্গেরি; জার্ম্মাণ, ফ্রান্স, ইংলণ্ড প্রভৃতি স্থানে খনিজ রূপে ইহা পাওয়া যায়।

ক্রম প্রস্তুতি। আমেরিকান মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—বিচূর্ণ। ৬× পর্য্যন্ত চূর্ণ, পরে আরক, বড়ি ইত্যাদি।

—:০:—

এণ্টিমনিয়ম্ আয়োডেটাম্।

(Antimonium Iodatum)

এবং

এণ্টিমণিয়ম্ অক্সাইডেটম্।

(Antimonium Oxydatum)

এবং

এণ্টিমনিয়ম্ সলফিউরেটম্।

(Antimonium Sulphuratum)

সমস্তই বিচূর্ণ (৭ম শ্রেণী।)

—:০:—

এণ্টিমোনিয়ম টার্টারিকাম্।

(Antimonium Tartaricum)

সমসংজ্ঞা।—টার্টারস্ এমেটিকাস্; টার্টারাস্ ষ্টিবিয়েটাস, টার্টার এমেটিক।

সংক্ষিপ্ত নাম।—এণ্টি—টার্ট।

ঔষধ প্রস্তুতি।—অক্ সাইড্ অভ এণ্টিমণি এবং এসিড টার্টরেট অভ পটাস্ এবং পরিস্রুত জল সংযোগে ইহা প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান মতে। একভাগ (ওজনে) টার্টর এমেটিক ৯৯ ভাগ পরিস্রুত জলে দ্রবিত করিয়া সলিউসন প্রস্তুত হয়। ঔষধ শক্তি ($\frac{১}{১০০}$)। ৫ম শ্রেণীর (খ) নিয়মে উচ্চক্রমাদি প্রস্তুত হয়।

৭ম শ্রেনীর মতে বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্রীটিশমতে।—বিচূর্ণ। সলিউসন করিতে যে পরিস্রুত জল দেওয়া হয়, তাহাতে ৫ভাগ রেক্‌টীফাইড স্পিরীট মিশ্রিত থাকে। এই জলেই ১ম ও ৩×, ও ৪× বা দ্বিতীয় ক্রম প্রস্তুত হয়। ৫× হইতে ডাইলিউট এলকোহল; তদূর্দ্ধ ক্রম রেক্‌টীফাইড স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে।

—**—

এণ্টির্হিনম্ লিনেরিয়াম্।

(Antirrhinum Linarium)

সমসংজ্ঞা।—কমন টৌড্ ফ্লাক্স।

বাসস্থান। ইয়ুরোপ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা গাছড়া হইতে যথা নিয়মে মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে, ঔষধ শক্তি ($\frac{১}{১০}$)। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এফিস্ চিনোপোডাই।

(Aphis chenopodii)

সমসংজ্ঞা।—এফিডি জাতীয় এক প্রকার কীট।

জার্ম্মাণ চিকিৎসক মেয়ার প্রথমে ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জীবন্ত কীট সকল পেষণ করিয়া পাঁচ গুণ এলকোহল দিয়া কাচের ছিপিযুক্ত বোতলে পুরিয়া ৮ দিন রাখিয়া তৎপরে চুয়াইয়া লইলে মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে। ঔষধ শক্তি $\frac{১}{১০}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

এপিস্ মেলিফিকা।

(Apis Mellifica)

সমসংজ্ঞা।—হনিঃ বি ; মধুমক্ষিকা ইত্যাদি।

ঔষধ প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—জীবন্ত মক্ষিকা একটী বোতলে পুরিয়া নাড়া দিলে যখন উহারা উত্তেজিত হয়, তখন উহাদের ৫ গুণ ডাইলিউট এলকোহল ফেলিয়া দিয়া আট দিন যথা নিয়মে রাখিয়া দিলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—উহাদের ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত করা হয়, কেবল ২ × বা ১ম ক্রম জন্য ডাইলিউট এল্‌কোহল ব্যবহার্য্য।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—যে সকল মৌমাছি চাকে কাজ করে (স্ত্রী মক্ষিকা), উহাদিগকে ক্রুদ্ধ করিয়া উহাদের হুল নিঃসারিত বিষ হইতে ঔষধ প্রস্তুত করা হয়।

এইবিষ সংগ্রহের প্রণালীর বিভিন্নতা আছে ; ডাক্তার হেরিংএর (Hering)-মত ;—জীবন্ত মৌমাছীকে সন্নার দ্বারা ধরিয়া একখণ্ড চিনির উপরে উহার হুল নিঃসৃত বিষ গ্রহণ করিতে হয়।

ডাক্তার মার্সির (Dr. mercyর) মতে মৌমাছীকে ধরিয়া ডাইলিউট এল্‌কোহলে নিক্ষেপ করিবে। তৎপরে যথা নিয়মে মাদার প্রস্তুত করা যায়।

নিম্নে আর এক প্রকার প্রথা লিখিত হইল ;—একটী প্রশস্ত মুখ বিশিষ্ট কাচের বড় বোতল লইয়া চাকের পার্শ্বে গিয়া দাঁড়াইবে এবং প্রাতঃকালে চাকের দুয়ারে উহা বসাইয়া এবং অন্য দিকের ছিদ্র বন্ধ করিয়া দিয়া একটী দণ্ডের দ্বারা চাকের উপর আঘাত করিলে বোতলের ভিতর অনেক মাছী আসিবে এবং বোতলের চারিধারে মনুষ্যের অঙ্গুলি দেখিয়া উহারা ক্রুদ্ধ হইয়া হুল ফুটাইবার চেষ্টা করিবে। এই সময় খানিকটা ক্লোরফর্ম্ম দিলে উহারা নেশায় বিভোর হইবে, অমনি অতি শীঘ্র বোতল হইতে উহাদিগকে ফেলিয়া দিয়া মর্দ্দ মাছী বাছিয়া দুর করিয়া দিবে ; এবং মাদী মাছীর পশ্চাৎ ভাগ ধরিয়া কাঁচির দ্বারা কাটিয়া একটী খলে রাখিয়া উহাতে ডাঃ এলকোহল দিয়া মর্দ্দিত করিয়া ভাল

পাকাইবে। উহা পুনশ্চ উক্ত বোতলে পুরিবে। তালের প্রত্যেক আউন্স প্রতি দশ আউন্স স্পিরীট হয় এরূপ হিসাবে স্পিরীট মিশ্রিত করিবে।

এক্ষণে বোতলের কর্ক বন্ধ করিয়া দুইদিন রাখিয়া মধ্যে মধ্যে ঝাকিয়া উহা ফিল্টার করিয়া লইবে। মাছীর অংশগুলি অধিক টিপিবে না।

পরীক্ষা (Test)—যদি এই টিঞ্চার ঠিক হইয়া থাকে তবে একটী সূচ উক্ত টিঞ্চারে ডুবাইয়া কাহারও চর্ম্মের উপর বিদ্ধ করিলে, বিদ্ধ স্থানে একটা আধুলির আকারে (Size of a Shilling) লালবর্ণ দাগ হইয়া উঠিবে।

বক্তব্য।—ক্লোরফর্ম্ম দিয়া মাছিদের নেশা করাইয়া লইলে, উহাতে ঔষধের বিশুদ্ধতা কিরূপে রক্ষিত হয়, বুঝিতে পারা যায় না। তবে পরীক্ষা দ্বারা সিদ্ধ হইয়াছে বলিয়া সন্দেহ করা হয় না।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—১ম দশমিক ক্রম ডাইলিউট এল্‌কোহলে; ১ম ক্রম প্রুফ্ স্পিরীটে; ৩× ২০ ওভার প্রুফ্ স্পিরীটে এবং তদূর্দ্ধ ক্রমগুলি রেক্‌টি-ফাইড স্পিরীটে প্রস্তুত হয়।

ব্যবহার। মাদার টিঞ্চার, টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

এপিয়ম ভিরস্।

(Apium Virus)

সমসংজ্ঞা। মধুমক্ষিকার (poison) বিষ।

ডাক্তার হেরিং ইহা প্রথম পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুতি।—একটী সদ্যমৃত মৌমাছীর হুল বিষ-কোষ সহ বাহির করিয়া লইবে। কোষটী ধরিয়া হুলের অগ্রভাগটী একটী টিউব শিশির মধ্যে পুরিয়া বিষ টিপিয়া বাহির করিয়া লইতে হয় (Squeese the Poison into it)

অথবা

লম্বা সন্না দিয়া একটা জীবন্ত মৌমাছী ধরিয়া একখণ্ড চিনি উহার হুলের নিকট ধরিবে। মৌমাছিটি উক্ত চিনিতে হুল বসাইয়া দিলে উক্ত চিনির মধ্যে বিষ শোষিত হইবে। এই রূপে অনেকটা বিষ সংগ্রহ করিয়া পরে উহা লইয়া বিচূর্ণ প্রস্তুত করিবে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—বিচূর্ণ (৮ম শ্রেণীর নিয়মে) ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এপোসাইনম্ এণ্ড্রসিমিফোলিয়ম।

(Apocynum Androsemifolium)

সাধারণ নাম।—ডগ্স্ বেন্ (Spreading Dogs bane)

বাসস্থান।—উত্তর আমেরিকা কেরোলিনস প্রভৃতি স্থানে প্রাপ্তব্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষের মূল হইতে যথানিয়মে মূল অরিষ্ট প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে। ঔষধ শক্তি ($\frac{1}{6}$)

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—মূলের আরক হইতে তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চার প্রুফ্ স্পিরীটে প্রস্তুত হয়।

—*:*—

এপোসাইনম্ ক্যানাবিনম্।

(Apocynum Cannabinum)

সমসংজ্ঞা। এমেরিকান্ হেম্প্।

জন্মস্থান। ক্যানাড়া এবং ইয়ুনাইটেড্ বা যুক্ত রাজ্যে।

ঔষধ প্রস্তুত পদ্ধতি। এই বৃক্ষের মূল হইতে যথানিয়মে মুল অরিষ্ট প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর মতে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে। প্রুফস্পিরীট দ্বারা ইহার মুলারিষ্ট প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার; টিঞ্চার-ট্রিটুরেশন; পিল ইত্যাদি।

—*:*—

এপোমর্ফিয়া।

(Apomorphia)

সমসংজ্ঞা। মিউরেট অভ্ এপোমর্ফিয়া, এপোমর্ফিন্ ইত্যাদি।

ঔষধ প্রস্তুতি।—মর্ফিয়া প্রভৃতি অহিফেনের উপক্ষার হইতে রাসায়নিক নিয়মে প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—বিচূর্ণ (৭ম শ্রেণীর নিয়মে সম্পাদিত হয়)।

—*:*—

একুইলেজিয়া ভল্গেরিস।

(Aquilegea vulgaris)

সমসংজ্ঞা। গার্ডেন্ কলম্বাইন্।

জন্মস্থান। ইয়ুরোপের নিম্ন ভূমি ও জঙ্গলে।

ঔষধ প্রস্তুতি। সমস্ত গাছড়া হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার বা মূলারিষ্ট প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি। আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ⅒। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—**—

এরেলিয়া রেসিমোসা।

(Aralia Racemosa)

সমসংজ্ঞা। আমেরিকান্ স্পাইক নার্ড।

জন্মস্থান।—আমেরিকায় ডাক্তার জোন্স ইহা পরীক্ষা করেন।

ঔষধ ও ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে মূল হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ঔষধ শক্তি ⅒। তৃতীয় শ্রেণীর মতে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এরেলিয়া হিস্পিডা।

(Aralia Hispida)

সমসংজ্ঞা।—ব্রিষ্ট্লি সার্সাপেরিলা।

জন্মস্থান। [illegible] উত্তর [illegible] পার্ব্বত্য প্রদেশে জন্মে।

ঔষধ প্রস্তুত ও ক্রম [illegible]।—[illegible] বৃক্ষের মূল হইতে যথানিয়মে অরিষ্ট বা আমেরিকান্ মাদা… …ক্ষার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে। ঔষধ শক্তি ১/১০। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

এরেনিয়া ডায়েডিমা।

(Arania—Diadema)

সমসংজ্ঞা।—ডায়েডেম্ স্পাইডার; এপেরা ডায়েডিমা।

প্রাপ্তিস্থান।—আমেরিকা ও ইয়ুরোপের আস্তাবলে বা পুরাতন প্রাচীরে ইহা পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই প্রকার জীবন্ত মাকসার সমগ্র দেহ হইতে ঔষধ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে ঔষধ শক্তি ১/১০।
৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চার প্রুফ্ স্পিরীটে প্রস্তুত হয়।
এবং বিচূর্ণও হয়।

—*:*—

এরেনিয়া সিনেন্সিয়া।

(Aranea scinencea)

সমসংজ্ঞা।—কেন্টকির ধূসর বর্ণের মাকড়সা।

ঔষধ প্রস্তুতি।—সমস্ত দেহ ঔষধার্থ ব্যবহৃত হয়।

আমেরিকান্ মতে। ঔষধ শক্তি $\frac{1}{10}$।
৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চার জন্য প্রুফ স্পিরীট ব্যবহার্য্য। বিচূর্ণও ব্যবহার হইয়া থাকে।

—**—

আর্কটিয়াম ল্যাপ্পা।

(Arctium Lappa)

সমসংজ্ঞা।—লেপ্পা মেজর। বর্ডক্।

জন্মস্থান।—আমেরিকা ও ইয়ুরোপ প্রভৃতি দেশে এই গাছ জন্মে।

ঔষধ প্রস্তুত ও ক্রম প্রক্রিয়া।—মূল হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ স্পিরিটে মাদার টিঞ্চার

আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{1}{6}$।
তৃতীয় শ্রেণীর মতে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

আর্গেমণি।

(Argemone)

সমসংজ্ঞা।—প্রিকলি পপি।

প্রাপ্তি স্থান।—এই গাছড়া মেক্সিকোতে পাওয়া যায়।

ঔষধ ও ক্রম প্রস্তুতি। এই টাট্কা গাছ হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$।
তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

আর্জ্জেণ্টাম মিটালিকাম্।

(Argentum metallicum)

সমসংজ্ঞা।—আর্জ্জেণ্টাম ফোলিয়েটাম; সিল্‌ভার। আর্জ্জেণ্টাম্ পিউরিফিকেটাম্। রৌপ্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ চাঁদি রূপার স্তবক যাহাতে গন্ধকাদি কোন পদার্থ মিশ্রিত থাকে না বা বিশুদ্ধ রৌপ্য অধঃ পতিত সূক্ষ্মচূর্ণ; নাইট্রিক এসিড দ্বারা দ্রবণীয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিচূর্ণ।

আমেরিকান্ ও ব্রীটিশ উভয় মতে বিচূর্ণ। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ। মহাত্মা হানিমান ইহা সুস্থ শরীরে পরীক্ষা করেন।

ব্যবহার।—১× হইতে ৩ বা ৬× বিচূর্ণ; ৪র্থ হইতে টিঞ্চার, গ্লবিউলঃ ইত্যাদি।

—*:*—

আর্জ্জেণ্টাম নাইট্রিকাম্।

(Argentum Nitricum)

সমসংজ্ঞা।—আর্জ্জেণ্টাই নাইট্রেট্। নাইট্রাস অভ সিল্‌ভার। লুনার কষ্টিক ইত্যাদি।

বিবরণ।—ইহা দেখিতে স্বচ্ছ ও দানা দানা। মহাত্মা হানিমানের উপদেশানুসারে পরীক্ষিত।

ঔষধ প্রস্তুতি।—বিশুদ্ধ রূপা তিন আউন্স, নাইট্রিক এসিড্ ২২। এবং পঃ জল ৫ আউন্স দিয়া যথানিয়মে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে পরিস্রুত জলে ১× তৃতীয় পর্য্যন্ত পরিস্রুত জল; ৪র্থ ক্রম ডাইলিউট এলকোহল তৎপরে রেক্‌টিফাইড স্পিরীট দ্বারা ক্রম প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{1}{10}$। একভাগে নয়ভাগ পঃ জল দিয়া ১× সলিউশন; ৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়। কেবল প্রভেদ

এই যে ১×হইতে ২×বা ৩×এবং ১ম ক্রম পর্য্যন্ত পঃ জলে। ৪×ডাঃ এলকোহলে প্রস্তুত হয়।

জার্ম্মান মতে।—৪×বা ২য় পর্য্যন্ত পরিস্রুত জলে ক্রম প্রস্তুত হয়।

বিশেষ দ্রষ্টব্য।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে। এতদ্ব্যতীত নিম্নলিখিত কয়েক প্রকারের **আর্জ্জেণ্টাম**—প্রস্তুতির কথা লিখিত আছে ;

(ক) **আর্জ্জেণ্টাম্ অকসাইডেটাম**—ইহা রৌপ্য ধাতুর রাসায়নিক প্রস্তুত পদার্থ। (খ) **আর্জ্জেণ্টাম আয়োডেটাম**—রৌপ্য ও আয়েডিন্। (গ) **আর্জ্জেণ্টাম ফস্ফরিকাম**—রৌপ্য এবং ফস্ফরসের রাসায়নিক সম্মিলন। (ঘ) **আর্জ্জেণ্ট-মিউর**—রৌপ্য ও হাইড্রক্লোরিক এসিড্। ইত্যাদি **আর্জ্জেণ্টাম** সকল গুলিই বিচূর্ণ নিয়মে প্রস্তুত হয় এবং আম্বার বর্ণের শিশিতে রাখা আবশ্যক।

—*:*—

এরিষ্টোলোকিয়া ক্লিমেটাইস্

(Aristolochia clematitis)

সমসংজ্ঞা। এরিষ্টোলোকিয়া ভলগারিস্। লঙ্ বার্থ ওয়ার্ট (Long birth root) ইত্যাদি।

জন্ম বা প্রাপ্তিস্থান। দক্ষিণ ইয়ুরোপে প্রাপ্ত হওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। তাজা বৃক্ষের মুল হইতে যথানিয়মে মূল অরিষ্ট প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে ঔষধ শক্তি (৬)।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

—*:*—

এরিষ্টোলোকিয়া মিলহোমেন্স।

(Arstolochia Milhomens)

সমসংজ্ঞা।—এরিষ্টোলোকিয়া গ্রাণ্ডি ফ্লোরা ; কা সিম্বিকিয়া ; ব্রেজেলিয়ান্ স্নেকরুট ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা ফুল হইতে যথা নিয়মে মূল ঔষধ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—ব্রীটিশ মতে—প্রুফ স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান মতে।—ঔষধ শক্তি ($\frac{1}{6}$)। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

—*:*—

এরিষ্টোলোকিয়া সার্পেণ্টেরাই।

(Aristolochia Serpentarii)

সমসংজ্ঞা।—সার্পেণ্টেরিয়া (Serpentaria); সুতরাং এতদ্বিষয় যথাস্থানে (সার্পেণ্টেরিয়া স্থলে) দ্রষ্টব্য।

—*:*—

আর্মেডিল্লে আফিসিনেরম্।

(Armadilla officinarum)

সমসংজ্ঞা। জার্ম্মান ফার্ম্মাকোপিয়া অনুসারে ইহাকে ওনিসিডি, আইসোপাড়া প্রভৃতি আখ্যা দেওয়া হয়।

প্রাপ্তিস্থান।—এসিয়া মাইনর ও ইয়ুরোপ।

ঔষধ ও ক্রম প্রস্তুত পদ্ধতি।—ঔষধার্থ শুষ্ক জন্তু ব্যবহার্য্য। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয় ইত্যাদি।

—*:*—

আর্ম্মোরেসিয়া।

(Armoracia)

সমসংজ্ঞা। কক্লিরিয়া আর্মেরেসিয়া দ্রষ্টব্য। হর্সরেডিস্; ক্রো-ফ্লাউয়ারস্ (Crowflowers)

ঔষধ প্রস্তুতি। ঔষধার্থ তাজা মূল গৃহীত হয়।

প্রাপ্তিস্থান। ইয়ুরোপের পশ্চিম প্রদেশে ইহা জন্মে।

ক্রম প্রস্তুতি। আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি ১/৬।

জার্ম্মান মতে।—তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে

ব্রীটিশ মতে। প্রুফ্‌ স্পিরীট দ্বারা মূল অরিষ্ট প্রস্তুত হয়।

—:*—

আর্ণিকা মণ্টেনা।

(Arnica montana)

সমসংজ্ঞা—লিওপার্ডস্ বেন (Leopards bane)

প্রাপ্তিস্থান।—ইয়ুরোপ, আমেরিকা, সুইজারলাণ্ড প্রভৃতি দেশে এই গুল্ম জাতীয় বৃক্ষ জন্মে।

বিবরণ।—জুলাই ও আগষ্ট মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত পদ্ধতি। ব্রীটিশ মতে—সমস্ত বৃক্ষ, মূল ও ফুল বাদ যায় না।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—ব্রীটিশ মতে—শিকড় হইতে প্রুফ্‌স্পিরীট দিয়া মাদার টিঞ্চার। দুইভাগ মূলচূর্ণ ডাটাসহ পাতা ১ভাগ ও ফুল ১ ভাগ উত্তমরূপ মিশাইয়া ১০ গুণ প্রুফ্ স্পিরীট দ্বারা বাহ্য প্রয়োগ করণার্থ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—দুইভাগ মূল, ডাটা পাতা একভাগ ও ফুল একভাগ লইয়া যথা নিয়মে এল্‌কোহলে ভিজাইয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ইহার ঔষধ শক্তি (১/৬)। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

কেবল শিকড় দ্বারা যে মাদার টিঞ্চার হয় উহার নাম (Arnica E Radice) আর্ণিকা ই র‍্যাডিসি কহে।

ইহার ঔষধ শক্তি ১/১০। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

বিশেষ দ্রষ্টব্য—ফুলে এক প্রকার বিষাক্ত কীট থাকে, এজন্য সতর্ক ভাবে উহা গ্রহণ করা উচিত।

জার্ম্মানির ফার্ম্মাকোপিয়া মতে—শুষ্ক মূল হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

আর্সেনিকাম্ এলবাম্।

(Arsenicum Album)

সমসংজ্ঞা।—এসিডাম্ আর্সেনিয়োসম্; হোয়াইট আর্সেনিক। সেঁকো; সিমুলক্ষার ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে—ইহার চূর্ণ ৯৬ গ্রেণ একটী ত্রিশ আউন্স ধরে এরূপ মাপের ফ্লাস্কে (কাচপাত্রে) দিয়া উহাতে ২০ আউন্স পরিস্রুত জল দিয়া জলের সীমা পর্য্যন্ত উহার গায়ে একটী চিহ্ন দিয়া মৃদু সন্তাপে জ্বাল দিবে, সময়ে সময়ে যে টুকু কমিয়া যাইবে উহা পূরণ করিবে। সমুদায় আর্সেনিক মিশিয়া যাইলে আর পরিস্রুত জল দিতে হইবে না, কেবল জ্বাল দিয়া ১৫ আউন্স থাকিতে নামাইয়া শীতল হইলে রেক্‌টীফাইড্ স্পিরীট মিশ্রিত করিয়া এক পাইণ্ট পূরণ করিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুতি।—এই সোলিউশন (১ ভাগে একশত ভাগ) ২× বা ১ম ক্রম সমান। ৩× করিতে ২০ ওভার প্রুফ্ স্পিরিট এবং তদূর্দ্ধ ক্রম রেক্‌টিফাইড্ স্পিরীট দ্বারা প্রস্তুত হয়। ইহার বিচূর্ণ ক্রমও প্রস্তুত হইয়া থাকে।

আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে।—একভাগ চূর্ণ আর্সেনিক এসিড্, বাইট্ ভাগ পরিস্রুত জলে জ্বাল দিয়া দ্রব করিয়া শীতল হইলে ব্লটিং কাগজে ছাকিয়া পরিস্রুত জল মিশাইয়া নব্বই ভাগ পূরণ করিবে এবং উহার সহিত দশভাগ এল্‌কোহল (শতকরা ৯৫ ভাগ) যোগ করিলে—২× ক্রম সলিউশন হইবে।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে।—৬ষ্ট শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়। বিচূর্ণ ক্রম করিতে অবশ্যই ৭ম শ্রেণীর মত গ্রাহ্য।

ইহার ঔষধ শক্তি ১০০০।

—**—

আর্সেনিকাম্—সাইট্রিনম্।

(Arsenicum Citrinum)

সমসংজ্ঞা।—অর্পিমেণ্ট; আর্সেনিকাম্ সলফিউরেটম্ ফ্লেভম; ইয়েলো সলফিউরেট অভ আর্সেনিক্; হরিতাল। আর্সেনিয়স্ সলফাইড্। ইহা স্বভাবে পাওয়া যায় এবং যৌগিকরূপে প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে বিচূর্ণ, ৭ম শ্রেণীর অন্তর্গত। **ব্রীটিশ মতেও** বিচূর্ণ।

—*:*—

আর্সেনিকাম্ হাইড্রোজিনিসেটাম্।

(Arsenicum Hydrogenisatum)

সমসংজ্ঞা।—আর্সেনেটেড্ হাইড্রোজেন; আর্সিন। হাইড্রোজেন্ আর্সেনাইড্।

ঔষধ ও ক্রম প্রস্তুতাদি।—ব্রীটিশ মতে ইহার স্যাটুরেটেড্ সলিউসন সহ সমভাগে পরিস্রুত জল মিশাইয়া ১ × ক্রম প্রস্তুত করা হয়।

আমেরিকান্ ফার্ম্মোকোপিয়া মতে ইহার ৫ম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

বিশেষ সতর্কতা সহ এই বাষ্প প্রস্তুত করিতে হয়। ইহার আঘ্রাণে শীঘ্রই মৃত্যু সম্ভব।

১৭৭৫ খ্রীষ্টাব্দে শীল সাহেব আবিষ্কার করেন। হাইড্রোজেন প্রস্তুত করিবার যন্ত্রের ভিতর আর্সেনিক প্রভৃতি মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়।

এই বিষাক্ত ধর্ম্ম বিশিষ্ট বাষ্পের বুদ্ বুদ্ প্রমাণ বাষ্প জীবদেহে প্রবেশ করিলে মৃত্যু সংঘটিত হয়। কলিকাতায় রবার্টসন সাহেব অধ্যাপনা কালে ইহা কর্ত্তৃক আক্রান্ত হইয়া অচৈতন্যাবস্থায় ভূতলে পতিত হইয়াছিলেন। তখন সুচিকিৎসক দ্বারা জীবন থাকে বটে, কিন্তু চিরদিনের জন্য অকর্ম্মণ্য হইয়া পড়েন। এই ঘটনার পরে তাঁহার মৃত্যু হয়।

এই জন্যই সাবধান করা যাইতেছে যে এই সাক্ষাৎ শমন সদৃশ পদার্থ অতি সাবধানে প্রস্তুত ও ব্যবহার করিতে হয়।

আর্সেনিকাম্ আয়োডেটাম্।

(Arsenicum Iodatum)

সমসংজ্ঞা।—আয়োডাইড্ অভ্ আর্সেনিক।

প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে একভাগ ধাতব আর্সেনিক সহ ৫ ভাগ আয়োডিন্ সংমিশ্রণে ইহা প্রস্তুত হয়।

আমেরিকান মতে।—একভাগে তিনভাগ দিয়া প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ হইয়া থাকে।

ব্রীটিশ মতেও।—বিচূর্ণ।

—*:*—

আর্সেনিকাম মিটালিকাম্।

(Arsenicum Metallicum)

সমসংজ্ঞা।—মেটালিক্ আর্সেনিক্।

বিবরণ।—ইহা প্রায় বিশুদ্ধ ভাবে পাওয়া যায় না; সলফরের সহিত সর্ব্বদা মিশ্রিত থাকে। ইহার বর্ণ ঘন ধূসর। যথা নিয়মে পরিশুদ্ধ করিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ।

ব্রীটিশ মতেও বিচূর্ণ।

—*:*—

আর্সেনিকাম্ রুব্রাম্।

(Arsenicum Rubrum)

সম সংজ্ঞা।—আর্সেনিকম্ সল্ফিউরেটাম্ রুব্রাম্; আর্সেনিক্ বাই-সল্ফাইড্; আর্সেনিয়াস্ ডাই-সলফাইড্; সাণ্ডারাক্ ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—হঙ্গেরি, বোহিমিয়া প্রভৃতি স্থানে প্রচুর পাওয়া যায়। কমলালেবুর বর্ণ (Orange red) হরিতাল্ সদৃশ পদার্থ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ও ব্রীটিশ উভয় মতেই—বিচূর্ণ (Trituration)।

আর্টিমিসিয়া ভল্‌গেরিস্‌।

(Artemisia Vulgaris)

সমসংজ্ঞা।—মগ্‌ওয়ার্ট (mugwort) ইয়ুরোপে এই ভেষজের জন্ম। এই ঔষধ নোয়াক্‌ ও ট্রিঙ্কস্‌ আবিষ্কার করেন।

ঔষধ প্রস্তুতি।—তাজা মূল হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে—প্রুফ স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্‌ মতে।—ভৈষজশক্তি (⅙)। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করা হয়।

—*:*—

এরাম্‌ ম্যাকুলেটম্‌।

(Arum Maculatum)

সমসংজ্ঞা।—এরাম্‌ ভল্‌গেরি; স্পটেড্‌ এরাম্‌। ওলজাতীয় বৃক্ষ।

প্রাপ্তিস্থান।—দক্ষিণ ইয়ুরোপে অধিক প্রাপ্তব্য।

মহাত্মা ডাং হেরিং দ্বারা প্রথম পরীক্ষিত।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া বা পদ্ধতি। ব্রীটিশ মতে।—ডাইলিউট এল্‌কোহল দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান মতে।—ভৈষজ শক্তি ½। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, টিঞ্চার ইত্যাদি।

—*:*—

এরাম্‌ ট্রাফাইলম্‌।

(Arum Triphyllum)

সমসংজ্ঞা।—ইণ্ডিয়ান্‌ টার্ণিপ। ওল জাতীয় পদার্থ।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—তাজা মূল বা কন্দ হইতে যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে।—ভৈষয্য শক্তি (⅙)। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ডাক্তার হেল্ বলেন তাজা মূল হইতে ট্রাইটুরেশন প্রস্তুত করিয়া রৌদ্র ও আলোক না লাগে এরূপ করিয়া রাখা কর্ত্তব্য।

—*:*—

এরাণ্ডো মারিটানিকা।

(Arundo Mauritinica)

সমসংজ্ঞা।—রিড্ (Reed); এক প্রকার ইতালীয় তৃণ বা ঘাষ।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এসাফিটীডা।

(Asafitida)

সমসংজ্ঞা। ডেভিল্‌স্ ডং (Devils dung); হিঙ্গু।

প্রাপ্তিস্থান ও বিবরণ। হিঙ্গু জাতীয় তরুণ বৃক্ষের মূলের নির্য্যাস। পারস্য ও পঞ্জাবে সমভাবে প্রাপ্ত হওয়া যায়। ইহা গদ বা ধুনাযুক্ত নির্য্যাস।

বিবরণ।—ইহা উগ্র ও দুর্গন্ধযুক্ত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে—৫ গুণ এল্‌কোহল দিয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ভেষজ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। (শতকরা ৯৫ অংশ এল্‌কোহল)।

ব্রীটিশমতে।—মাদার টিঞ্চার প্রস্তুতার্থ রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হয়।

-*:*-

এসেরাম্।

(Asarum.)

সমসংজ্ঞা।—এসেরাম ইয়ুরোপিয়ান্। ইয়ুরোপিয়ান স্নেক্রুট ইত্যাদি। এসেরাম্ ভল্গেরি।

প্রাপ্তিস্থান।—ইয়ুরোপ ও জার্ম্মনি দেশে।

ঔষধার্থ প্রস্তুতি।—মে মাসের বৃক্ষ সমূলে লইয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চার প্রস্তুত করিতে প্রূফ্ স্পিরীট ব্যবহৃত হয়।

আমেরিকান্ মতে।—ভৈষজ শক্তি ⅒। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এসেরাম্ ক্যানাডেন্সি।

(Asarum Canadense)

সমসংজ্ঞা।—ওয়াইল্ড্ জিঞ্জার (wild ginger)

প্রাপ্তি স্থান।—ক্যানাডা প্রভৃতি দেশে প্রভূত প্রাপ্ত হওয়া যায়।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ইহার মূল হইতে যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। ভেষজ শক্তি ⅙।

তৃতীর শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করা যায়।

—*:*—

এস্ক্লেপিয়াস্ ইন্কার্ণেটা।

(Asclepias Incarnata.)

সমসংজ্ঞা।—এমিনা; সিল্ক উইড্ ইত্যাদি।

প্রাপ্তিস্থান। আমেরিকার আর্দ্র স্থানে প্রচুর পাওয়া যায়।

ঔষধ প্রস্তুতি।—যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। ঔষধার্থ তাজা মূল গৃহীত হয়।

আমেরিকান্ মতে। ভেষজ শক্তি (⅒)। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

এস্ক্লেপিয়াস্ সিরিয়েকা।

(Asclepias Syriaca.)

সমসংজ্ঞা।—ইহাও একপ্রকার সিল্ক উইড্; সিল্ক উইড্।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া। তাজা মূল হইতে যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে। ইহারও ভেষজ শক্তি ⅙। তৃতীয় নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—তাজা মূল শুষ্ক করিয়া ট্রাইটুরেশন প্রস্তুত হয়।

—*—

এস্ক্লেপিয়াস্ টুবরোসা।

(Asclepias Tuborosa.)

সমসংজ্ঞা।—কলিক্ রুট্; প্লুরিসি রুট্।

ঔষধ প্রস্তুতি।—ক্যানাডার একপ্রকার গাছ। ইহার মূল হইতে যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি। ঔষধ শক্তি (⅙)। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—টিঞ্চার ও ট্রিটুরেশন বা বিচূর্ণ প্রস্তুত হয়।

—*:*—

এস্ক্লেপিয়স্ ভিনসিটক্সিকাম্।

(Asclepias Vincetóxicum.)

সমসংজ্ঞা।—হোয়াইট্ সোয়ালো ওয়ার্ট।

প্রাপ্তিস্থান।—ইয়ুরোপ খণ্ডে ইহা সর্ব্বদা জন্মে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—তাজাপত্র লইয়া যথানিয়মে মূল ঔষধ প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ভেষজ শক্তি (½)। দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

এসিমিনা ট্রাইলোবা।

(Asimina Triloba.)

সমসংজ্ঞা।—এননা ট্রাইলোবা ; উভেরিয়া ট্রাইলোবা কমন্ ; পপা।

প্রাপ্তিস্থান। আমেরিকা বা যুক্তরাজ্যে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—সুপক্ক বীজ চূর্ণ হইতে যথানিয়মে মূল অরিষ্ট প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ভেষজ শক্তি ($\frac{১}{১০}$)। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

এস্পারেগাস্ অফিসিনালিস্।

(Asparagus officinalis)

সমসংজ্ঞা।—এস্পারেগাস্।

প্রাপ্তিস্থান। ইয়ুরোপ খণ্ডে প্রচুর পাওয়া যায়।

বিবরণ।—**ডাক্তার বুক্‌নার** ইহা প্রথমে পরীক্ষা করেন্।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ভেষজ শক্তি ($\frac{১}{৬}$)। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশমতে—মাদার টিঞ্চার প্রস্তুতার্থ ডাইলিউট এল্‌কোহল ব্যবহৃত হইয়া থাকে।

—*—

এস্পেরুলা ওডোরেটা।

(Asperula odorata)

সমসংজ্ঞা।—সুগন্ধযুক্ত উড্‌রফ্ (wood ruff)

প্রাপ্তিস্থান।—এই উদ্ভিদ ইয়ুরোপ ও এফ্রিকায় জন্মে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে ভেষজ-শক্তি ($\frac{১}{৬}$) তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*—

এস্প্লেনিয়ম্ স্কোলোপেণ্ড্রিয়াম্।

(Asplenium Scolopendrium)।

সমসংজ্ঞা।—হর্টস টং—(Harts tongue)

জন্ম বা প্রাপ্তিস্থান।—ইয়ুরোপ ও আমেরিকায় ইহা প্রচুর পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পাতা হইতে মাদার টিঞ্চার। পত্রাদি থেতো করিয়া উহাতে এল্কোহল দিয়া যথানিয়মে মাদার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—ঔষধশক্তি ⅙। **আমেরিকান্ মতে—** তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত সমাহিত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার; ইত্যাদি।

—*:*—

এষ্টেরিয়াস্ রুবেন্স।

(Asterius Rubens.)

সমসংজ্ঞা।—ষ্টার ফিস্ (Star fish)

জন্মস্থান।—এই সমুদ্রজ জীব আমেরিকায় ও ইয়ুরোপের উপকূলে প্রাপ্তব্য। ইহা দেখিতে পাঁচটী পুচ্ছযুক্ত নক্ষত্রের ন্যায়। ইহা হইতে যথানিয়মে অরিষ্ট প্রস্তুত হয়। ডাঃ পিট্রোজ ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—জীবন্ত জন্তু খণ্ড খণ্ড করিয়া কাটিয়া এলকোহলে ভিজাইয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{1}{10}$। চতুর্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

এথামানটা।

(Athamanta.)

সমসংজ্ঞা।—হার্ব্বা ওরিয়োসেলেনি।

প্রাপ্তিস্থান।—মধ্য ইয়ুরোপে ইহা প্রচুর পাওয়া যায়।

ঔষধ প্রস্তুতি।—ঔষধার্থ সমস্ত বৃক্ষ ব্যবহৃত হয়। ফুল হইবার পূর্ব্বে বৃক্ষ সংগ্রহ করা কর্ত্তব্য।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশমতে।—মাদার টিঞ্চার যথানিয়মে প্রুফ্ স্পিরীট দ্বারা প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার ; টিঞ্চার ইত্যাদি।

এট্রিপ্লেক্স ওলিডম্।

(Atriplex olidum)

সমসংজ্ঞা।—চিনোপোডিয়ম্ ওলিডম।

জন্মস্থান।—ইয়ুরোপে এই বৃক্ষ জন্মে। ডাক্তার বেরিজ প্রথমে এই ঔষধ পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—তাজা বৃক্ষ থেতো করিয়া দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। ঔষধ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

এট্রোপিনম্।

(Atropinum)

সমসংজ্ঞা।—এট্রপিয়া (এট্রোপিন্)। বেলাডনা ঔষধের উপক্ষার।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—বেলাডনার মূল হইতে যথানিয়মে মূল ঔষধ প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশমতে।—বিচূর্ণ এবং রেক্‌টিফাইড্ স্পিরীটে সলিউসন।

ব্যবহার।—৩ পর্য্যন্ত বিচূর্ণ তৎপরে টিঞ্চার ইত্যাদি।

—*:*—

এট্রোপিনম্ সলফিউরিকাম্।

(Atropinum Sulfuricum.)

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—নিম্নলিখিত ফর্ম্মূলা বা প্রণালী অনুসারে ইহা প্রস্তুত হয় ;—

এট্রপিয়া —— ১২০ গ্রেণ।

পরিস্রুতজল—৪ ড্রাম।

ডাইলিউট্ সলফিউরিক্ এসিড্ যথামাত্রা। (a Sufficieney)

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্ মতে।—১ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশমতে।—পরিস্রুত জলে ১× ; ২ম ক্রমের সময় শতকরা ৫ ভাগ স্পিরীট মিশ্রিত করিতে হয়। ৩× ক্রম ডাঃ এলকোহলে। তৎপরে রেক্‌টি-স্পিরীট ব্যবহৃত হইয়া উচ্চ ক্রম প্রস্তুত হয়।

অরম মিটালিকাম্।

(Aurum metallicum.)

সমসংজ্ঞা।—অরম্ ফোলিয়েটাম্ ; অরম। স্বর্ণ। তাম্র বা রৌপ্য মিশ্রিত স্বর্ণ ঔষধার্থ গৃহীত হওয়া উচিত নহে।

মহাত্মা হানিমান ইহা হোমিওপ্যাথিক ভৈষজ্য মধ্যে প্রথম সন্নিবেশিত করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। প্রিসিপিটেটেড্ ধাতু গ্রহণ—

আমেরিকান্ মতে।—(৭) শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশমতে ঔষধার্থ বিশুদ্ধ স্বর্ণের পাত ব্যবহার্য্য।

এবং প্রিসিপিটেটেড্ (অধঃপতিত) গোলড্ ব্যবহৃত হইয়া থাকে।

ব্যবহার। ১× হইতে ৩ বিচূর্ণ। তৎপরে টিঞ্চার ; পিল্ ইত্যাদি।

—*:*-

অরম মিউরিয়েটিকাম্।

(Aurum muriaticum)

সমসংজ্ঞা।—অরাই ক্লোরাইডম্; মিউরিয়েট্ অভ গোল্ড।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ স্বর্ণ একভাগ এবং চারিভাগ নাইট্রোমিউরিয়াটিক এসিড্ মৃদু সন্তাপে যথা প্রক্রিয়া অনুসারে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ ক্লোরাইড অভ্ গোল্ড এক ভাগ এবং নয়ভাগ পরিস্রুত জল সংমিশ্রণে দ্রব প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ঔষধশক্তি $\frac{1}{10}$। ৫ম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়। বিচূর্ণ ক্রম ৭ম শ্রেণীর মতে প্রস্তুত করা হয়।

জার্ম্মানির মতে।—১ × হইতে ৪ × পর্য্যন্ত পরিস্রুত জলে দ্রবণীয়।

ব্রীটিশমতে।—স্বর্ণপাত—৬২$\frac{1}{2}$ গ্রেণ

এসিড নাইট্রিক—১$\frac{1}{2}$ আউন্স

মিউরিয়েটিক এসিড—৭ আউন্স

পরিস্রুত জল—প্রভৃতি

২১২ ডিগ্রীর তাপে প্রস্তুত হয়।

সলিউশন ১ × সদৃশ। ১ম ক্রম জন্য পঃ জল। ৪ × পর্য্যন্ত ডাঃ এলকোহল। ৫ × হইতে এলকোহল ব্যবহার্য্য।

এম্বারবর্ণ শিশিতে ক্রমগুলি রক্ষা করা কর্ত্তব্য।

ব্যবহার।—১ × হইতে ৪ × পর্য্যন্ত সলিউশন। তৎপরে টিঞ্চার ইত্যাদি।

অরম মিউরিয়েটিকাম্ নেট্রোনেটাম্।

(Aurum Muriaticum—Natro-Natum).

সমসংজ্ঞা।—অরাই এট্ সোডিয়াই ক্লোরাইডম্; অরি। সোডিক্ ক্লোরাইড; ক্লোরাইড্ অভ্ গোল্ড এণ্ড সোডিয়ম।(chloride of gold and sodium)।

ইহা ক্লোরাইড্ অভ গোল্ড এবং সোডিয়মের যথা নিয়মে প্রস্তুত করা সলিউশনের সংমিশ্রণ হইতে উৎপন্ন হয়।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—সল্টের ভাগ জলে গলিয়া যায় কিন্তু এল-কোহলে কেবল ক্লোরাইড্ অভ্ গোল্ডের ভাগ দ্রবিত হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—১ × এবং ১ম বা ২ × ক্রম জন্য পরিস্রুত জল ; ৩ × এবং ৪ × বা ২য় জন্য ডাইলিউট এল্‌কোহল্। ৫ × বা তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টি-ফাইড স্পিরীট ব্যবহৃত হয়।

অরম সলফিউরেটাম্।

(Aurum Sulphuratum)

সমসংজ্ঞা।—সল্‌ফিউরেটেড্ গোল্ড। ইয়োলো সল্‌ফিউরেট্ অভ্ গোলড্। ডাক্তার মেলিন (Dr. Molin) কেবল এই ঔষধটী প্রস্তুত ও ব্যবহার করেন।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

বেডিয়াগা।

(Badiaga.)

সমসংজ্ঞা।—রিভারস্পঞ্জ ; স্পঞ্জিয়া প্যালুষ্ট্রীস্।

প্রাপ্তিস্থান।—জার্ম্মানি ও রুসিয়ার বদ্ধ জলে এই পদার্থ প্রচুর জন্মিয়া থাকে।

ঔষধ ও ক্রম প্রস্তুতি।—শুষ্কপদার্থ সহ ৫ গুণ এলকোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর মতে তরল ক্রম এবং ৭ম শ্রেণীর মতে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

বাল্‌সেমম্ পেরুভিয়ানম্।

(Balsamum Peruvianum)

সমসংজ্ঞা।—বাল্‌সম্ অভ্ পেরু; কুইন্-কুইনো।

ঔষধ প্রস্তুতি।—এক প্রকার বৃক্ষ ত্বক্ দিয়া ধুনার মত আটা নির্গত হয়। মধ্য আমেরিকায় প্রচুর পাওয়া যায়।

বিবরণ।—ইহা প্রথমে জার্ম্মানী দেশে লেম্বকী সাহেব কর্ত্তৃক পরীক্ষিত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে। ইহার ভেষজ শক্তি ১/১০। ৫ শ্রেণীর (ক) নিয়মে ইহার ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—রেক্‌টিফাইড্ স্পিরীটে দ্রবণীয়। ১ম ক্রম হইতে উচ্চক্রম এইরূপ [illegible]কোহল দ্বারা প্রস্তুত হয়।

ব্যাপ্টিসিয়া।

(Baptisia)

সমসংজ্ঞা।—ওয়াইল্‌ড্ ইণ্ডিগো। সোফোরা টিঙ্কোরিয়া।

জন্মস্থান।—যুক্ত রাজ্যে ইহা প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। পারস্য দেশে ইহা অধিক জন্মায়। জুলাই হইতে সেপ্টেম্বর মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুতি।—তাজা মূল ও ত্বক সহ এল্‌কোহল মিশ্রিত করিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে ভেষজ শক্তি ১/৬। তৃতীয় শ্রেণীর নিয়মে অনুসারে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফস্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মূলারিষ্ট, টিঞ্চার, বটিকা, অনুবটিকা ইত্যাদি।

—*:*—

ব্যারাইটা এসিটিকা।

(Baryta Acetica)

সমসংজ্ঞা।—এসিটেট্ অভ্ বেরিয়ম্; বেরিক এসিটেট্।

ঔষধ ও ক্রমপ্রস্তুত প্রকরণ।—১× সলিউশন প্রস্তুত করিতে পরিস্রুত জল প্রয়োজন।

আমেরিকান্ মতে।— ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৫ম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়। বিচূর্ণ জন্য ৭ম শ্রেণীর নিয়ম গ্রাহ্য।

ব্রৌটিশ মতে।—২× বা ১ম ক্রম জন্য ডাইলিউট এল্কোহল; তৎপরে রেক্টিফাইড স্পিরীট ব্যবহার্য্য।

ব্যবহার।—১× বা ১ম সলিউশন। ৩× হইতে টিঞ্চার; পিলিউল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

ব্যারাইটা কার্ব্বনিকা।

(Baryta carbonica)

সমসংজ্ঞা।—বেরিয়াম কার্ব্বনেট। কার্ব্বনেট অভ্ বেরিয়ম্।

বিবরণ।—মহাত্মা হানিমানের উপদেশ ও পরামর্শানুসারে ইহা প্রথম পরীক্ষিত হয়। ক্লোরাইড্ অভ্ বেরিয়াম্ সহ কার্ব্বনেট্ অভ্ এমোনিয়া সংযোগে এই রাসায়নিক দ্রব্য প্রস্তুত হয়।

ক্রমপ্রস্তুত প্রক্রিয়া।—ব্রৌটিশ ও আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া অনুসারে বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ। ৪র্থ হইতে উচ্চক্রম টিঞ্চার পিলিউল, গ্লবিউল, চাকৃতি ইত্যাদি।

—**—

ব্যারাইটা আয়োডেটা।

(Baryta Iodata)

সমসংজ্ঞা।— বেরিয়াম্ আয়োডাইড্। আয়োডাইড্ অভ্ বেরিয়াম্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়ম অনুসারে প্রথম বিচূর্ণ ক্রম, পরে যথানিয়মে তরল ক্রমে পরিণত করা যায়।

ব্রীটিশমতে—১× পরিস্রুত জল; ৩ পর্য্যন্ত ডাঃ এল্‌কোহল। পরে এল্‌কোহল দ্বারা উচ্চ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ, পরে টিঞ্চার; পিলিউল্; গ্লবিউল্ ইত্যাদি।

ব্যারাইটা মিউরিয়েটিকা।

(Baryta Muriatica)

সমসংজ্ঞা।—বেরিয়াম ক্লোরাইড্।

বিবরণ।—মহাত্মা হানিমান কর্ত্তৃক প্রথমে ইহা পরীক্ষিত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ১/১০। একাংশ ঔষধ দ্রব্য সহ ৯ অংশ জল মিশাইলে সলিউশন প্রস্তুত হয়। ইহা ৫ম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়। ৭ম শ্রেণীর মতে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশমতে।—পরিস্রুত জলে ১× সলিউশন। ২× ক্রম জন্য ডাইলিউট এল্‌কোহল ব্যবহার্য্য।

ব্যবহার।—১× সলিউশন; ৩× হইতে টিঞ্চার ইত্যাদি।

—*:*—

বেলাডনা।

(Belladonna)

সমসংজ্ঞা।—সোলেনম সম্‌নিফেরম; ডেড্‌লি নাইটসেড্।

জন্মস্থান।—দক্ষিণ ইয়ুরোপ এবং পশ্চিম ও মধ্য এসিয়ার পার্শ্ব ভাগে পার্ব্বত্য প্রদেশে এই ক্ষুদ্র বৃক্ষে জন্মে।

বিবরণ।—মহাত্মা হানিমান কর্ত্তৃক প্রথমে পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। টাট্‌কা বৃক্ষ হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে। ভৈষজ শক্তি ½। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চারের শক্তি ডাইলিউট এল্‌কোহল। ১মক্রম করিতে ১½ ভাগ ঔষধ এবং ৮½ ভাগ ডাইলিউট এল্‌কোহল দিতে হয়। ১ম ক্রম করিতে ১৫ বিন্দু মাদার ও ৮৫ বিন্দু এল্‌কোহল মিশ্রিত করিতে হয়।

ব্যবহার।—টিঞ্চার; গ্লবিউল; পিলিউল ইত্যাদি।

—**—

বেলাডনা মূল হইতে (Belladonna E Radice)—যে এক প্রকার অরিষ্ট প্রস্তুত হয়, **আমেরিকান্ মতে**—উহারও ঔষধ শক্তি (½)। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়

বেলিস্ পেরেন্নিস্।
(Bellis Perennis)

সমসংজ্ঞা।—গার্ডেন দেইসি; হেন্স্ এণ্ড চিকেন্স।

বিবরণ।—ইয়ুরোপের সর্ব্বত্রই জন্মে। বসন্ত ও গ্রীষ্মকালে ফুল ফুটে। প্রথম ডাক্তার টমাসের দ্বারা পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ মতে** সমস্ত বৃক্ষ হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ½। প্রথম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চার প্রুফ্‌স্পিরীটে হইয়া থাকে।

বেন্‌জিনম্ নাইট্রীকাম্।

(Benzinum Nitricum)

সমসংজ্ঞা।—নাইট্রোবেন্‌জোলম্।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—একভাগ ঔষধ দ্রব্য, ৯ ভাগ এল্‌কোহল সহ দ্রবণীয়। (যে এল্‌কোহলে শতকরা ৯৫ অংশ এলকোহল্ আছে।)

ঔষধ শক্তি $\frac{1}{10}$। ইহার ক্রম প্রস্তুত জন্য ৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়ম অবলম্বনীয়।

—**—

বার্ব্বারিস্।

(Berberis)

সমসংজ্ঞা।—বার্ব্বারিস্ ভলগারিস্; স্পাইনা এসিডা।

প্রাপ্তিস্থান।—ইয়ুরোপে প্রচুর জন্মে। এসিয়া ও হিমালয়ে পাওয়া যায়। ডাক্তার হেরিং কর্ত্তৃক প্রথমে পরীক্ষিত হয়।

ঔষধ ও ক্রম প্রস্তুতি।—তাজা মূলের ছাল হইতে যথা নিয়মে আমেরিকান্ মতে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফস্পিরীটে বড় বড় মূলের ছাল এবং ক্ষুদ্র ক্ষুদ্র মূল হইতে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—**—

বিস্মথম্ মিটালিকাম্।

(Bismuthum Metalicum)

সমসংজ্ঞা।—বিস্মথ্; মিটালিক্ বিস্মথ্।

বিবরণ।—এই ধাতু মুক্তাবস্থায় অবস্থিতি করে। ইহা স্যাক্সনি প্রভৃতি স্থানে যথেষ্ট পাওয়া যায়। ইহা কঠিন ও ভঙ্গুর; দেখিতে লোহিতাভ শ্বেতবর্ণ দানাবিশিষ্ট ধাতু।

নাইট্রিকএসিডে সহজে দ্রবীভূত হয়। ইহার নানাবিধ যৌগিক দ্রব্য দেখা যায়। বাজারের বিস্মাথে আর্সেনিক, লৌহ প্রভৃতি দ্রব্য মিশ্রিত থাকে। এজন্য বিশুদ্ধ ধাতু ব্যতীত হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত করা উচিত নহে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ ধাতু লইয়া বিচূর্ণ করা হয়।

আমেরিকান্ মতে—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্রীটিশ মতেও—বিচূর্ণ।

ব্যবহার।—১× হইতে ৩ পর্যন্ত বিচূর্ণ; পরে তরল ক্রম এবং বটিকা সংপ্রস্তুত হইয়া থাকে।

—*:*—

বিস্মথাম্ অক্সাইডেটম্।
(Bismuthum Oxidatum)

সমসংজ্ঞা।—অক্সাইড্ অভ্ বিস্মথ; ট্রিঅক্সাইড্ বিস্মথ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিস্মথ ক্লোরাইড্ সহ ষ্ট্যানাউস্ ক্লোরাইড্ এবং পোটাসিয়ম হাইড্রেট্ মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়। ইহা অক্সিজেনের সহিত আপনি সংযুক্ত হইয়া বিস্মাথিক্ অক্সাইডে পর্য্যবসিত হয়।

স্বরূপ।—ইহা দেখিতে পীতাভ চূর্ণ, ইহা নাইট্রিক এসিডে এবং সলফিউরিক এসিডে সহজে দ্রবীভূত হয়।

ইহা প্রথমে মহাত্মা হানিমান কর্ত্তৃক পরীক্ষিত।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। বিশুদ্ধাবস্থায় গ্রহণ করিয়া **আমেরিকান্ মতে** বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্যবহার।—৬× এর পরে তরল ক্রম করা যায়।

—*:*—

বিস্মথম্ সব্নাইট্রিকাম্।
(Bismuthum Subnitricum)

সমসংজ্ঞা।—সব নাইট্রেট্ অভ্ বিস্মথ্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—নাইট্রিক এসিডে বিস্মথ ধাতু কিম্বা কার্ব্বনেট্ অথবা অক্সাইড্ দ্রবীভূত করিলে ইহা প্রস্তুত হয়।

বিবরণ।—ইহা দেখিতে শ্বেত দানা বিশিষ্ট পদার্থ। ইহার সহিত জল মিশ্রিত করিলে শ্বেত বর্ণ অধঃপতন হয়। যাহাকে সাব নাইট্রেট্ বা ট্রিস্ নাইট্রেট্ কিম্বা হোয়াইট্ ফ্লেক্ কহে।

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে অগ্রে বিচূর্ণ; পরে উচ্চক্রম তরল আকারে প্রস্তুত করিতে হয়।

—*:*—

ব্লাটা আমেরিকানা।

(Blatta Americana)

সমসংজ্ঞা।—এমেরিক্যান্ ককরোক্।

প্রাপ্তিস্থান বা বিবরণ।—(আমেরিকান্ তেলাপোকা ব্রেজিলে অধিক পাওয়া যায়)।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জীবন্তাবস্থায় পেষণ করতঃ ৯ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত করিতে হয়।

"ব্লাটা-ওরিয়েণ্টেলিস্" নামক ঔষধের এই নিয়মে ত্রিবিচূর্ণ এবং টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

বোলেটস্ লেরিসিস্।

(Boletus Laricis)

সমসংজ্ঞা।—ফসস্ লেরেসিস্; বা পলিপোরস্ অফিসিন্যালিস্।

মন্তব্য।—ইহা ডাক্তার বার্ট কর্ত্তৃক পরীক্ষিত হইয়াছিল।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বেঙের ছাতা বিশেষ পদার্থ; ইহা শুষ্ক করিয়া, ৫ পাঁচগুণ এলকোহল দিয়া যথানিয়মে মূল ঔষধ প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{1}{10}$।
৪র্থ শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত করিত হয়। ৭ম শ্রেণীর মতে বিচূর্ণও হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—ডাইলিউট এল্‌কোহল দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

বোলেটস্ স্যাটানাস্।
(Boletus Satanus)

বিবরণ। ইহাকে সয়তানের ছাতা বা Satans fungus কহে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ইহা আমেরিকান্ মতে ৯ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

বোরাক্স।
(Borax)

সমসংজ্ঞা।—নেট্রাম বাইবোরেকিকাম; বোরাক সোডিকাস্। বোরেট্ অভ্ সোডিয়ম।

বিবরণ।—১৮০৮ খৃষ্টাব্দে গেলমাক সাহেব কর্ত্তৃক আবিষ্কৃত। হোমিও-প্যাথিতে মহাত্মা হানিমান কর্ত্তৃক সুস্থ দেহে পরীক্ষিত।

সোহাগা বোরাসিক এসিডের লবণ। ইহা দুই প্রকার—দানাদার ও দানা-বিহীন (আমেরফাস্)।

প্রাপ্তিস্থান।—পেরু ও ক্যানাডায় প্রচুর পাওয়া যায়। বিশুদ্ধ সোহাগা ঔষধার্থ গৃহীত হয় (ইহার সহিত এলাম প্রভৃতি বিমিশ্রিত থাকে)।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—একভাগ সোহাগা ৯৯অংশ পরি-স্রুত জলে দ্রবণীয়।

আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{100}$। ৫ম শ্রেণী (ক) নিয়মে তরল ক্রম প্রস্তুত হয়। ৭ম শ্রেণী মতে বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—পরিস্রুত জলে দ্রবণীয়—যে জলে শতকরা ৫অংশ রেক্টিফাইড্ স্পিরীট মিশ্রিত থাকে। ইহাতে প্রথম ক্রম প্রস্তুত হয়। ৩× জন্য ডাইলিউট এলকোহল এবং ২য় ক্রম জন্য রেক্টিফাইড্ স্পিরীট প্রয়োজন।

ব্যবহার।—টিঞ্চার ও বিচূর্ণ।

বোরেগো।

(Borrago)

সমসংজ্ঞা।—বোরেজ্; বোরেগো আফিসি।

জন্মস্থান।—এই বৃক্ষ ইয়ুরোপের জঙ্গলে পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পাতা হইতে যথা নিয়মে মাদার বা মূল অরিষ্ট প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান মতে।—ঔষধ শক্তি $\frac{১}{১}$।

ক্রম প্রস্তুত করিতে ১ম শ্রেণীর নিয়ম অবলম্বনীয়।

—*:*—

বোভিস্টা।

(Bovista)

সমসংজ্ঞা।—ফঙ্গস্ ওডেটাস্; বুলফিষ্ট; ডেবিল্‌স স্নফ্‌বক্‌স্ বা নস্যদান (Devils snuffbcx)।

বিবরণ।—ইহা ডাক্তার হার্টলব কর্তৃক পরীক্ষিত হইয়াছিল।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি ($\frac{১}{১০}$)। চতুর্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়; কেবল ১ম, ২য় ক্রম ডাইলিউট্ এল্‌কোহল দ্বারা প্রস্তুত হয়। ৭ম শ্রেণীর নিয়মে চূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশমতে।—বিচূর্ণ ইত্যাদি।

—:*—

ব্রেকিগ্লটীস্ রিপেন্স্।

(Brachyglotis Repens)

সমসংজ্ঞা।—পুকা-পুকা। ক্ষুদ্র বৃক্ষ বিশেষ।

জন্মস্থান।—নিউজিলাণ্ড প্রভৃতি স্থানে পাওয়া যায়।

ঔষধ প্রস্তুতপ্রক্রিয়া।—তাজা পাতা ও ফু হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে ঔষধ শক্তি $\frac{১}{৬}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ব্রাঙ্কা আর্সিনা।

Branca ursina

সমসংজ্ঞা।—একান্থাস্ ভল্‌গিরিস্। হগ্ উইড্।

জন্মস্থান।—ইয়ুরোপে ইহা প্রচুর জন্মে।

ঔষধ ও ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে তাজা বৃক্ষ হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। ভৈষজ শক্তি $\frac{১}{২}$। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ব্রেয়েরা এন্থেলমিন্‌টিকা।

(Brayera Anthelmentica)

সমসংজ্ঞা।—হেজেনিয়া; কুসো। ব্যাঙ্কসিয়া।

জন্মস্থান।—এই বৃক্ষ এবিসিনিয়াতে প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক কুঁড়ীগুলি চূর্ণ করিয়া এলকোহলে ভিজাইয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে,—ঔষধ শক্তি $\frac{১}{১০}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ব্রোমিয়ম।

(Bromium)

সমসংজ্ঞা।—ব্রোমিণম্।

বিবরণ।—প্রুসিয়াতে পর্য্যাপ্ত পরিমাণে প্রাপ্তব্য। মুক্তাবস্থায় অর্থাৎ স্বভাবে নানাস্থানে পাওয়া যায়। সোডিয়ম এবং ম্যাগ্নেসিয়া ধাতুর সংযোগে

সমুদ্র জলে অবস্থিতি করিয়া থাকে। ইহা দেখিতে লোহিত বর্ণের তরল পদার্থ বা কমলালেবুর মত বর্ণ যুক্ত দ্রব্য।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—একভাগ ব্রোমিন্ ৯৯ অংশ পরিস্রুত জলে দ্রব করিলে সলিউশন হয়।

ক্রম প্রস্তুতি। আমেরিকান্ মতে উহার ভেষজ শক্তি ১/১০০। ৫ম শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়। কেবল প্রভেদ এই যে, ৪র্থ দশমিক ক্রম এবং ২য় শততমিক ক্রম পরিস্রুত জলে প্রস্তুত হইয়া থাকে। তৎপরের ক্রম ডাইলিউট এলকোহলে, এবং তৎপরে সমস্তই এল্‌কোহলে প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—পাঁচ আউন্স পরিস্রুত জলে ৯ মিনিম ব্রোমিন (ওজনে ২৫ গ্রেণ) মিশ্রিত করিয়া দ্রব করিতে হয়। ৩× ক্রম ডাইলিউট এল্‌কোহলে প্রস্তুত হয়। এবং তদূর্দ্ধ ক্রম রেক্‌টিফাইড স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

—**—

ব্রুসিয়া এণ্টিডিসেণ্টেরিকা।

(Brucea Antidysenterica)

সমসংজ্ঞা।—এঙ্গুষ্টুরা স্পিউরিয়া।

বিবরণ।—এই ঔষধ ষ্ট্রিক্‌নস্ নকস্-ভমিকার ত্বক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—যথা নিয়মে ত্বক হইতে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। ঔষধ শক্তি ১/১০। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ব্রাইয়োনিয়া এল্‌বা।

(Bryonia alba)

সমসংজ্ঞা।—ভিটিশ এল্‌বা। হোয়াইট্ ব্রায়োনিয়া।

ঔষধ প্রস্তুতি।—এই ঔষধ বৃক্ষের মূল নিস্পেষিত করিয়া রস বাহির হইলে সমপরিমাণে এল্‌কোহল দিয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। জুন ও জুলাই মাসে ফুল হয়। সুতরাং তৎপূর্ব্বে মূল সংগৃহীতব্য।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে ভেষজ শক্তি ২।
১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—ডাইলিউট এল্‌কোহল দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে

ব্যবহার।—মাদার টিঞ্চার, ট্রিটুরেশন; পিলিউল; ইত্যাদি

বুকু।

(Buchu)

সমসংজ্ঞা।—বারস্মা ক্রেনেটা। ডায়োস্মা।

ঔষধ ও ক্রম প্রস্তুতি।—এই বৃক্ষের শুষ্ক পত্র হইতে যথা নিয়মে মূল ঔষধ প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে—ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

বিউফো।

(Bufo)

সমসংজ্ঞা।—রাণা বিউফো। এক প্রকার ভেক।

জন্মস্থান।—এই জন্তু বিশেষ উত্তর আমেরিকা, ইয়ুরোপ এবং জাপানাদি স্থানে পাওয়া যায়।

ঔষধ ও ক্রম প্রস্তুতি। আমেরিকান্ মতে।—এই জন্তুকে কর্কের আসনে শয়ান করাইয়া চারিপাশে পিন দ্বারা আটকাইয়া ব্যাটারি দিলে পৃষ্ঠদেশীয় গ্রন্থী হইতে বিষবৎ পদার্থ নিঃসৃত হয়। ইহা স্প্যাচুলার দ্বারা লইয়া ৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত করিতে হয়। একভাগ ঔষধ দ্রব্য হাজার ভাগ দুগ্ধ শর্করায় মিশ্রিত করিতে হয়, সুতরাং ইহাই ৩য় দশমিক ক্রম হইয়া থাকে।

ব্রীটিশ মতে—উক্ত জন্তুকে রাগান্বিত করিয়া উক্ত গ্রন্থীর রস নিঃসৃত করিতে হয়। প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—**—

বিউফো স্যাহিটিন্সীস্।

(Bufo Sahytiensis)

সমসংজ্ঞা।—বিউফো এগোয়া।

জন্মস্থান।—দক্ষিণ আমেরিকার বেঙ্ বিশেষ।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহাকে উত্তেজিত করিলে এক প্রকার লালাস্রাব হয়। তৎপরে উক্ত প্রকারে ৮ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ প্রস্তুত করা উচিত।

—*:*—

বক্সস্ সেম্পারভাইরেন্স।

(Buxus Semp)

সমসংজ্ঞা।—বক্স। (Box)।

জন্মস্থান।—ক্ষুদ্র বৃক্ষ পশ্চিম ভারতে প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পাতা হইতে যথা নিয়মে মূল ঔযধ প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান মতে।—ভেষজ শক্তি ৳। ৩য় শ্রেণীর নিয়মে ক্রম প্র স্তুত হইয়া থাকে

—*:*—

ক্যাক্‌টস্ গ্রাণ্ডিফ্লোরস্।

(Cactus Grandiflorus)

সমসংজ্ঞা।—নাইট্ ব্লুমিং সিরিয়স্।

জন্মস্থান।—এই বৃক্ষ মেক্সো প্রদেশে প্রচুর জন্মে। ইহা ডাক্তার রুবিনী কর্ত্তৃক প্রথমে হোমিওপ্যাথিক ভৈষজ্যক্ষেত্রে প্রবেশাধিকার লাভ করে। গ্রীষ্ম কালে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ফল ও কুড়ি হইতে যথানিয়মে মাদার টিঞ্চার বা মূল ঔষধ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি। আমেরিকান্ মতে—ইহার ঔষধ শক্তি ১/১০। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয় (ইহার ১ অংশে ২০ অংশ—One in twenty)।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, ট্রাইটুরেশন ইত্যাদি।

—**—

ক্যাডমিয়াম্ মিটালিকাম্।

(Cadmium Metallicum)

সমসংজ্ঞা।—ক্যাড্ মিয়াম।

বিবরণ।—এই ধাতু বিশেষ দস্তার সহিত প্রায় বিমিশ্রিত ভাবে অবস্থিতি করে। ইহা দেখিতে শ্বেতবর্ণ, কোমল দানাদার পদার্থ। ইহা নানাপ্রকার যৌগিক রূপে দেখা যায়।

ঔষধ ও ক্রম প্রস্তুত পদ্ধতি।—বিশুদ্ধ ধাতু হইতে বিচূর্ণ (৭ম শ্রেণীর নিয়মে) প্রস্তুত হয়।

—*:*—

ক্যাহিঙ্কা।

(Cahinca)

(কেঙ্কা)

সমসংজ্ঞা।—কেঙ্কা। ডেবিড্স্ রুট।

বিবরণ।—এই ক্ষুদ্র বৃক্ষ ব্রেজিলে জন্মে। ডাক্তার কক্ প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক মূল হইতে যথা নিয়মে মূল ঔষধ প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার হইয়া থাকে।

—*:*—

ক্যাড্মিয়াম সল্ফিউরিকাম্।

(Cadmium Sulphuricum)

সমসংজ্ঞা।—বর্ত্তমান নাম ক্যাড্মিয়াম্ সল্ফেট্ (আমেরিকান্)।

ব্রীটিশ মতে।—ক্যাড্মিক সল্ফেট।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকার মতে বিচুর্ণ।

ব্রীটীশ মতে।—পরিস্রুত জলে ১×এবং ১ম। ৩×ডাইলিউট এল কোহলে, তৎপরে রেকটীফাইড্ স্পিরীট দ্বারা ক্রমগুলি প্রস্তুত হয়।

"ক্যাড্মিয়ম্ সল্ফিউরেটাম্" যাহাকে ব্রিটীশ মতে ক্যাড্মিক্ সলফাইড্ বলে, উহার বিচুর্ণ ক্রম হয়।

—**—

ক্যাজুপুটম্।

(Cajuputum)

সমসংজ্ঞা—অয়েল্ অভ্ ক্যাজুপুট্।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—এই উদ্বায়ু তৈল বৃক্ষপত্র হইতে প্রস্তুত হয়। ব্যাটিভিয়া ও সিঙ্গাপুর হইতে আমদানি হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে,—রেক্টিফাইড্ স্পিরীটে দ্রবণীয় উহাতেই সমস্ত ক্রম প্রস্তুত হয়।

—*:—

কেফিন্।

(Caffein)

সমসংজ্ঞা।—কেফিনম্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—কফিপাতা এবং চায়ের পাতা প্রভৃতি পাতায় এই উপক্ষার পদার্থটি পাওয়া যায়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে, ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

—:*:—

ক্যালেডিয়ম্।

(Caladuim)

সমসংজ্ঞা।—ডম্ব্ কেন্; বিষাক্ত আমেরিকান্ এরাম।

জন্মস্থান।—উত্তর আমেরিকার বৃক্ষবিশেষ। ডাক্তার হেরিং কর্ত্তৃক ইহা ভৈষজ্য ক্ষেত্রে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ মূল গৃহীত হয়।

আমেরিকান্ মতে—ঔষধ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার।

ব্যবহার।—মাদার টিঞ্চার; টিঞ্চার; পিলিউল, গ্লবিউল্স ইত্যাদি।

—:*:—

ক্যালকেরিয়া এসেটিকা।

(Calcarea Acetica)

সমসংজ্ঞা।—এসিটেট্ অভ্ লাইম (Acetate of lime.)। মহাত্মা হানিমান বিশুদ্ধ প্রকারের পদার্থ ঔষধার্থ প্রস্তুত করিতেন।

ক্রম প্রস্তুত প্রণালী। আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৫মে শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—মহাত্মা হানিমানের নিয়মানুসারে প্রস্তুত সলিউশন ১x দ-সমান। ১ম ক্রম জন্য প্রুফ্ স্পিরীট এবং ৩x জন্য ২০ ওভার প্রুফ; তৎপরে রেক্‌টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

ব্যবহার।—১x এবং ১ সলিউশন। তৎপরে টিঞ্চার ইত্যাদি।

—*:*—

ক্যালকেরিয়া আর্সেনিকা।

(Calcarea Arsenica)

সমসংজ্ঞা।—আর্সেনেট্ অভ্ লাইম।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে—৪ভাগ আর্সিনিয়স্ এসিড্ সহ ১২ ভাগ নাইট্রিকএসিড্ এবং এক ভাগ মিউরিয়াটিক এসিড্ চয়িত করিয়া তৎপরে কার্ব্বনেট অভ্ পটাস যথানিয়মে সংযোগ করিয়া প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—৭ম শ্রেণার নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়। **ব্রীটিশ মতে**—বিচূর্ণ।

ব্যবহার।—১x হইতে ৬x চূর্ণ। পরে তরল ক্রম।

—*:*—

ক্যাল্‌কেরিয়া কার্ব্বনিকাম্।

(Calcaria Carbonica)

সমসংজ্ঞা।—ক্যাল্‌সিয়ম কার্ব্বনেট্; ক্যাল্‌কেরিয়া অষ্ট্রীয়রম্ (হেরিং)। কার্ব্বনেট অভ্ লাইম্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মহাত্মা হানিমান শুক্তির কঠিন আবরণ গুলি ভগ্ন করিয়া উহার মধ্যস্থ শুভ্রবর্ণ অংশগুলি লইয়া ধৌত করিয়া বিচূর্ণ করিয়াছিলেন।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে—এই চূর্ণ হইতে বিচূর্ণ (৭ম শ্রেণীর নিয়মে) প্রস্তুত হইয়া থাকে। **ব্রীটিশ**—বিচূর্ণ।

ব্যবহার।—১x হইতে ৬x বিচূর্ণ; তৎপরে টিঞ্চর, পিলিউল গবিউল ইত্যাদি।

ক্যাল্‌কেরিয়া কষ্টিকা।

(Calcarea Caustica)

সমসংজ্ঞা। ক্যাল্‌সিয়ম্ হাইড্রেট, স্লেক্‌ড লাইম্।

ডাক্তার ককের দ্বারা প্রথম পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ক্যারেরা মার্ব্বেল দগ্ধ করিয়া, তৎপরে শীতল হইলে উহার সহিত সমপরিমাণে পরিস্রুত জল মিশাইয়া ইহা প্রস্তুত করিতে হয়।

হোমিওপ্যাথিক ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—এক অংশ লাইম সহ ৫অংশ পরিস্রুত জল মিশাইয়া উষ্ণ ষ্টপার্ড বোতলে পূর্ণ করিয়া শীতল কর; পরে উহা পুনশ্চ উত্তম করিয়া নাড়িয়া, উহাতে পাচ অংশ এল্‌কোহল দিতে হইবে। অনন্তর এইরূপ নাড়িয়া, উহা থিতাইলে পরিষ্কার তরলাংশ গৃহীত হইবে এবং উহাতে বায়ু সংস্পৃষ্ট না হয়, এজন্য সাবধানে রক্ষা করিতে হইবে।

আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়। ইহার বিচূর্ণ করা কর্ত্তব্য নহে, যে হেতু বিচূর্ণ প্রস্তুত কালে বাহ্যাকাশ হইতে কার্ব্বনিক এসিড্ আকৃষ্ট হইতে পারে।

ব্রীটিশ মতে।—১ম ক্রম করিতে হইলে এইরূপ করিতে হয়;—১গ্রেণ লাইম সহ ১০০ মিনিম শর্করা মিশ্রিত সলিউশন থাকে (Saccharated Solution)। তৎপরে ৩× প্রস্তুত করণ জন্য পাঁচ অংশ সুরাসার মিশ্রিত পরিস্রুত জল প্রয়োজন; ২য় ক্রম জন্য ডাইলিউট এল্‌কোহল। ৫× জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট্ প্রয়োজন হয়।

ব্যবহার।—১ম হইতে ৪× সলিউশন, তৎপরে টিঞ্চারাদি।

—:০:—

ক্যাল্‌কেরিয়া ক্লোরেটা।

(Calcarea Chlorata)

সমসংজ্ঞা। ক্লোরিনেটেড্ লাইম; ব্লিচিং পাউডার।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ মতে।** ইহার এক ভাগ, নয় ভাগ পরিস্রুত জলে মিশ্রিত করিয়া ফিল্‌টার করিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুতি।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$। ৫ম শ্রেণীর (ক) নিয়মে ডাইলিউশন প্রস্তুত করা হয়।

ব্রীটিশ মতে—দশভাগ জলে এক ভাগ পাউডার দিয়া ৩।৪ ঘণ্টা রাখিয়া নাড়িয়া চাড়িয়া লইলে তবে ১× হইল, ইহা ষ্টপার্ড শিশিতে রাখিতে হয়। ১ম ক্রম করিতে যে পরিস্রুত জল প্রয়োজন উহাতে শতকরা পাঁচ অংশ স্পিরীট মিশাইয়া লইবে। ৩× জন্য ডাইলিউট এল্‌কোহল, পরের ক্রম জন্য রেক্‌টি-ফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

—*:*—

ক্যাল্‌কেরিয়া ফ্লুরেটা।
(Calcarea Fluorata)

সমসংজ্ঞা। ক্যাল্‌সিয়ম ফ্লুরাইড্।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর মতে বিচূর্ণ।

ব্রীটিশ মতেও বিচূর্ণ।

—*—

ক্যাল্‌কেরিয়া হাইপোফস্ফরোসা।
(Calcari Hypophosphorosa)

সমসংজ্ঞা।—হাইপোফস্ফাইট অভ্‌লাইম্। ক্যাল্‌সিয়ম হাইপোফস্ফাইট।

বিবরণ।—ফস্ফরস উত্তপ্ত করিয়া চূর্ণাদির সহ রসায়নিক প্রক্রিয়ায় এই দ্রব্য প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—বিচূর্ণ। ১× জন্য পরিস্রুত জলে দ্রবণীয়। ১ম ক্রম জন্য ৫অংশ রেক্‌টিফাইড্ স্পিরীট মিশ্রিত সুরাসার, ৩× জন্য ডাইলিউট এল্‌কো-হল। তৎপরবর্ত্তী ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

—*:*—

ক্যালকেরিয়া আয়োডেটা।

(Calcarea Iodata)

সমসংজ্ঞা।—ক্যাল্‌সিক্ আয়োডাইড্; আয়োডাইড্ অভ্ লাইম।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে ১× সলিউশন জন্য পরিস্রুত জল; ১ম ক্রম জন্য ডাইলিউট এল্‌কোহল্; তদূর্দ্ধ ক্রম সকল রেক্‌টিফাইড স্পিরীটে প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—বিশুদ্ধ আয়োডাইড ক্যাল্‌সিয়াম্ ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হইয়া থাকে।

—**—

ক্যাল্‌কেরিয়া মিউরিয়েটিকা।

(Calcarea Muriatica)

সমসংজ্ঞা।—ক্যাল্‌সিয়ম ক্লোরাইড্, মিউরিয়েট্ অভ্ লাইম।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে।—১× জন্য পরিস্রুত জল, ১ম ক্রম জন্য ডাইলিউট এল্‌কোহল, তদূর্দ্ধ ক্রম রেক্‌টিফাইড্ স্পিরীটে হইয়া থাকে।

আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে।—ভেষজ শক্তি $\frac{1}{10}$।
৫ম শ্রেণার (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—**—

ক্যাল্‌কেরিয়া অক্‌জেলেটাম্।

(Calcaria oxalatum)

সমসংজ্ঞা। অক্‌জেলেট্ অভ্ লাইম। ক্যাল্‌কেরিয়া অক্সেলিকা।

প্রস্তুতি।—অনেক উদ্ভিদের রসে ইহা পাওয়া যায়। ক্যাল্‌সিয়ম্ সল্ট্ সহ অক্‌জেলিক এসিড দ্রব সংমিশ্রণে ইহা উৎপন্ন হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

—**—

ক্যাল্‌কেরিকা ফস্ফরিকা।

(Calcarea Phosphorica)

সমসংজ্ঞা। ক্যাল্‌সিয়ম ফস্ফেট্‌ ; ফস্ফেট্‌ অভ্‌ লাইম্‌।

বিবরণ।—ক্লোরাইড্‌ অভ্‌ ক্যালসিয়ম্‌, ফস্ফেট অভ্‌ সোডা, এবং এমোনিয়া দ্রব, পরিস্রুত জলে মিশাইয়া যথানিয়মে ইহা প্রস্তুত করা যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে—বিচূর্ণ।

আমেরিকান্‌ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়

ব্যবহার। ১ × হইতে ৬ × পর্য্যন্ত বিচূর্ণ, পরে টিঞ্চার ইত্যাদি।

—**—

ক্যাল্‌কেরিয়া সল্‌ফিউরিকা।

(Calcarea Sulphurica)

সমসংজ্ঞা। সল্‌ফেট্‌ অভ্‌ লাইম। প্লাষ্টার অভ্‌ পেরিস্‌।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে।—বিচূর্ণ। **আমেরিকান্‌ মতেও**—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হইয়া থাকে।

—:০:—

ক্যালেণ্ডুলা।

(Calendula)

সমসংজ্ঞা।—ক্যাল্‌থা অফিসিনালিস্‌ ; কমন্‌ মেরিগোল্‌ড।

জন্মস্থান।—ফ্রান্স এবং ইয়ুরোপ খণ্ডে প্রাপ্তব্য। ভারতবর্ষেও প্রাপ্তব্য। গাঁদা ফুল এই শ্রেণী।

ফুল। গ্রীষ্মকালে ইহার ফুল হইয়া থাকে। ঔষধার্থ পত্র ও ফুল প্রয়োজন হয়।—(**ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া**)।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে,—ডাইলিউট এল্‌কোহল দিয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার ; টিঞ্চার—ট্রাটুরেশন ইত্যাদি।

আমেরিকান্ মতে।—তাজা পাতা সহ কুড়ি লইয়া মূল ঔষধ প্রস্তুত করা হয়। ইহার ঔষধ শক্তি ২/১। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

ক্যালোট্রপিস্।

(Calotropis gigantea)

সমসংজ্ঞা।—মাদার (Mader) ইহা পূর্ব্বভারতে জন্মে।

ঔষধ প্রস্তুতি।—ঔষধার্থ—ত্বক্ গৃহীত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে ক্রম প্রস্তুত হয়। ইহার বিচূর্ণও হইয়া থাকে। আমেরিকান্ মতে, ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

—*:*—

ক্যাল্থা প্যালষ্ট্রিস্।

(Caltha Palustris)

সমসংজ্ঞা। মার্স মেরিগোল্ড।

জন্মস্থান।—উত্তর ও পশ্চিম ভারত বর্ষে ও হিমালয়ে এবং আমেরিকায় প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুতি।—ফুল প্রস্ফুটিত হইলে সমস্ত বৃক্ষ তুলিয়া ঔষধার্থ গৃহীত হয়। যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি ২/১। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ক্যাম্ফোরা।

(Camphora)

সমসংজ্ঞা।—ক্যাম্ফর; কর্পূর ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—চায়না ও জাপান, এবং সুমাত্রা দ্বীপপুঞ্জে। ক্যাম্ফর নামক বৃক্ষের গদ হইতে ইহা প্রস্তুত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে।—শোধিত সুরায়, বা রেক্‌টিফাইড্‌ স্পিরীটে দ্রব হইয়া থাকে (এতদ্ব্যতীত ইথার, এসিটিক এসিডেও দ্রব হইয়া থাকে)। **আমেরিকান্‌ মতে।**—একভাগ বিশুদ্ধ ক্যাম্ফর গম্‌ (Camphor gum), নয় ভাগ এলকোহলে দ্রব করিয়া ফিল্‌টার করিয়া লওয়া হয়। ইহার ভৈষজ্য-শক্তি $\frac{1}{10}$।

ক্রমাদি প্রস্তুত প্রক্রিয়া।—৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়মে সম্পাদিত হয়।

ব্রীটিশ মতে।—ক্যাম্ফর সলিউশন, এবং তৎপরে টিঞ্চার, পিল ইত্যাদি। মহাত্মা হানিমান নিজে ইহা পরীক্ষা করিয়াছিলেন।

ডাক্তার সাল্‌জার, ডাক্তার কুইন্‌ প্রভৃতির মতে যে ক্যাম্ফর প্রস্তুত হয়, উহার ঔষধ-দ্রব্যের মাত্রা ভিন্ন প্রকার। কেহ এক ভাগ ঔষধ সহ ৬ ভাগ ভৈষজ্য বিহীন দ্রব্য দিতে বলিয়াছেন। ক্যাম্ফর বিচূর্ণও প্রস্তুত হয়, ফলতঃ ক্যাম্ফর সহজে চূর্ণ হয় না।

ক্যাম্ফোরা মনোব্রমেটা।

(Camphora Monobromata)

সমসংজ্ঞা।—মনোব্রোমো—ক্যাম্ফর।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে।—ব্রোমিন সহ ক্যাম্ফর সম্মিলন দ্বারা ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—ইহা বিচূর্ণ ও সলিউশন উভয় প্রকার আকারে ব্যবহৃত হয়। সচরাচর বিচূর্ণই ব্যবহার্য্য।

ব্যবহার। ২ গ্রেণ হইতে ৫ গ্রেণ। অধুনা উচ্চক্রমও ব্যবহার হয়।

—*—

ক্যান্সার এষ্টেকস্‌।

(Cancer Astacus)

সমসংজ্ঞা।—এষ্টেকাস্‌ ফ্লুভিয়াটিলিক্‌; সমুদ্রজাত কাঁকড়া বা কর্কটীয়া।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে—পরিস্রুত জলে ধৌত করিয়া উহা বিচূর্ণ করতঃ উহার এক আউন্স লইয়া উহাতে চারি আউন্স

রেক্‌টিফাইড্ স্পিরীট্‌ দিতে হয়; তৎপরে সমস্তকে বিচূর্ণ করতঃ উহা বোতলে পূর্ণ করিয়া ছাঁকিয়া লইতে হয়।

আমেরিকান্ মতে– জীবন্ত কাঁকড়া পাতরের খলে চূর্ণ করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া চাপিয়া রাখিয়া ফিল্টার করিয়া লইতে হয়।

ইহার ঔষধ শক্তি $\frac{১}{২}$। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ক্যান্‌কালেগিউ।

(Canchalague)

সমসংজ্ঞা।—এরিথ্রি, চিলেনস্সিস্ ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

প্রাপ্তি স্থান।—ক্যালিফোর্ণিয়াতে প্রাপ্তব্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ শুষ্ক করিয়া চূর্ণ করতঃ এল্‌-কোহল দিয়া ভিজাইয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{১}{১০}$।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—**—

ক্যানাবিস্।

(Cannabis)

সমসংজ্ঞা।—ক্যানাবিস্ স্যাটাইভা; হেম্প, গাঁজা।

জন্মস্থান।—ভারতবর্ষ ও পারস্য। ফ্রান্স ইটালি ও রুসিয়াতে ইহার চাষ হইয়াছে। বসন্তকালে ফুল হয়। ফুল হইলে তাহার অগ্রভাগগুলি বা জটাগুলি গৃহীতব্য।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে—জটাগুলি হইতে মাদার টিঞ্চার প্রুভ্ স্পিরীট দ্বারা প্রস্তুত হইয়া থাকে।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—মহাত্মা হানিমানই প্রথমে ইহার পরীক্ষা করেন। ভেষজ-শক্তি $\frac{১}{৬}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রন প্রস্তুত্ত হয়।

—*:*—

ক্যানাবিস্ ইণ্ডিকা।

Cannabis Indica)

সমসংজ্ঞা। ভাঙ্গ্; হাসিস্। ইণ্ডিয়ান্ হেম্প।

বিবরণ।—উভয় প্রকারকে সিদ্ধি বা গাঁজা বলে এবং দেখিতে প্রায় এক রকম গাছ।

আমেরিকা বা ইয়ুরোপে যাহা হয় তাহা অপেক্ষা আসামের দেশ জাত বৃক্ষের বিশেষ তেজ; ইহাদের উভয় পদার্থের বিভিন্ন পরীক্ষার লক্ষণ আছে। আমেরি-কান্ প্রুভার ইউনিয়ান ১৮৩৯ খ্রীষ্টাব্দে একটী তালিকা প্রকাশ করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ আটা (Resin) গৃহীত হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—ব্রীটিশ মতে ইহার সার ভাগ রেক্টী ফাইড্ স্পিরীটে সলিউশন করিয়া লইতে হয়। ১০ ভাগে ১ ভাগ হিসাবে ঔষধ দ্রব্য লইতে হয়।

আমেরিকান মতে।—জটাগুলি হইতে যথা নিয়মে মাদার প্রস্তুত হয়। ভেষজ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ক্যান্না গ্লোকা।

(Canna glauca)

সমসংজ্ঞা।—ইম্বিরি (Imbiri)

জন্মাস্থন।—পশ্চিম ভারতে বা ওয়েষ্ট ইণ্ডিয়াতে সরস ভূমিতে এই ক্ষুদ্র বৃক্ষ জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ—তাজা পাতা লইয়া এল্‌কোহল দ্বারা ভিজাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—ইহার ভেষজ-শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ক্যান্থারিস্।

(Cantharis)

সমসংজ্ঞা।—স্প্যানিস্ ফ্লাই; লিট্টা ভেসিকেটোরিয়া)।

মহাত্মা হানিমান ইহাকে হোমিওপ্যাথিতে প্রবেশ করাইয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—হঙ্গেরি হইতে প্রাপ্ত সমস্ত শুষ্ক কীট দেহটী গৃহীত হয়। প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে। ইয়ুরোপেও ইহা পাওয়া যায়।

ব্রীটিশ মতে।—ক্রম প্রস্তুত জন্য প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়াছে বুঝিয়া লইতে হয়। **আমেরিকান্ মতে**।—ভেষজ-শক্তি ১/১০। ৪র্থ শ্রেণীর নিয়মে তরল ক্রম এবং ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম হইয়া থাকে।

—*:*—

ক্যাপ্সিকাম্।

(Capsicum)

সমসংজ্ঞা।—রেড্ পিপার; লঙ্কা মরিচ্ (গোলমরিচ নহে)

প্রাপ্তিস্থান।—ভারতবর্ষে ও আমেরিকায় জন্মস্থান।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—ঔষধার্থ পক্ক ও শুষ্ক ফল চূর্ণ করিয়া পাঁচগুণ এল্কোহল দিয়া ভিজাইয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—**আমেরিকান্ মতে**।—ইহার ভৈষজ্য শক্তি ১/১০। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—লঙ্কাবীচি সহ মাদার টিঞ্চার প্রস্তুত হয়। রেক্টিফাইড স্পীরিটে মাদার টিঞ্চার।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, গ্লিল ইত্যাদি।

—*:*—

কার্ব্বো এনিমালিস্।

(Carbo Animalis)

সমসংজ্ঞা।—এনিম্যাল্ চারকোল্; লেদার চারকোল।

ঔষধ প্রস্তুত প্রণালী।—**ব্রীটিশ মতে**,—মহাত্মা হানিমান নিম্ন-

লিখিত নিয়মে উহা প্রস্তুত করিতে বলিয়াছেন ;—একটী বৃষের একখণ্ড চামড়া তপ্ত অঙ্গারের উপর রাখিয়া দগ্ধ করিতে হইবে, যতক্ষণ উহা হইতে ধূ উঠিবে, ততক্ষণ রাখিবে। পরে নির্ধূম হইলে, উক্ত পদার্থ, দুইখানি সমত প্রস্তর দিয়া ধরিয়া নির্ব্বাপিত করিবে। কার্ব্বনাদি অন্য পদার্থ কিছু থাকিলে বড় কিছু আসিয়া যায় না। কেবল

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্ ও ব্রীটিশ মতে।—

ব্যবহার।—১× হইতে ৬× চূর্ণ, পরে টিঞ্চার ইত্যাদি।

—*:*—

কার্ব্বোনিয়ম্।

(Carboneum)

সমসংজ্ঞা।—ল্যাম্প-ব্ল্যাক (Lamp black); এমর্ফস্ কার্ব্বন। ডাক্তার বার্ট কর্ত্তৃক ইহা পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ল্যাম্পে কোল ওয়েল্ (Coal oil) বা মেটে-তৈল দিয়া পলিতা বেশী করিয়া দিলে চিমনীর ভিতরে যে কালি পড়ে। "কার্ব্বনিয়ম্" দানা বিহীন ভূষা। এই ভূষায় জুতার কালি প্রভৃতি হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—**ব্রীটিশ ও আমেরিকান্** উভয় মতে ইহার বিচূর্ণ প্রস্তুত হইয়া থাকে।

—:*-

কার্ব্বোনিয়ম ক্লোরেটাম্।

(Carboneum Chloratum)

সমসংজ্ঞা।—ক্লোরো-কার্ব্বন।

ঔষধ ও ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে ;—১ভাগ ঔষধ দ্রব্য ৯৯ ভাগ এল্‌কোহলে দ্রব প্রস্তুত হয়। ঔষধ শক্তি $\frac{1}{100}$। ৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

কার্ব্বোনিয়ম্ হাইড্রোজেনিসেটাম্।

(Carboneum Hydragenesatum)

সমসংজ্ঞা। ওলিফায়েণ্ট গ্যাস।

১৭০৯ খ্রীষ্টাব্দে ওলন্দাজ দেশীয় রাসায়নিক দ্বারা আবিষ্কৃত।

গৃহীত হয়। প্রস্তুত প্রণালী।—সুরাসার এবং সল্‌ফিউরিক এসিড প্রভৃতির দ্বারা পাওয়া যায়। হয়। ইহা বর্ণহীন বাষ্প; দীপ শিখার সংস্পর্শে উজ্জ্বল দীপ্তি বিকাশ ব্রাঁকি জ্বলিতে থাকে।

প্রস্তুত ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ মতে,—সলিউসন ১× ক্রমের সমান। ৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

কার্ব্বোনিয়ম অক্সিজেনিসেটাম্।

(Carboneum oxygenisatum)

সমসংজ্ঞা। কর্ব্বন মনক্সাইড (Carbon monoxide)।

প্রস্তুত প্রণালী।—ফেরোসাইনাইড পোটাস চূর্ণ সহ ৮।১০ গুণ সলফিউরিক এসিড সংযোগ করিয়া তাপ দিলে ইহা উৎপন্ন হয়। ইহা দাহ্যশীল গ্যাস। ইহা অতিশয় বিষাক্ত বাষ্প।

হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—পরিস্রুত জলে উক্ত কার্ব্বন মন অক্সাইড দিয়া উহাতে সমভাগ জল দিতে হয়।

ইহার ঔষধ শক্তি $\frac{1}{2}$। ডাইলিউশন প্রস্তুত করিতে হইলে ৫ম শ্রেণীর (খ) নিয়মে প্রস্তুত করিতে হয়।

—*:*—

কার্ব্বোনিয়ম সলফিউরেটাম্।

(Carboneum Sulphuratum)

সমসংজ্ঞা। কার্ব্বনিক সল্‌ফাইড্; বাইসলফাইড অভ কার্ব্বন।

ঔষধ প্রস্তুত প্রণালী।—উত্তপ্ত কয়লার গন্ধক দগ্ধ করিয়া উহার গ্যাস জমাইয়া লইলে যথানিয়মে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—এক অংশ বাইসল্‌ফাইড্ অভ কার্ব্বন ৯৯অংশ এল্‌কোহলে দ্রবণীয়—যে এল্‌কোহলে শতকরা পাচ ভাগ জল মিশ্রিত থাকে।

ইহার ঔষধ-শক্তি $\frac{1}{100}$।

ক্রম প্রস্তুত জন্য ৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়ম অনুসরণ করা কর্ত্তব্য, কেবল এল্‌কোহল সহ পাঁচ অংশ পরিস্রুত জল মিশ্রণ করিতে হয়।

—:—

কার্ব্বোভেজিটেব্লিস্।
(Carbo Vegtablis)

সমসংজ্ঞা।—ভেজিটেবেল্ চার কোল (Vegitable charcoal)

প্রস্তুত প্রণালা।—কাষ্ঠখণ্ড দগ্ধ করিয়া যাহা হয়, তাহার সঙ্গে কিঞ্চিৎ খনিজ পদার্থ থাকে।

পরীক্ষক।—মহাত্মা হানিমান দ্বারা পরীক্ষিত।

হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত পদ্ধতি।—আমেরিকান্ মতে বিশুদ্ধ অঙ্গার লইয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্রীটিশ মতেও বিচূর্ণ।—ব্যবহার ১×হইতে ৬×চূর্ণ। তৎপরে টিঞ্চার ইত্যাদি।

—:—

কার্ডুয়াস বেনিডিক্টাস্।
(Carduas Benidictus)

সমসংজ্ঞা।—ষ্টার মিসল্।

বিবরণ।—দক্ষিণ ইয়ুরোপে এই ফসলী ক্ষুদ্র বৃক্ষ জন্মে। জুনমাসে ফুল ফুটে। ফুল গুলি উত্তম হরিদ্রাবর্ণ।

মহাত্মা—নোয়াক এবং ট্রিঙ্ক দ্বারা ইহা পরীক্ষিত।

ঔষধ প্রস্তুতাদি।—ঔষধার্থ তাজা বৃক্ষ ব্যবহৃত হয়।

আমেরিকান্ মতে—ঔষধ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—টিঞ্চার।

—**—

কার্ডুয়াস মেরিয়ানস।

(Carduas Marianus)

সমসংজ্ঞা।—মিল্ক থিসল (Milk thistle)।

পরীক্ষক।—ডাক্তার রিল্ (জার্ম্মাণবাসী) ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—এই বৃক্ষের পক্ক ফলের বীজ ডাইলিউট এল্‌কোহলে ভিজাইয়া মাদার টিঞ্চার করিয়া লইতে হয়। ইহার ভেষজ শক্তি ⅙।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—১ × করিতে হইলে ৩০ বিন্দু টিঞ্চার ৭০ বিন্দু ডাইলিউট এল্‌কোহল দিতে হইবে। ২ × এবং ৩ × ডাইলিউট এল্‌কোহলে; ১ম ক্রম জন্য তিনবিন্দু ঔষধ সহ ৯৭ বিন্দু ডাইলিউট এল্‌কোহল। ২য় ক্রম জন্য ডাইলিউট এল্‌কোহল। পরে তদূর্দ্ধ ক্রম সকল এল্‌কোহল দ্বারা প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—ডাইলিউট এল্‌কোহলে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে। সুতরাং তদনুসারে উপরোক্ত ক্রম সকল প্রস্তুত হয়।

—•○—

কেরিয়া এলবা।

(Carya Alba)

সমসংজ্ঞা।—সেলবার্ক; হিকারি নাট্।

জন্মস্থান।—এই বৃক্ষ উত্তর আমেরিকায় জন্মে। সুপারির মত গাছ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে। পাকা ফলগুলি উত্তমরূপে চূর্ণ করিয়া পাঁচগুণ এল্‌কোহলে ভিজাইয়া রাখিলে যথানিয়মে এই মাদর টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅒। ক্রম. প্রস্তুত জন্য ৪র্থ নিয়ম অনুসরণ কর্ত্তব্য।

—*:*—

ক্যাসকেরিল্লা।

(Cascarilla)

সমসংজ্ঞা।—ক্রোটন ইলিউথিরিয়া।

জন্মস্থান।—বাহমা দ্বীপের বৃক্ষ-বিশেষ। ডাক্তার ষ্টাপ কর্তৃক ইহা পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—আমেরিকান্ মতে।—ঔষধার্থ শুষ্ক ত্বক ও উহার পাঁচগুণ এল্‌কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ নিয়মে—ভৈষজ শক্তি ১/১০। ক্রম প্রস্তুত জন্য ৪র্থ নিয়ম অনুসরণীয়।

ব্রীটিশ মতে।—প্রুভ্ স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

ক্যাষ্টেনিয়া।

(Castania)

সমসংজ্ঞা।—ক্যাষ্টেনিয়া ভেস্কা; ক্যাষ্টেনিয়া এড়লিস্। চেষ্ট নট্।

জন্মস্থান।—আমেরিকার এই বৃক্ষ নিতান্ত ছোট নহে। ইহা ডাক্তার হটন কর্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—আমেরিকান্ মতে।—ইহার তাজা পাতাগুলি লইয়া থেঁতো করিয়া উহারে দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—আমেরিকান্ মতে।—ভৈষজ শক্তি ১/১০। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ক্যাষ্টোর ইকোরম্।

(Castor Equorum)

সমসংজ্ঞা।—ক্যাষ্টর ইকুই।

পরীক্ষা।—জার্ম্মাণীর ডাক্তার বয়ার কর্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই পদার্থ অশ্বগণের সম্মুখ পায়ের হাটুর উপরিভাগের পশ্চাৎদিকে মাংস গজানমত (মাসাঙ্কুর) ভাবে জন্মায়; ইহা সহজে উঠিয়া আইসে এবং উহা হইতে একটী গন্ধ বাহির হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ক্যাষ্টোরিয়ম।

(Castoreum)

সমসংজ্ঞা।—ক্যাষ্টর (Castor)।

বিবরণ।—বিবর নামক জন্তু বিশেষ হইতে কস্তুরীবৎগন্ধযুক্ত পদার্থ।

ঔষধ প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহাকে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ করা যায়। অথবা উক্ত শুষ্কপদার্থে ৫পাঁচগুণ এল্‌কোহল দিয়া কয়েক দিন রাখিয়া টিঞ্চার করিয়া ছাকিয়া লইতে হয়। ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—আমেরিকান্ মতে।—৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশমতে।—রেক্‌টিফাইড স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার এবং টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ক্যাটাল্‌পা।

(Catalpa)

সমসংজ্ঞা।—ক্যাটাল্‌পা বিগোনিয়ডিস্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের ভিতরের ত্বক্ এবং তাজা পত্র থেতো করিয়া দুইভাগ এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্ মতে।—ভৈষজ শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

কলোফাইলম্।

(Caulophyllum)

সমসংজ্ঞা।—ব্লু কোহস্; স্কো-রুট। (Squaw root)

প্রাপ্তিস্থান।—ক্যানেডা প্রভৃতি স্থানের জঙ্গলে এই বৃক্ষ পাওয়া যায়। ইহার এপ্রেল মাসে ফুল হয়। ঔষধার্থ মূল গৃহীত হয়।

পরীক্ষক।—ডাক্তার বার্ট প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা মূল সংগ্রহ করিয়া থেতো করিয়া উহাতে দুইভাগ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রমপ্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ভৈষজ শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

সতর্কতা।—লণ্ডন হইতে এই টিঞ্চার না আনাইয়া আমেরিকা হইতে আনান কর্ত্তব্য। তথায় উহার জন্মস্থান।

—*:*—

কাষ্টিকাম।

(Causticum)

সমসংজ্ঞা।—কাষ্টিকাম্ হানিমানি ইত্যাদি।

বিশেষ দ্রষ্টব্য।—এই পদার্থটি বাজার হইতে লওয়া উচিত নহে; হানিমানের প্রস্তুত প্রণালী অনুসারে যে কষ্টিকাম হইবে, উহাই ঔষধার্থে গৃহীত হয়। সাধারণের পরীক্ষা দ্বারা জানা যায় ইহা পোটাসিয়ম হাইড্রেটের অতীব্র দ্রব (weak solution)।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—সাধারণ নিয়মে প্রস্তুত করিতে হইলে কার্ব্ব-নেট্ অভ্ পটাশ সহ ক্যাল্‌সিয়ম হাইড্রেট ফুটাইলে অদ্রবণীয় ক্যাল্‌সিয়ম কার্ব্ব-

নেট্ অধঃস্থ হয় এবং পোটাসিয়ম হাইড্রেটের দ্রাবণ উৎপন্ন হইয়া থাকে। কিন্তু মহাত্মা হানিমানের মতে ;—"একখণ্ড টাট্‌কা দগ্ধ চুণ একসের ওজনে এক মিনিট কাল পরিস্রুত জলে রাখিয়া পরে একটী শুষ্কপাত্রে রাখিলে উহা চূর্ণ হইয়া যাইবে। এই চূর্ণ চারি ভাগ (প্রায় দুই আউন্স গ্রহণ কর) তৎসহ সম পরিমাণে বাইসল্‌ফেট অভ্ পটাশ মিশ্রিত করিয়া চারি অংশ উষ্ণ জলে দ্রব কর। তৎপরে ইহাতে পুনরায় জল দিতে হইবে। অতঃপর সম পরিমাণ এল্‌কোহল মিশাইলে বাঞ্ছনীয় কষ্টিকাম প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ১/১। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশমতে।—এই নব প্রস্তুত সলিউশনকে অধিকদিন রাখিবার জন্য উহাতে শতকরা ৫পাঁচ অংশ রেক্‌টিফাইড্ স্পিরীট মিশ্রিত করা কর্ত্তব্য।

রেক্‌টিফাইড্ স্পিরীট দ্বারা ইহার ক্রম প্রস্তুত হয়। ইহার মাদার টিঞ্চারের শক্তি নির্ণয় করা যায় না।

ব্যবহার।—সলিউশন বা মাদার ; ১× হইতে উর্দ্ধক্রম টিঞ্চার, পিল ইত্যাদি।

সিয়ানোথস্ এমেরিকেনস্।

(Ceanothus Amcricanus)

সমসংজ্ঞা।—সিয়ানোথস স্যাঙ্গুইনিস্। নিউজার্সি "টি" ; রেড্‌রুট্।

বিবরণ।—ইহারা দেখিতে ঠিক "চায়ের" মত। আমেরিকায় প্রচুর পাওয়া যায়। গন্ধ ও আস্বাদে চা হইতে প্রভেদ করা যায় না।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা পত্রাদি থেঁতো করিয়া যথানিয়মে দুইভাগ এল্‌কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ভেষজ-শক্তি ১/৬। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে। ইংলণ্ডে টিঞ্চার প্রস্তুত হয় না। ইহা আমেরিকা হইতে আনীত হয়। তবে পত্রাদি আনাইয়া সর্ব্বত্র মাদার টিঞ্চার করা যায়।

সিড্রন।

(Cedron)

সমসংজ্ঞা।—সিমাবা সিড্রন—প্লাঞ্চন্। র‍্যাটেলস্নেক্ বিন্।

পরীক্ষক।—এই ঔষধ ডাক্তার টেষ্টি প্রথমে পরীক্ষা করেন।

প্রাপ্তিস্থান।—আমেরিকায় এই বৃক্ষ প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ ইহার বীজ গৃহীত হয়। উক্ত বীজের চূর্ণতে পাঁচ গুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে ফিলটার করিয়া মূল ঔষধ বা মাদার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্‌মতে।--ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেক্‌টিফাইড্ স্পিরীট্ দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

—**—

সিপা।

(Cepa)

(এলিয়ম সিপা দ্রষ্টব্য।)

সিফেলেন্থাস্ অক্সিডেণ্টালিস।

(Cephalanthus Occidentalis)

সমসংজ্ঞা।—বটন বুস্; ক্রেন্ উইলো।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা ছাল বা ত্বক লইয়া দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ভেষজ শক্তি $\frac{1}{2}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

সিরেসস্ ভার্জ্জিনিয়ানা।

(Cerasus Verginiana.)

সমসংজ্ঞা।—সিরেসস্ সিরোটিনা; প্রুনস্ ভার্জ্জিয়ানা। ওয়াইলড্ ব্লাকচেরি।

জন্মস্থান।—আমেরিকায় ইহা প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—এই আমেরিকান্ বৃক্ষের টাট্‌কা ত্বক ঔষধার্থ গৃহীত হয়। মূল থেতো করিয়া এল্‌কোহল দিয়া ভিজাইয়া মূল ঔষধ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ১/৮। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

সিরিয়স্ বনপ্লাণ্ডি।

(Cerius Bonplandi.)

সমসংজ্ঞা।—সিরিয়স্ গ্রাণ্ডিফ্লোরস্।

জন্মস্থান।—আমেরিকায় ইহা প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—এই বৃক্ষের ডাঁটা থেতো করিয়া উহার দ্বিগুণ এল্‌কোহল দিয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ইহার ভৈষজ্য শক্তি ১/৬। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

সিরিয়ম্ অক্‌জেলিকাম্।

(Cerium Oxalicum.)

সমসংজ্ঞা।—সিরিয়স্ অক্‌জেলেট্। অক্‌জেলেট্ অভ্ সিরিয়ম।

প্রাপ্তিস্থান ও ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মুক্তাবস্থায় যেখানে সেখানে এই ধাতু পাওয়া যায় না। সুইডেনে (Sweden) এই খনিজ পদার্থ প্রচুর পাওয়া যায়। ইহা জলে অদ্রবণীয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান মতে।—বিশুদ্ধ সিরিয়ম্ দুগ্ধ শর্করা সহ ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

—*:*—

সার্ভাস ব্রেজিলিকস্।

(Cervus Brazilicus)

সমসংজ্ঞা।—গজোটি; ব্রেজেলিয়ান্ ষ্ট্যাগ। ব্রেজিলবাসী ডাক্তার মুর কর্ত্তৃক ইহা ভৈষজ্য-ক্ষেত্রে প্রবিষ্ট হইয়াছে।

প্রাপ্তিস্থান।—ব্রেজিল।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—এই জন্তুর তাজা চামড়া লোম সহ লইয়া ৯ম নিয়ম অনুসারে ট্রাইটুরেশন বা বিচূর্ণ করা যায়।

ক্যামোমিলা।

(Chamomilla)

সমসংজ্ঞা।—ক্যামো; ক্যামিমিলম্ ভলগ্যারি। ম্যাট্রিকেরিয়া। (Corn fever few)

জন্মস্থান।—ইয়ুরোপের অধিকাংশ শস্য ক্ষেত্রে ইহা জন্মে; এবং আগষ্ট মাসে ফুল হয়। ঔষধার্থ সমস্ত বৃক্ষ প্রয়োজন হয়। ফুল এবং বৃক্ষ হইতে যথা নিয়মে ঔষধ প্রস্তুত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—সমস্ত বৃক্ষগুলি থেতো করিয়া রস বাহির করিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান মতে।—ভৈষজ-শক্তি ½। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে ১ম প্রণালী অনুসারে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

চেলিডোনিয়ম।

(Chelidonium)

সমসংজ্ঞা।—বর্ত্তমান সময়ে উহাকে "কেলিডোনিয়ম" বলিয়া উচ্চারণ করা হয়। চেলিডোনিয়ম মেজস্; কিলাণ্ডিন্।

জন্মস্থান—আমেরিকা ও জার্ম্মাণ প্রভৃতি স্থানে অধিক পাওয়া যায়, মে ও জুন মাসে ফুল ফুটে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ সমস্ত বৃক্ষ (মূলসহ) গৃহীত হয়। ফুল ফুটিবার সময় গৃহীতব্য। ইহা মহাত্মা হানিমান কর্ত্তৃক পরীক্ষিত।

আমেরিকান্ মতে।—সমস্ত বৃক্ষ থেতো করিয়া রস লইয়া উহাতে এল্‌কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{১}{২}$। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—ডাইলিউট এল্‌কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়। কেহ কেহ শুষ্ক বৃক্ষ হইতে বিচূর্ণ করিতে বলেন।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

চিলোন্ বা কিলোনি।

(Chelone)

সমসংজ্ঞা।—কিলোন গ্লাবা; স্নেক্‌হেড্।

জন্মস্থান।—আমেরিকা বা যুক্ত প্রদেশে ইহা প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা গাছ থেঁতো করিয়া দ্বিগুণ ওজন এল্‌কোহলে ভিজাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে—ভেষজ শক্তি $\frac{১}{৬}$।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

চিনোপোডিয়ম এন্থেলমিন্টিকাম্।
(Chenopodium Anthelminticum.)

সমসংজ্ঞা।—সিনা এমেরিকানা। ওয়ারম্ সিড্।

জন্মস্থান।—যুক্ত প্রদেশে এই বৃক্ষ জন্মে। ডাক্তার জিনস্ কর্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—সমস্ত বৃক্ষ ফুল সহ কুটিয়া থেতো করিয়া দ্বিগুণ এল্‌কোহলে ভিজাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্ মতে।—ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

চিনোপোডিয়ম্ বট্রিস্।
(Chenopodium Botrys.)

সমসংজ্ঞা।—ফেদার জিরানিয়ম। জেরুজিলম্ ওক্।

জন্মস্থান।—ইয়ুরোপে পাওয়া যায়। আমেরিকায় চাষ হইতেছে।

ঔষধ প্রস্তুতি।—আমেরিকান্ মতে,—তাজা গাছ থেতো করিয়া যথা নিয়মে দ্বিগুণ এল্‌কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভৈষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

চিনোপোডিয়ম্ গ্লোকাম্।
(Chenopodium Glaucum.)

সমসংজ্ঞা।—ওকলিভ-গুজ্ ফুট

জন্মস্থান।—এই বৃক্ষ ইয়ুরোপেই জন্মে। ঔষধার্থ বৃক্ষ ও ফুল গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে দ্বিগুণ এল্‌কোহল সহ মিশাইয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—এই ঔষধের ভেষজ-শক্তি ⅙। সুতরাং তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশমতে।—উপরোক্ত কয়েকটীর টিঞ্চার প্রস্তুত হয়। এল্‌কহলের বিশেষ নিয়ম নাই।

—*:*—

চিমাফিলা।

(Chimaphila)

সমসংজ্ঞা।—চিমাফিলা অম্বেলেটা (Chimaphila Umbellata); প্রিন্সেস্ পাইন্।

জন্মস্থান।—ক্যানাডাও যুক্তপ্রদেশে এবং এসিয়াতে ইহা প্রচুর জন্মে। জুন ও জুলাই মাসে ফুল হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ডাক্তার জোনস এই ঔষধ পরীক্ষা করেন। তাজা বৃক্ষ থেঁতো করিয়া দ্বিগুণমাত্রা এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে।—ঔষধার্থ বৃক্ষ ও পত্র গৃহীত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

চায়না।

(China)

সমসংজ্ঞা।—সিন্‌কোনা ফ্লেভা; সিন্‌কোনা অফিসিনালিস্। পেরুভিয়ান্ বার্ক; ইয়োলো সিন্‌কোনা বার্ক। চায়না রিজিয়া।

জন্মস্থান।—বোলিভিয়া ও দক্ষিণ পেরু। ঔষধার্থ শুষ্ক ত্বক গৃহীত হয়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান এই ঔষধ হইতে প্রথমে সুস্থ দৈহিক পরীক্ষা আরম্ভ করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে।—২০ ডিগ্রীর ওভার প্রুফ্ স্পিরীটে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—শুষ্ক ত্বক্ চূর্ণ করিয়া উহাতে—৫পাঁচগুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে ঢাকিয়া রাখিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। উক্ত ত্বক্ হইতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণও হইতে পারে।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, ট্রাটুরেশন, ইত্যাদি।

—**—

চিনিনম্ আর্সেনিকাম্।

(Chininum Arsenicum)

সমসংজ্ঞা।—আর্সেনেট অভ্ কুইনিয়া; ট্রিকুইনিয়া আর্সেনেট্।

পরীক্ষক।—ইহার ডাক্তর মার (Dr. Muhr) কর্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ কুইনাইন সহ আর্সেনিক এসিড্ সংযোগ করিয়া ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার কেবল ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—ইহা বিচূর্ণ ও সলিউশন। ১ম ক্রম জন্য ২০ ডিগ্রীর ওভার প্রুফ প্রয়োজন; ৩×ক্রম জন্যও ২০ ওঃ প্রুফ স্পিরীট, তদূর্দ্ধ ক্রম-সকল রেক্‌টিফাইড্ স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

চিনিনম্ মিউরিয়েটিকাম্।

(Chininum Muriaticum)

সমসংজ্ঞা।—চিনিনম্ হাইড্রোক্লোরিকাম্; মিউরিয়েট্ অভ্ কুইনাইন। হাইড্রোক্লোরেট্ অভ্ কুইনাইন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশমতে।—কুইনাইন উক্ত হাইড্রো-ক্লোরিক এসিডে সলিউশন করিয়া তাল বাঁধাইতে হয়। অন্য প্রকারেও ইহা প্রস্তুত হইতে পারে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—১ম সলিউশন জন্য ২০ ডিগ্রীর স্পিরীট্; তদূর্দ্ধ ক্রম রেক্‌টিফাইড্ স্পিরিটে হইয়া থাকে। বিচূর্ণও হইয়া থাকে।

আমেরিকান মতে।—বিশুদ্ধ মিউরেট অভ কুইনাইন ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ হইয়া থাকে।

ব্যবহার।—১× এবং তদূর্দ্ধ ক্রম টিঞ্চার, টিঞ্চার—ট্রিটুরেশন; পিল ইত্যাদি।

—*:*—

চিনিনম পিউরম্।

(Chininum Purum)

সমসংজ্ঞা।—কুইনিয়া; পিউর কুইনাইন্।

ঔষধ প্রস্তুতি।—বিশুদ্ধ সল্‌ফেট্ অভ্ কুইনাইন পোটাসীয় সলিউশনে অধঃ পাতিত করিয়া পুনঃ রেক্‌টিফাইড্ স্পিরীটে দ্রব করিয়া মৃদু সন্তাপ দিলে উহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিচূর্ণ।

আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

চিনিনম্ সলফিউরিকাম্।

(Chininum Sulphuricum)

সমসংজ্ঞা।—ডাইসল্‌ফেট্ অভ্ কুইনাইন; কুইনি সলফাস্, সল্‌ফেট্ অভ্ কুইনাইন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ডাক্তার পাইপার কর্ত্তৃক প্রথমে জার্ম্মনীতে পরীক্ষিত। সিনকোনা বার্ক প্রভৃতি হইতে প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—১× ক্রম বিচূর্ণ; যদি উহাতে অত্যধিক সল্‌ফিউরিক এসিড্ না থাকে তবে, সলিউসন্ (১ ভাগে ১৫ ভাগ) করিতে কয়েক বিন্দু ডাইলিউট সল্‌ফিউরিক্ এসিড দিতে হয়।

২০ ওভার প্রফ স্পিরীটে সল্ট (salt) দ্রবণীয় এবং উহাতে ১ম শততমিক সলিউসন করিয়া, তদূর্দ্ধ ক্রমসকল রেক্‌টিফাইড্ স্পিরীটে সম্পাদিত করিতে হয়।

ব্যবহার।—১ম ক্রমের নিম্নে বিচূর্ণ বা সলিউসন্; ১ম ক্রম বা তদুর্দ্ধক্রম টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

চিনোইডিন্।

(Chinoidin)

সমসংজ্ঞা।—এমরফস্ কুইনাইন, কুইনিডিন্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—নানাপ্রকার সিঙ্কোনাদি এল্‌কোহল যুক্ত (ক্ষার ধর্ম্মাক্রান্ত) পদার্থের সারভাগ হইতে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$। এক ভাগ ঔষধ পদার্থ ৯ নয় অংশ এল্‌কোহলে দ্রবণীয়। এবং উক্ত এল্‌কোহলে শত করা ৯৫ অংশ এল্‌কোহল থাকে।

৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হয়। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

চিয়োনেন্থাস্ ভার্জ্জিনিকা।

(Chionanthus Virginica)

সমসংজ্ঞা।—স্নোফ্লাউয়ার; ফ্রিঞ্জ ট্রি।

জন্মস্থান।—দক্ষিণ পেন্‌সিল্‌ভ্যানিয়ার জঙ্গলে ইহা পাওয়া যায়।

পরীক্ষা।—ডাক্তার স্কডার কর্ত্তৃক প্রথমে পরীক্ষিত

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধার্থ তাজা ছাল লইয়া থেতো করিয়া দ্বিগুণ মাত্রা এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে—ইহার ভেষজ-শক্তি ½।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:—

ক্লোরেলম্।

(Chloralum)

সমসংজ্ঞা।—ক্লোরাল্ হাইড্রেট্; হাইড্রেট্ অভ্ ক্লোরাল্।

পরীক্ষা।—ইহা ডাক্তার এগার্ট কর্ত্তৃক প্রথমে পরীক্ষিত। ক্লোরিণ বাষ্প হইতে রাসায়নিক প্রক্রিয়া বিশেষ দ্বারা প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—একাংশ ক্লোরাল্, ৯ অংশ এল্‌কোহলে দ্রব করা হয়, ইহার ভেষজ শক্তি $\frac{১}{১০}$।

৬ষ্ঠ শ্রেণীর (ক) মতে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—১ × পরিস্রুত জলে দ্রব, যে জলে ৫ভাগ রেক্‌টিফাইড্ স্পিরিট্ মিশ্রিত করা হইয়া থাকে।

১ম ক্রম জন্য ডাইলিউট এল্‌কোহল। তদূর্দ্ধ ক্রম রেক্‌টিফাইড্ স্পিরীটে। বিচূর্ণ ক্রমও হইয়া থাকে।

ক্লোরফর্ম্মম।

(Chloroformum.)

সমসংজ্ঞা—ক্লোরফর্ম্ম। ডাক্তার লেম্বকি কর্ত্তৃক প্রথমে পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—এই রাসায়নিক দ্রব্য ও ক্লোরাল প্রভৃতির ন্যায় বিশেষ নিয়মে প্রস্তুত হয়। একাংশ ক্লোরফর্ম্ম নয় অংশ এল্‌কোহলে দ্রবণীয়।

আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$। ৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ক্লোরম্।

(Chlorum)

সমসংজ্ঞা। ক্লোরিণম্। ক্লোরিণ। সলিউশন অভ ক্লোরিণ। ইহা ডাক্তার হেরিং কর্ত্তৃক পরীক্ষিত।

বিবরণ। যদিচ ক্লোরিণ মুক্তাবস্থায় (free in nature) পাওয়া যায় না; কিন্তু ইহা লাবণিক খনিতে সোডিয়মের সংযোগে উৎপন্ন হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে—দেড় ড্রাম ক্লোরিণ এক আউন্স পরিস্রুত জলে দ্রব করিয়া ৩× ক্রম প্রস্তুত করিতে হয়।

দ্রষ্টব্য।—ক্লোরিণের দ্রব সর্ব্বদা টাট্‌কা প্রস্তুত করা হয়।

আমেরিকান্ মতে।—টাট্‌কা ক্লোরিণ সলিউশনে ক্লোরিণ গ্যাস শত করা তিন ভাগ থাকে; ইহার একভাগে আর দুই ভাগ পরিস্রুত জল মিশাইতে হয়।

ভেষজ শক্তি $\frac{1}{100}$। ক্রম প্রস্তুতি জন্য ৫ম শ্রেণীর (খ) নিয়ম অনুসরণীয়।

-*:*—

সাইকিউটা বা সিকুটা।

(Cicuta)

সমসংজ্ঞা।—সিকুটা ভিরোসা। কাউবেন। ওয়াটার হেমলক।

জন্মস্থান।—জার্ম্মাণ ও ফ্রান্সের জলা ভূমিতে, নদীর ধারে ইহার জন্ম। উত্তর আমেরিকায় ও ব্রীটনে পাওয়া যায়।

বিবরণ।—গ্রীষ্মকালে ফুল ফুটিয়া থাকে। ঔষধার্থ মূল গৃহীত হয়। সমস্ত বৃক্ষ ব্যতীত ইহার মূল গ্রাহ্য নহে, যেহেতু ইহাতে অত্যন্ত ভ্রম হয়। ইহার সহিত অন্য এক প্রকার বিষাক্ত বৃক্ষকেই (parsnip) ভুল হয়। মহাত্মা হানিমান কর্ত্তৃক প্রথম পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে—তাজা মূল থেতো করিয়া সম পরিমাণে এল্‌কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ইহার ঔষধ শক্তি ½।

প্রথ. শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফা্র্ম্মাকোপিয়া মতে।—প্রুফ স্পিরিট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, ট্রিটুরেশন ইত্যাদি।

—**—

সিমিসিফিউগা।
(Cimicifuga)

একটিয়া রেসিমোসা—দ্রষ্টব্য

—**—

সাইমেক্স লেকটুলেরিয়াস্।
(Cimex lectularius)

সমসংজ্ঞা।—সাধারণ ছারপোকা (Bed bug)। জার্ম্মাণির ডাক্তার ওয়ালি কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জীবন্ত কীটটি নিষ্পেষিত করিয়া উহার ৫ গুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—বিচূর্ণ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

সিনা।

(Cina)

সমসংজ্ঞা।—আর্টিমিসিয়া সিনা ; ইয়ুরোপিয়ান্ ওয়াম্ সিড্ ; আর্টিমিসিয়া। স্যান্টোনিকা।

জন্মস্থান।—এসিয়া মাইনার, আফ্রিকা ও পারস্য দেশে ইহা প্রচুর পাওয়া যায়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান কর্ত্তৃক প্রথম পরীক্ষিত।

ঔষধার্থ।—অপ্রস্ফুটিত ফুল গৃহীত হয়। শুষ্ক ফল চূর্ণে ৫গুণ এল্কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে—ইহার ভেষজশক্তি $\frac{১}{১০}$।

সুতরাং ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—অপ্রস্ফুটিত ফুল হইতে মাদার প্রস্তুত করা হয়। রেক্টিফাইড্ স্পিরীট দিয়া ১ম প্রক্রিয়া অনুসারে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়। ইহার বিচূর্ণও হইয়া থাকে।

ব্যবহার।—ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চার,—টিঞ্চার ; ট্রিটুরেশন, পিল্, গ্লবিউল ইত্যাদি।

সিঙ্কোনিয়ম সল্ফিউরিকাম্।

(Cinchonium Sulphuricum)

সমসংজ্ঞা—সিঙ্কোনি সল্ফাস্ ; সল্ফেট্ অভ্ সিঙ্কোনা।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সল্ফেট্ অভ্ কুইনাইন প্রস্তুত হইয়া যাইলে পর অবশিষ্ট লিকর্ (Liquor) বা জলীয়াংশ হইতে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার দ্রব ২০ ডিগ্রীর ওভার প্রুফ্ স্পিরীটে সম্পাদিত হয়।

আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে—বিশুদ্ধ সল্‌ফেট্‌ অভ্‌ সিঙ্কোনা লইয়া ৭ম শ্রেণীর নিয়ম অনুসারে বিচূর্ণ ক্রম হইয়া থাকে। তৎপরে টিঞ্চার করা যায়।

সিনাবেরিস্‌।
(Cinnabaris)

সমসংজ্ঞা।—মার্কিউরিক্‌ সল্‌ফাইড্‌; মার্কুরিয়াস্‌ সলফিউরেটাস্‌ রুব্রম্‌; ভার্মিলিয়ন্‌; রেড্‌ সল্‌ফাইড্‌ অভ্‌ মার্কুরি।

মহাত্মা হানিমান্‌ কর্ত্তৃক হোমিওপ্যাথিক ভৈষজ্য ক্ষেত্রে প্রবেশিত হয়।

প্রস্তুত প্রণালী।—ছয় ভাগ পারদ এবং এক ভাগ গন্ধক (Flower of sulphur) রাসায়নিক সংমিশ্রণের দ্বারা প্রক্রিয়া বিশেষ হইতে ইহা উৎপন্ন করা হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্‌ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—বিচূর্ণ।

ব্যবহার।—১ × হইতে ৬ × পর্য্যন্ত বিচূর্ণ। ৪র্থ বা তদূর্দ্ধ ক্রম টিঞ্চার, ইত্যাদি।

সিনামোমম্‌।
(Cinnamomum)

সমসংজ্ঞা।—সিনামন; লরোসি জাতীয় সিনেমোমম্‌ জিলানিকাম্‌; দারচিনি; গুড়ত্বক।

বিবরণ বা জন্মস্থান।—ভারতবর্ষে সিংহল ও জাপানে জন্মে। ঔষধার্থে বৃক্ষের তরুণ শাখার বল্‌কলের অভ্যন্তরাংশ গৃহীত হয়। ইহাতে এক রূপ বায়ী তৈল ও সিনামক এসিড্‌ থাকে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বল্কল চূর্ণ করিয়া উহার পাঁচ-গুণ এল্‌কোহল মিশাইয়া যথারীতি নিয়মে ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{১}{১০}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফারর্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চার জন্য রেক্‌টি-ফাইড্ স্পিরীট ব্যবহৃত হয়।

ব্যবহার। টিঞ্চার, পিল ইত্যাদি।

-*:*—

সিষ্টাস্।

(Cistus)

সমসংজ্ঞা।—সিষ্টাস্ ক্যানাডেন্স্; হোলিরোজ্; বক্‌রোজ্।

পরীক্ষক।—ডাক্তার হেরিং কর্ত্তৃক ইহা হোমিওপ্যাথিতে প্রবেশাধি-কার লাভ করিয়াছে।

জন্মস্থান।—যুক্ত প্রদেশে ইহা প্রচুর জন্মে। ক্যানাডা ও ফ্লোরিডায় অধিক পাওয়া যায়।

বিবরণ। জুন ও সেপ্টেম্বর মাসে ফুল হয়। সমস্ত বৃক্ষ ঔষধার্থ গৃহীত হইয়া থাকে। ফুল ও বীজ হইলে বৃক্ষ গ্রহণ করা কর্ত্তব্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত টাট্‌কা বৃক্ষ থেতো বা পেষণ করতঃ দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি $\frac{১}{৬}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ্‌স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার-ট্রাটুরেশন ইত্যাদি।

ক্লিমেটিস্ ।
(Clematis)

সমসংজ্ঞা ।—ক্লিমেটিস্ ইরেক্‌টা। অপরাইট্ ভার্জিন্স বাউয়ার (সতী-কুমারী কুঞ্জ)।

পরীক্ষক । মহাত্মা হানিমান, ষ্টাপ্ প্রভৃতি।

জন্মস্থান ।—ফ্রান্সের উত্তরে, স্পেন প্রভৃতি স্থানে পাওয়া যায়। জুলাই ও আগষ্ট মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া ।—ঔষধার্থ পত্র ও ডাঁটা গৃহীত হয়। ফুল হইলে বৃক্ষ সংগ্রহ করা কর্ত্তব্য। তাজা পত্রাদি নিষ্পেষিত করিয়া দ্বিগুণ এল্-কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়॥

ক্রম প্রস্তুত প্রক্রিয়া ।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে**—ভেষজ-শক্তি ১/৬।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশমতে ।—মাদার টিঞ্চার প্রুফস্পিরীটে হইয়া থাকে।

ব্যবহার ।—মাদার ; টিঞ্চার ; টিঞ্চার-ট্রিটুরেশন ; পিল ইত্যাদি।

—*—

ক্লিমেটিস্ ভার্জ্জিনিয়না।
(Clematis virginiana)

সমসংজ্ঞা ।—ক্লিমেটিস্ কর্ডেটা ; সাধারণ সতীকন্যার কুঞ্জ (Common virgin's bower) নামক লতা।

জন্মস্থান ।—এই লতাবিশেষ সমুদ্রের ধারেই অধিক হইয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া ।—টাট্‌কা পত্রাদির থেঁতো করিয়া দ্বিগুণ মাত্রায় এল্‌কোহলে মিশাইয়া যথা নিয়মে মূল অরিষ্ট প্রস্তুত করিতে হয়।

আমেরিকান্ মতে ।—ভেষজ শক্তি ১/৬।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া ।—**আমেরিকান্ মতে** ।—তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

ক্লিমেটিস্ ভাইটাল্‌বা।

(Clematis Vitalba)

সমসংজ্ঞা।—বৃদ্ধ ব্যক্তির দাড়ি (Old man's beard)। পথিকের আনন্দ (Traveller's joy) প্রভৃতি সংজ্ঞা যুক্ত লতা বিশেষ।

জন্ম বা প্রাপ্তি স্থান।—ইংলণ্ড ও হলণ্ড প্রভৃতি স্থানে এই লতা জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাটকা পত্রাদি নিষ্পেষিত করিয়া দ্বিগুণ এল্‌কোহল মিশ্রিত করিয়া কিছুদিন রাখিয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—
ইহার ভেষজ শক্তি ⅒।
তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—:*:—

কোবাল্টম্ মিটালিকাম্।

Cobaltum Metallicum)

সমসংজ্ঞা।—কোবাল্ট্; মিটালিক কোবাল্ট।

প্রাপ্তিস্থান।—ইহা প্রচুর পরিমাণে পাওয়া যায় না। খনিজ পদার্থের সহিত সংমিশ্রিত থাকে, নিকেল সহ পাওয়া যায়। আর্সেনিকে যৌগিক (Arsenical Compound) ভাবে থাকিতে পারে।

স্বরূপ।—ইহা দেখিতে কৃষ্ণাভ তৎসঙ্গে ঈষৎ লাল বর্ণের আভা থাকে। ইহার অধঃপাতিত দ্রব্য নাইট্রিক এসিড্ দ্বারা গলিয়া যায়।

অর্থাৎ তাহাতে আর্সেনিক নিকেল প্রভৃতি সংমিশ্রিত আছে কিনা পরীক্ষা করিতে হয়।

পরীক্ষা।—ইহা মহাত্মা হেরিং কর্ত্তৃক হোমিওপ্যাথিক ভৈষজ্য-ক্ষেত্রে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ বা আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—বিচূর্ণ হইয়া থাকে।

কোকা।

(Coca)

সমসংজ্ঞা।—হায়ো; ইপাডু ইত্যাদি।

জন্মস্থান।—এই ক্ষুদ্র জঙ্গলীয় বৃক্ষ পেরু ও বোলিভিয়ায় অধিক চাষ হয়। ব্রেজিল ও আমেরিকাতে চাষ হইয়া থাকে।

পরীক্ষা। প্রথমে জার্ম্মাণ ডাক্তার ক্লোটার মুলারের অধীনে ইহার পরীক্ষা কার্য্য সমাহিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ পত্র গৃহীত হয়। সূর্য্যতাপে পত্র গুলি শুষ্ক করিয়া ঔষধার্থ গৃহীত হইয়া থাকে। এক বৎসরের অধিক হইলে শুষ্ক পত্র ফেলিয়া দিতে হয়। শুষ্কপত্র চূর্ণ করিয়া ৫ পাঁচ অংশ এলকোহলে মিশাইয়া যথা নিয়মে টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ১/১০।
৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

ককৃসিনেল্লা।

(Coccinella)

সমসংজ্ঞা।—লেডী বার্ড, লেডীকাউ (Lady bird, Lady cow)।

বিবরণ।—এক প্রকার কীট বা ক্ষুদ্র পোকা বিশেষ। জার্ম্মাণীর ডাক্তার দ্বারা পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জীবন্ত কীট জুন মাসে সংগ্রহ করিয়া উহা চূর্ণ করিয়া উহার পাঁচগুণ এল্‌কোহল মিশাইয়া স্থিরভাবে কিছুদিন রাখিয়া যথানিয়মে টিঞ্চার ফিল্‌টার করিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশমতে।—প্রুফ্ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ভেষজ-শক্তি ১/১০।
৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ককুলস্।

(Cocculus)

সমসংজ্ঞা।—ককুলস্ ইণ্ডিকাস; ইণ্ডিয়া বেরিজ্। কাকমারি। মহাত্মা হানিমান কর্ত্তৃক প্রথম পরীক্ষিত।

প্রাপ্তিস্থান।—মালাবার, সিংহল, ত্রিবাঙ্কুর উড়িস্যা, আসাম. প্রভৃতি (পার্ব্বত্য) জঙ্গলে জন্মে। ইহার ফল বিষাক্ত গুণ যুক্ত। দেখিতে মটর অপেক্ষা বড়। বাঙ্গালা দেশে মৎস মারিবার জন্য ব্যবহৃত হইত। আভ্যন্তরিক ব্যবহৃত হইত না। কিন্তু হোমিওপ্যাথিতে সদৃশ লক্ষণে ইহার উচ্চ ক্রম সর্ব্বদা সেবন করান হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধার্থ মটর বৎ ফলগুলি গৃহীত হয়। উহা শুষ্ক করিয়া চূর্ণ করতঃ উহার পাচ ৫গুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে স্থির ভাবে রাখিয়া পরে ফিলটার করিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভৈষজ্য শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চার প্রস্তুত করিতে রেক্‌টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, পিল্ গ্লবিউল্ ইত্যাদি।

কক্কস্ কাক্‌টাই।

(coccus cacti)

সমসংজ্ঞা।—কক্‌সিনেল্লা ইণ্ডিকা। কোচিনিল্।

বিবরণ।—এই কীট মেক্সিকো প্রভৃতি স্থানে পাওয়া যায়।

ইহা ডাক্তার ওয়াচেল এবং অন্যান্য অষ্ট্রেলিয়া দেশবাসী ডাক্তারেরা পরীক্ষা করিয়াছিলেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ শুষ্ক স্ত্রীকীট সকল গৃহীত হয়। শুষ্ক কীটগুলি উষ্ণজলে ধৌত করিয়া পরে চূর্ণ করিয়া উহার পাঁচগুণ এল্‌-কোহল দিয়া যথা রীতি ভিজাইয়া ৮দিন পরে ফিলটার করিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—এই মাদার টিঞ্চারের ভেষজ শক্তি $\frac{১}{১০}$।

ক্রমপ্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—উহার মাদার টিঞ্চারের শক্তি ১ ভাগে ২০ ভাগ; প্রুফ্ স্পিরীট দিয়া উহা প্রস্তুত হয়। বিচূর্ণও হইয়া থাকে।

ব্যবহার।—১ম হইতে তৃতীয় পর্য্যন্ত বিচূর্ণ; বা মাদার টিঞ্চার, টিঞ্চার ইত্যাদি।

—*:*—

কোডিনম্।

(Codeinum.)

সমসংজ্ঞা।—কোডিয়া; ওপিয়মের সারভাগ (Alkaloids)।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মর্ফিয়া প্রস্তুত করার ন্যায় প্রক্রিয়াতে ইহা প্রস্তুত হইয়া থাকে। ইহা যুক্ত প্রদেশে পরীক্ষিত হইয়াছে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—১ × জন্য রেক্‌টিফাইড্ স্পিরীটে সলিউশন। তৎ-পরের ক্রম প্রস্তুত জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হয়।

—:*—

ককলিয়ারা।

(Cochleara)

সমসংজ্ঞা। আর্মোরেসিয়া রানকামা। হর্স র‍্যাডিস্ (Horse radish) ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,**—এই ঔষধটীর মূল ঔষধার্থ গৃহীত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**ব্রীটিশ মতে।**—ইহার মাদার টিঞ্চার প্রস্তুত করিতে প্রুফ্ স্পিরীট প্রয়োজন হয়।

—*:*—

কফিয়া।

(Coffea)

সমসংজ্ঞা।—কফিয়া এরেবিকা। কফিয়া ক্রডা। কাওয়া বা কাফি। জেসমিনম্ এরেবিকাম্। মহাত্মা হানিমান কর্তৃক পরীক্ষিত।

প্রাপ্তিস্থান।—এরেবিয়া, ইথিয়োপিয়া এবং ইদানীন্তন পারস্যে জন্মে।

বিবরণ।—বৃক্ষের শুষ্ক ফল বিশেষ। কফিকে অনেকে কাওয়া কহে। মোচা Mocha coffea প্রসিদ্ধ।

ক্রম প্রস্তুত পদ্ধতি। আমেরিকান্ মতে,—ইহার ভেষজ শক্তি $\frac{১}{১০}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে। কিন্তু ২×,৩× এবং ১ম ক্রম ডাইলিউট এল্‌কোহল দ্বারা প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে। মাদার টিঞ্চার জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

কল্‌চিকাম্।

(Colchicum)

সমসংজ্ঞা।—কল্‌চিকাম্ অটমনেলি; মেডো‌স্যাফ্রন্; নেকেড্ (naked lady) ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপের অধিকাংশ জলাভূমিতে, আইরলাণ্ড জার্ম্মাণী ও ফ্রান্সে এই ক্ষুদ্র শস্য বৃক্ষ জন্মে। বসন্তকালে ইহার ফুল ফুটে।

পরীক্ষক।—জার্ম্মাণীর চিকিৎসক ষ্টাপ এবং হানিমান প্রভৃতি ইহার পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ—টাট্‌কা শস্য-শিষ গৃহীত হয়। বসন্তকালের শেষে ইহা সংগ্রহ পূর্ব্বক নিষ্পেষিত করিয়া রস বাহির করিয়া উহাতে সমান মাত্রায় এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভৈষজ্য-শক্তি ⅰ।

ক্রম প্রস্তুত ক্রিয়া।—আমেরিকান্ মতে।—১ম শ্রেণীর নিয়ম গ্রহণ করা কর্ত্তব্য।

ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চার প্রুফ্ স্পিরীটে প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, টিঞ্চার—ট্রিটুরেশন ইত্যাদি।

—**—

কলিনসোনিয়া।

(Collinsonia)

সমসংজ্ঞা।—কলিন্সোনিয়া ক্যানাডেন্সিস্; হর্স-উইড্; হর্স-বাম (ঘোড়ার ঔষধ); রিচ্ উইড্ ইত্যাদি।

জন্মস্থান।—ক্যানাড়া ও ফ্লোরিড়ার আর্দ্র জঙ্গলে এই ক্ষুদ্র ভেষজ-বৃক্ষ জন্মে। উত্তর আমেরিকায় পাওয়া যায়।

পরীক্ষক।—ডাক্তার বার্ট ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ মূল গৃহীত হয়। টাট্‌কা মূল লইয়া নিষ্পেষিত করিয়া উহার দ্বিগুণ মাত্রা এল্‌কোহল দিয়া আমেরিকান্ মাদার টিঞ্চার যথারীতি অনুসারে প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে—উহার ভৈষজ্য-শক্তি ⅰ। সুতরাং তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—ইহার বিচূর্ণ হইতে পারে। মাদার টিঞ্চার জন্য প্রুফ্ স্পিরীট ব্যবহৃত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিল ইত্যাদি। অথবা ১ × হইতে ৬ × বিচূর্ণ ইত্যাদি।

—*:*—

কলোসিন্থিস্।

(Colocynthis)

সমসংজ্ঞা।—কলোসিন্থ; বিটার কিউকিউম্বার। ইন্দ্রবারুণী।

বিবরণ ও জন্মস্থান।—এই জাতীয় লতার ফল ও মূল ভারতবর্ষের সর্ব্ব প্রদেশেই জন্মে। মিসর ও নুবিয়াতে, জাপানে এবং তুর্কিস্থানে প্রাপ্তব্য।

মহাত্মা হানিমান এই ঔষধকে সদৃশ ভৈষজ্য ক্ষেত্রে প্রবিষ্ট করান। মে ও আগষ্ট মাসে ইহার ফুল হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ—পক্ক ফল ব্যবহৃত হইয়া থাকে বীজ গৃহীত হয় না।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—শুষ্ক ফল বিচূর্ণিত করিয়া—উহার পাচ গুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে উহার মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে। ইহার ভৈষজ্যশক্তি ১/১০। এবং ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চারে প্রুফ্ স্পিরীট ব্যবহার্য্য।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

কমোক্লেডিয়া ডেণ্টেটা।

(Comocladia dentata)

সমসংজ্ঞা।—গুয়ায়ো (Guao)। ব্যাষ্টার্ড ব্রেজিল্ উড্; টুথ লিভ্‌ড মেডেন্ ইত্যাদি।

জন্মস্থান।—কিউবা এবং সেণ্টজেমিন্ গো।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—**ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,**— ঔষধার্থ পত্র ও বল্কল গৃহীত হয়।

আমেরিকান্ মতে,—কেবল বল্কল গ্রহণ করিতে উপদেশ আছে। বল্কল থেঁতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথা নিয়মে— আট দিন অন্ধকার গৃহে রাখিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধ শক্তি ⅟₁₀। আমেরিকান্ মতে তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—২০ ডিগ্রীর ওভার প্রুভ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার ইত্যাদি।

—*—

কাণ্ডিউরাঙ্গো।

(Condurango)

সমসংজ্ঞা।—গণোলোবস্ কণ্ডিউরাঙ্গা ট্রিয়ানা।

বিবরণ।—ইহা স্বর্গীয় ডাক্তার বার্ণেট (J. C. Burnett) কর্ত্তৃক প্রথমে পরীক্ষিত হয়।

বিবরণ।—ইহা এক প্রকার লতার বল্কল বিশেষ। ইহা গন্ধ যুক্ত ও তিক্ত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক বল্কল চূর্ণ ঔষধার্থ গৃহীত হয়। ৫পাঁচ-গুণ এলকোহল দিয়া ৮দিন অন্ধকারে রাখিয়া তৎপরে ফিলটার করিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ মতে**।—ইহার ভৈষজ্য শক্তি ⅟₁₀। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। শুষ্ক বল্কল হইতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণও হইয়া থাকে।

—**—

কোনায়াম

(Conium)

সমসংজ্ঞা।—কোনায়ম ম্যাকুলেটাম্; কোরিয়ান ড্রম্; সাইকিউটা; স্পটেড্ হেমলক্; পয়জন হেমলক; কোনায়ম মেজস্।

জন্মস্থান।—ইয়ুরোপে নদী বা জলভূমির প্রান্তরে ইহা হইয়া থাকে। গ্রীষ্মকালে ফুল ফুটিয়া থাকে। সমস্ত বৃক্ষ ঔষধার্থ গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মহাত্মা হানিমান কর্তৃক প্রথম পরীক্ষিত। সমস্ত বৃক্ষ (মূল বাদ) থেঁতো করিয়া নূতন কাপড়ে ছাকিয়া রস বাহির করিয়া সমপরিমাণে এল্‌কোহল দিয়া ছাকিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ভৈষজ শক্তি ½। প্রথম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে,—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার; টিঞ্চার-ট্রিটুরেশন, পিল।

—:০:—

কোনাইনম্।

(Conienum)

সমসংজ্ঞা। কোনাইসিন্ (Coniecine)

ঔষধ প্রস্তুতি।—কোনায়ম ম্যাকুলেটাম হইতে এক প্রকার উদ্বায়ী তৈল বাহির হয় (বিশেষতঃ বীচি-ইহা অধিক পাওয়া যায়)।

ইহা অতিশয় বিষাক্ত। রেক্‌টিফাইড স্পিরীটে সলিউশন ১ × ইত্যাদি।

—*:*—

কন্‌ভ্যালেরিয়া।

(Convallaria)

সমসংজ্ঞা। কন্‌ভ্যালিরিয়া মেজালিস্। লিলি অভ্ দি ভ্যালি।

জন্মস্থান।—ভার্জিনিয়া প্রভৃতি স্থানে, উত্তর আমেরিকায় এই ভেষজ প্রাপ্তব্য। ইয়ুরোপেও কোন কোন স্থানে পাওয়া যায়।

বিবরণ।— মে মাসে ইহার ফুল ফুটে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ থেতো করিয়া নূতন বস্ত্রের দ্বারা রস ছাকিয়া—সমপরিমাণে এল্‌কোহল মিশাইয়া যথারীতি মতে ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—ইহা ভৈষজ্য-শক্তি ই। সুতরাং প্রথম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

কনভলভিউলস ভিউর্টিনস্

(Convolvulus)

সমসংজ্ঞা।—কনভল্ ভিউলস্ আর্ভেনসিস্। বাইণ্ড উইড্। (Bind weed) ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপ, এসিয়া, আফ্রিকা এবং আমেরিকার ময়দানে ইহা পাওয়া যায়।

বিবরণ।—জুন মাসে ইহার ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বৃক্ষ আমরাইলে, থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া যথারীতি অনুসারে মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান মতে।—ইহার ভেষজ শক্তি ৬। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

কন্‌ভলভিউলস ডিউটিনস।

(Convolvulus Duartinus)

সমসংজ্ঞা।—ইপোমিয়া বোনা নক্স (Ipomia bonanox)। মর্ণিং গ্নোরি।

জন্মস্থান।—পশ্চিম ভারতাদি স্থানে, আমেরিকায় ও ইয়ুরোপে প্রাপ্তব্য।

পরীক্ষা।—ডাক্তার মোরেরা কর্ত্তৃক পরীক্ষিত। ইহার টাট্‌কা পুষ্প ঔষধার্থ গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা ফুল থেঁতো করিয়া উহার দ্বিগুণ-মাত্রায় এলকোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—**আমেরিকান্ মতে**।—ইহার ভৈষজ্য শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

কোপেবা অফিসিন্যালিস্।

(Copaiba officinalis)

সমসংজ্ঞা।—বালসম অভ্ কোপেবা। (Balsum of copaiba)।

জন্মস্থান। আমেরিকা, ব্রেজিল প্রভৃতি স্থানে প্রাপ্তব্য।

পরীক্ষা।—হানিমান ও টেষ্টার অধীনে পরীক্ষা হইয়াছিল।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার একভাগ ওজনে নয় অংশ এল্‌কোহলে দ্রব করিতে হয়—যে এল্‌কোহলে শতকরা পাঁচ অংশ এল্‌কোহল মিশ্রিত থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ মতে**।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৬ষ্ঠ শ্রেণীর(খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রিটিশ মতে।—এবসোলিউট এল্‌কোহলে দ্রব হইয়া ১ম ক্রম প্রস্তুত হয়। ২ × জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হয়।

ব্যবহার।—১ × হইতে ঊর্দ্ধ ক্রম টিঞ্চার, পিল ইত্যাদি।

—**—

কপ্‌টিস্।

(Coptis)

সমসংজ্ঞা।—কপ্‌টীস্ ট্রাইফোলিয়া। হেলিবোরস্ ট্রিফোলিয়া। গোল্‌ড থ্রেড্ ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—উত্তর আমেরিকায় ইহা প্রাপ্তব্য। মে মাসে ফুল ফুটে। ঔষধার্থ টাট্‌কা শিকড় গৃহীত হয়।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল থেতো করিয়া দ্বিগুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

কোরালিয়ম্ রুব্রাম্।

(Corallium rubrum)

সমসংজ্ঞা।—রেড্ কোরাল (Red Coral)। আইসিস্ নোবিলিস্। লাল পলা।

বিবরণ।—জার্ম্মাণ দেশবাসী ডাক্তার এমেটার এই ঔষধ পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহা সপ্তম শ্রেণীর নিয়মে উত্তম রূপ বিচূর্ণ করিতে হয়।

ব্রীটিশ মতে।—বিচূর্ণ

ব্যবহার।—১ × হইতে ৬ × পর্য্যন্ত কেবল বিচূর্ণ। ৪র্থ হইতে বরাবর টিঞ্চার বা পিল ইত্যাদি হইয়া থাকে।

কোরালোরিজা ওডোণ্টোরিজা।

(Corralorhiza odontorhiza)

সমসংজ্ঞা।—কোরাল রুট্।

প্রাপ্তিস্থান।—নিউইয়ার্ক প্রভৃতি স্থানে এই চিলে সদৃশ (Parasite) গুল্ম অধিক পাওয়া যায়। মে ও জুলাই মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ তাজা মূল গৃহীত হয়। উহা ভাল প্রকারে কুটিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ⅒। ক্রম প্রস্তুত করণার্থে তৃতীয় শ্রেণীর নিয়ম অবলম্বনীয়।

—*:*—

কোরিয়ারিয়া রসিকোলিয়া।

(Coriaria Ruscifolia)

সমসংজ্ঞা।—টাট্, টুপাকিহি, শট্ প্লাণ্ট ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—নিউজিলাণ্ড।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ মতে।—ঔষধার্থ বীজ গুলি গৃহীত হয়। মাদার টিঞ্চার প্রস্তুত করণার্থ প্রুফ্ স্পিরীট প্রয়োজন হয়।

—*:*—

কর্ণাস্ সার্সিনেটা।

(Cornus circinata)

সমসংজ্ঞা।—কর্ণাস্ রিউগোসা। কর্ণেল; স্বোয়াম্প সাসাফ্রাস্।

প্রাপ্তিস্থান।—এই ক্ষুদ্র বৃক্ষ ক্যানাডা প্রভৃতি স্থানে জন্মে। জুন মাসে ফুল ফুটে।

পরীক্ষা। ডাক্তার মার্সি কর্তৃক প্রথমে পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা ছাল ঔষধার্থ গৃহীত হয়; উহা থেঁতো করিয়া দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করা যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ভৈষজ্য-শক্তি ⅒।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

কর্ণাস ফ্লোরিডা।

(Cornus Florida)

সমসংজ্ঞা।—আমেরিকান্ বক্স উড্; ফ্লাউয়ারিং ডগ্ উড্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। এই বৃক্ষের ত্বক লইয়া উহার দ্বিগুণমাত্রায় এলকোহল দিয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ভেষজ-শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

কর্ণাস্ সিরিসিয়া।

(Cornus Sericea)

সমসংজ্ঞা।—কর্ণাস এলবা; সিল্কী কর্ণেল ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—কানাডায়। জুন জুলাই মাসে ফুল ফুটে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ তাজা বল্কল্ গৃহীত হয়। উহা থেঁতো করিয়া দ্বিগুণ মাত্রায় এলকোহল দিয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

কোরাইডেলিস ফর্ম্মোসা।

(Corydalis formosa)

সমসংজ্ঞা।—ফিউমিটারী; টার্কি-পি, ষ্ট্যাগার উইড্।

প্রাপ্তি স্থান।—উত্তর কেরোনিলা প্রভৃতি স্থানে পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ মূল গৃহীত হয়। মূল নিষ্পেষিত করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ভেষজ শক্তি ১/১০। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

বিচূর্ণও হইয়া থাকে।

ব্যবহার। বিচূর্ণ, মাদার টিঞ্চার, পিল প্রভৃতি ব্যবহৃত হয়।

—*:*—

কটিলিডন্।

(Cotyledon)

সমসংজ্ঞা।—কিড্‌নি ওয়ার্ট। পেনি ওয়ার্ট।

প্রাপ্তিস্থান।—ইয়ুরোপ খণ্ডের পশ্চিম প্রদেশে। ইহা ডাক্তার ক্রেগ কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পত্রাদি ঔষধার্থ গৃহীত হয়; উহাদিগকে নিষ্পেষিত করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ভেষজ শক্তি ১/১০। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চার, ডাইলিউট এল্‌কোহলে প্রস্তুত হয়।

ক্রোকস্।

(Crocus)

সমসংজ্ঞা।—ক্রোকস্ স্যাটাইভা; স্যাপ্রন্।

প্রাপ্তিস্থান।—এই ক্ষুদ্র বৃক্ষ এসিয়া মাইনরে পাওয়া যায়। সেপ্টেম্বর মাসে ইহার ফুল হইয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার ষ্টাপ কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ফুলের অগ্রভাগ গুলি শুষ্ক করিয়া উহার চূর্ণের সহিত সমভাগ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে। মাদার টিঞ্চারে রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হয়।

ব্যবহার —মাদার টিঞ্চার; টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ক্রোটেলস্ ক্যাস্‌কেভেলা।

(Crotalus Cascavalla)

সমসংজ্ঞা।—ব্রেজেলিয়ান্ র‍্যাটেল্ স্নেক্।

প্রাপ্তিস্থান।—এই বিষধর সর্প সিরা (Ceara) প্রদেশে পাওয়া যায়।

পরীক্ষা।—ব্রেজেল নিবাসী ডাক্তার মুর কর্ত্তৃক ইহা পরীক্ষিত।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিষ নিঃসারক গ্রন্থীতে (Secreting glands) এই বিষ পাওয়া যায়। জীবন্ত সর্পের বিষ-কোষ চাপিয়া ধরিয়া বিষ গৃহীত হয়।

আমেরিকান্ মতে।—৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—এই প্রকার সর্পের উল্লেখ নাই।

—০০—

ক্রোটেলস্ হোরাইডস।

(Crotalus Horridus)

সমসংজ্ঞা।—ক্রোটেলস্; র‍্যাটেল্ স্নেক্ (Rattle Snake) ক্রোটেল্‌স ডিউরিসস্ ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—আমেরিকার পাশ্চত্য প্রদেশে। এই সর্প ৫ হইতে ৬ ফিট লম্বা; দেখিতে পীতাভ ও কপিশ। তৎসহ ধূসরবর্ণ মিশ্রিত। মধ্যস্থলটী মোটা। পৃষ্ঠের বর্ণ পীতাভ কিন্তু উহার পার্শ্বে কাল কাল দাগ। লাঙ্গুলটী কাল। এই সর্পের চক্ষু ও কর্ণের মধ্যস্থলে বিষের গ্রন্থী থাকে; উক্ত সর্পকে ধরিয়া গ্রন্থী টিপিয়া ধরিলে উক্ত গ্রন্থী হইতে বিষ নিঃসারিত হয়। সর্পকে ক্লোরফর্ম্ম আঘ্রাণ করাইয়া যে বিষ গৃহীত হয়, উহা বোধ হয়, ভাল নহে।

এই ঔষধের পরীক্ষা দুগ্ধ শর্করায় প্রস্তুতি ঔষধ দ্বারা সংসোধিত হইয়াছিল। গ্লিসিরিণে উক্ত বিষ রাখিতে ও ক্রম প্রস্তুত করিতে উপদেশ আছে। অগ্রে দুগ্ধশর্করায় ঔষধ প্রস্তুত হইত। এতদ্বিষয়ে মত বিভিন্নতা দেখা যায়।

এল্‌কোহলে দ্রব করিলে যে তলানি পড়ে, উহাকে ক্রোটেলিন কহে।

পরীক্ষা। মহাত্মা হেরিং এই ঔষধ প্রথমে পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে**—৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে

ব্রীটিশ মতে।—এক ভাগ বিষ সহ ৯ নয় ভাগ গ্লিসিরিণ মিশাইলে উহাই মাদার টিঞ্চার প্রস্তুত হইল।

১ × জন্য গ্লিসিরিণ ব্যবহার হইয়া থাকে।

১ম হইতে ৫ম শক্তি পর্য্যন্ত ক্রম প্রস্তুত করিতে ১ভাগ গ্লিসিরিণ সহ ৩ ভাগ প্রুফ্‌স্পিরীট মিশাইতে হয়। ৬ষ্ঠ ক্রম বা তদূর্দ্ধ ক্রম জন্য ২০ ডিগ্রীর ওভার প্রুফ্ স্পিরীট প্রয়োজন হয়।

ব্যবহার।—ব্রীটিশ মতে ৬ষ্ঠ ক্রমের নিম্নে কেবল টিঞ্চার। ৬ষ্ঠের উপরে টিঞ্চার পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

ক্রোটন।

(Croton Tiglium)

সমসংজ্ঞা।—ক্রোটন অয়েল্; পার্জ্জিং নট্।

জন্মস্থান।—ভারতবর্ষে অর্থাৎ হিন্দুস্থানে, লঙ্কায় ও মলক্কায় পাওয়া যায়। ঔষধার্থ বীজ এবং নিষ্পেষিত তৈল গৃহীত হয়।

পরীক্ষা।—প্রথমে ডাক্তার হারমান, তৎপরে বুকনার কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া। **আমেরিকান্ মতে**,—ইহার ভৈষজ্য শক্তি $\frac{1}{100}$। এক ভাগ ওজনের ক্রোটন অয়েল সহ ৯৯ ভাগ ওজনের এল্‌কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ষষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ডাইলিউশন এবং ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ।

ব্রীটিশমতে।—বীজ হইতে যে টিঞ্চার হয় তাহার শক্তি ১ভাগে ২০ভাগ এবং উহাতে এবসোলিউট এল্‌কোহল দিতে হয়।

তৈল হইতে যে সলিউশন হয়—উহাতেও এবসোলিউট এল্‌কোহল প্রয়োজন হইয়া থাকে, উহাতেও এক ভাগে ২০ ভাগ দিতে হয়। ১ম ক্রম জন্ত এব-সোলিউট এল্‌কোহল, তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

ব্যবহার।—মাদার টিঞ্চার "ওলিয়ম ক্রোটানিস" (১ভাগে ২০ ভাগ) অথবা তদূর্দ্ধ ক্রম টিঞ্চার; পিল্, গ্লবিউল। ১ম এবং তদূর্দ্ধ ক্রম টিঞ্চার ট্রিটুরেশন ইত্যাদি।

—*:*—

কিউবেবা।

(Cubeba)

সমসংজ্ঞা।—পিপার কিউবেবো; ক্লিউবেবা অফিসিন্যালিস্।

প্রাপ্তিস্থান।—এক প্রকার লতান গাছ। ইহার ফল ঔষধার্থ গৃহীত হয়। ইহা জাভা সুমাত্রা এবং বর্ণিয়ো দ্বীপে পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক ফলগুলি বিচূর্ণ করিয়া উহাতে ৫ গুণ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহাতে রেক্‌টিফাইড্ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

কিউকারবিটা পিপো।

(Cucurbita pepo)

সমসংজ্ঞা।—পম্পকিন্—(Pump kin) ইত্যাদি।

বিবরণ ও প্রাপ্তিস্থান।—লেভাণ্ট প্রদেশে জঙ্গলে জন্মে; এবং জুলাই মাসে ইহার ফুল প্রস্ফুটিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা ডাঁটাগুলি থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ-শক্তি ১/১০। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

কুপ্রম।

(Cuprum)

সমসংজ্ঞা।—কুপ্রম মিটালিকাম। কপার, তাম্র।

বিবরণ।—স্বাভাবিকাবস্থায় ধাতুর আকারে এবং গন্ধকাদি নানাপ্রকার রূঢ় পদার্থের সহিত যৌগিক রূপে ইহা অবস্থিতি করিয়া থাকে। ইহা লোহিতাভ বর্ণের ধাতু। ইহার বিশেষ গন্ধ ও আস্বাদ আছে। উত্তাপ তাড়িৎ সঞ্চালনের বিশেষ উপযোগী।

ইহা মহাত্মা হানিমান কর্ত্তৃক হোমিওপ্যাথিক ভৈষজ্য-ক্ষেত্রে প্রবেশাধিকার লাভ করিয়াছে। বিশুদ্ধ জলে তাম্র দ্রবীভূত হয় না। লবণ বা অম্ল বিশেষ অথবা তৈল বা ঘৃতাদি পদার্থে কিয়ৎ পরিমাণে দ্রবীভূত হয়। এই জন্য তাম্রের নির্ম্মিত পাত্র কলাই করিয়া ব্যবহার করা ভাল।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রিটিশমতে।—সল্‌ফেট্ অভ্ কপার দ্রব হইতে প্রক্রিয়া বিশেষ দ্বারা বিশুদ্ধ ধাতু ষ্টপার্ড বোতলে পুরিয়া পরিস্রুত জলে বারম্বার বিধৌত করিতে হয়। তৎপরে উহাতে হাইপোসল্‌ফেট্ অভ্ সোডার দ্রব দিলে যথা নিয়মে বিশুদ্ধ তাম্র ধাতু পাওয়া যায়।

ব্যবহার।—বিচূর্ণ। ১× হইতে ৬× পর্যন্ত বিচূর্ণ; ৪র্থ হইতে **টিঞ্চার,** পিল ইত্যাদি।

কুপ্রাম এসিটিকাম।

(Cuprum Aceticum)

সমসংজ্ঞা।—কুপ্রিক্ এসিটেট্; এসিটেট্ অভ্ কপার।

বিবরণ। ভার্ডিগ্রিস্-কুপ্রি এসিটাস (Cupri acetas) এসিটিক এসিডে দ্রব করিয়া মৃদুতাপে বাষ্পোদ্গম হইতে দিলে উহা জমিয়া যায়। ইহা দেখিতে সবুজ বর্ণ; ১০ গুণ জলে দ্রবণীয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে।—বিশুদ্ধ এসিটেট অভ কপার—৭ম শ্রেণীর নিয়ম অনুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—উহার দ্রবের শক্তি একভাগে বিশভাগ, ১ম ক্রম করিতে হইলে শতকরা পাঁচভাগ রেক্‌টিফাইড স্পিরীট মিশ্রিত পরিস্রুত জল প্রয়োজন। ৩× জন্য ডাইলিউটেড্ এল্‌কোহল; ৪ ক্রম জন্য ২০ ডিগ্রী ওভার প্রুফ্ স্পিরীট এবং ৫ম ও উদ্ধ্ব ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

ইহার ট্রিটুরেশন বা বিচূর্ণ শীঘ্র নষ্ট হইয়া যায়।

ব্যবহার।—৩× নিম্নে সলিউশন, তৎপরে টিঞ্চার ইত্যাদি।

টিঞ্চার কুপ্রি-এসিটেসাই রাডেমেচেরি।

(Tincture Cupri Acetici Rademacheri)

ঔষধ প্রস্তুতি।—এই প্রকারের টিঞ্চার নিম্নলিখিত প্রকারে প্রস্তুত হইয়া থাকে;—একভাগ দানা বিশিষ্ট এসিটেট্ অভ্ কপার সহ দশ ভাগ উষ্ণ জল মিশাইয়া উহাতে আর আট গুণ এল্‌কোহল মিশাইলে এই টিঞ্চার প্রস্তুত হয়। এই টিঞ্চারের ১৮ভাগ জল সহ ৮২ভাগ ডাইলিউট এল্‌কোহল মিশাইলে ২× ক্রম বা ১ম ডাইলিউশন প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুতি।—এই ডাইলিউশন প্রস্তুত করণার্থ ৯ম শ্রেণীর (খ) নিয়ম অবলম্বন করা কর্ত্তব্য।

কুপ্রম এমোনিয়েটাম্।

(Cuprum Ammoniatum)

সমসংজ্ঞা।—কুপ্রম সল্‌ফিউরিকাম্ এমোনিয়েটাম; এমোনিয়েটেড্ কপার।

ঔষধ প্রস্তুত প্রণালী।—একভাগ দানাযুক্ত কুপ্রিক সল্‌ফেট্ তিন ভাগ এমোনিয়া হাইড্রেট্ সলিউশনে দ্রব করিয়া ফিলটার করিয়া লইয়া উহাতে ছয় ভাগ এল্‌কোহল মিশাইলে যে অধঃপতিত সল্ট হইবে উহা যথা নিয়মে সংগ্রহ করিতে হয়।

বিবরণ। মহাত্মা হানিমান এই প্রকার কুপ্রমের বিষয় উল্লেখ করিয়া গিয়াছেন।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

কুপ্রম-আর্সেনিকোসম্।

(Cuprum Arsenicosum)

সমসংজ্ঞা।—আর্সেনিয়স্ অক্সাইড্ অভ্ কপার; আর্সেনাইট অভ্ কপার। স্কিলিস্ গ্রান্ (Scheelis green)।

ঔষধ প্রস্তুত প্রণালী।—তিনভাগ আর্সেনিক্ আটভাগ কষ্টিক পটাশের সহিত (যাহাতে ১৬ভাগ জল দেওয়া হইয়াছে) জ্বাল দিয়া দ্রব করিতে হয়। ইহার সহিত কুপ্রিক সল্‌ফেট সলিউশন মিশাইয়া যথা নিয়মে এই ঔষধ প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতেও বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

কুপ্রম কার্ব্বণিকাম্।
(Cuprum Carbonicum)

সমসংজ্ঞা।—কার্ব্বণেট্ অভ্ কপার; কুপ্রিকার্ব্বনাস্।

ঔষধ প্রস্তুত প্রণালী।—সল্ফেট্ অভ্ কপার সলিউশন সহ কার্ব্বনেট অভ্ সোডার সলিউশন সংযোগ করিয়া অধঃপাতন ক্রিয়ার দ্বারা ইহা প্রাপ্ত হওয়া যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ মতে।**—৭ম শ্রেণী ও **ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,**—বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

কুপ্রম সল্‌ফিউরিকাম্।
(Cuprum sulphuricum)

সমসংজ্ঞা।—কুপ্রিক্ সল্ফেট্; সল্ফেট অভ্ কপার, ব্লু ষ্টোন্।

প্রস্তুত প্রণালী।—সমভাগ জল দিয়া ডাইলিউট্ সলফিউরিক এসিডে তাম্র দিয়া উত্তাপ প্রয়োগ করিলে যথা নিয়মে দানা প্রস্তুত হয়। তাম্র কিম্বা ইহার অকসাইড্ সলফিউরিক এসিডে্ দ্রবীভূত করিলে ইহা প্রস্তুত হয়। ইহা নীলবর্ণের দানা যুক্ত পদার্থ। এল্‌কোহলে অদ্রবণীয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।**—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত করিতে হয়। তৎপরে যথা নিয়মে তরল ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—১ × সলিউশন করিতে পরিস্রুত জল প্রয়োজন, ২ × বা ১ম ক্রম জন্য শতকরা ৫ভাগ রেক্‌টিফাইড্ স্পিরীট মিশ্রিত পরিস্রুত জল, ৩ × জন্য ডাইলিউট এল্‌কোহল; ২বা ৪ × জন্য ২০ওভার প্রুফ্ স্পিরীট,। ৬ × বা তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ প্রয়োজন হইয়া থাকে।

ব্যবহার।—১ × হইতে সলিউশন। ২বা তদূর্দ্ধ ক্রম টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

কুরেরি।

(Curare)

সমসংজ্ঞা।—কুরা উরারা ; উরারি।

বিবরণ।—দক্ষিণ আমেরিকার অসভ্য জাতিগণ এই বিষাক্ত দ্রব্য তীরের ফলকে মাথাইয়া ব্যবহার করিত (The Arrow-poison used by the Savage tribe of S.America)।

ইহার উপাদান অনেকেই অবগত নহেন; তবে সকলে বলিয়া থাকেন যে উহাতে জান্তব (সর্পবিষ) ও উদ্ভিদ উভয়বিধ বিষ সংমিশ্রিত আছে। উহার সারাংশ (Alkoid) অধিক বিষযুক্ত, ইহা দেখিতে কৃষ্ণাভ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—টিঞ্চার ১ভাগে ২০ভাগ প্রুফ্ স্পিরীট দিয়া তৃতীয় প্রক্রিয়া অনুসারে টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার ; টিঞ্চার-ট্রিটুরেশন ইত্যাদি।

—*:*—

সাইক্লেমেন।

(Cyclamen)

সমসংজ্ঞা।—সাইক্লেমেন ইয়ুরোপিয়ম ; সো-ব্রেড্ (Sow-bread)।

প্রাপ্তিস্থান।—দক্ষিণ ইয়ুরোপের পশ্চিম ভারতে এই শস্য জাতীয় ভেষজ পাওয়া যায়। ঔষধার্থ তাজা মূল গৃহীত হয়

মহাত্মা হানিমান এই ঔষধ প্রবর্ত্তিত করেন। ফুল হইবার পূর্ব্বে সংগৃহীতব্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—গ্রীষ্মকালের পূর্ব্বে এই মূল সংগ্রহ করিয়া নিষ্পেষিত করিতে হয়। অতঃপর উহার রস সমান ভাগ এবং এল্‌কোহল সমান ভাগ দিয়া যথা নিয়মে ঔষধ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—উহার ভেষজ শক্তি ১/১। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীট্ দিয়া (দ্বিতীয় প্রক্রিয়া অনুসারে) মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

সাইপ্রিনস্ বার্ব্বাস্।

(Cyprinus Barbus)

সমসংজ্ঞা।—ওভা বার্ব্বি; বার্ব্বেল্; কার্প।

বিবরণ।—এই মৎস এসিয়া এবং দক্ষিণ ইয়ুরোপের পরিষ্কার জলে বাস করে। ফরাসি দেশে পাওয়া যায়। ইহাদের ডিম্বে বিষাক্ত পদার্থ থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই মৎসের বীজ বা ডিম্ব মে মাসে সংগ্রহ করিয়া বিচূর্ণ করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৯ম প্রক্রিয়া অনুসারে বিচূর্ণ প্রস্তুত হয়।

অন্যপ্রকার।—উক্ত বীজ বাটিয়া উহার ৫গুণ এল্কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করা যায়। উহার ভৈষজ্যশক্তি $\frac{1}{10}$। ৪র্থ প্রক্রিয়া অনুসারে ক্রম প্রস্তুত করা হয়।

—*:*—

সাইপ্রিপিডিয়ম্

(Cypripedium)

সমসংজ্ঞা।—লেডিস্ স্লিপার; মকেসিন্ উদ্ভিদ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—স্বনামখ্যাত উদ্ভিদের টাট্কা মূল হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে,—মূল থেতো করিয়া উহার দ্বিগুণমাত্রা এল্কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভৈষজ্য শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

সিটিসস্ লেবর্ণম্।

(Cytisus Laburnum)

সমসংজ্ঞা।—লেবার্ণম্।

প্রাপ্তিস্থান।—ইয়ুরোপের উচ্চ পার্ব্বত্য প্রদেশে বা উদ্যানে প্রচুর জন্মে। ঔষধার্থ ইহার বীজ গৃহীত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বীজ হইতে ডাইলিউট্ এল্‌কোহল্ দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

N. B. আমেরিকান্ ফার্ম্মাকোপিয়াতে ;—

"সিটিসস্ স্কোপেরিয়স" (Cytisus Scoparius)

নামে ঔষধটী (Spartrium Sceparium) "স্পার্ট্রিয়ম্ স্কোপবিয়াম্" নামে বর্ণিত হইয়াছে। ফলতঃ ইহাদের পার্থক্য কি তাহা দ্রষ্টব্য।

ড্যামিয়ানা।

(Damiana)

সমসংজ্ঞা।—টার্ণিয়া এফ্রোডিসিয়াকা।

জন্মস্থান। – ইহা আমেরিকা দেশস্থ গুল্ম বিশেষ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তরুণ পত্রাদি শুষ্ক করিয়া, তৎপরে তাহাদিগকে বিচূর্ণিত করত, ৫ পাচগুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে, মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{১}{১০}$। ৪র্থ শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:—

ড্যাফনি।

(Daphne)

সমসংজ্ঞা।—ড্যাফনি ইণ্ডিকা। সুইট সেণ্টেড্ স্পার্জ লরেল।

প্রাপ্তিস্থান।—পশ্চিম ভারতবর্ষে এবং চায়নায় বা চীন দেশে ইহা পাওয়া যায়।

পরীক্ষা।—ইহা ডাক্তার বাট কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা ত্বক বা ছাল বিচূর্ণিত করিয়া উহাতে দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথারীতি ভিজাইয়া রাখিয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{১}{৬}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেক্‌টিফাইড্ স্পিরীট দ্বারা উহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—**—

ড্যাটুরা আর্ব্বোরিয়া।

(Datura Arborea)

সমসংজ্ঞা।—ট্রি-ষ্টামোনিয়ম (Tree Stramonium) ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—পাসিফিক্ উপকূলে এবং পেরু হইতে ক্যালিফর্ণিয়া দেশে ইহা পাওয়া যায়। ধুতরা জাতীয় বৃক্ষ।

ডাক্তার পাউলশন ইহা হোমিওপ্যাথিতে প্রবিষ্ট করাইয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা ফুল থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এলকোহল মিশাইয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ৳।

তৃতীয় শ্রেণীর নিয়মানুসারে ক্রম বা ডাইলিউশন প্রস্তুত হইয়া থাকে।

ডেল্‌ফিনস্ এমেজোনিকাস্

(Dalphinus Amazonicus)

সমসংজ্ঞা।—এমেজোনিয়ান্ ডলফিন্।

বিবরণ।—ইহা একপ্রকার সমুদ্র জাত মৎস্য বিশেস, তিমি জাতীয় মৎস্য। এমেজানের নিকটে পাওয়া যায়।

ডাক্তার মুর (Dr. Mure of Brazil) কর্ত্তৃক ইহা হোমিওপ্যাথিক ভৈষজ্য-তত্ত্বে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে।—৯ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ হইয়া থাকে। ৬× ক্রমের পরে তরল ক্রমে পরিণত করা হয়।

—*:*—

ডিক্‌ট্যাম্নস্।

(Dictamnus)

সমসংজ্ঞা।—ডিক্‌টাম্নস্ এল্‌বাস্। হোয়াইট অথবা ব্যাষ্টাড ডিক্টানি।

জন্মস্থান।—জার্ম্মানি, ইতালী, ফ্রান্স ও রুসিয়ার পার্ব্বত্য এবং জঙ্গল প্রদেশে পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ বড় বড় মূলের ত্বক ও ক্ষুদ্র তাজা মূল গৃহীত হয়। ইহাদিগকে উত্তম করিয়া নিস্পেষিত করিয়া দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথা নিয়মে ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ৳।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়

—*:*—

ডিজেটেলিস।

(Digitalis)

সমসংজ্ঞা।—ডিজিটেলিস্ পার্পিউরা। ফক্স গ্লোভ্; ফেয়ার ফিঙ্গার্স্ ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—ইয়ুরোপের বালুকাময় প্রদেশে এই ভেষজ সর্ব্বদা প্রাপ্ত হওয়া যায়।

পরীক্ষা।—মহাত্মা স্যামুয়েল হ্যানিমান কর্ত্তৃক প্রথমে ইহা পরীক্ষিত হয়।

বিবরণ। গ্রীষ্ম ও বসন্ত কালে ইহার ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ পত্রাদি ব্যবহৃত হয়। দুই বৎসরের ন্যূন বয়স্ক তরুর পত্র গৃহীত হয় না। বসন্তকালে যখন তিনভাগ ফুল ফুটিয়া থাকে তখন পত্রাদি গৃহীতব্য।

পত্রাদি থেতো করিয়া উহার সমগুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ½। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এল্‌কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

ডায়োস্কোরিয়া।

(Dioscorea)

সমসংজ্ঞা।—ডায়োস্কোরিয়া ভিলোসা; কুইনেটা, প্যানিকুনেটা। চায়না রুট; কলিক্‌রুট; ডেভিলস্ বোন ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—আমেরিকা, নিউ ইংলণ্ড প্রভৃতি স্থানে এই লতা পাওয়া যায়।

বিবরণ। জুন মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ তাজা শিকড় গৃহীত হয়। উহাদের বিচূর্ণিত করিয়া দ্বিগুণ মাত্রায় এলকোহল মিশাইয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

পরীক্ষা।—ডাক্তার কুসিং (Cushing U S.) ইহা প্রথম সুস্থ দৈহিক পরীক্ষা করেন।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি ⅙। ৩য় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ডায়োস্কোরিন Discoroin। ডায়োস্কোরিয়ার সারাংশ হইতে বিচূর্ণ হইয়া থাকে।

ব্যবহার। মাদার টিঞ্চার, টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিলিউল, গ্লবিউল ইত্যাদি। ডায়স্কোরিন্ ১× হইতে ৬× বিচূর্ণ প্রস্তুত হয়।

—*:*—

ডিপ্‌সেকস্ সিল্‌ভেষ্ট্রিস।

(Dipsacus Sylvestris)

সমসংজ্ঞা।—ওয়াইল্ড টিসেল্।

জন্মস্থান। ইউরোপ, আফ্রিকা ও পশ্চিম ভারতবর্ষে ইহা পাওয়া যায়। জুলাই ও সেপ্টেম্বর মাসে এই গুল্মের ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ তাজা ফুল যুক্ত বৃক্ষ গৃহীত হয়। ইহা সমস্ত থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এলকোহল দিয়া যথানিয়মে অন্ধকার গৃহে আট দিন রাখিয়া, ছাকিয়া লইলে **আমেরিকান মতে**—এই মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভৈষজ-শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

ডিপ্টেরিক্স ওডোরেটা।

(Dipterix odorata)

সমসংজ্ঞা।—বেরাইসমা (Barysoma Tongo) টঙ্গো।

জন্মস্থান।—গিয়ালা প্রদেশে একপ্রকার বৃক্ষের বীজ। ইহা গন্ধযুক্ত ও তিক্ত স্বাদ বিশিষ্ট।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে শুষ্ক বীজ ঔষধার্থ গৃহীত হয়। প্রথমে উক্ত বীজগুলি বিচূর্ণিত করিয়া পাঁচগুণ এলকোহল মিশাইয়া ঢাকিয়া রাখিতে হয়। পরে আট দিন ষ্টপার্ড শিশিতে রাখিয়া প্রত্যহ দুইবার করিয়া ঝাকি দিতে হয়। পরে উহা ঢালিয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, গ্লবিউল ইত্যাদি।

—:০:—

ডার্কা প্যালষ্ট্রিস্

(Dirca Palustris)

সমসংজ্ঞা।—লেদার উড্; মুস্ উড্; রোপবার্ক।

জন্মস্থান।—যুক্ত প্রদেশে জার্জ্জিয়া অবধি এই বৃক্ষ সরস ভূমিতে জন্মিয়া থাকে। তিনটী পত্র একত্র হইতে না হইতে ইহার ফুল ফুটিতে থাকে।

পরীক্ষা।—এই ঔষধটী প্রথমে প্রসিদ্ধ ডাক্তার স্পুনার (Spooner) সুস্থ দৈহিক পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার তাজা ছাল বা অভ্যন্তরস্থ ত্বক ঔষধার্থ গৃহীত হয়। ছালগুলি থেতো করিয়া উহার দ্বিগুণ পরিমাণে এল্‌কোহল মিশাইয়া যথ নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ডলিকস প্রুরিয়েন্স।
(Dolichos Pruriens)

সমসংজ্ঞা।—মিউকিউনা প্রুরিয়েন্স। কাউ হেজ্; কিওয়াক (kiwach); আলকুসী ; কপি-কচ্ছু ; বানরী।

বিবরণ।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া পুস্তকে—এইরূপ লিখিত আছে যে এই শব্দ (কাউহেজি) সংস্কৃত কপিকচ্ছু শব্দের অপভ্রংশ মাত্র, অর্থাৎ বানরের কণ্ডু (monkey's itch) বুঝায়। ইহা একপ্রকার লতা বা গুল্ম বিশেষ। ইহা আফ্রিকা ও আমেরিকায় এবং ভারতবর্ষে জন্মে। ইহার বীজের আবরণের উপর এক প্রকার লোমবৎ পদার্থ আছে উহা গাত্রে লাগিলে চুলকায়।

পরীক্ষা।—ডাক্তার জিয়েন্স ইহা প্রথমে পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বীজের উপরের কেশগুলি চাচিয়া লইয়া উহার পাঁচগুণ মাত্রায় এল্কোহল দিয়া ভিজাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

ডরিফোরা ডিসেম্‌লিনিয়েটা।

(Doryphora Decemlineata)

সমসংজ্ঞা।—কলোরেডো বিট্‌ল্‌; পোটাটো বগ্‌।

বিবরণ।—ইহা একপ্রকার কীট, ইহা পার্ব্বত্য প্রদেশের আলু বিশেষে জন্মায়।

পরীক্ষা।—ডাক্তার সি রুডেন সাহেব কর্ত্তৃক ইহা প্রথমে পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই জীবন্ত কীট, সংপেষিত বা থেতো করিয়া উহার পাঁচগুণ পরিমাণে এল্‌কোহল দিয়া আট দিন ভিজাইয়া রাখিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন পিল ইত্যাদি।

ড্রেকোন্সিয়ম্‌ ফিটিডাম্‌।

(Dracontium fœtidum)

সমসংজ্ঞা।—সিম্প্লো-কার্পাস্‌ ফিটিডম্‌; পোথস্‌ ফিটিডস্‌। স্কঙ্ক ক্যারেজ্‌; ফিটিড্‌ হেলিবোর।

প্রাপ্তি বা জন্মস্থান।—এই ভয়ানক দুর্গন্ধ যুক্ত গুল্ম আমেরিকার সরস ভূমিতে জন্মে। বসন্তকালের প্রারম্ভে ইহার বিকাশ হয়। ফুল হইলে পর পত্রগুলি দেখা যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ তাজা মূলগুলি গৃহীত হয়। তাজা মূলগুলি বসন্তকালে সংগৃহীত হইয়া থাকে; উহা থেতো করিয়া, পাঁচগুণ এল্‌কোহলে ভিজাইয়া যথা নিয়মে **আমেরিকান্‌ মতে** মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ড্রোসিরা।

(Drosera)

সমসংজ্ঞা।—ড্রোসিরা রোজেণ্ডিফোলিয়া। বাউণ্ডলিড্ সনডিউ; মুরগ্রাস্ ইত্যাদি।

জন্মস্থান।—উত্তর ইয়ুরোপ, বেভেরিয়া, আমেরিকা ও এসিয়ায় এই ভেষজ প্রচুর জন্মে।

পরীক্ষক।—আদিগুরু মহাত্মা হানিমান এই ঔষধ প্রথমে সুস্থ দৈহিক পরীক্ষা করেন।

বিবরণ। গ্রীষ্মকালে ও বসন্ত কালে ফুল ফুটিয়া থাকে। এই সময়ে ঔষধার্থ সমস্ত বৃক্ষ গৃহীত হয়।

ফুল ফুটিতে থাকিলেই উহা সংগ্রহ করিতে হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ সংপেষিত করিয়া উহার রস বাহির করিয়া উহাতে সমপরিমাণে এল্‌কোহল মিশাইয়া আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য শক্তি $\frac{1}{2}$।

১ম শ্রেণীর নিয়মে ডাইলিউশন বা ক্রম প্রস্তুত হইয়া থকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রথম প্রক্রিয়া অনুসারে প্রুফ্ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার; টিঞ্চার-ট্রিটুরেশন; পিল; গ্লবিউল ইত্যাদি।

—*:*—

ডল্‌কামারা।

(Dulcamara)

সমসংজ্ঞা।—সোলেনম্ ডল্‌কামারা; ডনফিন এমারা। বিটার সুইট (Not climbing); উডি নাইট সেড্ (বেলাডনা নহে)।

বিবরণ।—এই গুল্ম বা লতা জাতীয় বৃক্ষ পৃথিবীর প্রায় সর্ব্বত্রই অর্থাৎ সরস বা ডাম্প স্থানে জন্মিয়া থাকে। ইয়ুরোপ প্রভৃতি স্থানে অধিক পাওয়া যায়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান কর্ত্তৃক প্রথমে পরীক্ষিত। ইহার পত্রের গন্ধ কতকটা মিষ্ট কতকটা তিক্ত।

গ্রীষ্মকালে ফুল ফুটিয়া থাকে। ঔষধার্থ পত্র ও ডাটা গৃহীত হয়। ফুল ফুটিবার পূর্ব্বে গাছ তুলিয়া রাখিতে হয়।

ঔষধ প্রস্তত প্রক্রিয়া।—উহার তাজা সবুজ বর্ণের ডাটা ও পত্রাদি গুলি উত্তমরূপে সংপেষিত করিয়া নূতন বস্ত্র দ্বারা নিপীড়িত করিলে যে রস বাহির হয় উহার যথাপরিমাণে এল্‌কোহল মিশাইয়া যথানিয়মে টিঞ্চার প্রস্তুত করিতে হয়—অর্থাৎ ছাঁকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজশক্তি ½। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার ১ম প্রক্রিয়ার মতে, প্রুফ্ স্পিরীট দিয়া প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, টিঞ্চার—ট্রিটুরেশন, পিলিউল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

ইলাপ্‌স্ কোরালিনস।

(Elaps Corrallinus)

সমসংজ্ঞা।—ইলাপ্স; কোরাল স্নেক (ব্রেজিল)। কোরাল ভাই-পার ইত্যাদি।

জন্মস্থান।—ব্রেজিলের সীমান্তে এই সর্প অনেক অবস্থিতি করে। ডাক্তার মুর প্রথমে হোমিওপ্যাথিক ক্ষেত্রে ইহার প্রবেশাধিকার প্রদান করিয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধ প্রস্তুতি জন্য ক্রোটেলস্ সম্বন্ধে যাহা বলা হইয়াছে, ইহাতেও সেই প্রক্রিয়া অবলম্বন করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৮ম শ্রেণীর নিয়ম অনুসারে বিচূর্ণ ক্রম করা হয়।

ব্রীটিশ মতে।—সলিউশন—গ্লিসিরিণে হইয়া থাকে।

ব্যবহার।—৬ষ্ঠ ক্রমের নিম্নে টিঞ্চার বা ট্রিটুরেশন। ৬ষ্ঠ ও ঊর্দ্ধ ক্রম সকল টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

-:*:-

ইলেয়িস্ গিনিন্সিস্।

(Elais Guineensis)।

সমসংজ্ঞা।—পামট্রি (Palm tree)

বিবরণ।—ডাক্তার মুর কর্ত্তৃক ইহা হোমিওপ্যাথিক ভৈষজ্য-তত্ত্বে প্রবেশাধিকার প্রাপ্ত হইয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পক্ক ফল হইতে ৯ শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়। **আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।**—এই ঔষধ এইরূপে প্রস্তুত হয়। **ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।**—ইহার উল্লেখ নাই।

ইলেটেরিয়াম্।

(Elaterium)

সমসংজ্ঞা।—কিউ-কিউমিস্ এগ্রেষ্টিস্; স্কুইর্টিং কিউ-কিউম্বার।

প্রাপ্তিস্থান।—গ্রিস্ এবং দক্ষিণ ইয়ুরোপের নানা স্থানে পাওয়া যায়। এই ছোট গাছের ফুল জুলাই মাসে ফুটে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাঁসা ফলগুলি থেতো করিয়া নূতন বস্ত্রে নিষ্পেষিত করিয়া রস

বাহির করিতে হয়; তৎপরে উহার সমান মাত্রায় এল্‌কোহল দিয়া, আট দিন রাখিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি ½।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—এক পাউণ্ড ফল (যাহারা প্রায় পাকিয়াছে) লইয়া ফলগুলি কাটিয়া রস বাহির করিতে হইবে। তৎপরে উহা থিতাইলে, উপরের অংশ বাদ দিয়া নিম্নাংশ বা অধঃক্ষেপ লইয়া শুষ্ক করিয়া বিচূর্ণ প্রস্তুত করিতে হইবে।

ব্যবহার।—১× হইতে ৩ পর্য্যন্ত বিচূর্ণ। ৪র্থ বা তদূর্দ্ধক্রম টিঞ্চার ইত্যাদি।

—*:*—

ইপিজিয়া রিপেন্‌স্।

(Epigia Repens)

সমসংজ্ঞা।—ট্রেলিং আবুর্টস্; গ্রাউণ্ড লরেল।

প্রাপ্তিস্থান।—এই গুল্মজাতীয় বৃক্ষ আমেরিকার বালুকাময় প্রদেশে প্রাপ্ত হওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পত্রগুলি ঔষধার্থ গৃহীত হয়। পত্রগুলি থেতো করিয়া রস বাহির করিয়া যথা নিয়মে দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার (আমেরিকান্ মাদার) প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ-শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ইকুইসিটাম্ আর্ভেন্‌সি।

(Equisetum Arvense)

সমসংজ্ঞা।—হর্সটেল্ রস্। হর্সটেল্।

বিবরণ।—এই ক্ষুদ্র বৃক্ষ মার্চ্চ ও এপ্রেল মাসে হইয়া থাকে।

জন্মস্থান।—ইয়ুরোপ, রুসিয়া, এসিয়া এবং উত্তর আমেরিকায় জন্মে।

বিবরণ।—ঔষধার্থ তাজা বৃক্ষ ব্যবহৃত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—তাজা বৃক্ষ থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া ৮ দিন ষ্টপার্ড শিশিতে রাখিয়া পরে ছাকিয়া লইলে, মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—
ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার ডাইলিউট এল্‌কোহল দ্বারা প্রস্তুত হয়।

—*—

ইকুইসেটাম্ হাইমেলি।

(Equisetum Hyemale)

সমসংজ্ঞা।—স্কোরিং রস্; সেভ্ গ্র্যাস্।

বিবরণ।—ইহাও উপরোক্ত জাতীয় বৃক্ষ, ইহাদের সামান্য প্রভেদ মাত্র দেখা যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বৃক্ষ নিস্পেষিত করিয়া, উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া অন্ধকার গৃহে রাখিয়া আট দিন পরে যথারীতি ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

ইরেক্‌থাইটীস্ হাইরাসিফোলিয়া।

(Erechthites Hiracifolia)

সমসংজ্ঞা।—ফাইয়ার উড্ (**Fire wood**)।

প্রাপ্তিস্থান।—এই বৃক্ষ আমেরিকার সরসভূমি ও জঙ্গলে প্রচুর প্রাপ্ত হওয়া যায়।

বিবরণ।—জুলাই ও সেপ্টেম্বর মাসে ইহার ফুল হয়। ফুলগুলি দেখিতে শ্বেত বর্ণ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বৃক্ষ (যাহাদের ফুল ফুটিয়াছে) থেতো করিয়া উহায় দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে আট দিন অন্ধকার গৃহে রাখিয়া পরে ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার টিঞ্চার** প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়ার—নিয়মানুসারে ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ইরিজিরন্ ক্যানাডেন্সি।

(Erigeron Canadense)

সমসংজ্ঞা।—ক্যানেডিয়ান ফ্লিবেন; হর্স-উইড্।

জন্মস্থান।—উত্তর আমেরিকা ও অধুনা ইংলণ্ড প্রভৃতি স্থানে ইহা জন্মিয়া থাকে।

বিবরণ।—এই ক্ষুদ্র শস্য জাতীয় বৃক্ষ বা গাছড়ার ফুল জুলাই ও আগষ্ট মাসে ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা ফুল যুক্ত বৃক্ষ কাটিয়া থেতো করিয়া দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া, যথা রীতি আট দিন রাখিয়া ছাকিয়া লইলে **আমেরিকান্** মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

পরীক্ষা।—ডাক্তার বার্ট এই ঔষধ প্রথমে পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ইরিয়ডিক্টিয়ন্ কেলিফোর্ণিকাম্।
(Eriodictyon Calefornicum)

সমসংজ্ঞা।—আর্ভা সাণ্টা; মাউণ্টেন্ রাস; ক্ষয়-কাস গ্রস্ত রোগীর উইড ((Consumptive's weed) বা ভেষজ।

জন্মস্থান।—কেলিফোর্ণিয়া এবং মেক্সিকোর পার্ব্বত্য ভূমিতে ইহা জন্মে। ইহার পত্রাদি ঔষধার্থ গৃহীত হয়। ডাক্তার পিজ্ (Dr. Pease) এই ঔষধ প্রথমে হোমিওপ্যাথিক ক্ষেত্রে প্রবিষ্ট করান।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পত্রাদি থেঁতো করিয়া উহার দ্বিগুণ পরিমাণে এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ইরিঞ্জিয়াম্ একোয়েটিকাম্।
(Eryngium Aquaticum)

সমসংজ্ঞা।—ইরিঞ্জিয়াম্ পিটিয়ালেটাম্; বটন স্নেকরুট্; ওয়াটার ইরিঙ্গো ইত্যাদি।

পরীক্ষক। মিক্লিল্যাণ্ড (যুক্তরাজবাসী)।

প্রাপ্তিস্থান।—উত্তর আমেরিকা।

বিবরণ।—ঔষধার্থ মূল গৃহীত হয়। আস্বাদে সেনেগার সহিত সদৃশ গুণধারণ করে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের তাজা মূল থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশাইয়া যথানিয়মে আট দিন অন্ধকার গৃহে ছিপাড় শিশিতে রাখিয়া ছাঁকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজ শক্তি ১/১। তৃতীয় শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—টিঞ্চার ডাইলিউট এলকোহল দিয়া হইয়া থাকে। এতদ্ব্যতীত ইহার শুষ্ক মূল লইয়া বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ইরিঞ্জিয়াম মেরিটিমাম্।
(EryngiumMaritimum)

সমসংজ্ঞা।—সি-হোলি (Sea Holly)।

জন্মস্থান।—এই বৃক্ষ ইয়ুরোপ ও আফ্রিকায় জন্মে। বালুকাময় প্রদেশে ইহা অধিক হইয়া থাকে। জুলাই ও আগষ্ট মাসে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার ইভাট্‌স্ ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—তাজা বৃক্ষ উত্তম করিয়া নিস্পেষিত করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এলকোহল দিয়া যথানিয়মে ভিজাইয়া, উত্তমরূপে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/৬। তৃতীয় শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ইরিথ্রাক্সিলন কোকা।
(Erythraxylon Coca)

সমসংজ্ঞা।—কোকা।

প্রাপ্তিস্থান।—দক্ষিণ আমেরিকা এবং বোলিভিয়ার ইহা প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—(আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে—"কোকা" দ্রষ্টব্য)।

ব্রীটিশ মতে।—ঔষধার্থ পত্রগুলি গৃহীত হয়। মাদার টিঞ্চার প্রুফ স্পিরীট দ্বারা প্রস্তুত হয়।

—*:*—

ইয়ুকালিপ্‌টস্‌ গ্লবিউলস্‌।

(Eucalyptus Globulus)

সমসংজ্ঞা।—ফিভার ট্রি; অষ্ট্রেলিয়ান্‌ গম্‌ ট্রি।

জন্মস্থান।—অষ্ট্রেলিয়া দেশেই এই বৃক্ষ অধিক জন্মে।

ডাক্তার মরিন (Dr. Maurin) এই ঔষধ প্রথমে হোমিওপ্যাথিক ভৈষজ্য-ক্ষেত্রে প্রবিষ্ট করান।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক পত্রাদি ঔষধার্থ গৃহীত হয়। উহাদিগকে উত্তমরূপে নিষ্পেষিত করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে অন্ধকার গৃহে রাখিয়া ছাকিয়া লইলে মাদার-টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য-শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার ২০ ডিগ্রীর ওভার প্রুফ্‌ স্পিরীটে প্রস্তুত হয়।

—*:*—

ইয়ুজিনিয়া জ্যাম্বোস্‌।

(Eugenea Jambos)

সমসংজ্ঞা।—জ্যাম্বোসা ভল্‌গেরিস্‌; রোজ এপেল্‌; মালাবার প্লম ট্রি (Malabar plum tree)।

জন্মস্থান।—আমেরিকা প্রভৃতির উষ্ণ প্রদেশে ইহার জন্ম।

পরীক্ষা।—এই ঔষধ ডাক্তার হেরিং প্রথমে পরীক্ষা করেন্‌।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ঔষধার্থ টাট্‌কা বীজগুলি গৃহীত হয়। ইহাদিগকে উত্তমরূপে নিষ্পেষিত করিয়া উহার দ্বিগুণমাত্রা এল্‌কোহল দিয়া ভিজাইয়া যথা নিয়মে আট দিন রাখিয়া পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভৈষজ্য-শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ইয়োনিমাস এট্রোপার্পিউরিয়াস্

(Eunymus Atropurpurus)

সমসংজ্ঞা।—ইয়োনিমস্ ট্রীস্ ট্রীস্। বার্ণিং বস্।

জন্মস্থান। আমেরিকার দক্ষিণ ও পশ্চিম প্রদেশে ইহা প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা ছাল হইতে এবং মূল হইতে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। তাজা ছাল ও মূল থেঁতো করিয়া, উহার দ্বিগুণমাত্রায় এল্‌কোহল দিয়া ভিজাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে, ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ইউনিমস ইউপিয়স।

(Eunymus Euopeus)

সমসংজ্ঞা।—স্পিণ্ডল্ ট্রি (Spendle tree)।

জন্মস্থান।—ইয়ুরোপের সর্ব্বত্রই এই জাঙ্গল্য বৃক্ষ জন্মিতে দেখা যায়। ঔষধার্থ ইহার টাট্‌কা ফল গৃহীত হয়। যখন এই ফুলগুলি কেবল লাল বর্ণ ধারণ করিতে থাকে, তখনই ইহা গ্রহণ করা কর্ত্তব্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা ফল গুলি বিচূর্ণ করিয়া, উত্তম রূপে নিষ্পেষিত করিয়া নূতন বস্ত্রে ছাকিয়া লইলে যে রস বাহির হয়, উহাতে সম-পরিমাণে এল্‌কোহল মিশাইয়া আট দিন অন্ধকার গৃহে ষ্টপার্ড বোতলে রাখিয়া দিতে হয়। তৎপরে উহা ফিল্‌টার করিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—ইহার মাদার টিঞ্চার প্রস্তুত করিতে প্রুফ্ স্পিরীট প্রয়োজন হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভেষজ শক্তি ½।

১ম শ্রেণীর নিয়মানুসারে ক্রম বা ডাইলিউশন প্রস্তুত হইয়া থাকে।

—:*—

ইয়ুপেটোরিয়াম্ এরোমেটিকাম্।

(Eupatorium Aromaticum)

সমসংজ্ঞা।—পুল্‌রুট্; হোয়াইট্ স্নেক্‌রুট।

জন্মস্থান।—এই বৃক্ষ ভার্জ্জিনিয়া প্রভৃতি স্থলে প্রচুর জন্মে। ইহার মাথার দিকে দশ পনরটী ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা মূল বসন্তকালে সংগ্রহ করিয়া উত্তমরূপে নিষ্পেষিত করিয়া, উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশাইয়া উত্তমরূপ কর্ক দ্বারা আবদ্ধ করতঃ, অন্ধকার গৃহে আট দিন রাখিয়া যথানিয়মে ছাঁকিয়া ফিল্‌টার করিয়া লইলে আমেরিকান্ ফার্ম্মাকোপিয়ার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম বা ডাইলিউশন প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ইয়ুপেটোরিয়াম্ পার্ফোলিয়েটাম্।

(Eupatorium Perfoliatum)

সমসংজ্ঞা।—এগিউ উড্; বোন্ সেট্; ভেজিটেবিল্ এণ্টিমনি।

জন্মস্থান।—উত্তর আমেরিকাখণ্ডে ও ক্যানাডায়। জুন হইতে অক্টোবর মাস পর্য্যন্ত ফুল ফুটিতে থাকে। ঔষধার্থ সমস্ত বৃক্ষ প্রয়োজন হয়। ফুল ফুটিলে বৃক্ষ সংগ্রহ করা কর্ত্তব্য।

পরীক্ষক।—ডাক্তার নিডহার্ড (Dr. Neidhard)।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বৃক্ষ উত্তমরূপে কুট্টিত করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্কোহল দিয়া যথানিয়মে **আমেরিকান্ মাদার** টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ১/১০। তৃতীয় শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ইয়ুপেটারিয়াম্ পার্পুরিয়াম্।

(Eupatorium Purpurium)

সমসংজ্ঞা।—গ্র্যাভেল্ রুট; কুইন অভ্ দি মেডো; ট্রাম্পেট উইড্।

জন্মস্থান।—আমেরিকার সরস ও নিম্ন ভূমিতে এই গাছ বা শস্য জন্মে। আগষ্ট এবং সেপ্টেম্বর মাসে ফুল ফুটিয়া থাকে। ঔষধার্থ তাজা মূল গৃহীত হয়। ফুল ফুটীবার পূর্ব্বে বা গাছ মরিয়া যাইবার পূর্ব্বে ইহা সংগ্রহ করা কর্ত্তব্য। ডাক্তার ড্রেসের ইহার পরীক্ষক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—তাজা মূল বসন্তকালে সংগ্রহ করিয়া উহা থেঁতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্কোহল মিশাইয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়। উহার সারাংশ লইয়া ট্রিটুরেশন করিলে উহাকে ইয়ুপার্পিউরিন্ (Euperpurin) কহে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ মতে।**—ঔষধ শক্তি ⅒ তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ইয়ুফর্ব্বিয়া।

(Euphorbia Corolata)

সমসংজ্ঞা।—বো ম্যান রুট্; মিল্ক উইড্; ওয়াইল্ড ইপিকাক।

জন্মস্থান।—আফ্রিকায়। জুলাই ও আগষ্ট মাসে ফুল ফুটিয়া থাকে। সেপ্টম্বর মাসে সংগ্রহ করা কর্ত্তব্য।

বিবরণ।—ডাক্তার হেল এই ঔষধ হোমিওপ্যাথিতে প্রবিষ্ট করান।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল উত্তম করিয়া কুট্টিত করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া ভিজাইয়া যথা রীতি অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।**—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

ইয়ুফর্ব্বিয়া হাইপারিসিফোলিয়া।

(Euphorbia Hypericifolia)

সমসংজ্ঞা।—মিল্‌কপাপ্রি; স্পার্জ্জ (Spurge)।

বিবরণ।—এই ক্ষুদ্র ভেষজ (যুক্ত রাজ্যে) আমেরিকার নানা স্থানে দেখা যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছ থেঁতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে আটদিন রাখিয়া পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম বা ডাইলিউশন প্রস্তুত হয়।

—*:*—

ইয়ুফর্ব্বিয়া ভিলোসা।

(Euphorbia villosa)

সমসংজ্ঞা।—স্পার্জ্জ (Spurge); ইয়ফর্ব্বিয়া পিলোসা। ইয়ুফর্ব্বিয়া সিল্‌ভেষ্ট্রীস্।

জন্মস্থান।—ফ্রান্সের দক্ষিণে, জার্ম্মানিতে এবং পশ্চিম সাইবেরিয়া এবং ইয়ুরোপে এই বৃক্ষ জন্মে। মে এবং জুন মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল বেশ করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া ভিজাইয়া রাখিতে হয়। তৎপরে আট দিন পরে এক খানি ফিলটার পেপার দিয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। আমেরিকান্ টিঞ্চার এইরূপে প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হয়।

—*:—

ইয়ুফর্ব্বিয়ম।

(Euphorbium)

সমসংজ্ঞা।—ইয়ুফর্ব্বিয়া রিসিনিফিয়া (Euphorbia Risinifera)।

বিবরণ।—এই বৃক্ষটি আমেরিকার নানা স্থানে জন্মে।

মহাত্মা হানিমান দ্বারা এই ঔষধটী হোমিওপ্যাথিক ভৈষজ্য ক্ষেত্রে প্রবেশাধিকার প্রাপ্ত হয়।

জন্মস্থান।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়ায় লিখিত আছে ইহা আফ্রিকায় পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের ধূনা বৎ পদার্থ বা আটা গুঁড়া করিয়া উহার পাঁচগুণ ওজনে এল্‌কোহল দিয়া আটদিন ভিজাইয়া রাখিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তত হইলে উহাকে আমেরিকান্ মাদার টিঞ্চার কহে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে—আটা হইতে রেক্‌টিফাইড্ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল, গ্লবিউল, টিঞ্চার-ট্রিটুরেশন ইত্যাদি।

—*:*—

ইয়ুফ্রেসিয়া।

(Euphrasia)

সমসংজ্ঞা।—ইয়ুফ্রেসিয়া অফিসিন্যালিস। আইব্রাইট্ (Eyebright) ইয়ুফ্রেসিয়া ক্যাণ্ডিটা।

জন্মস্থান।—সমস্ত ইয়ুরোপ খণ্ডের ময়দানে এই শস্য জাতীয় ভেষজ জন্মে। বসন্ত ও গ্রীষ্মকালে ফুল ফুটে।

পরীক্ষা।—ইহা মহাত্মা হানিমান কর্ত্তৃক পরীক্ষিত হইয়াছিল।

ঔষধ প্রস্তুত প্রণালী।—সমস্ত বৃক্ষ ঔষধার্থ গৃহীত হয়। জুলাই মাসে এই গাছ তুলিতে হয়। তাজা বৃক্ষ নিস্পেষিত করিয়া, উহার দুই তৃতীয়াংশ (Two-thirds) ওজনে এল্‌কোহল মিশাইয়া যথানিয়মে ভিজাইয়া পরে ছাঁকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ভৈষজ শক্তি $\frac{1}{2}$। দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—প্রুফ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, পিল্, গ্লবিউল্ ইত্যাদি।

ইয়ুপিয়ন।

(Eupion)

"ক্রিয়োজোট" দ্রষ্টব্য।—শুষ্ক কাষ্ঠ হইতে চোয়াইয়া এই ঔষধ দ্রব্য প্রস্তুত হয়।

পরীক্ষা। ইটালীর ডাক্তার বাটল্‌ডির এই ঔষধ প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এক ভাগ ইয়ুপিয়ন সহ শতকরা ৯৫ অংশ যুক্ত এল্‌কোহলে দ্রব করিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—অমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/১০০।

৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ফ্যাগোপাইরাম্ এস্কিউলেণ্টাম্।

(Fagopyrum Esculentum)

সমসংজ্ঞা।—পালিগোনম ফ্যাগোপাইরাম্। বক্‌হুইট।

প্রাপ্তিস্থান।—ভারতবর্ষ, কিন্তু অধুনা ইয়ুরোপ ও আমেরিকায়।

বিবরণ।—সমস্ত বৃক্ষ ঔষধার্থ প্রয়োজন হয়। ডাক্তার ডেক্স্‌টার ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত তাজা বৃক্ষ বিচূর্ণিত নিষ্পেষিত করিয়া, উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া যথানিয়মে আট দিন অন্ধকার গৃহে রাখিয়া পরে ছাঁকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য-শক্তি ১/১০।

তৃতীয় শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে—সমস্ত বৃক্ষাদি হইতে ২০ ওভার প্রুফ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

ফারফারা।

(Farfara)

সমসংজ্ঞা।—টিউসিলেগো ফারফারা। কল্টসফুট্।

প্রাপ্তিস্থান।—সরস ও আর্দ্র ভূমিতে জন্মে। ইয়ুরোপে ও উত্তর আমেরিকায় ইহা জন্মিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা ভেষজ উত্তমরূপে থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে আটদিন রাখিয়া তৎপরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

—*:*—

ফেরি এট্ ষ্ট্রিকনি সাইট্রাস।

(Feri et Strychnie citras)

সমসংজ্ঞা।—সাইট্রেট্ অভ্ আইরন এণ্ড ষ্ট্রীক্‌নিয়া।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—৭ম শ্রেণীর নিয়মানুসারে বিচূর্ণ ক্রম হইয়া থাকে।

—*:*—

ফেরম।

(Ferrum)

সমসংজ্ঞা।—ফেরম মিটালিকাম্; ফেরম; আয়রন্। লৌহ ইত্যাদি।

প্রাপ্তি বা বিবরণ।—লৌহ অতি প্রধান ধাতু। যৌগিকরূপে ইহা প্রচুর পাওয়া যায়। এতন্মধ্যে অক্সাইড্, সলফাইড্, কার্ব্বনেট, ফস্ফেটাদি প্রধান। লৌহকে মুক্ত করিয়া বিশুদ্ধ করিতে হয়।

বিবরণ।—বিশুদ্ধ লৌহ রৌপ্যের ন্যায় শাদা; পালিশ করিয়া উজ্জ্বল দেখায়। লৌহ চুম্বক শক্তি ধারণ করিতে পারে। ১·৪৫ আঃ গুঃ নাইট্রিক এসিডেও পরিবর্ত্তিত হয় না। কিন্তু জল মিশ্রিত নাইট্রিক এসিডে গলিয়া যায়। সজল হাইড্রোক্লোরিক এসিডের ইহা গলিয়া যায়।

পরীক্ষা।—মহাত্মা হানিমান নিজে ইহা পরীক্ষা করিয়াছেন।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ। তৎপরে টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

—**—

ফেরম এসিটিকাম।

(Ferrum Aceticum)

সমসংজ্ঞা।—ফেরি এসিটাস্; ফেরম অক্সাইডেটাম্ এসিটিকাম; এসিটেট্ অভ্ আয়রন্।

প্রস্তুত প্রক্রিয়া।—পার সল্‌ফেট্ অভ্ আয়রনের সলিউশন দুই এবং অর্দ্ধ আউন্স, এসিটেট্ অভ্ পটাস দুই আউন্স, এবং রেক্‌টিফাইড্ স্পিরীট ইত্যাদি হইতে ইহা প্রস্তুত হয়। সর্ব্বদা নূতন প্রস্তুত করা কর্ত্তব্য ও ষ্টপার্ড শিশিতে রক্ষণীয়।

হোমিওপ্যাথিক ক্রমপ্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া অনুসারে এসিটেট্ অভ্ আয়রন এক ভাগ, নিরানব্বই ভাগ ষ্ট্রং এল্‌কোহলে দ্রবণীয়। ইহার ভেষজ-শক্তি $\frac{1}{100}$।

৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ইহার ডাইলিউশন বা ক্রম প্রস্তুত হয়।

ইহার সলিউশন বা ডাইলিউশন শীঘ্র শীঘ্র খারাপ হয় বলিয়া শীঘ্র শীঘ্র প্রস্তুত করা হয়।

৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রমও হইতে পারে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—১ × সলিউশন ডিষ্টিল্‌ড ওয়াটার বা পরিস্রুত জলে ; ৩ × পর্য্যন্ত ডাইলিউট এল্‌কোহল দ্বারা প্রস্তুত হয় এবং তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্‌ স্পিরীট ব্যবহার করা হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, সলিউশন এবং তদূর্দ্ধ ক্রম টিঞ্চার ইত্যাদি।

ফেরম্‌-আর্সেনিকোসম্‌।

(Ferrum-Arsenicosum)

সমসংজ্ঞা।—ফেরোসো-ফেরিক্‌ আর্সেনেট ; আর্সেনেট অভ্‌ আয়রন্‌।

প্রস্তুত প্রক্রিয়া।—সল্‌ফেট অভ আইরন নয় আউন্স, এবং আর্সেনেট অভ সোডা ৪ আউন্স, এসিটেট্‌ অভ সোডা তিন আউন্স ; উত্তপ্ত পরিস্রুত জল যথেষ্ট পরিমাণ। দুই পাইণ্ট জলে আর্সেনেট সোডা, এবং তিন পাইণ্ট জলে সলফেট্‌ অভ্‌ আইরন দিয়া দুইটী একত্রিত করিয়া যথানিয়মে ইহার অধঃক্ষেপ প্রস্তুত করিতে হয়।

হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ আর্সেনেট অভ্‌ আইরন ৭ম শ্রেণীর নিয়মানুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

আমেরিকান্‌ ও ব্রীটিশ।—উভয় মতেই বিচূর্ণ হইয়া থাকে।

—*:*—

ফেরম্‌ ব্রোমেটাম্‌।

(Ferrum Bromatum)

সমসংজ্ঞা।—ফেরি ব্রোমাইডম ; ব্রোমাইড্‌ অভ আইরন।

প্রস্তুত প্রক্রিয়া।—ব্রোমিন ধাতু লৌহ সহিত সহজে সংযুক্ত হয়। একভাগ লৌহকলঙ্ক সহ দুইভাগ ব্রোমিন সংযুক্ত হইয়া যথানিয়মে ইহা প্রস্তুত হয়। ইহা দেখিতে ধূসরাভ কৃষ্ণবর্ণ ; ইহা অত্যন্ত বিষাক্ত দ্রব্য।

হোমিওপ্যাথিক ঔষধ বা ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ ব্রোমাইড্‌ অভ আইরন—**আমেরিকান্‌ মতে।**—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ফেরম কার্ব্বণিকাম।

(Ferrum Carbonicum)

সমসংজ্ঞা—ফেরস্ কার্ব্বনেট ; স্যাক্কেরেটেড্ কার্ব্বনেট অভ্ আইরন্।

প্রস্তুত প্রক্রিয়া।—৫পাঁচ ভাগ বিশুদ্ধ সল্‌ফেট্ অভ্ আইরন, ২০ভাগ পরিস্রুত জলে দ্রবিত করিয়া,—৪ভাগ বাই কার্ব্বনেট্ অভ্ সোডা-যাহা পঞ্চাশ ভাগ পরিস্রুত জলে দ্রবিত হইয়াছে, তাহার সহিত সংযোগ করিয়া যথেষ্ট তাপ দিলে ইহা অধঃক্ষিপ্ত হয়।

হোমিওপ্যাথিক ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—এবম্প্রকারে প্রস্তুতি (ফেরম কার্ব্ব) যখন নয়ভাগ দুগ্ধশর্করা সহ বিচূর্ণিত হয়, তখন উহার ১ম দশমিক ক্রমের চূর্ণ প্রস্তুত হয়।

তৎপরবর্ত্তী চূর্ণ ক্রম গুলি ৭ম শ্রেণীর নিয়মে প্রস্তুত করা যায়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—তিনভাগ ঔষধে ৭ভাগ দুগ্ধ শর্করা মিশাইলে তবে ১ × ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১ × হইতে ৬ × পর্য্যন্ত বিচূর্ণ। পরে টিঞ্চার ইত্যাদি।

—**—

ফেরম আয়োডেটাম্।

(Ferrum Iodatum)

সমসংজ্ঞা।—ফেরস্ আওডাইড্ ; আওডাইড্ অভ্ আইরন।

প্রস্তুত প্রক্রিয়া—এক আউন্স লৌহতার ; আয়োডিন দুই আউন্স। ডিঃ ওয়াটার বা পরিস্রুত জল সহ উত্তাপ দিয়া যথানিয়মে ইহা প্রস্তুত হয়। ফলতঃ আয়োডিনের দ্রাবণের সহিত লৌহ মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়। ইহা বায়ুতে বিকৃত হইয়া যায়। এই জন্য চিনির সহিত ভাল থাকে।

পরীক্ষা।—ডাক্তার মুলার ইহা সুস্থ দেহে পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহা ৭ম শ্রেণার নিয়মে বিচূর্ণ ক্রম হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহাতে যে সিরাপ প্রস্তুত হয় অর্থাৎ আয়োডিন ২ভাগ, একভাগ লৌহতার এবং ২৮ আউন্স চিনি ৫

১৩ আউন্স জল দিয়া যে সিরাপ প্রস্তুত হয় ;—উহার অনুপাত এইরূপ ;—একগ্রেণ ঔষধে ১৪ মিনিম সিরাপ, সুতরাং ১৪ মিনিম সহ ৮৬ মিনিম সিরাপ দিলে ১ম ক্রমের সমান হইবে। ৩× জন্য সমপরিমাণে সিরাপ ও ডিষ্টিল্‌ড ওয়াটার দিলেই চলিবে। তবে উক্ত পরিস্রুত জলে শতকরা ৫ভাগ রেক্‌টিফাইড স্পিরীট মিশ্রিত থাকা আবশ্যক। ৪× বা ২য় ক্রমের জন্য ডাইলিউট এল্‌কোহল। ৫× বা তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

বিচূর্ণ ক্রম (Trituration) করিতে হইলে, আশু প্রস্তুত শর্করা যুক্ত পাউডার, সমপরিমাণে দুগ্ধ শর্করা সহ উষ্ণ খলে দিয়া চূর্ণ করিলে ১ম চূর্ণ ক্রম হয়। তবে যথা নিয়মে প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—১× হইতে ৩য় বা ৬× ক্রম বিচূর্ণ অথবা ১ম হইতে ২য় সলিউশন ; ৫× এবং তদূর্দ্ধ ক্রম টিঞ্চার। টিঞ্চার-ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

—:•:—

ফেরম ল্যাক্‌টিকাম্।

(Ferrum Lacticum)

সমসংজ্ঞা।—ফেরি ল্যাক্টেস্ ; ল্যাক্টেট্ অভ আইরন্।

প্রস্তুত প্রক্রিয়া।—ডাইলিউট ল্যাক্‌টীক এসিড সহ লৌহমল বা কলঙ্ক (Filings) সংমিশ্রিত করিয়া ইহা প্রস্তুত হয়।

পরীক্ষক।—জার্ম্মানীবাসী ডাক্তার মুলার।

হোমিওপ্যাথিক ঔষধ বা বিচূর্ণ ক্রম।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া ও ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ। তৎপরে টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

—•—

ফেরম্ ম্যাগ্নেটিকাম্।

(Ferrum Magneticum)

সমসংজ্ঞা।—ফেরেসো ফেরিক্ অক্সাইড্; ম্যাগ্নেটিক্ অক্সাইড্ অভ্ আইরন। ব্লাক্ অক্সাইড্ অভ্ আইরন। লোড্‌ষ্টোন (Load Stone); চৌম্বক লৌহ।

প্রস্তুত প্রক্রিয়া।—পার সল্‌ফেট অভ্ আইরন ৫½ আউন্স, সল্‌ফেট অভ্ আইরন, ২ আউন্স; সলিউশন অভ্ সোডা ৫ পাইণ্ট; পরিস্রুত জল যথা মাত্রা। যথা ক্রমে মিশাইয়া যথা নিয়মে ইহা প্রস্তুত হয়। অবশেষে অধঃক্ষেপ (Precipitates) ১২০ ডিগ্রীর তাপে শুষ্ক করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ও ব্রীটিশ উভয় ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—১× হইতে ৩ পর্য্যন্ত কেবল বিচূর্ণ; তৎপরে টিঞ্চার ইত্যাদি।

—*:*—

ফেরম মিউরিয়েটিকাম্।

(Ferrum Muriaticum)

সমসংজ্ঞা।—ফেরিক ক্লোরাইড্; ক্লোরাই অভ্ ফেরম। মিউরিয়েট্ অভ্ আইরন্। পার ক্লোরাইড্ অভ্ আইরন্।

প্রস্তুত প্রক্রিয়া।—নিম্ন লিখিত প্রক্রিয়াতে ইহা প্রস্তুত হইয়া থাকে;—লৌহ তার দুই আউন্স; ১২ আউন্স (দ্রব) হাইড্রোক্লোরিক এসিড, নয় আউন্স নাইট্রিক এসিড্, পরিস্রুত জল ৮ আউন্স। প্রথমে আট আউন্স হাইড্রোক্লোরিক এসিড পরিস্রুত জলে মিশাইয়া উহাতে লৌহ দিয়া মৃদু সন্তাপ দিতে হইবে। অতঃপর যথানিয়মে তাপ দিয়া দশ আউন্স না হওয়া পর্য্যন্ত নামাইবে না।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—একভাগ ক্লোরাইড্ অভ্ আইরন, নয় ভাগ পরিস্রুত জলে মিশাইয়া সলিউশন হইয়া থাকে। ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৫ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—এক ড্রাম দ্রবে ৩১'৭ গ্রেণ সল্ট আছে, তখন ২½ ড্রামের সঙ্গে ১৩ ড্রাম হওয়া পর্য্যন্ত সুরাসারে দ্রব করিলে ১×ক্রম হইবে তৎপরে সমস্ত ক্রম জন্য রেক্‌টিফাইড স্পিরীট ব্যবহার্য্য।

ব্যবহার।—১×এবং ১ম ক্রম টিঞ্চার; ৩×এবং তদূর্দ্ধ ক্রম সকল টিঞ্চার; টিঞ্চার-ট্রিটুরেশন। পিল বা গ্লবিউল ইত্যাদি।

—*:*—

ফেরম ফস্ফরিকাম্।

(Ferrum phosphoricum)

সমসংজ্ঞা।—ফেরিফস ফাস; ফস্ফেট অভ্ আইরন।

প্রস্তুত প্রণালী।—ব্রীটিশ মতে।—সলফেট অভ্ আইরন। তিন আউন্স; ফস্ফেট অভ্ সোডা—২½ আউন্স। এসিটেট্ অভ্ সোডা—১ আউন্স। পরিস্রুত উষ্ণ জল ৪ পাইণ্ট। যথা নিয়মে সংযোগ করিয়া অবশেষে অধঃক্ষেপ ১২০ উত্তাপে শুষ্ক করিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—ব্রিটীশ ও আমেরিকান্।—উভয় ফার্ম্মাকোপিয়া মতে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ফেরম পাইরোফস্ফরিকাম্।

(Ferrum Pyrophosphoricum)

সমসংজ্ঞা।—পাইরো ফস্ফেট্ অভ্ আইরন।

প্রস্তুত প্রণালী।—ফস্ফেট অভ্ সোডা, পর্সিলেন পাত্রে রাখিয়া উত্তাপ দিয়া যথা নিয়মে এই যৌগিক পদার্থ উৎপন্ন হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ও ব্রীটিশ উভয় ফার্ম্মাকোপিয়া মতে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

ফেরাম্ রিডাক্টম্।

(Ferrum Redactum)

সমসংজ্ঞা।—রিডিউস্‌ড্ আইরন; লৌহধাতুতে চৌম্বুক গুণযুক্ত করা; ইহা নিম্নলিখিত ফর্ম্মুলা হইতে প্রস্তুত হয়;—

প্রস্তুতি।—হাইড্রেড্ পারক্সাইড্ অভ্ আইরন এক আউন্স; জিঙ্কধাতু খানিকটা; সলফিউরিক এসিড্ খানিকটা এবং ক্লোরাইড্ অভ ক্যাল্‌সিয়ম্ খানিকটা যথা নিয়মে বন্দুকের নলে দিয়া প্রক্রিয়া বিশেষ দ্বারা ইহা প্রস্তুতা করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—হোমিওপ্যাথিক ফার্ম্মাকোপিয়া মতে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

ফেরম সল্‌ফিউরিকাম্।

(Ferrum Sulphuricum)

সমসংজ্ঞা।—ফেরি সল্‌ফাস্; সল্‌ফেট্ অভ্ আইরন্।

প্রস্তুত প্রক্রিয়া।—একভাগ লৌহ, দেড়ভাগ সল্‌ফিউরিক এসিড্ দ্রাবণে (১ ভাগে চারিভাগ পরিস্রুত জল দিয়া যে দ্রাবণ প্রস্তুত হইয়াছে) দিয়া ছাকিয়া লইলে অধঃক্ষিপ্ত সল্‌ট প্রাপ্ত হওয়া যায়।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। পরিস্রুত জলে দ্রবণীয়। এই উভয় বিধ প্রস্তুতি ভাল থাকে না। ইহাতে কয়েক বিন্দু ডাইলিউট্ সল-ফিউরিক এসিড্ দিতে হয়।

—*:*—

ফিলিক্স মাস্।

(Filix mas)

সমসংজ্ঞা।—এস্‌পিডিয়ম্ ফিলিক্স মাস্; পলিপডিয়ম্ ফিলিক্স মাস্; মেলফার্ণ (male fern) ইত্যাদি।

পরীক্ষক।—ডাক্তার বেরিজ।

জন্ম বা প্রাপ্তিস্থান।—ইয়ুরোপ এবং রুসিয়া প্রভৃতির সরস উপকূলে ইহা প্রচুর জন্মায়। ঔষধার্থ তাজা মূল গ্রাহ্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জুলাই ও আগষ্ট মাসে মূল তুলিয়া উত্তম করিয়া থেঁতো করিতে হয়, তৎপরে উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথারীতি আটদিন ভিজাইয়া ছাকিয়া আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চার ২০ ওভার প্রুফ্ স্পিরীট—দিয়া প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ফর্ম্মিকা রুফা।

(Formica Rufa)

সমসংজ্ঞা।—পিপীলিকা। উড্ এণ্ট; রেড্ এণ্ট।

প্রাপ্তিস্থান।—পৃথিবীর সর্ব্বস্থানেই জঙ্গলে ইহাদের বাসা।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জীবন্ত কীটগুলি নিষ্পেষিত করিয়া উহার পাঁচগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথারীতি আট দিন ভিজাইয়া পরে ছাকিয়া লইলে, মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভেষজ শক্তি ১/২০।

৪র্থ শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ফ্রাগেরিয়া ভেস্কা।

(Fragaria Vesca)

সমসংজ্ঞা।—উড্ ষ্ট্রবেরি ; এক প্রকার ফল বিশেষ।

জন্মস্থান।—ইয়ুরোপের জঙ্গল প্রদেশে এবং আমেরিকার অধিকাংশ জঙ্গলে ইহা পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক পক্ব ফল (Ripe berris) সম্পূর্ণ নিস্পেষিত করিয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ফ্রেসিরা কেরোলিনেন্সিস্।

(Frasera Carolinensis)

সমসংজ্ঞা।—সোয়ার্সিয়া ডিফর্মিস্ ; আমেরিকান্ কলম্বো।

জন্মস্থান।—আমেরিকার এক প্রকার গাছড়া ; মে ও জুলাই মাসে ইহার ফুল ফুটিয়া থাকে। তিনবৎসর না হইলে বৃক্ষ সম্পূর্ণ হয় না।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—দুই বৎসর বয়স্ক গাছ অক্টোবর কি নবেম্বর মাসে তুলিয়া অথবা-তৃতীয় বৎসরের গাছ মার্চ্চ বা এপ্রেল মাসে তুলিয়া ইহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া ভিজাইয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—ইহার ভেষজ-শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ফিউকাস্ ভেসিকিউলোসস্।

(Fucus Vesiculosus)

সমসংজ্ঞা।—সি-র‍্যাক্ ; ব্লাডার র‍্যাক্ ; (Sea Kelp)।

জন্মস্থান।—এই সমুদ্র জাত গাছড়া ইয়ুরোপ ও আমেরিকা পার্ব্বত্য প্রদেশের উপকূলে পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মে ও জুনমাসে সংগৃহীত গাছের গ্রন্থী বা গিরা গুলি বিচূর্ণিত করিয়া-উহার দ্বিগুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে আট দিন ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

গেলিয়াম্ এপেরিন্।

(Galium Aparine)

সমসংজ্ঞা।—ক্লিভারস্; পুয়র রবিন্; গুজ্ গ্রাস।

জন্মস্থান।—এই ভেষজ আমেরিকা, এসিয়া, আমেরিকা প্রভৃতি স্থানে জন্মিয়া থাকে। জুন ও জুলাই মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—যখন ফুল ফুটে, তখন সমস্ত বৃক্ষ বেশ করিয়া কুট্টিত করিয়া, উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে আট দিন রাখিয়া আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

গ্যাম্বোজিয়া।

(Gambogia)

সমসংজ্ঞা।—গমি গটি; ক্যাথার্টিকাম অরিয়ম্। গ্যাম্বোজ্ (Gamboge)।

প্রাপ্তিস্থান।—কাম্বোজা, সায়েম, চায়না প্রভৃতি স্থানে এই ভেষজ জন্মে। ইহার সুন্দর ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার নেনিং এই ঔষধ প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এক ভাগ গ্যাম্বোজ নয়ভাগ ওজনে এল্-কোহলে ভিজাইয়া যথা রীতি অনুযায়ী মাদার প্রস্তুত হইয়া থাকে। ইহা এক প্রকার আটা বা ধুনার মত (Gnm resin) পদার্থ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেক্‌টিফাইড্ স্পিরীট মাদার টিঞ্চার প্রস্তুত হয়। ১ভাগে ২০ ভাগ এই সমানুপাত অনুসারে উহার ভাগ দিতে হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার; ট্রিটুরেশন, টিঞ্চার, পিল্, গ্লবিউল ইত্যাদি।

—**—

জেল্‌সিমিয়ম।

(Gelsemium)

সমসংজ্ঞা।—জেল্‌সিমিয়ম্ সেম্পারিভিরেন্স; ইয়োলো জেসামিন্।

জন্মস্থান।—আমেরিকার দক্ষিণ প্রদেশে ইহা প্রচুর জন্মিয়া থাকে।

বিবরণ।—মার্চ্চ হইতে মে পর্য্যন্ত ফুল ফুটিতে থাকে।

ঔষধার্থ উহার মূল গৃহীত হয়।

পরীক্ষা।—ডাক্তার হেনেরি ১৮৫২ খ্রীঃ ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল যেগুলি বেশী স্থূল নহে অর্থাৎ পেন কলমের মত মোটা উত্তম করিয়া কুটিত করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্-কোহল দিয়া আটদিন অন্ধকার গৃহে রাখিয়া মধ্যে মধ্যে নাড়িয়া দিতে হয়। ষ্টপার্ড বোতলে ঔষধ ভিজাইয়া রাখা উচিত। তৎপরে উহা ফিলটার করিয়া ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার** টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ১/২।

তৃতীয় শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

জেন্‌সিয়ানা ক্রুসিয়েটা।

(Gentiana Cruciata)

সমসংজ্ঞা।—জেন্সিয়ানা মাইনোরিস্; ক্রসওয়ার্ট জেন্‌সিয়ান্।

জন্মস্থান।—অষ্ট্রীয়া প্রভৃতির পার্ব্বত্য ভূমিতে পাওয়া যায়। জুলাই ও সেপ্টেম্বর মাসে ফুল প্রস্ফুটিত হয়।

পরীক্ষক।—ডাক্তার ওয়াটজকি (watzke) ইহা প্রথমে পরীক্ষা করেন।

বিবরণ।—ঔষধার্থ টাট্‌কা মূল গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে আটদিন অন্ধকার গৃহে রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—টিঞ্চার প্রুফ্ স্পিরীটের শক্তি ধারণ করে অর্থাৎ মাদার টিঞ্চার শক্তি প্রুফ্ স্পিরীট।

—*:*—

জেন্‌সিয়ানা লুটিয়া।

(Gentiana Lutea)

সমসংজ্ঞা।—জেন্‌সিয়ানা মেজরিস্; জেন্‌সিয়ানা রুব্রা; ইয়েলো জেন্‌সিয়ান্।

জন্মস্থান।—ইয়ুরোপের মধ্য ও দক্ষিণ ভাগে পার্ব্বত্য প্রদেশে এই বৃক্ষ জন্মে।

বিবরণ।—ঔষধার্থ ইহার মূল গৃহীত হয়।

পরীক্ষক।—জার্ম্মাণ বাসী ডাক্তার বুকনার কর্ত্তৃক প্রথম হোমিও-প্যাথিক মতে পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইয়ুরোপের পার্ব্বত্য স্থানে যে সকল উদ্ভিদ পাওয়া যায়, তাহা লইয়া উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এলকোহল দিয়া যথা নিয়মে আটদিন অন্ধকার গৃহে রাখিয়া যথা নিয়মে

আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—টিঞ্চার, প্রুফ্ স্পিরীটে (মাদার টিঞ্চার) প্রস্তুত হয়।

জেন্সিয়ানা কুইন্কুয়িফ্লোরা।

(Gentiana quinqueflora)

সমসংজ্ঞা।—ফাইভ্ ফ্লাউয়ার জেন্সিয়ান্, পঞ্চপুষ্পী জেন্সিয়ানা।

জন্মস্থান।—মাইনী হইতে উইস্কোসিন ও দক্ষিণ দিকের শুষ্ক পার্ব্বত্য প্রদেশে এই ভেষজ জন্মে।

বিবরণ।—ঔষধার্থ সমস্ত ভেষজ বা গাছ গৃহীত হয়।

আমেরিকায় সবিরাম জ্বরে কুইনাইনের পরিবর্ত্তে ইহা ব্যবহৃত হয়। কলিকাতায় ডাক্তার জেলোভিট্জ্ প্রায় ইহা ব্যবহার করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার সারাংশ হইতে টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—অন্য প্রকার জেন্সিয়ানা হইতে প্রভেদ নাই।

—*:*—

জিরানিয়াম ম্যাকুলেটাম্।

(Geranium Maculatum)

সমসংজ্ঞা।—স্পটেড্ জিরানিয়ম্, ওয়াইড্ ক্রেন্‌স্ বিল্।

জন্মস্থান।—আমেরিকা বা যুক্ত রাজ্যে নিম্ন আর্দ্র ভূমিতে প্রচুর জন্মে। মে হইতে জুলাই মাস অবধি ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার বেক্ উইথ পীরক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই ভেষজের তাজা মূল লইয়া উত্তমরূপে নিষ্পেষিত করিয়া উহার দ্বিগুণ মাত্রা এল্‌কোহল মিশাইয়া যথা নিয়ম পূর্ব্বক আট দিন ভিজাইয়া, ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার টিঞ্চার** প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—
ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

জিরানিয়ম্ রবার্সিয়েনম্।

(Geranium Robertianum)

সমসংজ্ঞা।—হার্ব্ব রবার্ট (Herb Robert) ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপ; আমেরিকা প্রভৃতির সরস জঙ্গলে এবং ছায়াযুক্ত প্রদেশে এই বৃক্ষ জন্মে।

বিবরণ।—জুন হইতে অক্টোবর মাস পর্য্যন্ত এই গছের ফুল ফুটিয়া থাকে। ইহার গন্ধ অতিশয় তীব্র।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছ, ফুল ফুটিলে, তুলিয়া উত্তম করিয়া কুটিয়া, রস বাহির করিয়া উহার সমান ওজনে এল্‌কোহল দিয়া, আট দিন রাখিয়া যথা নিয়মে ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার টিঞ্চার** প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি (Drug-power) ১/২।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—:*-

জিন্‌সেঙ্গ।

(Ginseng)

সমসংজ্ঞা।—প্যানাক্স কুইঙ্কিফোলিয়ম্। কুইঙ্কিফোলিয়া। টাটার রুট ফাইভ্ ফিঙ্গারস্ (পাঁচ আঙ্গুলে)।

জন্মস্থান।—আমেরিকা,—চায়না, এসিয়া প্রভৃতি দেশে ইহা প্রচুর জন্মে।

পরীক্ষা।—ডাক্তার জোভি এই ঔষধ পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ মূল গৃহীত হয়। মূল গুলি মাংসবৎ থল্‌থলে; একারণ—শুষ্ক মূল লইয়া বিচূর্ণ করিয়া উহার পাঁচগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া উত্তম কর্কযুক্ত বোতলে আট দিন ভিজাইয়া অন্ধকার গৃহে রাখিয়া পরে যথা নিয়মে ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার** টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চার প্রুফ্ স্পিরীটে—প্রস্তুত হইয়াছে বুঝিতে হইবে।

—*:*—

গ্লনয়িনম্।

(Glonoinum)

সমসংজ্ঞা।—ট্রাই-নাইট্রো গ্লিসিরিন্; নাইট্রোগ্লিসিরিণ; গ্লনরিন্।

বিবরণ।—১৮৪৭ খৃষ্টাব্দে মহাত্মা সোব্রেরো এই পদার্থটী আবিষ্কার করেন।

পরীক্ষা।—ডাক্তার হেরিং ইহাকে সুস্থ দৈহিক পরীক্ষা করিয়াছিলেন।

ঔষধ প্রস্তুত প্রণালী।—নাইট্রিক এসিড্ এবং সল্‌ফিউরিক্ এসিড গ্লিসিরিণ সহ সংযোগ করত সতর্কভাবে যথা নিয়মে ইহা প্রস্তুত করিতে হয়। উভয় এসিডের সংমিশ্রণ পদার্থে এই গ্লিসিরিণ ধীরে ধীরে দিয়া নাড়িতে হয়, উহার উত্তাপ যহাতে ৮০ ডিগ্রীর উপর না হয়। তৎপ্রতি দৃষ্টি না রাখিলে সহসা দম করিয়া শব্দ হইয়া প্রবল প্রতিক্রিয়া আনয়ন করে। ইহা নাড়া চাড়া করিতে অতিশয় সতর্কতা আবশ্যক।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।**—একভাগ নাইট্রিক গ্লিসিরিণ নয়ভাগ এল্‌কোহলে দ্রব করা হয় (যে এল্‌কোহলে শতকরা ৯৫ অংশ এল্‌কোহল থাকে)।

সুতরাং ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়মে ডাইলিউশন ক্রম প্রস্তুত করা আবশ্যক।

সতর্কতা।—যদি ১× বা $\frac{1}{10}$ ভাগের সলিউশন ৬০ ডিগ্রীর নিম্ন উত্তাপে রাখা যায়, তাহা হইলে গ্লিসিরিণের অংশ থিতাইয়া নিম্নে অধঃক্ষেপ হইয়া জমে।

ব্রীটিশ মতে।—এবসোলিউট এল্‌কোহলে দ্রবণীয় অর্থাৎ সলিউশন প্রস্তুত হয়। শতকরা দশভাগ থাকে অর্থাৎ একগ্রেণ ১৪ মিনিম এল্‌কোহল দিয়া দ্রাবণ প্রস্তুত হয়।

একশত মিনিম রেক্‌টিফাইড্ স্পিরীট সহ ডাইলিউট করিলে যখন দেড় আউন্‌স হইবে, তখন উহা ১ম ক্রমের সমান হইল। পরবর্ত্তী ক্রম জন্যও রেক্‌টিফাইড্ স্পিরীট প্রয়োজন।

ব্যবহার।—১ গ্রেণে ১৫ মিনিম (সলিউশন); তৎপরে টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

গ্লিসিরিণম।

(Glycerinum)

সমসংজ্ঞা।—প্রোপেনিল্ এল্‌কোহল (Propenyl Alcohol); গ্লিসিরিণ।

প্রস্তুত প্রণালী।—জান্তব উদ্ভিদ্ দেহের তৈলাক্ত ও চর্ব্বি বা বসা পদার্থ হইতে উৎপন্ন হয়। সেই সকল চর্ব্বিতে এক প্রকার ফ্যাটি এসিড সংযুক্ত উষ্ণ জল মিশ্রিত করিয়া যথা নিয়মে প্রস্তুত করিতে হয়।

হোমিওপ্যাথিক ব্যবহার বা ক্রম প্রস্তুতি।—একভাগ গ্লিসিরিণ ৯ভাগ ওজনে পরিস্রুত জলে দ্রব করিয়া সলিউশন প্রস্তুত হয়।

ইহার ভৈষজ্য শক্তি $\frac{1}{10}$।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৫ম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

নাফেলিয়ম পলিসিফেলাম্।

(Gnaphalium Polycephalum)

সমসংজ্ঞা।—ইণ্ডিয়ান্ পোসি; কমন্ এভার লাষ্টিং। কড্উইড্।

প্রাপ্তিস্থান।—ক্যানাডা এবং যুক্ত রাজ্যের স্থানে স্থানে ইহা পাওয়া যায়।

পরীক্ষক।—ডাক্তার উইলিয়াম ব্যাঙ্কস্ প্রথমে ইহা পরীক্ষা করিয়াছিলেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছ থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্কোহলে যথারীতি ভিজাইয়া আট দিন পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চার ডাইলিউট এল্‌কোহল দ্বারা প্রস্তুত হয়।

—*:*—

গসিপিয়ম্ হার্ব্বাসিয়ম্।

(Gossypium Herbaceum)

সমসংজ্ঞা।—লেনা গসিপাই ; কটন প্লাণ্ট (Cotton plant) ইত্যাদি।

পরীক্ষা।—ডাক্তার উইলিয়মশন্ অধীনে ইহা পরীক্ষিত হয়।

প্রাপ্তিস্থান।—এসিয়া ও আমেরিকার স্থানে স্থানে এই বৃক্ষ জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূলের অভ্যন্তরস্থ ত্বক উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া অষ্টাহ অন্ধকার গৃহে ভিজাইয়া যথারীতি ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার** টিঞ্চার প্রস্তুত হয়

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ডাইলিউশন প্রস্তুত হইয়া থাকে।

-*:*-

গ্রাণেটাম্।

(Granatum)

সমসংজ্ঞা।—পিউনিকা গ্রাণেটাম্ ; পমিগ্রাণেট্ ; দাড়িম্ব।

জন্মস্থান।—পারস্য দেশে এবং উত্তর ভারতবর্ষে। ইয়ুরোপ ও আমেরিকায় পাওয়া যায়। ইহা নানাস্থানে প্র চুর জন্মে। বাঙ্গালা দেশেও সর্ব্বত্র ইহা হইয়া থাকে।

পরীক্ষা।—জার্ম্মাণীর—ডাক্তার মুলার ইহা প্রথম পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রণালী।—ঔষধার্থ শুষ্ক মূল গৃহীত হয়। মূলগুলির ত্বক চূর্ণ করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথারীতি অষ্টাহ অন্ধকার গৃহে রাখিয়া ছাকিয়া লইলে, মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য শক্তি ⅙। ১ম শ্রেণীর নিয়মে ক্রম বা ডাইলিউশন প্রস্তুত হইয়া থাকে। কেবল এই মাত্র বিশেষত্ব এই যে তিনভাগ—মাদার টিঞ্চারে সাতভাগ ডাইলিউট এল্‌কোহল দিয়া ১ x ক্রম প্রস্তুত করিতে হয়। এবং তিনভাগে ৯৭ ভাগ ডাইলিউট এল্‌কোহল দিলে ১ম ক্রম হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চারে প্রুফ্ স্পিরীট প্রয়োজন। (প্রথম প্রক্রিয়া)।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিলিউল, গ্লবিউল ইত্যাদি।

গ্রাফাইটীস্।

(Graphites)

সমসংজ্ঞা।—গ্রাফ্; ব্লাক্‌লেড্; প্লম্বেগো; কার্ব্বোমিনারেলিস্; সিরুসা নাইগ্রা ইত্যাদি।

বিবরণ।—খনিজ কার্ব্বন, ইহাতে যৎসামান্য লৌহ থাকে।

পরীক্ষা।—মহাত্মা হানিমান ইংলিস্ ড্রায়ং পেন্‌সিলের লেড বা সীসক হইতে চূর্ণ করিয়া বিচূর্ণ প্রস্তুত করত সুস্থদেহে পরীক্ষা সাধন করেন। সুতরাং ইংলিস্ ড্রয়িং পেন্‌সিলের লেড্ হইতে এই ঔষধ প্রস্তুত করা কর্ত্তব্য।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ; এবং **আমেরিকান্ মতে**—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—১ × হইতে ৬ × বিচূর্ণ; ৪র্থ ও উর্দ্ধ ক্রম টিঞ্চার, ট্রিটুরেশন; পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

গ্রাটীয়োলা।

(Gratiola)

সমসংজ্ঞা—গ্রাটিওয়ালা অফিসিন্যালিস্; হেজ্‌হীসপ্।

জন্মস্থান।—ইয়ুরোপের দক্ষিণাংশে এবং মধ্য ভাগে সমুদ্র, নদ প্রভৃতির নিকট এই বৃক্ষ জন্মে।

পরীক্ষা।—ডাক্তার নেনিং কর্ত্তৃক প্রথমে পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রণালী।—তাজা বৃক্ষ, ফুল ফুটিয়া যাওয়ার পূর্ব্বে সংগ্রহ করিয়া থেঁতো করিয়া রস বাহির করত, সমান ভাগ এল্‌কোহল দিয়া যথারীতি অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ঔষধ-শক্তি ১/২। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে। মাদার টিঞ্চার প্রুফ্ স্পিরীটে হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার; টিঞ্চার-ট্রিটুরেশন; পিল; গ্লবিউল ইত্যাদি।

—*:*—

গ্রীণ্ডিলিয়া রোবাষ্টা।

(Grindelia Robusta)

সমসংজ্ঞা।—গ্রিণ্ডীলিয়া; রোসিন্ উইড্।

জন্মস্থান।—উত্তর আমেরিকা, কেলিফর্ণিয়া প্রভৃতি স্থানে জন্মে।

পরীক্ষা।—ডাক্তার বাণ্ডি ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছে যখন ফুল হয়, তখন উহা কুট্টিত করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশাইয়া যথারীতি মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ঔষধ-শক্তি ১/১০।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চারে রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হইয়া থাকে।

—:•:—

গ্রীণ্ডিলিয়া স্কোয়ারোসা।

(Grindelia Squarrosa)

সমসংজ্ঞা।—গ্রীণ্ডিলিয়া।

পরীক্ষা।—ইহা ডাক্তার বাণ্ডি কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রণালী।—পূর্ব্বোক্ত প্রকারের ন্যায় মূল ঔষধ প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজ-শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম বা ডাইলিউশন প্রস্তুত করা হয়।

—*:*—

গোয়াকো।

(Guaco)

সমসংজ্ঞা।—মিকানিয়া গোয়াকো।

জন্মস্থান।—আমেরিকার জাত উদ্ভিদ বিশেষ।

পরীক্ষা।—ইহা ডাক্তার পিট্রোজ কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া।—সমস্ত বৃক্ষ ঔষধার্থ ব্যবহৃত হয়।

আমেরিকান্ মতে।—তাজা পত্র থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশাইয়া যথারীতি অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মানুসারে ক্রম বা ডাইলিউশন প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

গোয়েকাম।

(Guaiacum)

সমসংজ্ঞা।—গোয়েকাম্ অফিসিন্যালি; লিগনম্ ভিটি; লিগনম্ স্যাঙ্কটাম্।

জন্মস্থান।—পশ্চিম ভারতে এবং দক্ষিণ আমেরিকা প্রদেশে এই গাছ প্রচুর জন্মে।

পরীক্ষা।—ইহা প্রথমে মহাত্মা হানিমান পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রণালী।—ইহার আটা হইতে ঔষধ প্রস্তুত হইয়া থাকে। আটা বাহির করিবার প্রণালী এইরূপ;—দুইখণ্ড কাষ্ঠ পাশাপাশি রাখিয়া আগুণ ধরাইয়া দিলে যখন কাষ্ঠ জ্বলিতে থাকে, তখন সেই কাষ্ঠের যেখানে ফাটা থাকে (ইতি পূর্ব্বে ছাল কাটিয়া দিতে হয়) সেখান হইতে গদের মত পদার্থ বাহির হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—দুইভাগ গদ বা উহার আটা ৯ভাগ এল্‌কোহলে ভিজাইয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়মে ক্রম বা ডাইলিউশন প্রস্তুত হয়।

ব্রীটিশমতে।—রেক্‌টিফায়েড স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার ইত্যাদি।

—*:*-

গোয়ানো অষ্ট্রেলিস্।

(Guano Australis)

সমসংজ্ঞা।—গোয়ানো। সামুদ্রিক পক্ষীগণের (Sea bird) বাহ্যে বা নিঃস্রবণের (Excrement) ঢিবী বা দলা।

প্রাপ্তিস্থান।—দক্ষিণ আমেরিকায় পতিত জমির নিকটবর্ত্তী স্থানে বা দ্বীপে ইহা অধিক দেখিতে পাওয়া যায়।

বিবরণ।—ডাক্তার মূর (Dr. mure) ইহা প্রথমে হোমিওপ্যাথিক ঔষধ-ক্ষেত্রে প্রবিষ্ট করাইয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রণালী।—টাট্‌কা দ্রব্য লইয়া ৭ম শ্রেণীর নিয়মানুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

(আমেরিকান ফার্ম্মাকোপিয়া)

গোয়ারানা।

(Guarana)

সমসংজ্ঞা।—পালিনিয়া সর্ব্বিলিস্; ব্রেজেলিয়ান কোকা।

প্রাপ্তিস্থান।—দক্ষিণ ও পশ্চিম ব্রেজিলে ইহা প্রচুর পাওয়া যায়।

বিবরণ।- ঔষধার্থ বীজাদি গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রণালী।—বীজগুলি বিচূর্ণিত করিয়া অল্প জল দিয়া লেপ বা পেষ্ট মত পদার্থ প্রস্তুত করিতে হয়। অতঃপর উহা পাঁচ গুণ এল্‌কোহল দিয়া উত্তম ষ্টপার্ড বোতলে অষ্টাহ ভিজাইয়া রাখিয়া মধ্যে মধ্যে নাড়া দিতে হয়। অতঃপর যথারীতি ছাঁকিয়া লইলে, আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণী নিয়মানুসারে ক্রম বা ডাইলিউশন প্রস্তুত করা হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিলিউল, গ্লবিউল ইত্যাদি।

—**—

গুয়ারিয়া ট্রিকিলয়িডিস্।

(Guarea Trichiloides)

সমসংজ্ঞা।—বল্ উড্; রেড্ উড্।

প্রাপ্তিস্থান।—ডমিনিকা, সেণ্ট ভিন্‌সেণ্ট প্রভৃতি স্থলে এই ক্ষুদ্র বৃক্ষ প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের ত্বকের চূর্ণ এল্‌কোহল সংযোগে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ-শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে,—প্রুফ্ স্পিরীট সহযোগে মূলারিষ্ট প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার। টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন ইত্যাদি।

—*:*—

জিম্‌নোক্লেডস্ ক্যানাডেন্সিস্।

(Gymnocladus Canadensis)

সমসংজ্ঞা।—গিলাণ্ডি ডায়োকা। আমেরিকান্ কফি ট্রি; কেণ্টকি কফি ট্রি।

জন্মস্থান।—নিউইয়ার্ক, পেন্সিলভ্যানিয়া প্রভৃতি স্থানে ইহা জন্মে।

পরীক্ষক।—ডাক্তার হেরিং কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের ফলের চারিদিকে আটির ভিতর যে আবরণ থাকে, তাহা চূর্ণ করিয়া এল্‌কোহল সংযোগে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ-শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে মূলারিষ্ট প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

হিমাটক্সিলন।

(Hœmatoxylon)

সমসংজ্ঞা।—লিগম্ ক্যাম্পে-কায়নম্। লগ্ উড্।

প্রাপ্তিস্থান।—মধ্য আমেরিকা, ক্যাম্পেকী প্রভৃতি স্থানে এই বৃক্ষের চাষ হইয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের কাষ্ঠ ফলক সহ ৫গুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ-শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রোটিশ মতে—প্রুফ্ স্পিরীট সংযোগে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

হামামেলিস্

(Hamamelis)

সম সংজ্ঞা।—হামামেলিস্ ভার্জ্জিনিকা। উইচ হাজেল্।

জন্মস্থান।—ক্যানাডা ও যুক্তরাজ্যে ইহার জন্মস্থান।

পরীক্ষা। ডাক্তার প্রেষ্টন্ এই ঔষধ পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের নবপল্লবের বা তরুণ শাখার ত্বক এবং মূল হইতে যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীট সংযোগ মূলারিষ্ট প্রস্তুত হয়।

—*:*—

হেক্‌লা লেভা।

(Hekla Lava)

বিবরণ।—আইস্‌ল্যাণ্ডের আগ্নেয় হেক্লা পর্ব্বতের উদ্গীরণ (lava) বা নিঃস্রাব পদার্থে অক্সাইড্ অভ্ আয়রন্, সিলিকা, এলুমিনা, ম্যাগ্নেসিয়া, লাইম প্রভৃতি পদার্থ সংযুক্ত থাকে। নিকটস্থ ছাই অপেক্ষা দূরবর্ত্তী পতিত ছাই হইতে অধিক অনিষ্ট করে। এই স্থানে যে সকল মেষ চরিয়া বেড়ায়, প্রায় উহাদের চোয়ালের অস্থি বৃদ্ধি হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ আমেরিকান্ উভয় মতেই—বিচূর্ণ প্রস্তুত হয়। ৭ম শ্রেণীর নিয়ম অনুসরণীয়।

—*:*—

হিডিয়োমা।

(Hedeoma)

সমসংজ্ঞা।—কুনিলা পুলিজিয়ডিস্; মেলিসা বা জিজিফোরা ইত্যাদি। টিক্ উইড্ (Tick weed)।

জন্মস্থান।—ক্যানেডা প্রভৃতি স্থানে প্রচুর জন্মায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা গাছ হইতে যথা নিয়মে এল্‌কোহল সংযোগ দ্বারা আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—আমেরিকান্ মতে—ঔষধ শক্তি $\frac{1}{10}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

হিডিসেরম্ ইলডি।

(Hedysarum Ild)

সমসংজ্ঞা।—ব্রেজেলিয়ান্ বর্ডক; কেরাপিকো।

জন্মস্থান।—ব্রেজিলে এই বৃক্ষ প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক পত্র চূর্ণ করিয়া উহার পাঁচগুণ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ-শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

হেলিয়েন্থাস্।

(Helianthus)

সমসংজ্ঞা।—হেলিয়েন্থাস্ এনাস্; সনফ্লাউয়ার (Sun flower)।

জন্মস্থান।—আমেরিকা এবং পেরু প্রভৃতি উষ্ণ প্রধান দেশে ইহা জন্মিয়া থাকে।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—পক্ক বীজ চূর্ণ হইতে যথা নিয়মে এল্‌কোহল সংযোগে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। কেবল ২×,৩× এবং প্রথম ও দ্বিতীয় ক্রম ডাইলিউট এল্‌কোহলে প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

হেলিয়োট্রোপিয়ম।

(Heliotropium)

সমসংজ্ঞা।—হেলিয়োট্রোপিয়ম পেরুভিয়ানম্।

বিবরণ।—সমস্ত বৃক্ষ ঔষধার্থ গৃহীত হয়।

জন্মস্থান।—ইয়ুরোপ খণ্ডে এই ভেষজ জন্মে।

ঔষধ ও ক্রম প্রস্তুতি।—ব্রীটিশ মতে।—ডাইলিউট এল্‌কোহলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার ইত্যাদি।

—:*—

হেলিবোরস।

(Helleborus)

সমসংজ্ঞা।—হেলিবোরস নাইগার। ভিরেট্রাম নাইগ্রাম্। ব্লাক্ হেলিবোর; খ্রীষ্টমাস্ রোজ।

জন্মস্থান।—ইহা ইয়ুরোপের পার্ব্বত্য স্থানে জন্মে।

ঔষধ প্রস্তুত পদ্ধতি।—এই বৃক্ষের মূল চূর্ণ হইতে যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়। পাঁচগুণ এল্‌কোহল দিতে হয়।

ক্রম প্রস্তুত পদ্ধতি।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ-শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

হেলিবোরস ফিটিডস্।

(Helleborus fœtidus)

সমসংজ্ঞা।—বোয়াস ফুট্।

জন্মস্থান।—ইয়ুরোপের দক্ষিণাংশে অধিক পাওয়া যায়। সসেক্স ও হ্যাম্পাসায়ারে অধিক জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের তাজা মূল হইতে মূল ঔষধ প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—মাদার টিঞ্চার রেক্‌টিফাইড্ স্পীরিট দ্বারা প্রস্তুত হয়

হেলোনিয়াস্ ডাইয়োয়িকা।

(Helonias Dioica)

সমসংজ্ঞা।—ভিরেট্রাম; লুটিয়াম্; হেলোনিয়াস্ লুটিয়া। ব্লেজিং ষ্টার ইত্যাদি।

জন্মস্থান।—যুক্তরাজ্যে এই বৃক্ষ প্রচুর জন্মে। জুনমাসে ফুল ফুটে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল সহ দ্বিগুণ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:—

হেলোনিন্।
(Helonin)

দ্রষ্টব্য।—হেলেনিয়াস্ ডাইয়োরিকার ধূনাবৎ বা রেসিনাইড্ হইতে ইহার বিচূর্ণ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুতি।—ব্রীটিশ মতে।—১×হইতে ৬×পর্য্যন্ত বিচূর্ণ; তৎপরে টিঞ্চার ইত্যাদি।

—*:*—

হিপার সলফিউরিস্ ক্যালকেরিয়ম্।
(Hepar Sulphuris Calcareum)

সমসংজ্ঞা।—ক্যাল্কেরিয়া সল্ফুরেটাম্; হিপার সলফর; ক্যাল্-সিয়ম সলফাইড্ (অবিশুদ্ধ); লিভার অব সলফর।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—হানিমানের উপদেশানুসারে ইহা প্রস্তুত করা কর্ত্তব্য;—ঝিনুকের উপর ও নীচের ছাল বা আবরণ বাদ দিয়া ভিতরের পদার্থ এবং গন্ধক সমভাগে লইয়া মাটির মুচির মধ্যে পুরিয়া উত্তম কষিয়া লেপিয়া অন্ততঃ দশ মিনিট কাল ধরিয়া দগ্ধ করিলে তবে ইহা প্রস্তুত হয়। তৎপরে শীতল করিয়া উক্ত ভস্ম বা দগ্ধ পদার্থ রঙ্গিন (আম্বার বর্ণ) শিশিতে কাচের ছিপি দিয়া রাখা উচিত।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ।

১×হইতে ৬×পর্য্যন্ত বিচূর্ণ। পরে টিঞ্চার, পিল ইত্যাদি।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—বিচূর্ণ; ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

দ্রষ্টব্য।—ইহা হইতে এক প্রকার সলিউশন প্রস্তুত হইয়া থাকে অর্থাৎ একভাগ হিপার সলফর মূল দ্রব্য সহ ৯৯অংশ ডাইলিউট এল্‌কোহল-মিশাইলে এক প্রকারের টিঞ্চার প্রস্তুত হয়, কিন্তু ইহার উপর বিশ্বাস স্থাপন করা যায় না, কেন না উহাতে শক্তির অনিশ্চিত অবস্থা থাকে।

—*:*—

হিপার সলফিউরিস্ কেলিনম্।

(Hepar Sulphuris kalinum)

সমসংজ্ঞা।—কেলিয়ম সলফিউরেটাম্; পটাসি সলফুরেটাম; লিভার অভ্ সলফর ইত্যাদি।

ঔষধ প্রস্তুতি।—এক ভাগ সলফর এবং দুইভাগ কার্ব্বনেট অভ্ পোটাসিয়ম একত্র করিয়া পূর্ব্বোক্ত যথা নিয়মে ঔষধ প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া)।

—০ ০—

হিপাটীকা।

(Hepatica)

সমসংজ্ঞা।—হিপাটীকা ট্রিলোবা। লিভার ওয়ার্ট ইত্যাদি।

জন্মস্থান।—পৃথিবীর সর্ব্বত্রই এই বৃক্ষ জন্মে। আমেরিকান্ টিঞ্চার হইতে ইহা পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ তাজা পত্র লইয়া থেতো করিয়া রস বাহির করতঃ উহার দ্বিগুণ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{1}{10}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

হিপোম্যানিস্

(Hippomanes)

বিবরণ।—আসন্ন প্রসবা ঘোটকী বা গাভীর গর্ভাবরণের ঝিল্লিবৎ পদার্থ। ইহা দেখিতে শাদা বা ঈষৎ সবুজ। সুস্থ দৈহিক পরীক্ষার্থ ডাক্তার হেল্‌ফ্রিকের নিকট হইতে সদ্য প্রসূত শিশু ঘোটকীর জিহ্বা হইতে এই পদার্থ লইয়া শুষ্ক করিয়া ব্যবহার করা হইয়াছিল।

প্রসিদ্ধ ডাক্তার হেরিং কর্তৃক ইহা হোমিওপ্যাথিতে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ক্রম প্রস্তুতি।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—পূর্ব্বোক্ত শুষ্ক পদার্থ হইতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

—*:*—

হিরাক্লিয়ম।

(Heracleum)

সমসংজ্ঞা।—ব্রাঙ্কা আর্সিনা; হগ্ উইড ইত্যাদি।

ঔষধ ও ক্রম প্রস্তুতি।—ব্রীটিশ মতে এক প্রকার বৃক্ষের মূল হইতে প্রুফ্ স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—তাজা গাছ হইতে ১ম শ্রেণীর নিয়মে টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

হুরা ব্রেজেলিন্‌সিস্।

(Hura Braziliensis)

সমসংজ্ঞা।—ব্রেজিলে ইহাকে আশাকু (Assacu), ওয়াসাকু বা Oasacu কহে।

জন্মস্থান।—এই ভেষজ দক্ষিণ আমেরিকায় প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বৃক্ষের কাণ্ড ছিদ্র করিলে যে টাট্‌কা নির্য্যাস বহির্গত হয়, উহাতে সমভাগে এল্‌কোহল মিশাইয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।

ভেষজ শক্তি $\frac{1}{2}$। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

—*:*—

হাইড্রাষ্টিস্।

(Hydrastis)

সমসংজ্ঞা।—হাইড্রাষ্টিস্ ক্যানাডেন্সিস্; গোল্‌ডেন্ সিল; ইয়োলো রুট্। ওয়ার্নেরিয়া ক্যানাডেন্সিস্ ইত্যাদি।

জন্মস্থান।—আমেরিকার উত্তর ও পশ্চিমাঞ্চলে এই বৃক্ষ জন্মে।

পরীক্ষা।—ডাক্তার লিপির উপদেশানুসারে এই ঔষধ পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল হইতে ঔষধ প্রস্তুত হয়। মূলসহ দ্বিগুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল, ইত্যাদি।

—*:*—

হাইড্রোকোটাইল এসিয়াটীকা।

(Hydrocotyle Asiatica)

সমসংজ্ঞা।—হাইড্রোকোটাইল প্যালিডা; ইণ্ডিয়ান্ পেনিওয়ার্ট। পেনি ওয়ার্ট।

জন্মস্থান।—ভারতবর্ষে এবং আফ্রিকার সরস ভূমিতে ইহা জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষ শুষ্কাবস্থায় লইয়া দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে আটদিন রাখিয়া আমেরিকান্—মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ⅙।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

হাইড্রোফাইলাম্ ভার্জ্জিনিকাম্।

(Hydrophyllum Verginicum)

সমসংজ্ঞা।—ব্লার ফ্লাওয়ার। ওয়াটার লিফ্।

জন্মস্থান।—আমেরিকার আর্দ্র ভূমিতে ইহার জন্মস্থান।

বিবরণ।—জুন ও আগষ্ট মাসে ফুল ফুটে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বৃক্ষ পেষণ করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ঔষধ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

হাইড্রোপাইপার।

(Hydropiper)

সমসংজ্ঞা।—পলিগোনম্ হাইড্রোপাইপার; ওয়াটার পিপার। কমন স্মার্ট উইড্।

জন্মস্থান।—ইয়ুরোপ ও আমেরিকায় প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বৃক্ষ থেতো করিয়া উহার দ্বিগুণ এলকোহল দিয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ১/১০।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

হাইয়োসায়েমস্।

(Hyoscyamus)

সমসংজ্ঞা।—হাইয়োসায়েমস্ নাইগার। হেন্‌বেন্। পয়জন টোবাকো। (Poison Tobacco) ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপে এই বৃক্ষ প্রচুর জন্মে।

পরীক্ষক।—মহাত্মা হানিমান কর্ত্তৃক ইহা প্রথমে পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—নব পল্লবযুক্ত বৃক্ষ পেষণ করতঃ ছাকিয়া রস বাহির করিয়া উহার সমান মাত্রায় এল্‌কোহল মিশাইয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ঔষধ শক্তি ১/২। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এল্‌কোহল দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, টিঞ্চার, ট্রিটুরেশন, পিলিউল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

হাইপারিকাম্।

(Hypericum)

সমসংজ্ঞা।—হাইপারিকাম্ পার্ফোরেটাম। সেন্টজন্‌স্ ওয়ার্ট।

জন্মস্থান।—ইয়ুরোপ ও আমেরিকাতে প্রচুর জন্মে।

বিবরণ।—ইহার ফুল দেখিতে পীতবর্ণ এবং ফলের উপরিভাগ কঠিন আবরণ দ্বারা আচ্ছাদিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টা টকা গাছ থেতো করিয়া উহার দ্বিগুণ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে মাদার টিঞ্চার হইতে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার টিঞ্চার-ট্রিটুরেশন পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

আইবিরিস্ আমারা।

(Iberis Amara)

সমসংজ্ঞা।—লিপিডিয়ম আইবিরিস্। বিটার ক্যাণ্ডি টাপট।

জন্মস্থান।—ইয়ূরোপে এই বৃক্ষ জন্মে।

পরীক্ষা।—ডাক্তার হেল ইহার পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সুপক্ক বীজ চূর্ণ করিয়া উহায় পাঁচগুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে আট দিন ভিজাইয়া রাখিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ঔষধ-শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চার প্রুফ্ স্পিরীটে প্রস্তুত হয়।

—*:*—

ইগ্নেসিয়া।

(Ignatia)

সমসংজ্ঞা।—ষ্ট্রীক্‌নস্ ইগ্নেসিয়া। ফেবা ইগ্নেসাই; বিন্ অভ্ সেণ্ট ইগ্নেসিয়স্।

প্রাপ্তিস্থান।—এই ক্ষুদ্র বৃক্ষ ফিলিপাইন দ্বীপে এবং কঠিন জায়গায় প্রচুর জন্মে। ফুলগুলি দেখিতে শাদা। ক্ষুদ্র ক্ষুদ্র বাদামের মত কটা বর্ণের ফল হইয়া থাকে।

পরীক্ষা।—মহাত্মা হানিমান ইহা সুস্থ শরীরে পরীক্ষা করেন। ডাক্তার হুনিগবর্জ্জার ইহাকে প্লেগের প্রতিষেধক বলিয়া স্থির করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার বীজ চূর্ণ করিয়া উহার পাঁচগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$। মাদার টিঞ্চার হইতে ৪র্থ শ্রেণীর নিয়মে উচ্চ ক্রম প্রস্তুত হয়। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম হয়। বীজ হইতে বিচূর্ণ প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—২০ ডিগ্রীর ওভার প্রুফ্ স্পিরীট দ্বারা (20. O. P.) মাদার টিঞ্চার প্রস্তুত হয়।
বীজ চূর্ণ হইতে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইতে পারে।

ব্যবহার।—১× হইতে ৩য় ক্রম পর্য্যন্ত বিচূর্ণ, অথবা মাদার, তদূর্দ্ধ টিঞ্চার ইত্যাদি।

—**—

ইণ্ডিগো।

(Indigo)

সমসংজ্ঞা।—কলার ইণ্ডিকাস্; পিগ্ মেন্টাম্ ইণ্ডিকাম্।

জন্মস্থান।—আফ্রিকা আমেরিকার মধ্য প্রদেশে এবং ইষ্ট ইণ্ডিয়াতে প্রচুর জন্মে।

বিবরণ।—ঔষধার্থ পত্র ও ডাটার প্রয়োজন হয়।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ও ব্রীটিশ উভয় ফার্ম্মাকোপিয়া মতে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ; পরে তরল ক্রম, পিল ইত্যাদি।

—**—

ইলেক্স ওপেকা।

(Ilex opaca)

সমসংজ্ঞা।—এগেরিয়া ওপেকা। আমেরিকান হোলি।

জন্মস্থান।—পেনসিল্‌ভানিয়া প্রভৃতি স্থানে এই উচ্চ বৃক্ষ জন্মে। ইহার ফুল জুন মাসে প্রস্ফুটিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জুন মাসে সংগৃহীত তাজা পত্র থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রা এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ইণ্ডিয়ম্ মিটালিকাম্।

(Indium Metallicum)

সমসংজ্ঞা।—ইণ্ডিয়ম; মিটালিক ইণ্ডিয়ম ইত্যাদি।

বিবরণ।—লৌহবৎ এক প্রকার ধাতু বিশেষ। দেখিতে সীসার ন্যায় ধূসরাভ।—ডাক্তার বেল কর্ত্তৃক ইহা হোমিওপ্যাথিক ভৈষজ্য-তত্ত্বে প্রবেশ লাভ করিয়াছে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—**—

ইনিউলা।

(Inula)

সমসংজ্ঞা।—ইনিউলা হেলিনিয়ম। ইলি ক্যাম্পেনি।

জন্মস্থান।—এই বৃক্ষ ইয়ুরোপ, মধ্য এসিয়া এবং আমেরিকায় জন্মিয়া থাকে।

পরীক্ষা।—জার্ম্মানীর ডাক্তার ফিস্কার কর্ত্তৃক ইহার পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল হইতে ঔষধ প্রস্তুত করিতে হয়। মূল থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রা এলকোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণার নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

আয়োডিয়ম্।
(Iodium)

সমসংজ্ঞা।—আয়োডিনিয়ম; যোডিয়ম (Jodium); আয়োডিন্।

উৎপত্তি বিবরণ।—প্যারিস নগরের কুর্ত্তো নামক জনৈক সাবান ওয়ালা সমুদ্রজাত উদ্ভিজ্জ ভস্মের পরিত্যক্তাংশের এক প্রকার গুণ দেখিয়া ক্লিমেণ্ট সাহেবকে বলেন। এই রাসায়নিক পণ্ডিত ইহা আবিষ্কার করেন।

আয়োডিন প্রায় স্বভাবে পাওয়া যায় না, ইহা সোডিয়ম্ বা মাগ্নেসিয়ামের সহযোগে থাকে। সমুদ্রের জলে ইহা আয়োডাইড্ রূপে অবস্থিতি করে।

ঔষধ প্রস্তুত প্রণালী।—সমুদ্রজাত উদ্ভিদ্‌কে দগ্ধ করিলে যে ভস্ম পাওয়া যায়। উহার সহিত জল মিশ্রিত করিয়া অগ্নির উত্তাপে গাঢ় করিয়া শীতল করিয়া যথা নিয়মে ইহা প্রস্তুত করা যায়।

ধর্ম্ম। আয়োডিন দেখিতে কৃষ্ণবর্ণ কঠিন পদার্থ। জলে অল্প দ্রবীভূত হয়। কিন্তু এল্‌কোহলে দ্রবণীয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—একভাগ আয়োডিন সহ ৯৯ভাগ এল্‌কোহল দিয়া সলিউশন বা দ্রাবণ প্রস্তুত করিতে হয়।

ইহার ভেষজ শক্তি $\frac{1}{100}$।

৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রমাদি প্রস্তুত করা যায়।

৭ম শ্রেণীর নিয়মে বিচুর্ণও হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেক্‌টিফাইড্ স্পিরীটে সলিউশন করা হয়। আয়োডিন উহাই ১×। ইহার মাদার টিঞ্চার হয় না। তবে ϕচিহ্ন দ্বারা ক্রড্ মাদার বা মূল বস্তুকে বুঝায়।

ব্যবহার।—১× টিঞ্চার। ১ এবং তদূর্দ্ধ টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

আয়োডোফর্ম্মিয়ম্।

(Iodoformium)

সমসংজ্ঞা।—আয়োডোফার্ম্মাম্। আয়োডোফার্ম্ম।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আয়োডিন্ হইতে যথা নিয়মে ইহা প্রস্তুত হইয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার অণ্ডার উড্ ইহা পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ। পরে তরল ক্রমাদি প্রস্তুত হইয়া থাকে।

ইপিকাকুয়েনা।

(Ipecacuanha)

সমসংজ্ঞা।—ক্যালিকোকা ইপিকাকুয়েনা; সিকেনিস্ ইপিকাকুয়েনা।

জন্মস্থান।—ব্রেজিলে ইহা জন্মিয়া থাকে। ঔষধার্থ মূল গৃহীত হয়।

বিবরণ।—মহাত্মা হানিমান ইহাকে হোমিওপ্যাথিক ক্ষেত্রে প্রবিষ্ট করান।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—শুষ্ক মূল চূর্ণ করিয়া উহার পাঁচগুণ এল্‌কোহল দিয়া যথানিয়মে অন্ধকার গৃহে রাখিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—২০ ডিগ্রীর ওভার প্রুফ্ স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন ইত্যাদি।

আইরিডিয়ম্।

(Iridium)

বিবরণ।—প্লাটীনম ধাতু হইতে যথানিয়মে একপ্রকার ধাতু বিশেষ, বিশেষ প্রক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ও ব্রীটিশ উভয় মতে।—বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

আইরিস্ ভার্সিফলার।

(Iris Versicolor)

সমসংজ্ঞা।—আইরিস্ হেক্সাগোনা। ব্লুফ্লাগ ; লিভার-লিলি (Liver Lili) ইত্যাদি।

জন্মস্থান।—আমেরিকার আর্দ্র ময়দানের প্রান্তভাগে ইহার জন্ম।

বিবরণ।—মে ও জুলাই মাসে ফুল ফুটিয়া থাকে। ঔষধার্থ ইহার মূল গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—তাজা মূল লইয়া, উহা নিষ্পেষণ করতঃ উহার দ্বিগুণ মাত্রা এল্কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এল্‌কোহল হইতে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। উত্তর আমেরিকা হইতে অনেক সময় মাদার টিঞ্চার আমদানী করা হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার ইত্যাদি।

—০:০—

আইরিসিন

(Irisin)

আইরিসের সারাংশ বা ধুনাবৎ পদার্থ (উপক্ষার Resinoid) বিচূর্ণাকারে প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—উপক্ষার ১× হইতে ৬× বিচূর্ণ।

—০:০—

জেবরাণ্ডি।

(Jaborandi)

সমসংজ্ঞা।—পাইলোকার্পাস্ পেনাটি ফোলিয়াস্।

জন্মস্থান।—ব্রেজিলে এইবৃক্ষ প্রচুর জন্মিয়া থাকে।

বিবরণ।—ডাক্তার ওয়াটকিন্স ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক পত্র এবং ডাঁটা বিচূর্ণ করিয়া উহার পাঁচগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে অষ্টাহ রাখিয়া আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে উচ্চক্রম প্রভৃতি প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

জেকেরাণ্ডা ক্যারোবা।

(Jacaranda caroba)

সমসংজ্ঞা।—বাইনোনিয়া কেরোবা। জেকেরাণ্ডা ব্রেজিলিন্সিস্। ক্যারোবা ইত্যাদি।

জন্মস্থান।—এই বৃক্ষ ব্রেজিলে জন্মে। ডাক্তার মুর কর্ত্তৃক ইহা পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। টাট্‌কা মূল থেতো করিয়া ওজন করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

জালেপা।

(Jalapa)

সমসংজ্ঞা।—ইপোমিয়া পার্গা; এক্সোগোনিয়ম পার্গা। মেচোয়া কানা নাইগ্রা ইত্যাদি।

জন্মস্থান।—মেক্সিকো প্রভৃতি স্থানে প্রাপ্তব্য।

পরীক্ষা।—ডাক্তার নোয়াক এবং ট্রিঙ্ক ইহার পরীক্ষা সাধন করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। এই বৃক্ষের মূল শুষ্ক করিয়া পরে বিচূর্ণ করতঃ উহার পাঁচগুণ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ঔষধ শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেক্‌টিফাইড্ স্পিরীটে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—:*—

জানিফা মনিহট।

(Janipha Manihot)

সমসংজ্ঞা।—জ্যাট্রফা মানিহট। ম্যানিয়োকা মাণ্ডি। টেপিয়োকা প্লাণ্ট। ক্যাসেভা।

জন্মস্থান।—ব্রেজিলে এই বৃক্ষ জন্মে। ডাক্তার মার্টিন ইহা পরীক্ষা করেন।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—তাজামূল হইতে রস বাহির করিয়া ৮ম শ্রেণীর নিয়মানুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

জ্যাট্রাফা কর্কাস।

(Jatropha curcas)

সমসংজ্ঞা।—কর্কাস্ পার্গান্স্; ফিকস্ ইনফার্ণেলিস্। রিসিনস্ মেজোরিস্। ফিজিক নট্; পার্জ্জিংনট্।

জন্মস্থান।—ব্রেজিল ও আফ্রিকায় ইহা পাওয়া যায়। ডাক্তার হেরিং ইহা হোমিওপ্যাথিক ভৈষজ্যে পরিণত করেন।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ মতে।—পক্ক বীজ চূর্ণ করিয়া পাঁচগুণ এল্‌কোহল সহযোগে যথা নিয়মে অষ্টাহ রাখিয়া মাদার টিঙ্কার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রণালী।—আমেরিকান্ মতে।—ভেষজ শক্তি ১/১০। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। মাদার টিঙ্কার প্রস্তুত করণ জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হয়।

—*:*—

জগলান্স সিনেরিয়া।

(Jaglans Cinerea)

সমসংজ্ঞা।—জগলান্স্ কাথার্টিকা। বটার নট্; অয়েল্ নট্।

জন্মস্থান।—যুক্তরাজ্যে ও কানাডায় প্রচুর জন্মে। মে ও জুন মাসে উহার মূলের ত্বক সংগৃহীত হইয়া ঔষধার্থ প্রয়োগ হয়।

পরীক্ষা।—ডাক্তার পেন্ কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার মূলের ত্বক চূর্ণ করিয়া দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ্ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

জগলান্স্ রিজিয়া।

(Juglans Regia)

সমসংজ্ঞা।—নক্স জগলান্স। ইয়োরোপিয়ান্ ওয়াল নট্।

জন্মস্থান।—এই বৃক্ষ দক্ষিণ ইয়ুরোপে এবং জার্ম্মনীর মধ্য প্রদেশে প্রচুর জন্মে।

পরীক্ষা।—জার্ম্মনির ডাক্তার মুলার কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—জুন জুলাই মাসের সংগৃহীত অপক্ক ফল এবং সমপরিমাণে সবুজ পত্রাদি একসঙ্গে লইয়া থেতো করিয়া দ্বিগুণ মাত্রা এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধশক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

জন্‌কস্ ইফিউসস্।

(Jancus Ephusus)

সমসংজ্ঞা।—বুল্ রস্। কমন রস্।

জন্মস্থান।—ইয়ুরোপ, এসিয়া এবং আমেরিকার আর্দ্র ভূমিতে ইহা প্রচুর জন্মে।

বিবরণ।—বসন্ত কালে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—জার্ম্মানির ডাক্তার ওয়ালি ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে.—তাজা মূল লইয়া নিষ্পেষণ করতঃ উহার রসে দ্বিগুণ মাত্রা এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এল্‌কোহলে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

—*:*—

জঙ্কস্ পিলোসস্।

(Juncus pilosus)

সমসংজ্ঞা।—লুজুলা পিলোসা। উড্‌রস।

জন্মস্থান।—ইয়ুরোপ, এসিয়া, উত্তর আমেরিকার শুষ্ক ও ছায়াযুক্ত স্থানে জন্মিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—তাজা মূল থেতো করিয়া রস বাহির করিয়া উহার দ্বিগুণ মাত্রা এল্‌কোহলে মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

জুনিপারস্ কমিউনিস্।

(Juniperus communis)

সমসংজ্ঞা।—কমন জুনিপার। জুনিপার।

জন্মস্থান।—ইয়ুরোপ এবং এসিয়ার অনেক স্থলেই ইহা জন্মিয়া থাকে। উত্তর আমেরিকা, নরওয়ে ও সুইডনে প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে, পক্ব ফল চূর্ণ বা থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া আট দিন ভিজাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম সকল প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ক্যালি এসেটিকাম্।

(Kali Aceticum)

সমসংজ্ঞা।—পোটাসিয়ম এসিটেট্। কেলি এসিটাস। এসিটেট্ অভ পটাস্ ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ এসেটিক এসিড সহ কার্ব্বনেট্ অভ পটাশ সংযোগে যথা নিয়মে ইহা প্রস্তুত হয়। ইহা উত্তম ষ্টপার্ড শিশিতে রক্ষণীয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—একভাগ এসিটেট্ অভ পটাশ সহ ৯ভাগ পরিস্রুত জল মিশাইয়া দ্রব (সলিউশন) প্রস্তুত করিতে হয়।

ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$। পঞ্চম শ্রেণীর (ক) নিয়মে ঊর্দ্ধ ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—পরিস্রুত জলে ১× ক্রম প্রস্তুত হয়। ডাইলিউট এল্‌কোহলে ১ম ক্রম এবং তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট্ ব্যবহার্য্য।

—*:*—

ক্যালি আর্সেনিকোসম।

(Kali Arsenicosum)

সমসংজ্ঞা।—পোটাসিয়ম আর্সেনাইট্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আর্সেনিক এসিড একভাগ, কার্ব্বনেট অভ্ পটাশ একভাগ, এবং একভাগ পরিস্রুত জল। তিনটী একত্রে ফুটাইলে দ্রব হইয়া যাইবে, তৎপরে ইহাতে ৪০অংশ পরিস্রুত জল মিশ্রিত কর। তৎপরে টিউবটী শীতল হইলে একশত অংশের পূরণ শীতল জল সংযোগ করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—এই রূপ প্রস্তুত দ্রব্যে কালি-আর্স শতকরা এক ভাগ রহিল। সুতরাং ঔষধ শক্তি $\frac{১}{১০০}$ বা ইহাই ২×ক্রম।

আমেরিকান্ মতে।—৫ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—০০—

ক্যালি বাইক্রমিকাম্।

(Kali-bichromicum)

সমসংজ্ঞা।—পোটাসি বাইক্রোমস্। বাইক্রমেট অভ্ পটাশ।

বিবরণ।—উষ্ণ জলে এই পদার্থ দ্রব করিয়া যথানিয়মে বিশুদ্ধ করিয়া লইতে হয়।

পরীক্ষা।—ডাক্তার ডিস্ড্রেল কর্ত্তৃক পরীক্ষিত।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—এক ভাগ ঔষধ সহ ৯৯ ভাগ পরিস্রুত জলে দিয়া সলিউশন প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি $\frac{১}{১০০}$।

৫ম শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণও হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—সলিউশন (এক ভাগ ঔষধ সহ ২০ ভাগ জল)। ১ম বা২× পরিস্রুত জলে; ৩×হইতে ৬×পর্য্যন্ত পরিস্রুতজল (শতকরা ৫ভাগ রেক্টিফায়েড স্পিরীট উহাতে মিশ্রিত থাকে)। ৭ম দশমিক ক্রম এবং চতুর্থ শততমিক ক্রম ডাইলিউট এল্‌কোহলে, তদূর্দ্ধ ক্রম সকল রেক্টিফাইড্ স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—১×, ৬× পর্য্যন্ত ট্রাইটুরেশন বা সলিউশন। ৪র্থ হইতে ডাইলিউট টিঞ্চার। ৫ম এবং তদূর্দ্ধ ক্রম সকল টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

দ্রষ্টব্য।—ব্রীটিশ মতে।—ট্রাইটুরেশন হইতে লিকুইড বা তরল ক্রম প্রস্তুত করা উচিত নহে; কেননা উহা শীঘ্রই বিনষ্ট হইয়া যায়।

—*:*—

ক্যালি ব্রোমেটাম্।

(Kali Bromatum)

সমসংজ্ঞা।—পোটাসিয়ম্ ব্রোমাইড্। ব্রোমাইড্ অভ পটাশ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রোমাইড্ অভ্ আয়রন্ সলিউশন সহ কার্ব্বনেট্ অভ পটাশ দ্রব সহ একত্রে যথা নিয়মে এই পদার্থ প্রস্তুত হইয়া থাকে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—একভাগ ঔষধ দ্রব্য সহ ৯৯ অংশ পরিস্রুত জল দিয়া সলিউশন বা দ্রব প্রস্তুত করিতে হয়।

ইহার ভেষজ শক্তি $\frac{1}{100}$। পঞ্চম শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

বিশুদ্ধ ব্রোমাইড্ অভ পটাশের বিচূর্ণ ৭ম শ্রেণীর নিয়মে সম্পাদিত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—পরিস্রুত জলে ১× সলিউশন, তৎপরে ১ম ক্রম হইতে রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য। ইহা কাচের ছিপিযুক্ত বোতলে বা শিশিতে রাখিতে হয়।

—*:*—

ক্যালিকার্ব্বণিকাম্।

(Kali Carbonicum)

সমসংজ্ঞা।—পটাসি কার্ব্বনেট্; সলট অভ্ টারটার।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ক্রিম অভ্ টারটার উত্তপ্ত করিয়া যথা নিয়মে পরিস্রুত জল সংযোগ দ্বারা ইহা প্রস্তুত করিতে হয়।

মহাত্মা হানিমানের মতে।—অর্দ্ধ আউন্স বিশুদ্ধ বাইটটারেট অভ্ পটাশে একটু জল দিয়া গোলাকার ছোট দলা বাঁধিয়া কাগজে মুড়িয়া শুষ্ক করিতে হইবে। তৎপরে উক্ত দলা অগ্নি মধ্যে দিয়া উত্তপ্ত করিয়া যথা নিয়মে শীতল করিয়া ইহা প্রস্তুত করিতে হয়।

পরীক্ষা।—মহাত্মা হানিমানই ইহা প্রথমে পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মত।—এক অংশ কার্ব্বনেট অভ পটাশ ৯৯ অংশ দুগ্ধ শর্করা সহ ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশমতে।—পরিস্রুত জলে ১ × সলিউশন প্রস্তুত হয়। বিচূর্ণ ক্রম দুগ্ধ শর্করা সংযোগে হইয়া থাকে।

১ম বা ২ × জন্য পরিস্রুত জল ব্যবহার্য্য, যে জলে শতকরা ৫পাঁচভাগ রেক্‌টিফাইড্ স্পিরীট মিশ্রিত থাকে। ৩ × প্রস্তুত করণার্থ প্রুফ্ স্পিরীট; ২য় বা ৪ × জন্য ২০ ডিগ্রীর ওভার প্রুফ্ স্পিরীট এবং তদূর্দ্ধ ক্রম সকল রেক্‌টিফাইড স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—১ × এবং ১ম সলিউশন; বা ১ × হইতে ৬ × পর্য্যন্ত বিচূর্ণ এবং তদূর্দ্ধ ক্রম টিঞ্চার, পিল ইত্যাদি।

ক্যালি কষ্টিকাম।

(Kali Caustcium)

সমসংজ্ঞা।—লাইকার পটাসি; পোটাসিয়ম হাইড্রেট; পোটাসিয়ম হাইড্রো অক্সাইড্। কষ্টিক পটাশ।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—একভাগ ওজনে বিশুদ্ধ কষ্টিক পটাশ ৯ভাগ পরিস্রুত জল দিয়া দ্রব করিতে হয়।

আমেরিকান্ মতে,—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৫ম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—২ড্রাম ফ্লুয়িড উষ্ণ পদার্থ সহ ৯ড্রাম পরিস্রুত জল মিশাইলে ১ম ক্রম হইয়া তৎপরে সমস্ত ক্রম রেক্‌টিফাইড্ স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

ক্যালি-ক্লোরিকাম্।

(Kali Chloricum)

সমসংজ্ঞা।—পটাসি ক্লোরস্; পটাসিক্ ক্লোরেট্। ক্লোরেট অভ পটাশ ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—কার্ব্বনেট অভ পটাশ এবং চূণের চাকতির সংমিশ্রণে ক্লোরিণ বাষ্পের ক্রিয়ার দ্বারা ইহা উৎপন্ন হয়। পুনঃ পুনঃ দানা বাঁধাইয়া বিশুদ্ধ করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—এক ভাগ বিশুদ্ধ ক্লোরেট্ অভ পটাশ, ৯৯ অংশ পরিস্রুত জলে মিশ্রিত করিলে সলিউশন বা দ্রব প্রস্তুত হয়।

ইহার ঔষধ শক্তি $\frac{১}{১০০}$। ৫ম শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে। ৭ম শ্রেণীর নিয়মে সাবধানে বিচূর্ণ প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশমতে।—বিচূর্ণ। সলিউশন প্রস্তুত করিতে ১ ভাগ ঔষধ দ্রব্য সহ ২০ ভাগ পরিস্রুত জল মিশাইতে হইবে। যে জলে ইতিপূর্ব্বে—৫ভাগ রেক্‌টিফাইড্ স্পিরীট মিশ্রিত করা থাকে সেই জলে ১ম ক্রম। ডাইলিউট এলকোহলে ৬× পর্য্যন্ত। তৎপরে রেক্‌টিফায়েড্ স্পিরীটে সমস্ত ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ অথবা সলিউশন (১ ভাগে ২০ ভাগ)। ৩× ক্রমের পর টিঞ্চার ইত্যাদি।

—:০:—

ক্যালি-সাইট্রিকাম্।

(Kali Citricum)

সমসংজ্ঞা।—পোটাসিক সাইট্রেট্।

ঔষধ বা ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—সলিউশন ও বিচূর্ণ উভয় প্রকার প্রস্তুত ও ব্যবহৃত হইয়া থাকে।

১× সলিউশন করিতে পরিস্রুত জল; ১ম ক্রম পঃ জলে যাহাতে শতকরা ৫ পাঁচ ভাগ স্পিরীট মিশ্রিত থাকে; ৩× জন্য ডাইলিউট এলকোহল; তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট প্রয়োজন হইয়া থাকে।

—:০:—

ক্যালি সাইনেটাম্।

(Kali Cyanatum)

সমসংজ্ঞা।—পটাসিয়ম সাইনাইড্; সায়েনাইড্ অভ্ পটাশ। সাই-য়ুরেট্ অভ্ পটাশিয়ম ইত্যাদি।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—বিশুদ্ধ সাইনাইড্ অভ্ পটাশের ৭ম শ্রেণী মতে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—পরিস্রুত জলে ১× ক্রম। তৎপরে ৫ভাগ রেক্‌টিফায়েড্ মিশ্রিত পরিস্রুত জলে ২× বা ১ম; ডাইলিউট এলকোহলে ৩×, এবং তদূর্দ্ধ ক্রম সকল রেক্‌টিফাইড্ স্পিরীটে প্রস্তুত হয়।

দ্রষ্টব্য।—ইহা সর্ব্বদা টাট্‌কা প্রস্তুত করা কর্ত্তব্য।

—*:*—

ক্যালি ফেরোসাইনেটাম্।

(Kali Ferrocyanatum)

সমসংজ্ঞা।—ফেরো সায়েনাইড্ অভ্ পটাশ। ইয়োলো প্রসিয়েট্ অভ্ পটাশ। কেলিফেরো সাইনেডাম।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—বিচূর্ণ এবং তরল ক্রম উভয় প্রকার হইয়া থাকে।

তরল ক্রম করিবার নিয়ম;—১× জন্য—পরিস্রুত জল। ২× এবং ৩× জন্য শতকরা ৫ ভাগ রেঃ স্পিরীট মিশ্রিত পরিস্রুত জল। ৪× এবং ২য় ক্রম জন্য ডাইলিউট এলকোহল। তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

—:০:—

ক্যালি ক্রোমিকাম্।

(Kali Chromicum)

সমসংজ্ঞা।—ইয়োলো ক্রোমেট্ অভ্ পটাশ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—প্রথমে ১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ। পরে টিঞ্চার, পিল ইত্যাদি।

—:•:—

ক্যালি হাইপার্ম্মাঙ্গেনিকাম্।

(Kali Hypermanganicum)

সমসংজ্ঞা।—পটাসিক্ পার্ম্মাঙ্গানেট। পার্ম্মাঙ্গানেট—অভ্ পটাশ।

প্রস্তুত প্রক্রিয়া।—পার্ম্মাঙ্গানেট অভ্ পটাশ স্থলে দ্রষ্টব্য।

ক্যালি হাইপোফস্ফরোসাম্।

(Kali Hypophosphorosum)

সমসংজ্ঞা।—হাইপোফস্ফাইট অভ্ পটাশ। পটাশিয়ম হাইপো-ফস্ফাইট।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পটাসিয়ম হাইড্রেট্ সলিউশন সহ বিশুদ্ধ ফস্ফরস উত্তপ্ত করিলে রাসায়নিক ভাবে যথা নিয়মে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—এক ভাগ বিশুদ্ধ হাইপোফস্ফাইট্ অভ্ পটাশ—৯ ভাগ পরিস্রুত জলে দ্রবণীয়।

আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$। ৫ম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম হইতে পারে, কিন্তু লবণাক্ত জলে উহা শীঘ্র গলিয়া যায়।

—•:•—

ক্যালি আয়োডেটাম্।

(Kali Iodatum)

সমসংজ্ঞা।—পটাশিক্ আইয়োডাইড্। আইয়োডাইড্ অভ্ পটাশ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পটাশের দ্রবে আয়োডিন সংযোগে (রাসায়নিক সম্মিলনে) যথা নিয়মে ইহা প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। **আমেরিকান্ মতে।**—এক ভাগ (ওজনে) আইয়োডাইড্ অভ্ পটাশ, ৯৯ ভাগ এলকোহলে **সলিউশন** প্রস্তুত করিতে হয়। ইহার ভেষজশক্তি $\frac{1}{100}$। ৫ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে। (খ) ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম হইতে পারে, কিন্তু ১× ভাল থাকে না, গলিয়া নষ্ট হইয়া যায়।

ব্রীটিশ মতে।—১× জন্য ডাইলিউট এলকোহল প্রয়োজন হয়। এবং প্রথম বা তদূর্দ্ধ ক্রম জন্য রেকটিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

দ্রষ্টব্য।—ইহা উত্তম কাচের ছিপিযুক্ত শিশিতে রাখা উচিত।

ব্যবহার।—১× সলিউশন। ১ম এবং তদূর্দ্ধ ক্রম টিঞ্চার ইত্যাদি।

ক্যালি মিউরিয়াটিকাম্।

(Kali Muriaticum)

সমসংজ্ঞা।—পটাশিক ক্লোরাইড্; কেলি ক্লোরেটাম্। *কেলি ক্লোরাইডম্। ক্লোরাইড্ অভ্ পটাশ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—হাইড্রোক্লোরিক্ এসিড্ সহ বিশুদ্ধ কার্ব্বনেট্ অভ্ পটাশ যথা নিয়মে রাসায়নিক সংযোগে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া** মতে, বিশুদ্ধ ক্লোরাইড্ অভ্ পটাশিয়ম হইতে ৭ম শ্রেণীর নিয়মে—বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। তরল ক্রম করিতে হইলে ১× জন্য পরিস্রুত জল, ১ম বা ২× জন্য ডাইলিউট এলকোহল এবং তদূর্দ্ধ ক্রম সকল রেকটিফাইড্ স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ক্যালি নাইট্রিকাম্।

(Kali Nitricum)

সমসংজ্ঞা।—পটাশিয়ম নাইট্রেট্। নাইট্রেট্ অভ্ পটাশ। নাইটার। সল্ট পিটার্ ইত্যাদি।

বিবরণ।—এই ঔষধ জার্ম্মানির ডাক্তার জর্গ পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—এক ভাগ নাইট্রেট্ অভ্ পটাশ সহ ৯ অংশ পরিস্রুত জল দ্বারা ইহার দ্রব প্রস্তুত হয়।

ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$। ৫ম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে। ৭ম শ্রেণীর মতে বিচূর্ণও প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। তরল ক্রম করিতে নিম্নলিখিত প্রক্রিয়া আবশ্যক;—১× ক্রম জন্য পরিস্রুত জল; ১ম ক্রম জন্য ডাইলিউট্ এল্‌কোহল; ৩× বা তদূর্দ্ধ ক্রম প্রস্তুত করণ জন্য রেক্‌টিফায়িড্ স্পিরীট প্রয়োজন হয়।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ। অথবা ১× সলিউশন। ১ম এবং তদূর্দ্ধ ক্রম টিঞ্চার ইত্যাদি।

—:**—

ক্যালি অক্‌জেলিকাম।

(Kali-Oxalicum)

সমসংজ্ঞা।—হাইড্রিক পটাশি আক্‌জেলেট্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—অক্‌জেলিক এসিডের উত্তপ্ত দ্রব কার্ব্বনেট অভ্ পোটাসিয়ম বিনাশ প্রাপ্ত হইয়া যথা নিয়মে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিচূর্ণ। ১ম ক্রম পরিস্রুত জলে সলিউশন। ৩× জন্য ডাইলিউট্ এল্‌কোহল এবং তদূর্দ্ধ ক্রম সকল রেক্‌টিফাইড্ স্পিরীট দ্বারা প্রস্তুত হইয়া থাকে।

ইহা আমেরিকান্ ফার্ম্মাকোপিয়ায় লিখিত নাই।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে—ক্রম প্রস্তুত করা কর্ত্তব্য।

—*:*—

ক্যালি পার্ম্মাঙ্গানিকাম।

(Kali permanganicum.)

সমসংজ্ঞা।—পটাসিয়ম পার্ম্মাঙ্গানেট। ক্যালি হাইপারমাঙ্গানিকাম।

পরীক্ষক।—মহাত্মা এলেন সাহেব (H. C. Allen) কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—কাষ্টিক পটাস, ক্লোরেট্ অভ্ পটাশ, অক্সাইড অভ্ ম্যাগ্নেসিয়া সালফিউরিক এসিড প্রভৃতি রাসায়নিক পদার্থ সংযোগে ইহা প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।— এক ভাগ পারমাঙ্গানেট্ অভ্ পটাশ ৯৯ ভাগ পরিস্রুত জলে দিয়া ক্রম প্রস্তুত হইয়া থাকে।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়ার অনুমোদিত—ইহার ভেষজ-শক্তি ১/১০। ৫ম শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

দ্রষ্টব্য।—ইহার বিচূর্ণ ক্রম করা উচিত নহে। যেহেতু যান্ত্রিক পদার্থ দ্বারা বিনষ্ট প্রাপ্ত হয়। ইহা যখনই প্রয়োজন, তখনই প্রস্তুত করিয়া লইয়া ব্যবহার করা কর্ত্তব্য।

—*:*—

ক্যালি ফস্ফরিকাম।

(Kali phosphoricum)

সমসংজ্ঞা।—পোটাশিয়ম ফস্ফেট্; ফস্ফেট্ অভ্ পটাশ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ফস্ফেট্ এসিড সহ পটাসিয়ম হাইড্রেট্ রাসায়নিক সম্মিলনে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ফস্ফেট্ অভ পোটাসিয়মের ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*—

ক্যালি সলফিউরিকাম।

(Kali sulphuricum)

সমসংজ্ঞা।—পোটাশিয়ম সলফেট্ অভ পটাশ, পটাসিক সল্ফেট্।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ ও তরল ক্রম।

তরল ক্রম করিতে হইলে ১× জন্য পরিস্রুত জল, ১ম ও ৩× ক্রম জন্য শতকরা পাঁচভাগ স্পিরীট মিশান পরিস্রুত জল, ২য় বা ৪× ক্রম জন্য রেক্‌টি-ফাইড্ স্পিরীট ব্যবহৃত হইয়া থাকে।

—•:•—

ক্যালি টার্টারিকাম।

(Kali Tartaricum)

সমসংজ্ঞা।—ক্যালি টার্টার। পটাসিক টার্টারেট্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ক্রিম্ অভ্ টাটার সহ কার্ব্বনেট্ অভ্ পটাশ সংযোগে যথা নিয়মে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে, ইহা বিচূর্ণ; তবে তরল ক্রমও ব্যবহৃত হইয়া থাকে। তরল ক্রম প্রস্তুতির নিয়ম নিম্নে লিখিত হইল;—১× জন্য পরিস্রুত জলে সলিউশন। ২× বা ১ম ক্রম জন্য শতকরা পাঁচভাগ রেক্‌টিফাইড্ স্পিরীট মিশ্রিত পরিস্রুত জল। ৩× জন্য ডাইলিউট্ এল্‌কোহল, তদূর্দ্ধ ক্রম সকল জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

—:০:—

ক্যাল্‌মিয়া।

(Kalmia)

সমসংজ্ঞা।—ক্যালমিয়া ল্যাটিফোলিয়া। লরেল্। মাউণ্টেন্ লরেল্।

জন্মস্থান।—আমেরিকার নিউহাম্পসায়ার, পেন্‌সিল্‌ভ্যানিয়া, এলো-গ্যানি প্রভৃতি স্থানে প্রচুর জন্মে।

বিবরণ।—বসন্ত কালে ইহার ফুল প্রস্ফুটিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থে তাজা পত্র গৃহীত হয়।

আমেরিকান্ মতে।—তাজা পত্র লইয়া থেতো করিয়া যথা নিয়মে দ্বিগুণ মাত্রা এল্‌কোহল দিয়া মাদার টিঙ্কার প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চার প্রুফ স্পিরীটে প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ১/৬। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার; ট্রিটুরেশন ইত্যাদি।

—*:*—

কমলা।

(Kamala)

সমসংজ্ঞা।—ম্যালোটাস্ ফিলিপাইন্‌সিস্; ক্রোটন ককৃসিনিয়স; ক্যামিলা।

জন্মস্থান।—চায়না এবং অষ্ট্রেলিয়া।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার চূর্ণ সহ ৫ গুণ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে **আমেরিকান মাদার** টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি ১/১০। ৪র্থ শ্রেণীর নিয়মে তরল ক্রম প্রস্তুত হয়। বিচূর্ণও ৭ম শ্রেণীর নিয়মে সম্পাদিত হইয়া থাকে।

—**—

কাইনো।

(Kino)

সমসংজ্ঞা।—বুটিয়া ফ্রণ্ডেসা। ইয়ুক্যালিপ্টস্ রষ্ট্রেট। [বুজা, ডাক ট্রি ইত্যাদি।

জন্মস্থান।—দক্ষিণ ও মধ্যভারতে, লঙ্কায় এবং বর্ম্মায় জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের আটাতে বা রসে ৫ গুণ এল্‌কোহল দিয়া মিশাইয়া যথা নিয়মে **আমেরিকান্ মাদার** টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

ক্রামেরিয়া।

(Krameria)

সমসংজ্ঞা।—মাপেটো ; র‍্যাটানহিয়া ; র‍্যাটানি।

জন্মস্থান।—এই ক্ষুদ্র বৃক্ষ বোলিভিয়া ও পেরুতে প্রচুর জন্মে।

পরীক্ষা। হার্টলব ও ট্রিঙ্কস্ ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ শুষ্ক মূল গৃহীত হয়। উহার চূর্ণ সহ ৫ পাঁচগুণ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে তরলক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ক্রিয়োজোটম্।

(Kreosotum)

সমসংজ্ঞা।—ক্রিয়োজোট্ (Creosote)।

বিবরণ।—বাজারে অধিকাংশ স্থলে হাইড্রেট্ অভ্ ফেনিল ক্রিয়োজোট্ বলিয়া বিক্রীত হইয়া থাকে। কিন্তু রেকেনবাক্ (Reichenbach) কর্ত্তৃক যাহা আবিষ্কৃত বা প্রস্তুত, উহা কাষ্ঠ হইতে নিষ্কাষিত বা চয়িত টার (Wood-tar) বিশেষ।

পরীক্ষা।—ডাক্তার সিরবিয়াস্ ইহা প্রথমে জার্ম্মাণিতে পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার (বিশুদ্ধ ক্রিয়োজোট্) এক অংশ সহ ৯৯ অংশ এল্‌কোহল সংযোগ করিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ইহার ভেষজ শক্তি $\frac{১}{১০০}$। ৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেক্‌টিফাইড্ স্পিরীটে যে সলিউশন, উহাই ১ম ক্রম সমান।

ব্যবহার।—১ x এবং তদূর্দ্ধ ক্রম টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

কেয়োলিনম্।

(Kaolinum)

সমসংজ্ঞা—কেয়োলিন। এলুমিনা সিলিকেটা। পর্সিলেন বা চায়না ক্লে (China clay) চিনেমাটী।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এলুমিনা ও সিলিকা প্রভৃতি ধাতুর সংমিশ্রণ। ইহা স্বভাবতঃ প্রচুর পাওয়া যায়।

প্রাপ্তিস্থান।—কালিসব্যাড (বোহিমিয়াতে) এবং স্যাক্‌সনির মিস্‌নিয়া প্রভৃতি স্থানে প্রচুর পাওয়া যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ইহা উত্তম করিয়া চূর্ণ করিয়া বিশুদ্ধ জলে ধৌত করতঃ, ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

:-

ল্যাসিরেটা এজিলিস্।

(Lacerata Agilis)

সমসংজ্ঞা।—ল্যাসিরেটা ষ্টিরপিয়ম। গ্রীন্ ইয়োরোপিয়ান্ লিজার্ড (Lizard)।

জন্মস্থান।—দক্ষিণ ইয়োরোপে এবং আফ্রিকার স্থানে স্থানে ইহা পাওয়া যায়। ইহার দংশনে বিষ হয় না বলিয়া প্রবাদ আছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা জন্তুকে বিচূর্ণিত করিয়া টিঞ্চার ঔষধ প্রস্তুত করিতে বলিয়াছেন। কেহ কেহ শুষ্ক জন্তুকে ব্যবহার করিবার উপদেশ দিয়াছেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে শুষ্ক জন্তু দিয়া বিচূর্ণ প্রস্তুত করা যায়।

:—

ল্যাকেসিস্।

(Lachesis)

সমসংজ্ঞা।—ট্রাইগোনোসিফেলস্ ল্যাকেসিস্। সুরুকুকি (Surukuke) ওফিডিয়া শ্রেণী সর্প ইত্যাদি।

বিবরণ।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে প্রসিদ্ধ ডাক্তার হেরিং (C. Hering) সাহেব জীবন্ত সর্প হইতে বিষ গ্রহণ করিয়াছিলেন। একটী আঘাত দ্বারা উক্ত সর্প—অজ্ঞান হইয়াছিল। তখন বিষদন্ত হইতে চিনিতে বিষ গ্রহণ করা হইয়াছিল। এই বিষটি বিশ্বাসযোগ্য বলিয়া এখনও চলিয়া আসিতেছে।

"ক্রোটেলস্"—প্রবন্ধে এই বিষ গ্রহণ প্রথার উল্লেখ করা হইয়াছে, উহা দ্রষ্টব্য। নিম্ন জন্তুতে ইহা পরীক্ষা করা কর্ত্তব্য।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে।—গ্লিসিরিনে সলিউশন। এতদ্বিষয়ক মন্তব্য ক্রোটেলস ঔষধে দ্রষ্টব্য। উর্দ্ধক্রম রেকটিফাইড্ স্পিরীটে হইয়া থাকে।

ব্যবহার।—৬ বা তদূর্দ্ধ ক্রম টিঞ্চার। পিল ইত্যাদি।

আমেরিকান্ মতে।—দক্ষিণ আমেরিকায় ইহা পাওয়া যায় ইহারা দেখিতে লালাভ কটাবর্ণ (Reddish brown) মধ্যে, মধ্যে কৃষ্ণাভ কটাবর্ণ দাগ দাগ।

বিষের বর্ণ পীতাভ। এই বিষ কোনপ্রকারে আমাদের রক্তের সহিত মিশিলে মৃত্যু আনীত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—দুগ্ধ শর্করাতে বিষ গৃহীত হইয়াছিল এবং প্রথম তিন ক্রম বিচূর্ণ প্রস্তুত করা হয়। ৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণও করা হয়।

—*:*—

ল্যাকনান্থিস্।

(Lachnanthes)

সমসংজ্ঞা।—রেড্ রুট ; স্পিরীট উইড্।

জন্মস্থান।—এই ক্ষুদ্র ভেষজ রোড দ্বীপে এবং জার্সির দক্ষিণ দিকে আর্দ্র ভূমিতে প্রচুর জন্মে। জুলাই হইতে সেপ্টেম্বর মাসে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার লিপী ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত গাছ ফুলাদিসহ থেঁতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহলে ভিজাইয়া যথানিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ভেষজ শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ল্যাকটুকা-স্যাটাইভা।

(Lactuca Sativa)

সমসংজ্ঞা।—ল্যাকটুকা ক্রিস্পা। ল্যাকটুকা সিল্‌ভেলষ্ট্রিস্। গার্ডেন লিটুস্ ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—এই ভেষজ আমেরিকাদি নানা স্থানে প্রচুর জন্মে। অনেকে ইহা কাটিয়া উদ্যানে রোপন করেন। ফুল দেখিতে মন্দ নহে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—সমস্ত বৃক্ষ থেতো করিয়া রস বাহির করিতে হয়। তৎপরে উক্ত রসের সমভাগ এলকোহল দিয়া ভিজাইয়া যথা নিয়ম পূর্ব্বক মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এলকোহল্ যোগে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ½। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ল্যাকটুকা ভিরোসা।

(Lactuca Virosa)

সমসংজ্ঞা।—ইঁ ণ্টবস্ অগষ্টাস। ল্যাকটুকা ফিটিড়া। সেণ্টেড্ লিটুসি। ল্যাকটুকা।

জন্মস্থান।—ইয়োরোপ খণ্ডে ইহা প্রচুর জন্মে।

পরীক্ষা।—প্রথমে ইহা জার্ম্মনীয় ডাক্তার সিডেল্ পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই ঔষধ প্রস্তুত জন্য সমগ্র গাছটী প্রয়োজন। জুন মাসে ফুল ফুটে। ফুল সমেত বৃক্ষ থেতো করিয়া রস বাহির করিয়া সমপরিমাণে এল্কোহল দিয়া যথা নিয়মে আমেরিকান্ মতে মাদার টিঞ্চার প্রস্তুত করিতেহয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,— ভেষজ শক্তি ½। ১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

ল্যাক্টুকেরিয়ম্।

(Lactucarium)

পূর্ব্বোক্ত ল্যাক্টুকাদি গাছের রস জমাইয়া ইহা জার্ম্মাণ ও ইংলণ্ড হইতে আনীত হইয়া বিক্রয় হইয়া থাকে। ইহার বর্ণ প্রথম সাদা দেখায় তৎপরে কট্‌ হইয়া যায়। ইহার গন্ধ অহিফেনের মত, আস্বাদ তিক্ত।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।— আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীয় নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

:-

লেমিয়ম আলবাম্।

(Lamium Album)

সমসংজ্ঞা।—গ্যালোপ্ সিডিস্ মাকুলেটা। ডেড্ নেটেল ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপের উচ্চ ভূমিতে জন্মে। শাদা ফুল ফুটিয়া থাকে। রুসিয়াতেও পাওয়া যায়।

পরীক্ষা।—মহাত্মা হানিমান ও তাহার শিষ্য ষ্টাপ ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—দুই ভাগ তাজা পাতা, একভাগ কুড়ি, থেতো করিয়া রস বাহির হইলে সমপরিমাণ এল্‌কোহল যথা নিয়মে মিশাইয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি $\frac{1}{2}$। ১ম শ্রেণীর নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

-*:*

ল্যাপাথাম একুটাম্।

(Lapathum Acutum)

সমসংজ্ঞা।—রিউমেক্স অবটিউসিফোলিয়াস্। বিটার ডক্।

জন্মস্থান।—প্রথমে ইহা ইয়ুরোপে জন্মে। অধুনা আমেরিকার ময়দানে ইহা প্রচুর পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল হইতে যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি ½। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

লেপিস্ এলবাস্।

(Lapis Albus)

সমসংজ্ঞা।--সিলিকো ফ্লোরাইড্ অভ্ ক্যাল্সিয়ম্।

বিবরণ।—ডাক্তার গ্রভোগল এই নাম দিয়াছেন। জার্ম্মাণির গ্যাষ্টিন-খনিজ জলে ইহার অবস্থিতি আবিষ্কৃত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—বিশুদ্ধ লেপিস্ লইয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—:*—

লরোসিরেসস্।

(Laurocerasus)

সমসংজ্ঞা।—প্রুনস্লরোসিরেসস্। চেরি লরেল্।

জন্মস্থান।—এই ক্ষুদ্র ভেষজ ককেসস্ এবং উত্তর পারস্য দেশে প্রচুর জন্মিয়া থাকে।

পরীক্ষা।—জার্ম্মনির ডাক্তার জর্গ ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—টাট্কা পত্রাদি থেতো করিয়া, উহার দ্বিগুণ ওজনে এল্কোলে মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ½।

২য় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

লিডম।

(Ledum)

সমসংজ্ঞা।—লিডাম প্যালষ্টার। মার্স টি; ওয়াইল্ড রোজমেরি।

জন্মস্থান।—ইয়ুরোপ, ফ্রান্স, এসিয়া এবং ব্রীটিশ আমেরিকার আর্দ্র ভূমিতে এই ভেষজ প্রচুর জন্মে।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহা পরীক্ষা করেন। এপ্রিল হইতে জুলাই পর্য্যন্ত ফুল ফুটে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ থেতো করিয়া রস বাহির করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে **আমেরিকান্ মাদার** টিঞ্চার প্রস্তুত করা হয়।

ব্রীটিশ মতে।—নব পল্লব এবং পত্র হইতে রেক্‌টিফাইড স্পিরীট সহ-যোগে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে, ভেষজ শক্তি ½। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:—

লেপিডিয়ম্।

(Lapedium)

সমসংজ্ঞা।—লেপিডিয়ম মাষ্ট্রুকো। লেপিডিয়ম্ বোনারিন্সি।

জন্মস্থান।—ব্রেজিলের রায়ো (Rio) প্রদেশে এই ভেষজ জন্মে।

বিবরণ।—সেপ্টেম্বর মাসে ইহার ফুল হয়।

পরীক্ষা।—ডাক্তার মুর এই ঔষধ প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পত্র হইতে রস বাহির করিয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি ⅒।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রমাদি প্রস্তুত হয়।

লেপ্টাণ্ড্রা।

(Leptandra)

সমসংজ্ঞা।—লেপ্টাণ্ড্রা ভার্জ্জিনিকা। ভিরোনিকা ভার্জ্জিনিকা। ব্লাকরুট্; টল ভিরোনিকা।

জন্মস্থান।—সমস্ত আমেরিকা বা যুক্তরাজ্যে ইহা পাওয়া যায়।

বিবরণ।—জুলাই ও আগষ্ট মাসে ফুল হয়। ঔষধার্থ মূল গৃহীত হয়।

পরীক্ষা।—প্রসিদ্ধ ডাক্তার বার্ট (Burt) ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—তাজা মূল নিষ্পেষিত করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি ⅒। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—তাজা মূল হইতে মাদার টিঞ্চার প্রস্তুত হয় বা আমেরিকা হইতে আনীত হয়। শুষ্ক মূল হইতে বিচূর্ণ হয়।

(লেপ্‌টাণ্ড্রিন্—Leptandrin) ইহার উপক্ষার।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল ইত্যাদি। ইহার উপক্ষার এবং শুষ্ক মূলের বিচূর্ণ প্রস্তুত হয়,—উহা ১× হইতে ৬× বিচূর্ণ।

লিলিয়ম্ টিগ্রিনম্।

(Lilium Tigrinum)

সমসংজ্ঞা।—টাইগার লিলি। (Tiger lily)

জন্ম স্থান ও বিবরণ।—চায়না, জাপান প্রভৃতি দেশের উদ্যানে এই গাছ রোপিত হয়। জুলাই ও আগষ্ট মাসে ফুল ফুটে।

পরীক্ষক।—ডাক্তার পেন্ ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—তাজা বৃক্ষ থেতো করিয়া উহার দ্বিগুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—ঔষধার্থ পত্র ফুলাদি গৃহীত হয়। ডাইলিউট্ এল্‌-কোহলে মাদার টিঞ্চার প্রস্তুত করা যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

লিনম।

(Linum)

সমসংজ্ঞা।—পার্জ্জিং ফ্লাক্স (Purging flux) ইত্যাদি

জন্মস্থান।—সমস্ত ইয়ুরোপ খণ্ডে ;—ব্রীটনে প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ সমস্ত উদ্ভিদটী গৃহীত হয়।

ব্রীটিশ মতে।—২০ ডিগ্রীর ওভার প্রুভ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

লাইকার আর্সেনিকেলিস্।

(Liquor Arsenicalis)

সমসংজ্ঞা।—লাইকার পটাসি আর্সেনাইটিস্। ফাউলার্স সলিউশন অভ্ আর্সেনিক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।— এই দ্রব (Solution) বা ঔষধের ১২০ মিনিমে এক গ্রেণ আর্সেনিক থাকে। ইহার ১ ড্রাম এক আউন্স প্রুফ্ স্পিরীটে ডাইলিউট করিলে ৩× ক্রমের সমান হইয়া থাকে। অতঃপর পরবর্ত্তী ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

—*:*—

লিথিয়াম ব্রোমেটাম্।

(Lithium Bromatum)

সমসংজ্ঞা।—লিথিয়ম ব্রোমাইড্; লিথিয়ম্ হাইড্রোব্রোমিকাম্; ব্রোমাইড্ অভ্ লিথিয়ম।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—লিথিয়ম সল্‌ফেট্ সহ—বেরিয়ম্ ব্রোমাইড্ ও উষ্ণ পরিস্রুত জলের রাসায়নিক সম্মিলনে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—১ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

লিথিয়ম কার্ব্বনিকাম্।

(Lithium Carbonicum)

সমসংজ্ঞা।—কার্ব্বনেট্ অভ্ লিথিয়ম।

পরীক্ষা।—মহাত্মা হেরিং ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত বিবরণ।—লবণ, হাইড্রোক্লোরিক এসিড্ ও কার্ব্বনেট অভ্ এমোনিয়া সংযোগে ইহা প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ও ব্রীটিশ মতে।—বিচূর্ণ। কখন কখন পরিস্রুত জলে দ্রব ক্রম করা হয়।

—*:*—

লোবেলিয়া ইন্‌ফ্লেটা।

(Lobelia Inflata)

সমসংজ্ঞা।—লোবেলিয়া; ইণ্ডিয়ান টোবাকো; এজমা রুট্; এমেটিক হার্ব্ব ইত্যাদি।

জন্মস্থান।—ক্যানাডা এবং দক্ষিণ আমেরিকায় ইহা অধিক জন্মে। গ্রীষ্মকালে ইহার ফুল হয়।

পরীক্ষা।—ডাক্তার জিয়েনিস্ ইহা পরীক্ষা করেন। ঔষধার্থ টাট্‌কা সমস্ত বৃক্ষ প্রয়োজন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত গাছ কাটিয়া ওজন করিয়া দ্বিগুণ মাত্রায় এলকোহল দিয়া যথানিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ঔষধ শক্তি $\frac{1}{2}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—প্রুফ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়। ইহাও স্থির হইতেছে যে শুষ্ক বৃক্ষ হইতে ইথার সলিউশন করিতে হইবে।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

লোবেলিয়া কার্ডিনালিস্।

(Lobelia Cardinalis)

সমসংজ্ঞা।—কার্ডিনাল ফ্লাওয়ার; রেড্ লোবেলিয়া।

জন্মস্থান।—ইহা ক্যানাড়া হইতে কেরোলিনাস্ পর্য্যন্ত প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বৃক্ষ হইতে (**Fresh plants**) রস বাহির করিয়া ওজন করিয়া দুই ভাগ এলকোহল দিয়া যথানিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়মে

লোবেলিয়া সিফিলিটীকা।

(Lobelia Syphilitica)

সমসংজ্ঞা।—লোবেলিয়া সিরুলিয়া। লোবেলিয়া গ্লাণ্ডুলোসা। ব্লু-লোবেলিয়া ইত্যাদি।

জন্মস্থান।—আমেরিকায় ইহা প্রচুর জন্মে। জুলাই মাসে ফুল ফুটে।

পরীক্ষা।—ডাক্তার উইলিউমশন ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছ কুটিয়া রস বাহির করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহলে যথা রীতি ভিজাইয়া আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ½। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

লোলিয়ম্ টিমুলেণ্টম্।

(Lolium Temulentum)

সমসংজ্ঞা।—লোলিয়ম আর্ভেন্সি; লোলিয়ম্ রোবষ্টম্। বিয়ারর্ডেড্ ডার্ণেল্; লেয়ার ইত্যাদি।

জন্মস্থান।—এক প্রকার তৃণ, ইয়ুরোপ ও পশ্চিম ভারত বর্ষে প্রচুর জন্মিয়া থাকে।

পরীক্ষা।—ফ্রান্সের ডাক্তার কর্ডিয়ার ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সুপক্ক ফল চূর্ণ করিয়া উহার পাঁচগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথানিয়মে আটদিনে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ⅒। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চার প্রুফ্ স্পিরীটে প্রস্তুত হয়।

লুপুলস্।

(Lupulus)

সমসংজ্ঞা।—হিউমুলস্ লুপুলস্। হপ স্; হপভাইন।

জন্মস্থান।—ইয়ুরোপ, মধ্য এসিয়া, উত্তর আমেরিকা প্রভৃতি দেশে ইহা প্রচুর জন্মে।

পরীক্ষক।—ডাক্তার বেথমান ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বীজের সীস থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅙। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

লুপুলিনা।

(Lupulina)

বিবরণ।—লুপুলস্ ঔষধের উপক্ষার।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

লাইকোপার্সিকাম্।

(Lycopersicum)

সমসংজ্ঞা।—সোলেনম্ লাইকোপার্সিকাম্, পোমা এমোরিস্। লভ এপেল্ (love apple) ইত্যাদি।

জন্মস্থান।—ইহা আমেরিকায় নাতি শীতোষ্ণ বা গ্রীষ্ম প্রধান দেশে জন্মে।

পরীক্ষা।—ডাক্তার গ্রস্ ইহা হোমিওপ্যাথিক ক্ষেত্রে প্রবিষ্ট করান।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—এই গাছে ফুল আরম্ভ হইলে ঔষধার্থ গৃহীত হয়। তাজা গাছ কর্ত্তিত করিয়া নিষ্পেষণ

দ্বারা রস বাহির করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ঔষধ শক্তি ⅟₁₀। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তত হইয়া থাকে।

—✻:✻—

লাইকোপডিয়ম্।

(Lycopodium)

সমসংজ্ঞা।—লাইকোপোডিয়ম ক্লেভেটাম্। মস্কস্ ক্লেভেটাস্। ক্লব মস্; উইচ মিল্; উলফস্ ক্লব, বা বাঘনলী (wolfs claw)

জন্মস্থান।—মধ্য ও উত্তর ইয়ুরোপ; রুসিয়ান্ এসিয়া; এবং উত্তর আমেরিকায় ইহার জন্ম।

পরীক্ষা।—মহাত্মা হানিমান ইহার পরীক্ষক।

বিবরণ।—বসন্ত ও গ্রীষ্মকালে ফুল প্রস্ফুটিত হয়। ঔষধার্থ বীজবৎ পদার্থ গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ মতে।—বিচূর্ণ; তবে ইহার টিঞ্চার যাহা প্রস্তত হয়, তাহার গুণ বা শক্তি সম্বন্ধে সন্দেহ করা যায়।

আমেরিকান্ মতে।—অগ্রে চূর্ণ করিয়া তৎপরে এল্‌কোহল মিশ্রিত করিয়া যথানিয়মে ফিলটার করিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ইহার ভেষজ-শক্তি ⅟₁₀। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তত হইয়া থাকে। বিচূর্ণ করিতে অবশ্যই একভাগ ঔষধ দ্রব সহ নয়ভাগ দানাবিশিষ্ট দুগ্ধ শর্করা ব্যবহার করা কর্ত্তব্য।

—০:০—

লাইকোপস্।

(Lycopus)

সমসংজ্ঞা।—লাইকোপস্ ভার্জিনিকাস্; পল্‌স বিটানি। ভার্জিনিয়া হোর হাইণ্ড।

জন্মস্থান।—আমেরিকায় সমস্ত অন্ধকারময় স্থানে ইহা পাওয়া যায়।

পরীক্ষা।—ডাক্তার—চাঁদলার ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছ থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রা এলকোহল দিয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ভৈষজ্য শক্তি ⅒। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—ডাইলিউট এল্‌কোহলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিকার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—**—

লাইসিন।

(Lyssin)

সমসংজ্ঞা।—হাইড্রোফোবিনম্। ক্ষিপ্তকুকুরের লালা বা বিষ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

মাদার।

(Madar)

সমসংজ্ঞা।—ক্যালোট্রপিস্ জাইগান্টিয়া। মদার।

জন্মস্থান।—পূর্ব্বভারতে ইহার জন্ম, অধুনা পশ্চিমভারতেও হইয়াছে।

পরীক্ষা।—ডাক্তার ইভাটস্ ইহা পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—সম্প্রতি শুষ্ক করা ত্বক লইয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত করিতে হয়।

—**—

ম্যাগ্নেসিয়া কার্ব্বনিকা।

(Magnesia Carbonica)

সমসংজ্ঞা।—কার্ব্বনেট অভ্ ম্যাগ্নেসিয়া। সেলিস্ এমোরাই।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সল্‌ফেট্‌ অভ্‌ ম্যাগ্নেসিয়া, পরিস্রুত জল, কার্ব্বনেট্‌ অভ্‌ সোডা প্রভৃতির রাসায়নিক সম্মিলনে এই ঔষধটি প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ মতে।—বিশুদ্ধ ঔষধ পদার্থ লইয়া ৭ম শ্রেণীর নিয়মে যথারীতি বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ম্যাগ্নেসিয়াম মিটালিকাম।

(Magnesium Metallicum)

সমসংজ্ঞা।—ম্যাগ্নেসিয়ম।

বিবরণ।—প্রকৃতির রাজ্যে এই ধাতু প্রচুর পাওয়া যায়। কিন্তু মুক্তাবস্থায় পাওয়া যায় না। কার্ব্বনেট বা সিলিকেট রূপে দেখা দিয়া থাকে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ মতে।—৭ম শ্রেণীর নিয়মে এই ধাতু লইয়া যথারীতি বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

ম্যাগ্নেসিয়া মিউরিয়েটিকা।

(Magnesia Muriatica)

সমসংজ্ঞা।—ম্যাগ্নেসিয়া ক্লোরাইড্‌। ক্লোরাস্‌ ম্যাগ্নেসিকাস্‌ ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—দুইভাগ হাইড্রোক্লোরিক এসিড্‌ লইয়া একভাগ ম্যাগ্নেসিয়া, এবং অল্প ভাগ এমোনিয়ার সহিত বিলীন করিয়া দিলে, ইহা রাসায়নিক ভাবে প্রস্তুত হইয়া থাকে।

সতর্কতা।—ইহাকে কাচের ছিপিযুক্ত বোতলে রাখিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—সলিউশন প্রস্তুত করিতে হয়। ১ × জন্য ২০ ডিগ্রীর ওভার প্রুফ্‌ স্পিরীট প্রয়োজন হয়।

ব্যবহার।—১× এবং উর্দ্ধ ক্রম সকল টিঞ্চার, পিলিউল, গ্লবিউল, ইত্যাদি।

—:—

ম্যাগ্নেসিয়া ফস্ফরিকা।

(Magnesia Phosphorica)

সমসংজ্ঞা।—ফস্ফেট্ অভ্ ম্যাগ্নেসিয়া; হাইড্রিক্ ম্যাগ্নেসিক্ ফস্ফেট্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ফস্ফেট্ অভ্ সোডার দ্রব এবং সলফেট্ অভ্ ম্যাগ্নেসিয়ার সম্মিলনে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ও ব্রীটিশ উভয় মতেই ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—:—

ম্যাগ্নেসিয়া সল্ফিউরিকা।

(Magnesia Sulphurica)

সমসংজ্ঞা।—এপ্সম সল্ট; সলফেট্ অভ্ ম্যাগ্নেসিয়া। ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বাণিজ্যের লবণ সংশোধিত করিয়া পুনর্ব্বার দানা বান্ধা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে,—পরিস্রুত জলে ১×। ১ম বা ২×জন্য ডাইলিউট এল্কোহল; তদূর্দ্ধ ক্রম প্রস্তুত করণার্থ রেক্টিফাইড্ স্পিরীট প্রয়োজন। বিচূর্ণ ক্রমও প্রস্তুত হইয়া থাকে।

—:—

ম্যাগ্নেসিয়া অষ্টা।

(Magnesia usta)

সমসংজ্ঞা।—ম্যাগ্নেসিয়ম অক্সাইড্। ম্যাগ্নেসিয়া। ম্যাগ্নেসিয়া ক্যালসিনেটা ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ম্যাগ্নেসিয়া কার্ব্বনেট্‌ হইতে উত্তাপ সহযোগে রাসায়নিক পরিবর্ত্তনে এই পদার্থ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ মতে,—বিশুদ্ধ ক্যালসিণ্ড (Calcined) ম্যাগ্নেসিয়া লইয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করা হয়।

ম্যাগ্নোলিয়া।

(Magnolia)

সমসংজ্ঞা।—ম্যাগ্নোলিয়া গ্লকা। হোয়াইট্‌ লরেল্‌; সুইট বে, হোয়াইট্‌ বে ইত্যাদি।

জন্মস্থান।—এই ক্ষুদ্র পুষ্প বৃক্ষ দক্ষিণ ও মধ্য আমেরিকায় প্রচুর জন্মিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা ফুল থেতো করিয়া, উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া যথা নিয়মে আমেরিকান্‌ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ মতে।—ঔষধ শক্তি ⅙; তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করা হয়।

—*:*—

মেজোরানা।

(Majorana)

সমসংজ্ঞা।—আমেরিকান্‌ মেজোরানা। সুইট মেজোরানা।

জন্মস্থান।—এই ক্ষুদ্র গাছড়া ইয়ুরোপের স্থানে স্থানে এবং পশ্চিম ভারতবর্ষে পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ফুল সহিত বৃক্ষ থেতো করিয়া যথা নিয়মে আমেরিকান্‌ মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

—*:*—

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ভৈষজ্য শক্তি ১/২। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ম্যান্সিনেল্লা।

(Mancinella)

সমসংজ্ঞা।—হিপোমানি ম্যান্সিনেল্লা।

জন্মস্থান।—আমেরিকা ও পশ্চিম ভারতে ইহা পাওয়া যায়।

পরীক্ষা।—ডাক্তার মুর ইহার পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমপরিমাণে তাজা পাতা, ছাল এবং ফল একত্রে নিষ্পেষিত করিয়া দ্বিগুণ ওজনে এল্কোহল দিয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ভেষজ শক্তি ১/২। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ম্যাঙ্গেনম্ এসিটিকাম।

(Manganum Aceticum)

সমসংজ্ঞা।—এসিটেট্ অভ্ ম্যাঙ্গেনিসি। ম্যাঙ্গেনম্। এসিটেস্ ম্যাঙ্গনিসি। মহাত্মা হানিমান ইহার পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ এসিটিক্ এসিড্ সহ কার্ব্বনেট্ অভ্ ম্যাঙ্গেনিসি সহযোগে ইহা রাসায়নিক পরিবর্ত্তনে প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—পরিস্রুত জলে দ্রব করিয়া ১× ; ডাইলিউট এল্কোহলে ২× ; তদূর্দ্ধ ক্রম সকল রেক্টিফাইড স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ম্যাঙ্গেনম্ কার্ব্বনিকাম্।

(Manganum Carbonicum)

সমসংজ্ঞা।—ম্যাঙ্গেনস্ কার্ব্বনেট্। কার্ব্বনেট্ অভ ম্যাঙ্গেনেসি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—প্রটোসল্‌ফেট্ ম্যাঙ্গেনেসি সহ কার্ব্বনেট অভ সোডা সহযোগে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া—আমেরিকান্ মতে ও ব্রীটিশ মতে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে। ৭ম শ্রেণীর নিয়ম অনুসরণীয়।

—*:*—

ম্যাঙ্গেনম্ মিটালিকাম।

(Manganum Metallicum)

সমসংজ্ঞা।—মিটালিক ম্যাঙ্গেনিসি।

বিবরণ।—এই খনিজ ধাতু ১৭৭৪ খৃষ্টাব্দে সিলি এবং বার্গমান দ্বারা আবিষ্কার হয়। ম্যাঙ্গেনিক আইরনের সহিত অনেকে ভুল করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ম্যাটিকো।

(Matico)

সমসংজ্ঞা।—পিপার আঙ্গষ্টিফোলিয়ম্। সোলজার্স হার্ব্ব (Soldiers' herb) ইত্যাদি।

জন্মস্থান।—বোলিভিয়া, পেরু এবং দক্ষিণ আমেরিকায় এই গাছড়া জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক পত্র বিচূর্ণ করিয়া উহার পাঁচগুণ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*

মিলাষ্টোমা একারমানি।

(Melastoma Ackermani)

সমসংজ্ঞা।—ট্যাপিক্সিরিকা।

জন্মস্থান।—এই স্থাণু সর্ব্বদা আমেরিকায় জন্মিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার মুর ইহা পরীক্ষা করিয়াছিলেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পাতা হইতে মূল ঔষধ প্রস্তুত হয়। তাজা পাতা থেতো করিয়া দ্বিগুণ মাত্রা এল্‌কোহলে ভিজাইয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি ½।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

:—

মেলিলোটস্।

(Melilotus)

সমসংজ্ঞা।—মেলিলোটস্ এল্‌বা। শ্বেতবর্ণের মেলিলোটস্।

জন্মস্থান।—ইয়ুরোপের রাস্তার ধারে এই বৃক্ষ প্রচুর আরোপিত হইয়াছে। আমেরিকা খণ্ডে এই থান হইতে উহা নীত হইয়াছে। ইহার ফুল হইতে ঔষধ প্রস্তুত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা ফুল লইয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করা হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি ½। তৃতীয় শ্রেণীর নিয়মে মাদার হইতে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে মাদার টিঞ্চার প্রুফ্ স্পিরীটে প্রস্তুত হয়।

মেলিলোটস্ অফিসিনেলিস্।

(Melilotus Officinalis)

সমসংজ্ঞা।—ট্রিফোলিয়ম্ অফিসিনেলি। ইয়োলো মেলিলোট। সুইট ক্লোভার ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপ হইতে এই গাছ আজ কাল আমেরিকায় আনিয়া আরোপিত হইয়াছে। ইহাতে উৎকৃষ্ট গন্ধ আছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে ভিজাইয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

-*:*-

মিলো-মেজালিস্।

(Meloe Majalis)

সমসংজ্ঞা।—অয়েল্ বিটল্। মেবিটল্ (May beetle) নহে।

সতর্কতা।—মেবিটল্ (May beetle) হইতে ইহা সম্পূর্ণ পৃথক।

জন্মস্থান।—বসন্তকালে এই কীট ইয়োরোপের তৃণ ও বৃক্ষাদি উপরে বসিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই জীবন্ত কীটসকলকে সাবধানে ধরিয়া কাচের পাত্রে পুরিয়া উহাতে ৫ গুণ এল্‌কোহল দিয়া নিষ্পেষিত করিয়া রস বাহির করিয়া যথানিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রমাদি প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

মেনিস্পার্ম্মম্ ক্যানডেন্সী।

(Menispermum Canadense)

সমসংজ্ঞা।—কিসাম পিলাস্ স্মিলাসিনা।

সাধারণ নাম।—ইয়োলো পেরিলা। ক্যানাডিয়ান্ মনসিড। ভাইন আপল্।

বিবরণ।—সেপ্টেম্বর মাসে এই বৃক্ষ ঔষধার্থ গৃহীতব্য।

জন্মস্থান।—এই গুল্মজাতীয় বৃক্ষ আমেরিকায় প্রচুর জন্মিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল হইতে ঔষধ প্রস্তুত হয়। ইহাদিগকে থেতো করিয়া দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে ভিজাইয়া রাখিয়া আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে মাদার টিঞ্চার হইতে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—:*—

মিন্‌থা পিপারিটা।

(Mentha piperita)

সমসংজ্ঞা।—মেন্থা হাসিনা ; পিপারমেণ্ট ইত্যাদি।

জন্মস্থান।—এই বৃক্ষ ইয়ুরোপে এবং উত্তর আমেরিকায় আর্দ্র ভূমিতে প্রচুর জন্মিয়া থাকে।

বিবরণ।—আগষ্ট ও সেপ্টম্বর মাসে ইহার ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার ডিমিউরস্ ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা গাছড়া ফুলের সহিত উত্তম করিয়া থেতো করিয়া যথা নিয়মে দ্বিগুণ এল্‌কোহলে ভিজাইয়া আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—ইহার ভৈষজ্য শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

মিনিয়েন্থিস্।

(Menyanthes)

সমসংজ্ঞা।—মিনিয়ন্থিস্ ট্রাইফোলিয়েটা। বক্‌বিন; মার্স ট্রিফয়েল। ট্রাইফোলিয়েটা। বক্ বিন ইত্যাদি।

জন্মস্থান।—উত্তর আমেরিকা, ইয়ুরোপ এবং এসিয়ার আর্দ্র ভূমিতে ইহা জন্মিয়া থাকে। আর্দ্র ও সোতা স্থানে প্রচুর পাওয়া যায়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহা পরীক্ষা করেন।

বিবরণ।—জুন ও আগষ্ট মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই টাট্‌কা গাছ থেঁতো করিয়া ছাকিয়া উত্তমরূপে রস বাহির করিয়া একটী কাচের ছিপিযুক্ত বোতলে উহার সমপরিমাণে এল্‌কোহল দিয়া যথানিয়মে অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ হইতে ঔষধ প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ½।

প্রথম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চার ডাইলিউটেড্ এল্-কোহল দ্বারা প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—**—

মেফাইটীস্।

(Mephitis)

সমসংজ্ঞা।—মেফাইটিস্ পুটোরিয়াস্; স্কঙ্ক; ভাইভরা পুটোরিয়স; পোলিকট্ ইত্যাদি।

প্রাপ্তিস্থান। আমেরিকায় ইহা পাওয়া যায়। পক্ষীজাতীয় অথচ চতুষ্পদ জন্তু বিশেষ (A quadruped of the family of Martins)।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই জন্তুর সরলান্ত্র প্রদেশের একটী গ্রন্থী হইতে যে এক প্রকার দুর্গন্ধ রস বাহির হয়, উহার এক ভাগে ৯৯ ভাগ এল্‌কোহল দিয়া যথারীতি দ্রব করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—এই দ্রব্যের ঔষধ-শক্তি $\frac{১}{১০০}$। ৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে—এই গ্রন্থী আমেরিকা হইতে আনীত হয়।

ইহা হইতে বিচূর্ণ ও তরল ক্রম প্রস্তুত হয়। মাদার টিঞ্চার জন্য প্রুফ্ স্পিরীট প্রয়োজন হয়।

ব্যবহার।—১ম হইতে ৩× বিচূর্ণ বা ১ এবং তদূর্দ্ধ ক্রম সকল টিঞ্চার পিল এবং বটিকা ইত্যাদি।

—*:*—

মার্কুরিয়ালিস্ পিরেন্নিস্।

(Mercurialis Perennis)

সমসংজ্ঞা।—সাইনোক্র্যাম্বিস্; মার্কুরিয়ালিস্ মণ্টেনা। ডগমার্কুরি (Dog Mercury)।

বিবরণ।—এই গাছ প্রায় রুসিয়ান এসিয়া এবং ইয়োরোপে অধিক হইয়া থাকে। পার্ব্বত্য স্থানে ইহার প্রচুরতা দেখা যায়। ইংলণ্ড ওস্কটলণ্ডেও হইয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছ—ফলমূলে ওজন করিয়া—উহার দুইয়ের তৃতীয়াংশ (Twothirds) এলকোহল দিয়া যথা নিয়মে অষ্টাহ-কাল ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান মতে।—ইহার ভৈষজ-শক্তি $\frac{১}{২}$। দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট্ এল্কোহলে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

—০:০—

মার্কুরিয়াস্ এসিটিকস্।

(Mercurius Aceticus)

সমসংজ্ঞা।—হাইড্রার্জ্জিরম এসিটিকাম। এসিটেট্ অব্ মার্কুরি।

প্রস্তুত প্রক্রিয়া।—নাইট্রেট্ অভ্ মার্কুরির দ্রব দিয়া কার্ব্বনেট অভ্ সোডার বিনাশ সাধন বা বিকৃতি জন্মাইয়া উহাতে এসিটিক এসিড সংযোগে রাসায়নিক সম্মিলনে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশমতে।—বিচূর্ণ।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ—, তৎপরে তরল ক্রম ইত্যাদি।

—:০:—

মার্কুরিয়াস অরেটাস্।

(Mercurius Auratus)

প্রস্তুত বিবরণ।—কেলিফোর্ণিয়াতে (California) মেরিপোসাস্থানে (Mariposa)পারদের সম্মিলন পদার্থ পাওয়া যায়। রাসায়নিক ভাবেও ইহা স্বর্ণসহ প্রস্তুত করা যায়। পারদ অনেকধাতুর সহিত সম্মিলিত হইয়া থাকে। ইহাতে শতকরা ৪০ ভাগ স্বর্ণ থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে, ইহার ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ ইত্যাদি।

—:**—

মার্কুরিয়াস বিন আয়োডেটাস্।

(Mercurius Bin Iodatus)

সমসংজ্ঞা।—রেড্ আয়োডাইড্ অভ্ মার্কুরি। ইহাকে আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া—"মার্কুরিয়াস্ আইয়োডেটাস্ রুবার্" আখ্যা দিয়া থাকেন।

বর্ত্তমান নাম।—মার্কিরিক্ আয়োডাইড্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পারক্লোরাইড্ অভ্ মার্কুরি, ৪ আউন্স, আয়োডাইড্ অভ্ পটাস ৫ আউন্স এবং স্ফুটিত পরিস্রুত জল ৬ পাইণ্ট। ইহাদের রাসায়নিক সম্মিলনে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহা বিচূর্ণ।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ, পরে তরল ক্রম, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

মার্কুরিয়াস্ বাইব্রোমেটাস্।

(Mercuruis Bibromatus)

সমসংজ্ঞা।—মার্কুরিয়াই বাইব্রোমাইডাম। মার্কুরিক্ ব্রোমাইড্।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—পারদ উষ্ণ জলে আলোড়িত করিয়া, উহাতে ব্রোমিণ সংযোগ করতঃ স্ফুটিত করিলে ইহা প্রস্তুত হইয়া থাকে, তৎপরে পুনর্ব্বার দানা বাঁধিয়া লইতে হয়। ইহাকে অম্বার বর্ণ শিশিতে রক্ষা করা কর্ত্তব্য।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত করা কর্ত্তব্য।

—:০:—

মার্কুরিয়াস্ ব্রোমেটস্।

(Mercurius Bromatus)

সমসংজ্ঞা।—মার্কুরিয়াই ব্রোমাইড্ম। মার্কুরিয়াস্ ব্রোমাইড্।

প্রস্তুত প্রক্রিয়া।—মার্কুরি এবং মার্কুরিক* ব্রোমাইড্ রাসায়নিক নিয়মে সম্মিলিত হইয়া ইহা উৎপন্ন হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—উভয় মতে বিচূর্ণ।

মার্কুরিয়াস্ সায়েনেটাস্।

(Mercurius Cyanatus)

সমসংজ্ঞা।—মার্কুরিয়াই সায়েনাইডম; সাইনাইড্ অভ্ মার্করি; সাইমুরেট্ অভ মার্করি ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—১৬ ভাগ জল, ২ ভাগ ইয়োলো প্রুসিক পোটাশ এবং তিন ভাগ পারসল্‌ফেট অভ্ মার্করি একত্রে অর্দ্ধঘণ্টা বালুকা তাপে (Sand bath) উত্তপ্ত করিলে, রাসায়নিক সম্মিলনে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ। **তবে ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।**—রেক্‌টিফাইড স্পিরীটে ইহার সলিউশন হইয়া থাকে। **আমেরিকান্ মতে।**—এক ভাগ সায়েনাইড্ অভ্ মার্কুরি ৯৯ ভাগ পরিস্রুত জলে দ্রবণীয়। ইহাতে যে দ্রব (Solution) প্রস্তুত হইল, উহার ঔষধ শক্তি $\frac{1}{100}$। ৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ইহার তরল ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

মার্কুরিয়াস্ ডলসিস্

(Mrcurius Dulcis)

সমসংজ্ঞা।—মার্কুরিয়াস্ ক্লোরাইড; হাইড্রার্জ্জ সব ক্লোরাইডম্; ক্যালোমেল্। সব ক্লোরাইড্ অভ্ মার্কুরি ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মার্কুরি ৪৮ ভাগ, সলফিউরিক এসিড ৩৬ ভাগ এবং সোডিয়ম্ ক্লোরাইড্ ১৮ ভাগ গ্রহণ করত, একত্রে সল্‌ফিউরিকএসিড্ সহ পারদ বালুকা যন্ত্রে তাপ দিতে হয়। তৎপরে পুনশ্চ পারদ যথা নিয়মে সংযোগ করিতে হইবে। এক্ষণে উহাতে সোডিয়ম ক্লোরাইড্ দিয়া যথা নিয়মে ইহা প্রস্তুত করিতে হয়।

.**ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।**—৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত করা যায়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—১ ভাগ সল্‌ফেট্ অভ্ মার্কুরি ৭ভাগ মেটালিক পারদ এবং ৫ ভাগ ক্লোরাইড্ অভ্ সোডিয়ম্ রাসায়নিক সম্মিলনে ইহা প্রস্তুত হইয়া থাকে।

সতর্কতা।—ইহা আম্বার বর্ণ শিশিতে রাখা কর্ত্তব্য।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিচূর্ণ।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ। পরে টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

মার্কুরিয়াস্ আয়োডেটাস্ ফ্লেভাস্।
(Mercurius Iodatus flavus)

সমসংজ্ঞা।—মার্কুরিয়াস্ আয়োডাইড্ (Mercurius Iodide)। হাইড্রার্জ্জিরাম আয়োডেটাম্। প্রটো আইয়োডাইড্ অভ্ মার্করি; ইয়োলো আয়োডাইড্ অভ্ মার্করি। (সাধারণ নাম) গ্রীন্ আয়োডাইড্ অভ্ মার্কুরি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—**ব্রীটিশ মতে**—পারদ এক আউন্স, আয়োডিন ২৪গ্রেণ; রেক্‌টিফায়িড্ স্পিরীট যথা পরিমাণ! একটী খলে আয়োডিন ও পারদ সামান্য স্পিরীট দিয়া মাড়িতে হইবে। সমস্তটা সবুজ বর্ণ না হওয়া পর্য্যন্ত এই ট্রাইটুরেশন বা বিচূর্ণ করিতে হইবে। তবে ইহাকে এম্বার বর্ণ শিশিতে রাখিতে হইবে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিচূর্ণ।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ; ৪র্থ হইতে টিঞ্চার।

আমেরিকান্ মতে।—৪৮ভাগ পারদ ও ৩০ভাগ আয়োডিন পূর্ব্বোক্ত নিয়মে সম্মিলিত করিয়া রাসায়নিক ভাবে ইহা প্রস্তুত করিতে হয়। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—:০:—

মার্কুরিয়াস্ নাইট্রোসস্।

(Mercurius Nitrosus)

সমসংজ্ঞা।—মার্কুরিয়াস্ নাইট্রেট্ ; প্রোটো নাইট্রেট্ অভ্ মার্কুরি। নাইট্রেট্ অভ্ মার্কুরি ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—বিশভাগ পারদ, একটী পর্সিলেন পাত্রে সজল নাইট্রিক এসিড্ লইয়া যথানিয়মে রাসায়নিক ভাবে ইহা প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—১ম শ্রেণীর নিয়মে নাইট্রেট্ অভ মার্কারি বিশুদ্ধ নিয়মে বিচূর্ণ করিতে হয়।

—:০:—

মার্কুরিয়াস্ প্রিসিপিটেটস্ এল্বাস্।

(Mercurius precipitatus albus)

সমসংজ্ঞা।—হাইড্রার্জ্জিরাম এমোনিয়েটাম্। এমোনিয়েটেড্ মার্কারি। হোয়াইট্ প্রিসিপিটেট্ ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—একভাগ মার্কুরিক ক্লোরাইড্, ২০ভাগ উষ্ণ জলে দিয়া আলোড়িত করিয়া শীতল হইলে এমোন হাইড্রেট্ সলিউশন দিয়া রাসায়নিক প্রক্রিয়াতে ইহা প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—১ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

মার্কুরিয়াস্ প্রিসিপিটেটস্ রুবার।

(Mercurius prcipitatus Ruber)

সমসংজ্ঞা।—মার্কুরিক্ অক্সাইড্। রেড্ অক্সাইড্ অভ্ মার্কুরি। পার অক্সাইড্ অভ্ মার্কুরি। রেড প্রিসিপিটেট্ ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—৬ভাগ নাইট্রিক এসিড্, আটভাগ জলে ডাইলিউট করিয়া উহাতে ৯ ভাগ পারদ দিয়া সামান্য উত্তাপে দিলে জলীয় বাষ্পাকারে উড়িয়া গিয়া অধঃপতিত ভাগ যাহা থাকে, তাহাই এই রাসায়নিক পদার্থ।

পরীক্ষা।—মহাত্মা হানিমান প্রথমে ইহা পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—পারদ আট আউন্স, নাইট্রিক এসিড্ ৪½ আউন্স। জল দুই আউন্স দিয়া যথা নিয়মে ইহা প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিচূর্ণ।

ব্যবহার—প্রথমে ১× হইতে ৬× বিচূর্ণ। ইত্যাদি।

মার্কুরিয়াস্ সলিউবিলস্ হানিমানি।
(Mercurius Solublis Hahnemanni)

সমসংজ্ঞা।—এমোনিয়া নাইট্রেট্ অভ্ মার্কুরি। হাইড্রার্জ্জিরাম অক্সাইডুলেটাম্ নাইগ্রাম। সলিউবেল মার্কুরি ইত্যাদি।

প্রস্তুত প্রক্রিয়া।—হানিমান নিম্নলিখিত প্রকারে ইহা প্রস্তুত করিতেন;—পারদ বিশুদ্ধ করিয়া লইলে ইহা নাইট্রিক এসিডে দ্রব হইয়া আইসে। (যদিচ ইহাতে অনেক সময় আবশ্যক হয়) ইহাতে যে লালবর্ণ দ্রব্য হয়, তাহা ব্লটিং কাগজে ছাকিয়া লইয়া অধিকক্ষণ ধরিয়া কাচের মর্টারে বা খলে বিচূর্ণ করিতে হয়। উহার সঙ্গে উহার একের চতুর্থাংশ এলকোহল মিশাইতে হয়। ক্রমে উহা ইথারে পরিণত হয়। উহা ফেলিয়া দিয়া পুনশ্চ এলকোহল দিতে হয়। যতক্ষণ এই তারল্যে ইথারের গন্ধ না ছাড়ে, ততক্ষণ এইরূপ করিতে হইবে। ক্রমশঃ এইরূপ করার পর, পুনশ্চ ব্লটিং পেপারে শুষ্ক করিয়া লইয়া শেষবারে পরিস্রুত জল দিতে হইবে। তৎপরে এই সলিউশন পুনশ্চ অধঃপতিত হইয়া যায়। কষ্টিক এমোনিয়াদি যথানিয়মে দিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়ায়।—লিখিত আছে যে ইহার প্রক্রিয়া সাধারণ নিয়ম অবলম্বনীয় ;—

দ্রব্য	ওজন
পারদ	তিন আউন্স।
এসিড্ নাইট্রিক...	১৩ ড্রাম।
এমোনিয়া ষ্ট্রং সলিউসন	½ আউন্স।
পরিস্রুত জল———যথা পরিমাণ।	

প্রথমে এসিড্ নাইট্রিক ৮আউন্স জলে মিশাইয়া ইহার সহিত মার্করি দিতে হয় তৎপরে প্রক্রিয়া বিশেষ দ্বারা রাসায়নিক পদার্থ উৎপন্ন করিতে হয়।

স্বরূপ।—ইহা দেখিতে কৃষ্ণবর্ণ চূর্ণ, ইহার আস্বাদ ধাতব; এবং উত্তাপে উদ্বায়ু। ইহাতে ধাতব রেণু থাকে না।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে—১ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার প্রথম ৬ষ্ঠ ক্রম বিচূর্ণ, পরে তরল ক্রম ও বটিকাদি প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণ ১ × হইতে ৬ × ; তৎপরে টিঞ্চার।

—*:*—

ম্যাকুরিয়াস্ সব্লিমেটাস্ করোসাইভস্।

(Mercurius Sublimatus Corrosivus)

সমসংজ্ঞা।—মার্কুরিক্ ক্লোরাইড্। হাইড্রার্জ্জিরাই পারক্লোরাইডাম্। করোসিড্ ক্লোরাইড্ অভ্ মার্কুরি। পার ক্লোরাইড্ অভ্ মার্করি। বাইক্লোরাইড্ অভ্ মার্করি। করোসিভ্ সব্লিমেট্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—চারি ভাগ পারদ, ছয় ভাগ সলফিউরিক এসিড সহ বালুকা তাপে উত্তপ্ত করিয়া যে শুষ্ক পদার্থ জমিবে, উহা তিন ভাগ সোডিয়ম ক্লোরাইড্ সহ মৃত্তিকা নির্ম্মিত খলে মর্দ্দিত করিতে হইবে, তৎপরে ক্রমশঃ তাপ বাড়াইয়া দিয়া উহা বিশোধিত করিয়া লইতে হয়।

স্বরূপ।—ইহা দেখিতে শ্বেতবর্ণ; স্বচ্ছ ও দানা দানা। ইহার বিশেষ কোন গন্ধ নাই।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—একভাগ করোসিব সব্লিমেট ৯৯ভাগ এল্‌কোহলে দ্রব হইয়া থাকে। ইহার ভেষজ শক্তি $\frac{1}{100}$।

৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়। ইহার তরল ক্রমই প্রশস্ত।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেকটিফাইড্ স্পিরীটে দ্রব প্রস্তুত হয়। বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—১× হইতে ৩য় ক্রম বিচূর্ণ, অথবা ১× এবং তদূর্দ্ধ ক্রম টিংচার, পিল, গ্লবিউল ইত্যাদি।

মার্কুরিয়াস্ সল্‌ফিউরেটাম্ নাইগ্রাম।

(Mercurius Sulphuretum Nigrum)

সমসংজ্ঞা।—ব্লাক্ সল্‌ফিউরেট্ অভ্ মার্কুরি। ইথিয়পস্ মিনারেলিস্। হাইড্রার্জ্জিরম্ সল্‌ফুরেটাম্ নাইগ্রাম্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্লাক এমার্ফাস্ সলফাইড্ অব্ মার্করি এবং উহার সহিত অতিরিক্ত সলফর সংমিশ্রণে ইহা প্রস্তুত হয়। মিটালিক মার্কুরি এবং সলফর সমভাগে বিচূর্ণ করিয়া মধ্যে মধ্যে এল্‌কোহলে ভিজাইয়া দিয়াও ইহা প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—বিশুদ্ধ ব্লাক্ সল্‌ফাইড্ অভ্ মার্কুরি, ৭ম শ্রেণীর নিয়ম অনুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

মার্কুরিয়াস্ সলফিউরিকাস্।

(Mercurius Sulphuricus)

সমসংজ্ঞা।—মার্কুরিক্ সল্‌ফেট্। হাইড্রার্জ্জিরাই সলফাস্। সল্‌ফেট্ অভ্ মার্করি ইত্যাদি।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—২০ আউন্স পারদ; সলফিউরিক এসিড্ ১২ আউন্স (ওজনে ফ্লুয়িড্)। একটী পর্সিলেনপাত্রে এসিড সলফিউরিক সহ পারদ উত্তপ্ত করিতে হইবে। যতক্ষণ উহা শুষ্ক লাবণিক (Salts) পদার্থ দেখা যায়, ততক্ষণ তাপ দিতে হয়।

পরীক্ষক।—ডাক্তার নিড্ হার্ড (Dr Neidhard) এই ঔষধ প্রথমে পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—বিশুদ্ধ সল্‌ফেট্ অভ্ মার্কুরি লইয়া আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া অনুমোদিত ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে। ৬ × পর্য্যন্ত বিচূর্ণ; পরে ৪র্থ ক্রম হইতে টিঞ্চার, পিল, গ্লবিউল্ ইত্যাদি আকারে—প্রস্তুত হয়।

মার্কুরিয়াস্ ভাইভাস্।

(Mercurius Vivus)

সমসংজ্ঞা।—হাইড্রার্জ্জিরাম্। আর্জ্জেণ্টম্ ভাইভম্। মার্কুরি। কুইক্ সিলভার। পারদ; মিটালিক্ মার্কুরি ইত্যাদি।

উৎপত্তি।—(Origin)।—ইহা মুক্তাবস্থার এবং গন্ধকের যোগে (সিনেবার cinnabar) এবং ক্লোরিণের যোগে অবস্থিতি করে।

ধর্ম্ম।—রূপার ন্যায় শাদা। ইহা ভূবায়ুর স্বাভাবিক উষ্ণতায় এবং সঞ্চালনে তরলাবস্থায় অবস্থিতি করে।

মহাত্মা হানিমান।—ইহা প্রথমে হোমিওপ্যাথিক ভৈষজ্য ক্ষেত্রে প্রবেশ করান। ইহা বিশুদ্ধ বা সংশোধিত করিয়া লওয়া কর্ত্তব্য।

বাজারে এইরূপ পারদ লৌহ নির্ম্মিত পাত্রে বা বোতলে করিয়া বিক্রয় হইয়া

থাকে। সুতরাং নাইট্রিক এসিডের সলিউশনে উহাকে বিশোধিত করিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—বিশুদ্ধ পারদ ৭ম শ্রেণীর নিয়মানুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ।

ব্যবহার।—১ × হইতে ৬ × পর্য্যন্ত বিচূর্ণ। ৪র্থ হইতে টিঞ্চার, বটিকা ইত্যাদি।

—*:—

মেজেরিয়ম্।

(Mazereum)

সমসংজ্ঞা।—ড্যাফ্নি মেজেরিয়ম্; ক্যামিলিয়া; ককস্ ক্যামেলেকাস্ স্পার্জ্জ অলিভ্।

সংক্ষিপ্ত নাম।—মেজ Mez)।

জন্মস্থান।—মধ্য ও উত্তর ইয়ুরোপ খণ্ডে এই ক্ষুদ্র বৃক্ষ প্রচুর জন্মে। ফুলগুলি দেখিতে গোলাপী লাল। রসিয়ান এসিয়ার পার্ব্বত্য প্রদেশে ইহা পাওয়া যায়।

পরীক্ষা।—ইহা মহাত্মা হানিমান প্রথমে পরীক্ষা করেন।

বিবরণ।—ফেব্রুয়ারী ও মার্চ্চ মাসে ফুল প্রস্ফুটিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বল্কল বসন্তকালে সংগ্রহ করিয়া উহাতে তিন ভাগে দুই ভাগ এল্‌কোহল দিয়া আট দিন ভিজাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ঔষধ শক্তি $\frac{1}{6}$।

দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—২০ ওভার প্রুফ্ স্পিরীট দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

মিলিফোলিয়ম্।

(Millefolium)

সমসংজ্ঞা।—একেলিয়া মিলিফোলিয়ম। মিলফয়েল্, নোজ্ ব্লিড্।

সংক্ষিপ্তনাম।—মিলেফ (Milef ; Mil)।

জন্মস্থান।—এই উদ্ভিজ্জ উত্তর আমেরিকা, এবং ইয়ুরোপের ময়দানে জন্মে। জুন ও সেপ্টেম্বর মাসে ফুল হয়। ফুলগুলি দেখিতে শ্বেতবর্ণ।

পরীক্ষা।—জার্ম্মান ডাক্তার নেনিং (Dr. Nenning) ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে.—তাজা বৃক্ষ হইতে রস বাহির করিয়া সম পরিমাণে এল্‌কোহল দিয়া আট দিন ভিজাইয়া যথানিয়মে ছাঁকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে। ইহার ঔষধ শক্তি $\frac{1}{2}$।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল ইত্যাদি।

মাইমোসা হিউমিলিস্।

(Mimosa Humilis)

সমসংজ্ঞা।—লিগমিনোসি জাতীয় বৃক্ষ।

জন্মস্থান।—রায়ো জেনোরা (Rio Jenciro) প্রভৃতি স্থানে এই পুষ্প জাতীয় বৃক্ষ জন্মে।

বিবরণ।—প্রথমে ব্রেজিলের ডাক্তার মুর এই ঔষধ ভৈষজ্য ক্ষেত্রে প্রবিষ্ট করাইয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পত্র ঔষধার্থ গৃহীত হয়।

তাজা পত্রাদি উত্তম করিয়া থেতো করিয়া রস বাহির করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া ভিজাইয়া রাখিয়া অষ্টাহ পরে যথা নিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।— ইহার ভেষজ শক্তি ১/১০।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

মাইচেলা রিপেন্স।

(Mitchella Ripens)

সমসংজ্ঞা।—চেকার বেরি; স্কোয়া ভাইন। পার্টিজ বেরি (গল্ থিরিয়া প্রোকম্বেন্ সহ যেন ভ্রম না হয়)।

জন্মস্থান।—আমেরিকায় সর্ব্বত্রই ইহা প্রচুর জন্মে।

বিবরণ।—জুন এবং জুলাই মাসে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—যুক্তরাজ্যের ডাক্তার ডন্‌কান কর্ত্তৃক পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত তাজা বৃক্ষ লইয়া উত্তম করিয়া থেতো করিয়া রস বাহির করতঃ উহার দ্বিগুণ এল্‌কোহল মিশাইয়া যথা নিয়মে আট দিন রাখিয়া ছাঁকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। ইহাকেই আমেরিকান্ মাদার টিঞ্চার কহে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/২।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—**—

মোমর্ডিকা বাল্‌সামিনা।

(Momordica Balsamina)

সমসংজ্ঞা।—বাল্‌সম্ আপেল্। বাল্‌সামিনা।

জন্মস্থান।—ভারতবর্ষ বা ইষ্ট ইণ্ডিয়াতে ইহার জন্ম।

বিবরণ।—এই গুল্ম জাতীয় লতা শসা জাতীয় লতার মত। ঔষধার্থ পক্ক ফল সকল গৃহীত হয়।

পরীক্ষক।—ডাক্তার মার্সিয়ার (Dr Mercier) কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পক্ক ফল কুট্টিত করিয়া রস বাহির করতঃ উহার সমপরিমাণে এল্‌কোহল দিয়া যথা নিয়মে অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ½। ১ম শ্রেণীর নিয়মে ইহার ক্রম সকল প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, পিল।

—*:*—

মনোব্রোমেটাম্ ক্যাম্ফরি।

(MonoBromatum Canphoræ)

সমসংজ্ঞা।—ক্যাম্ফোরা মনোব্রোমাটা। ব্রোমেটেড্ ক্যাম্ফর।

বিবরণ ও ক্রম প্রস্তুতি প্রক্রিয়া প্রভৃতি।—ক্যাম্ফোরা মনো ব্রমেটা স্থলে দ্রষ্টব্য।

—*:*—

মনোট্রোপা ইউনিফ্লোরা।

(Monotropa Uniflora)

সমসংজ্ঞা।—মনোট্রোপা মরিসোনিয়ানা। ইণ্ডিয়ান্ পাইপ্। বার্ড্স নেষ্ট। আইস্ প্লাণ্ট ইত্যাদি।

জন্মস্থান।—কেরোলিনা, মিশুরী প্রভৃতি স্থলের ঘন জঙ্গলাবৃত স্থানে এই ক্ষুদ্র ভেষজ জন্মে।

বিবরণ।—জুন হইতে সেপ্টেম্বর মাসে ফুল প্রস্ফুটিত হয়। ঔষধার্থ সমস্ত বৃক্ষ ফুল সহ গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ উত্তমরূপে কুটিত করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশাইয়া যথারীতি আটদিন রাখিয়া ছাকিয়া লইলে, আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য শক্তি ঌ।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

মর্ফিয়ম্।

(Morphium)

সমসংজ্ঞা।—মর্ফিয়ম্ পিউরম। মর্ফিয়া। মর্ফিন্। মর্ফিনম ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—অহিফেনের উপক্ষার (An Alkaloid obtained from opium) উষ্ণ জল, উষ্ণ দুগ্ধ, চূণের জল প্রভৃতির সংমিশ্রণ ও প্রক্রিয়া বিশেষে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ও ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া উভয় মতে।—বিচূর্ণ। তবে ব্রীটিশ মতে ইহা রেক্‌টিফাইড্ স্পিরীটে সলিউশন প্রস্তুত হইতে পারে।

—*:*—

মর্ফিয়ম্ এসিটিকাম্।

(Morphium Aceticum)

সমসংজ্ঞা।—মর্ফিনম্ এসেটিকাম্; মর্ফিয়া এসিটাস্; এসিটেট্ অভ মর্ফিয়া ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ মর্ফিয়া ডাইলিউট এসিটিক্ এসিড্ সহ মৃদুসন্তাপে দ্রব করিয়া একটী সমতল ডিসের উপরে রাখিয়া দিলে যথা নিয়মে ইহা প্রস্তুত হয়।

বিবরণ।—ইহা দেখিতে শ্বেতবর্ণ, জলে ও স্পিরীটে দ্রবণীয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার দ্রব ক্রম প্রস্তুত হয়। ১ভাগ রেক্টিফাইড্ স্পিরীট সহ তিনভাগ পরিস্রুত জল মিশ্রণ দ্বারা ১ম ক্রম প্রস্তুত হয়। ৩× জন্য ডাইলিউট এল্কোহল এবং তদূর্দ্ধ ক্রম জন্য রেক্টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

—*:*—

মর্ফিয়ম্ মিউরিয়েটিকাম্।

(Morphium Muriaticum)

সমসংজ্ঞা।—হাইড্রোক্লোরেট্ অভ্ মর্ফিয়া। মর্ফিয়া মিউরিয়াস্। মর্ফিয়া হাইড্রোক্লোরাস্। মিউরিয়েট্ অভ্ মর্ফিয়া ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ মর্ফিয়া হাইড্রোক্লোরিক (ডাইলিউট) এসিড্ দ্বারা যথা নিয়মে ইহা দানা প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। তরল ক্রম প্রস্তুতির নিম্ন লিখিত নিয়ম;—১ ভাগ রেক্টিফাইড্ স্পিরীট্ এবং তিনভাগ পরিস্রুত জল সংমিশ্রণের দ্বারা ইহার ১ম বা ২× ক্রম প্রস্তুত হয়। ৩× ক্রম জন্য ডাইলিউট্ এল্কোহল এবং তদূর্দ্ধ ক্রম জন্য রেক্টিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

—*:*—

মর্ফিয়ম্ সল্ফিউরিকাম্।

(Morphium Sulphuricum)

সমসংজ্ঞা।—মর্ফিয়া সল্ফাস্; মর্ফিনম্ সলফিউরিকাম্। সল্ফেট অভ্ মর্ফিয়া। ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ ডাইলিউট্ সলফিউরিক্ এসিড সহ

বিশুদ্ধ মর্কিয়া সংযোগে মৃদু উত্তাপ দিয়া এই লাবণিক পদার্থ অধঃ ক্ষিপ্ত বা দানা বাঁধাইয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহা ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়ার মতে।—বিচূর্ণ। ইহার সলিউশনও প্রস্তুত হইয়া থাকে। ১ম ক্রমের সলিউশন বিশুদ্ধ পরিস্রুত জলে। শতকরা ৫ ভাগ রেকটিফাইড্ স্পিরীট মিশ্রিত পরিস্রুত জলে ২× প্রস্তুত হয়; ৪× জন্য ডাইলিউট এলকোহল্। তদূর্দ্ধ ক্রম প্রস্তুত জন্য রেকটিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

মস্কস্।

(Moschus)

সমসংজ্ঞা।—মস্কস্ ওরিয়েণ্টালিস্। মস্কস্ টিবেটানস্; মস্ক (Musk) মৃগনাভি; কস্তুরী। ইত্যাদি।

বিবরণ।—(Origin) মৃগের নাভির পশ্চাৎ ও লিঙ্গমণি আবরক চর্ম্মের সম্মুখস্থিত একটী কোষমধ্যে ইহা জন্মে। এক একটী পূর্ণবয়স্ক মৃগের কোষমধ্যে এক হইতে ২০০ শত পর্য্যন্ত দানা পাওয়া যায়।

বাসস্থান বা প্রাপ্তিস্থান।—মধ্য ভারতবর্ষ, তিব্বতে, নেপালে কাশ্মীরে ও কামরূপ এবং চায়না প্রভৃতি স্থানে ইহা পাওয়া যায়।

স্বরূপ তত্ত্ব।—ইহা অত্যন্ত উগ্র সদগন্ধযুক্ত; ইহার আস্বাদ তিক্ত। শুষ্ক রক্তকণা পাখীর বিষ্ঠাসহ ইহা মিশান থাকে। আদত কোষ দেখিয়া লইতে হয়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহা পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এল্কোহল দ্বারা (১ ভাগে ১০ ভাগ এলকোহল সমানুপাতে) টিঞ্চার প্রস্তুত হয়। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। তবে প্রভেদ এই যে, ১ম এবং ২× ক্রম জন্য ২০ ভাগে ৮০ ভাগ ডাইলিউট

এলকোহল মিশ্রিত করিতে হইবে। ৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—বিচূর্ণ। রেকটিফাইড্ স্পিরীট (১ ভাগে ২০ ভাগ) মিশ্রিত করিয়া টিঞ্চার প্রস্তুত হয়। (১ম প্রক্রিয়া)।

ব্যবহার।—১ × হইতে ৩ × বিচূর্ণ অথবা টিঞ্চার ইত্যাদি।

—*:*—

মিউরেক্স পার্পিউরা।

(Murex purpura)

সমসংজ্ঞা।—মুরেক্স ব্রাণ্ডেরিস্; পর্পিউরিয়া প্যাটুলা। পার্পল্ ফিস্ ইত্যাদি।

প্রাপ্তিস্থান।—মেডিটেরিনিয়ান্ (ভূমধ্যসাগরে), এড্রিয়াটিক্ প্রভৃতি সমুদ্রে এই সামুদ্রিক শম্বুক প্রাপ্ত হওয়া যায়।

বিবরণ।—ঔষধার্থ ইহার শুষ্ক রস গ্রহণ করা হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া অনুসারে ইহা সদ্যজাত রস লইয়া ৮ম শ্রেণীর নিয়মানুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

তৃতীয় ক্রমের—সলিউশন জলে প্রস্তুত হইতে পারে, কিন্তু উহার গোলাপী-বর্ণ যায় না;

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ।

—*:*—

মুরুরি লিটি।

(Murure Leite)

বিবরণ।—ইহা জিচেটিয়া অফিসিনালিস নামক বৃক্ষের গদ বা আটা হইতে প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

মন্তব্য।—ইহা ডাক্তার মুর কর্ত্তৃক প্রথমে হোমিওপ্যাথিক ভৈষজ্যতত্ত্বে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

মাইগেলি ল্যাসিয়োডোরা।

(Mygale Lasiodora)

সমসংজ্ঞা।—মাইগেলি ল্যাসিয়োডোরা কিউবানা। বার্ড স্পাইডার অভ্ টেক্সাস্

বিবরণ।—এক জাতীয় বৃহৎ কৃষ্ণবর্ণ মাকড়সা।

পরীক্ষা।—ডাক্তার জন হোয়ার্ড কর্ত্তৃত্বাধীনে পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত জীবন্ত জন্তুটী নিষ্পেষিত করিয়া উহায় পাঁচগুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে কয়েক দিন পরে ছাকিয়া লইয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ-শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে মাদার টিঞ্চার হইতে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

মাইরিকা সেরিফিরা।

(Myrica Cerifera)

সমসংজ্ঞা।—বে-বেরি; ক্যাণ্ডেল্‌বেরি; সুইট গেলি।

জন্মস্থান।—ইউনাইটেড্ ষ্টেট্‌স্ (যুক্তরাজ্য), নিউইংলণ্ড প্রভৃতি স্থানে প্রায় সকল সময়ে ইহা জন্মে।

বিবরণ।—ঔষধার্থ মূলের ত্বক গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মূলের ছাল লইয়া থেতো করিয়া উহার রস বাহির করতঃ, উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*

মিরিষ্টিকা সেবিফিরা।

(Myristfca Sebifera)

সমসংজ্ঞা।—ভিরোলা সেবিফিরা; ব্রেজেলিয়ান ইউকিউবা।

জন্মস্থান।—পেরু এবং রায়োনিগ্রো প্রভৃতি স্থানে এই ভেষজ বৃক্ষ জন্মে।

বিবরণ।—মূলের ভিতর দিয়া এক প্রকার লাল রস বাহির হয় ইহাই ঔষধার্থ গৃহীত হয়।

পরীক্ষা।—ডাক্তার মুর কর্ত্তৃক ইহা পরীক্ষিত।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—উক্ত প্রকার রস লইয়া **আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।**—৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করা হয়।

—*:*—

মার্টস্ কমিউনিস্।

(Myrtus communis)

সমসংজ্ঞা।—মর্টেল (Myrtle) ইত্যাদি।

জন্মস্থান।—এই ক্ষুদ্র স্থাণু (Shrub) জাতীয় বৃক্ষ দক্ষিণ ইয়ুরোপে জন্মে।

বিবরণ।—ইহার পত্র, পুষ্প এবং ফলে উত্তম গন্ধ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পত্র ও পুষ্প যুক্ত, শাখা গুলি থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহলে মিশাইয়া যথা নিয়মে আটদিন রাখিয়া দিয়া ছাকিয়া লইয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে—ইহার ভেষজ-শক্তি ৩x।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেঃ স্পিরীটে টিঞ্চার প্রস্তুত হয়।

নেবেলাস্ এল্বাস্।

(Nabalas Albas)

সমসংজ্ঞা।—নেবেলাস্ সার্পেন্টেরিয়া। র‍্যাটেল্ স্নেক্রুট; লায়ন্স্ ফুট ইত্যাদি।

জন্মস্থান।—ইহা ভার্জ্জিনিয়া, কেরোলিনা প্রভৃতি স্থানে জন্মে।

পরীক্ষক।—ইহা ডাক্তার ল্যাজেরস কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই তাজা বৃক্ষ থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্কোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে, ইহার ভেষজ-শক্তি ৩x।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

নেজা বা নাজা।

(Naja)

সমসংজ্ঞা।—নেজা ট্রিপুডিয়ান্স্। কলুবার নেজা। হুডেড্ স্নেক্। গোখুরা সর্প ইত্যাদি।

জন্মস্থান।—এই জাতীয় সর্প হিন্দুস্থানে অধিক দেখা যায়।

পরীক্ষা।—ইহা (ইংলণ্ডবাসী ডাক্তার) ষ্টোক্স্ কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জীবন্ত সর্পের বিষগ্রন্থী টিপিয়া ধরিলে এই বিষ নিঃসৃত হয়।

বিষের স্বরূপ।—এই বিষ দেখিতে ঈষৎ পীতবর্ণ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—এই বিষ লইয়া ৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—ক্রোটেলস্ সর্প হইতে যেরূপে বিষ সংগ্রহ করিতে হয়, এস্থলেও সেই নিয়ম অবলম্বণীয়।

গ্লিসিরিণে ইহার সলিউশন প্রস্তুত হয়।

অর্থাৎ ১× ক্রম জন্য বিশুদ্ধ গ্লিসিরিণ। তৎপরে ৫ম ক্রম পর্য্যন্ত একভাগ গ্লিসিরিণ ও তিন ভাগ প্রুফ্ স্পিরীট মিশ্রিত গ্লিসিরিণ; ৬ষ্ঠ এবং তদূর্দ্ধ ক্রম জন্য ২০ ওভার প্রুফ্ স্পিরীট ব্যবহার্য্য।

ব্যবহার। ব্রীটিশ মতে।—৬ষ্ঠ ক্রমের নিম্নে—টিঞ্চার; ৬ষ্ঠ ক্রমের উপরে, টিঞ্চার, পিল ইত্যাদি প্রস্তুত হয়।

ন্যাপ্থালিনম্।

(Naphthalinum)

সমসংজ্ঞা।—ন্যাপ্থালিন।

বিবরণ।— কোল, এল্‌কোহল প্রভৃতি পরিস্রুত করিলে ইহা প্রাপ্ত হওয়া যায়।

স্বরূপ।—ইহা শ্বেত দানা দানা পদার্থ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ নাপ্থালিন (Pure Napathalin) **আমেরিকান্ মতে**—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—**—

নার্কোটিনম্।

(Narcotinum)

সমসংজ্ঞা।—নার্কোটিন্; নার্কোটিয়া ইত্যাদি। ওপিয়মের উপক্ষার হইতে প্রস্তুত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—অহিফেনে শত করা ৬।৮ অংশ নার্কোটিন থাকে; মর্ফিয়া বাহির করিবার সময়ে—এই নার্কোটিন পদার্থ প্রাপ্ত হওয়া যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ ও রেক্‌টিফাইড্ স্পিরীটে সলিউশন প্রস্তুত হইয়া থাকে।

—**—

নার্কোটিনম্ এসিটিকাম্।

(Narcotinum Aceticum)

সমসংজ্ঞা।—নার্কোটিন্ এসিটেট্।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—মর্ফিয়ার সল্‌ট বা এসিটেট্ অভ্ মর্ফিনমের ন্যায়। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

নার্কোটিনম্-মিউরিয়েটিকাম্।

(Norcotinum Muriaticum)

সমসংজ্ঞা।—নার্কোটিয়া হাইড্রোক্লোরাস্; নার্কোটিন্ হাইড্রোক্লোরাইড্ ইত্যাদি।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—মর্ফিয়াম্ মিউরিয়েটিকামের ন্যায়।

(ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া) দ্রষ্টব্য।

—*:*—

নেট্রাম্ আর্সেনিকাম্।

(Natrum Arsenicum)

সমসংজ্ঞা।—সোডিয়ম্ আর্সেনেট; সোডি আর্সেনিয়াস্। আর্সেনিয়াস্ নেট্রিকাস্। আর্সেনেট অভ্ সোডা।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—দশঅংশ আর্সেনিয়াস্, ৮½ অংশ নাইট্রেট্ অভ্ সোডা এবং ৫½ অংশ শুষ্ক কার্ব্বনেট্ অভ্ সোডা প্রভৃতির সংমিশ্রণে ইহা প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—সলিউশন বা ১× ক্রম জন্য পরিস্রুত জল এবং শতকরা ৫ বিন্দু রেক্‌টিফাইড্ স্পিরীট মিশ্রিত পরিস্রুত জলে ১ম ক্রম প্রস্তুত হয়। উহা হইতে ৩×, ৪× বা ২য় ক্রম ডাইলিউট এল্‌কোহলে প্রস্তুত হয়।

তৎপরের উর্দ্ধক্রমাদি রেক্‌টীফাইড্ স্পিরীট দ্বারা হইয়া থাকে।

নেট্রাম কার্ব্বনিকাম্।

(Natrum Carbonicum)

সমসংজ্ঞা।—সোডি কার্ব্বনাস্; কার্ব্বনেট অভ্ সোডা। সাল্ সোডা ইত্যাদি।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহা সুস্থদৈহিক পরীক্ষা করেন।

বিবরণ।—পোট্যাসিক কার্ব্বনেটের ন্যায় কেল্প (Kolp) নামক সমুদ্রজ উদ্ভিদ্ ভষ্ম হইতে প্রস্তুত হইত, কিন্তু ১৭২৫ খ্রীষ্টাব্দ হইতে লেবাঙ্ক মতে লবণ বিকৃত করিয়া কার্ব্বনেট্ অভ্ সোডা প্রস্তুত করা হইতেছে।

সল্‌ফিউরিক এসিড সহ লবণ ফুটাইলে সল্‌ফেট অভ্ সোডা এবং হাইড্রো-ক্লোরিক এসিড উৎপন্ন হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। সলিউশন পরিস্রুত জলে করিলে উহা ১× ক্রম হয়। পরে ২য় ক্রম জন্য ডাইলিউট এল্‌কোহল এবং ৩× জন্য ২০ ওভার প্রুফ্ স্পিরীট প্রয়োজন হয়। তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

ব্যবহার।—১x হইতে ৩x বিচূর্ণ। ১x এবং ১ম ক্রম সলিউশন, ৩x ও তদূর্দ্ধ ক্রম টিঞ্চার ইত্যাদি।

—*:*—

নেট্রাম্ ব্রোমেটাম্।

(Natrum Bromatum)

সমসংজ্ঞা।—সোডিয়ম ব্রোমাইড; ব্রোমাইড্ অভ্ সোডিয়ম।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—যে প্রকারে পোটাসিয়ম ব্রোমাইড্ প্রস্তুত হয়, ইহাও ঠিক সেই প্রকারে প্রস্তুত হইয়া থাকে, প্রভেদ এই যে পোটাশ স্থলে সোডিয়ম কার্ব্ব সংযোগ করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—বিশুদ্ধ ব্রোমাইড্ অভ্ সোডিয়ম হইতে ৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

নেট্রাম কষ্টিকাম্।

(Natrum Causticum)

সমসংজ্ঞা।—লাইকার সোডি (Liquor Sodæ) সোডিয়ম হাইড্রেট্।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—এক ড্রাম ঔষধ সহ তিন ড্রাম পরিস্রুত জল মিশাইয়া ১ম ক্রম প্রস্তুত করিতে হয়। ৩x এবং ২য় ক্রম প্রস্তুতি জন্য ডাইলিউট্ এল্‌কোহল প্রয়োজন। তদূর্দ্ধ ক্রম সমস্ত রেক্‌টীফাইড্ স্পিরীটে ডাইলিউশন করা হয়।

—*:*

নেট্রাম ক্লোরেটাম্।

(Natrum Chloratum)

সমসংজ্ঞা।—লাইকর সোডি ক্লোরেট।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—কার্ব্বনেট অভ সোডা—১২ আউন্স।
ব্লাক্ অক্সাইড্ অভ্ ম্যাগ্নেসি—৪ আউন্স
হাইড্রোক্লোরিক এসিড্—১৫আউন্স।
পরিস্রুত জল—২পাইণ্ট।

এই সকল দ্রব্য প্রক্রিয়া বিশেষ দ্বারা এই ঔষধ প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার সলিউশন পরিস্রুত জলে হইয়া থাকে (Solution in distilled water)।

—*:*—

নেট্রাম হাইপোফস্ফরোসম্।

(Natrum Hypophosphorosum)

সমসংজ্ঞা।—হাইপো ফস্ফেট অভ্ সোডা; সোডিহাইপো ফস্ফিস্।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া—আমেরিকান্ ও ব্রীটিশ উভয় মতে।—ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়। তবে ব্রীটিশ মতে, ইহার সলিউশন যথা;—সিরাপ দিয়া ১ম ক্রম; ৩×জন্য পরিস্রুত জল ও সিরাপ সমভাবে প্রয়োজন; তবে যে পরিস্রুত জল দেওয়া যায়, উহাতে শতকরা ৫ভাগ রেক্টিফাইড স্পিরীট মিশ্রিত করা হয়; দ্বিতীয়ক্রম জন্য ডাইলিউট এল্কোহল প্রয়োজন হয়। তদূর্দ্ধ ক্রম জন্য রেক্টিফাইড্ প্রয়োজন।

—*:*—

নেট্রাম মিউরিয়েটিকাম্।

(Natrum Muriaticum)

সমসংজ্ঞা।—সোডিয়ম ক্লোরাইড্; ক্লোরাইড্ অভ সোডিয়ম্। কমন সল্ট; টেবেল সল্ট। সোডিক ক্লোরাইড্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—স্বভাবতঃ অনেক স্থলে ইহা পাওয়া যায়। সাধারণ লবণ পরিস্রুত জলে দ্রব করিয়া পুনর্ব্বার দানা বাঁধাইয়া লইতে হয়।

বিবরণ।—মহাত্মা হানিমান কর্তৃক হোমিওপ্যাথিতে ইহা প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে, এক ভাগ বিশুদ্ধ ক্লোরাইড অভ্ সোডিয়ম, ৯ অংশ পরিস্রুত জলে দিয়া দ্রব প্রস্তুত করিতে হয়।

ইহার ভেষজ শক্তি ১/১০।

৫ম শ্রেণীর (ক) নিয়মানুসারে ক্রম প্রস্তুত হয়।

৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রমও প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—বিচূর্ণ এবং পরিস্রুত জলে দ্রব করিলে ১× ক্রম হয়। ২× ক্রম জন্য ২০ ওভার প্রুফ্ স্পিরীট প্রয়োজন। তদূর্দ্ধ ক্রম জন্য রেক্টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ বা ১× সলিউশন; ১ম ক্রমের পর হইতে টিঞ্চার; টিঞ্চার-ট্রিটুরেশন ইত্যাদি।

—*:*—

নেট্রাম-নাইট্রিকাম্।

(Natrum Nitricum)

সমসংজ্ঞা।—সোডিক নাইট্রেট্। সোডিয়ম নাইট্রেট্ অভ্ সোডা সল্ট পিটার ইত্যাদি।

বিবরণ।—ডাক্তার গ্রস (Gross) কর্তৃক ইহা হোমিওপ্যাথিতে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—

৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে,—বিচূর্ণ। পরিস্রুত জলে ১× সলিউশন প্রস্তুত হয় তদূর্দ্ধ ক্রম জন্য রেক্টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হইয়া থাকে।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ, অথবা ১× সলিউশন তদূর্দ্ধ ক্রম টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিল ইত্যাদি।

—*:*—

নেট্রাম ফস্ফরিকাম।

(Natrum Phosphoricum)

সমসংজ্ঞা।—সোডিফস্ফাস্; সোডিয়মফস্ফেট্। ফস্ফেট্ অভ্ সোডা, হাইড্রিক ডাইসোডিক ফস্ফেট্ ইত্যাদি।

বিবরণ।—সাধারণ ফস্ফেট্ অভ সোডা পুনঃ পুনঃ দানা বাঁধাইয়া বিশুদ্ধ করিয়া ঔষধার্থ গৃহীত হয়।

এই লবণাক্ত পদার্থ ষ্টপার্ড শিশিতে রক্ষা করা কর্ত্তব্য।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—বিশুদ্ধ ফস্ফেট অভ্ সোডা হইতে ৭ম শ্রেণীর নিয়মানুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত করা হইয়া থাকে।

ব্রীটিশ মতে।—বিচূর্ণ ১ × তারল্য জন্য পরিস্রুত জল; ১ম বা ২ × জন্য পাঁচভাগ রেক্টীফাইড্ স্পিরীট মিশ্রিত পরিস্রুত জল। ৩ × বা ২য় ক্রম জন্য শতকরা ডাইলিউট এল্কোহল। তদূর্দ্ধ ক্রম জন্য রেক্টীফাইড স্পিরীট ব্যবহার্য্য।

—*:*—

নেট্রাম স্যালিসিলিকাম্।

(Natrum Salycylicum)

সমসংজ্ঞা।—সোডিয়ম স্যালিসিলেট্; স্যালিসিলেট্ অভ্ সোডিয়াম।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ছয়ভাগ বিশুদ্ধ সোডিয়ম্ কার্ব্বনেট্, ১০ দশ ভাগ বিশুদ্ধ স্যালিসিলেট্ এসিড্ সহ মিশাইয়া যথা নিয়মে ইহা প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

নেট্রাম সেলেনিকাম্।

(Natrum Selenicum)

সমসংজ্ঞা।—সোডিয়ম সেলেনেট্। সেলেনেট্ অভ্ সোডা ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সেলিনিয়ম বা সেলি নাইত অভ্ সোডিয়ম নাইট্রেট্ সহ সংমিশ্রণে প্রক্রিয়া বিশেষ দ্বারা ইহা উৎপন্ন হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ঔষধ দ্রব্য নয় ভাগ পরিস্রুত জলে দ্রব প্রস্তুত হয়। ইহার ভেষজ-শক্তি $\frac{1}{10}$। পঞ্চম শ্রেণীর (ক) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

নেট্রাম সল্‌ফো-কার্ব্বলিকাম্।

(Natrum Sulpho-Carbolicum)

সমসংজ্ঞা।—সোড়িয়াই সল্‌ফো-কার্ব্বলাস্। সল্‌ফো কার্ব্বনেট্ অভ্ সোডিয়ম্; সলফো ফেনেট অভ্ সোডিয়ম্।

বিবরণ।—(ফিনল Phenol) বা কার্ব্বলিক এসিড্ সহজে সল্‌ফিউরিক এসিডে দ্রবীভূত হয়। কিন্তু সন্তাপ প্রয়োগে উহা হইতে প্যারাফেনিল সল্‌ফিউরিক এসিড হয়। তৎপরে যথা নিয়মে উক্ত পদার্থ প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—বিশুদ্ধ সল্‌ফো কার্ব্বনেট্ অভ্ সোডিয়ম হইতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

নেট্রাম সল্‌ফিউরিকাম্।

(Natrum Sulphuricum)

সমসংজ্ঞা।—সোডিয়ম্ সল্‌ফেট্; সোডিসলফাস; সল্‌ফেট্ অভ্ সোডা। গ্লবারস্ সল্ট্।

বিবরণ।—ইহা মুক্তাবস্থায় অর্থাৎ স্বভাবে অনেক স্থলে পাওয়া যায়। পরিস্রুত জলে পুনঃ ধৌত করিয়া দানা বাঁধাইয়া লইলে বিশুদ্ধ হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—বিশুদ্ধ সল্‌ফেট অভ্ সোডিয়ম্ হইতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে। বিচূর্ণ, এবং ১×জন্য পরিস্রুত জল ব্যবহার হয় ২×বা ১ম জন্য ডাইলিউট এল্‌কোহল এবং ৩×জন্য ২০ ওভার প্রুফ্ স্পিরীট ব্যবহার্য্য। তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড স্পিরীট ব্যবহৃত হয়।

ব্যবহার।—১×হইতে ৩×পর্য্যন্ত বিচূর্ণ। ১×বা ১ম ক্রম সলিউশন ৩×পরে টিঞ্চার ইত্যাদি।

—*:*—

নেট্রাম সলফিউরোসম্।

(Natrum Sulphurosum)

সমসংজ্ঞা।—নেট্রাই সল্‌ফিস্; সোডিসল্‌ফিস্। বর্ত্তমান নাম—সোডিক সলফাইট্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—সল্‌ফিউরিক এসিড গ্যাস সহ সরস কার্ব্বনেট্ অভ্ সোডা সংমিশ্রণে প্রক্রিয়া বিশেষে ইহা উৎপন্ন করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ পরিস্রুত জলে ১×সলিউশন। ১ম বা ১×জন্য শতকরা পাঁচ ভাগ রেক্‌টীফাইড্ স্পিরীটে মিশ্রিত পরিস্রুত জল প্রয়োজন। ৩×এবং ২য় ক্রম ডাইলিউট এল্‌কোহল এবং তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হইয়া থাকে।

—*:*—

নিপেটা কেটেরিয়া।

(Nepeta Catarea)

সমসংজ্ঞা।—কেটেরিয়া ভলগারিস্; ক্যাটনেপ; ক্যাটমিণ্ট ইত্যাদি।

জন্মস্থান।—এই বৃক্ষ ইয়ুরোপখণ্ডে ও যুক্তরাজ্যে ও এসিয়া খণ্ডে জন্মিয়া থাকে; আমেরিকায় প্রচুর হইতে দেখা যায়।

বিবরণ।—জুলাই ও সেপ্টেম্বর মাসে ইহার ফুল ফুটে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ ফুলের কুড়ি ও তাজা পাতা লওয়া হয়। উহাদিগকে থেঁতো করিয়া রস বাহির করতঃ দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত করা যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

নিক্কলম্ কার্ব্বণিকাম্।

(Niccolum Carbonicum)

সমসংজ্ঞা।—কার্ব্বনেট অভ্ নিকেল্, নিকেল কার্ব্বনেট ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—নাইট্রেট্ অভ্ নিকেল (বিশুদ্ধ) ডাইলিউট বাই কার্ব্বনেট্ অভ্ সোডার দ্রবে দিয়া অধঃস্থ পদার্থ পুনশ্চ দানা বাধিলে ইহা প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—কার্ব্বনেট্ অভ্ নিকেল্ হইতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ মতেও—বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ। পরে উর্দ্ধ ক্রম সকল টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

নিক্কলম্।

(Niccolum)

সমসংজ্ঞা।—নিক্কলম্ মিটালিকাম্ ; মিটালিক নিকালম্।

প্রাপ্তিস্থান।—হঙ্গেরি হিসি প্রভৃতির পার্ব্বত্য প্রদেশে এই ধাতু প্রচুর পাওয়া যায়।

পরীক্ষা।—ডাক্তার নেনিং এই ঔষধ পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—বিশুদ্ধ নিকেল চূর্ণ লইয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করা যায়।

—০:০—

নিকলম্ সলফিউরিকাম্।

(Niccolum Sulphuricum)

সমসংজ্ঞা।—নিকেল্ সলফেট্; নিকলি সলফাস্। সল্‌ফেট্ অভ নিকেল্ ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ডাইলিউট্ সলফিউরিক এসিড্ দ্রবে কার্ব্বনেট্ অভ্ নিকেল দ্রবীভূত করিয়া যথা নিয়মে উহা পুনরায় দানা বান্ধাইয়া প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকাপিয়া মতে।—সলফেট্ অভ্ নিকেল লইয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করা হয়।

ব্রাটিশ ফার্ম্মাকোপিয়া মতে—বিচূর্ণ। পরিস্রুত জলে দ্রব করিয়া ১× ; শতকরা ৫ পাঁচভাগ রেক্‌টিফাইড্ স্পিরীট মিশ্রিত পরিস্রুত জলে ২× ; ৩× বা ২× জন্য ডাইলিউট এল্‌কোহল; তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

—*:*—

নিকোটিনম্।

(Nicotinum)

সমসংজ্ঞা।—নিকোটিয়া; নিকোটিনা; নিকোটিন্।

প্রাপ্তিস্থান।—নানা প্রকার তামাকুর পত্র ও বীজ হইতে এই বিষাক্ত পদার্থ বা বীর্য্য (Alkaloid) প্রাপ্ত হওয়া যায়।

স্বরূপ।—ইহা দেখিতে বর্ণহীন বা ঈষৎ পীতাভ, তৈলবৎ পদার্থ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—এক ভাগ ওজনে বিশুদ্ধ নিকোটিন ৯৯ অংশ এলকোহলে দ্রবিত করিয়া টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজ শক্তি $\frac{১}{১০০}$।

৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—এবসোলিউট্ এলকোহলে দ্রব করিয়া ১ম ক্রম প্রস্তুত করা হয়।

—:*—

নাইগেলা ড্যামাসিনা।

(Nigalla Damascena)

সমসংজ্ঞা।—ফেনেল ফ্লাওয়ার। র‍্যাগেড্ লেডী।

জন্মস্থান।—এই ভেষজ ইয়ুরোপ খণ্ডে উত্তর দক্ষিণে এবং মেডিটেরিনিয়ান্ বা ভূমধ্য সমুদ্রের পূর্ব্বপ্রান্তে অধিক জন্মায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ পকবীজগুলি গৃহীত হয়। উহাদের চূর্ণের পাঁচগুণ ওজনে এলকোহল দিয়া যথা রীতি অষ্টাহ ভিজাইয়া পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য শক্তি $\frac{১}{১০}$।

৪র্থ শ্রেণীর নিয়মে উর্দ্ধ ক্রম সকল প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

নাইট্রি স্পিরীটস্ ডলসিস্।

(Nitri Spiritus Dulcis)

সমসংজ্ঞা।—সুইট্ স্পিরীট্ অভ্ নাইটার; ঈথাপ্‌থানাইট্রি।

পরীক্ষা।—ইহা জার্ম্মাণবাসী ডাক্তার লেম্বকী কর্ত্তৃক পরীক্ষিত হইয়াছিল।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—একভাগ স্পিরীট নাইট্রাস্ ইথর সহ নয়ভাগ এলকোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৬ষ্ঠ শ্রেণীর (ক)নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, টিঞ্চার ট্রিটুরেশন, পিল ইত্যাদি।

নিউসিস্ ভমিসি কর্টেক্স।

(Nucis Vomicœ Cortex)

সমসংজ্ঞা।—বার্ক অভ্ ষ্ট্রীক্নস্ নক্সভমিকা। নক্সভমিকার ত্বক ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—শুষ্কত্বক বিচূর্ণিত করিয়া উহার পাঁচগুণ ওজনে এলকোহল দিয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, টিঞ্চার ট্রিটুরেশন, পিল ইত্যাদি।

নুফার লুটিয়াম্।

(Nuphar Luteum)

সমসংজ্ঞা।—নিম্ফিয়া লুটিয়া। স্মল্ ইয়োলো পণ্ড লিলি (ক্ষুদ্র পীতবর্ণের পদ্ম বিশেষ)।

জন্মস্থান।—ইয়ূরোপে এবং ফিলাডেল্‌ফিয়ার সহরতলীতে ইহা পাওয়া যায়।

পরীক্ষা।—ডাক্তার ফ্রান্সবাসী পিটেট্‌ ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ মতে।—তাজা মূল থেঁতো করিয়া রস বাহির করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল মিশাইয়া যথা নিয়মে অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্‌ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

নক্‌স জগলান্স।

(Nux juglans)

সমসংজ্ঞা।—জগল্যান্স রিজিয়া। ওয়াল্‌ নট্‌ ইত্যাদি।

জন্মস্থান।—ইহা পারস্য ও উভয় আমেরিকা এবং ইয়ূরোপে প্রচুর জন্মে।

বিবরণ।—ঔষধার্থ তাজা পত্রাদি অথবা অপক্ক সবুজ বর্ণের ফল গৃহীত হয়। বসন্তকালে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার ক্লটার মুলার ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—অপক্ক ফল ও সবুজ বর্ণ পত্র হইতে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। পাতা বা ফলের রসে দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ মতে।—ঔষধ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশমতে।—সবুজ ফল, বা অপক্ক ফল হইতে টিঞ্চার প্রস্তুত হয়। ডাইলিউট এল্‌কোহল দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ব্যবহার।—মাদারটিঞ্চার, টিঞ্চার, ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

—:০:—

নক্স মস্কেটা।

(Nux Moschata)

সমসংজ্ঞা।—মিরিষ্টিকা অফিসিন্যালিস্; নক্সমিরিষ্টিকা, জায়ফল ইত্যাদি।

জন্মস্থান।—ইহা মলক্কা দ্বীপে প্রচুর জন্মায়। বাণ্ডা (Banda) দ্বীপে ইহা প্রচুর পাওয়া যায়।

পরীক্ষা।—ডাক্তার হেল্‌বিগ (Dr. Helbig) এই ঔষধ সুস্থশরীরে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—শুষ্ক ফল বিচূর্ণিত করিয়া উহার পাঁচগুণ এলকোহল দিয়া যথা নিয়মে অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেক্‌টিফাইড্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, গ্লবিউল ইত্যাদি।

—:**—

নক্স ভমিকা।

(Nux vomica)

সমসংজ্ঞা।—ষ্ট্রীক্‌নস নক্সভমিকা; পয়জন্ নট্। নক্সভমিকা অফিসিনেরম্; কুচিলা; বিষমুষ্টী।

বিবরণ।—লোগেনিয়েকী জাতীয় ষ্ট্রিকনস্ নক্সভমিকা নামক বৃক্ষের বীজ। অত্যন্ত তিক্তাস্বাদ। সুপক্ক ফলের বর্ণ কমলা লেবুর মত।

জন্মস্থান।—ভারতবর্ষের নানাস্থানে, বর্ম্মায়, সায়েমে. চায়নায় এবং অষ্ট্রেলিয়া দেশে জন্মে।

পরীক্ষা।—ইহা প্রথমে মহাত্মা হানিমান পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।— উক্ত বীজ বিচূর্ণ করিয়া উহার পাঁচগুণ এল্‌কোহল দিয়া আটদিন রাখিয়া যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজ শক্তি $\frac{১}{১০}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রমও প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—২০ওভার প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। বিচূর্ণ ক্রম (Trituration) প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ; এবং টিঞ্চার, পিল, গ্লবিউল ইত্যাদি।

—:০:—

নিম্ফিয়া ওডোরেটা।

(Nymphœa Odorata)

সমসংজ্ঞা।—ক্যাষ্টেলিয়া পুডিকা। নিম্ফিয়া এল্‌বা। সুইট সেণ্টেড্ ওয়াটার লিলি; ওয়াটার নিম্ফ; হোয়াইট পণ্ড লিলি।

জন্মস্থান।—আমেরিকার পুষ্করিণীতে এবং নানা স্থানের জলাদেশে এই ওষধি জন্মে।

পরীক্ষা।—ডাক্তার ইডুইন কাউলেস্ কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ তাজা মূল গৃহীত হয়। উহাদিগকে থেঁতো করিয়া দ্বিগুণ এলকোহল সংযোগে যথা নিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।**—ইহারভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার টিঞ্চার প্রস্তুতার্থ রেক্‌টিফায়েড্ স্পিরীট ব্যবহার্য্য।

—*:*

ওসিমম্ ক্যানম্।

(Ocimum Canum)

সমসংজ্ঞা।—হোরি ব্রেজিল্; এলফাভেকা ইত্যাদি

জন্মস্থান।—ব্রেজিলে এই ভেষজ জন্মিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার মুর কর্ত্তৃক ইহা ভৈষজ্য-তত্ত্বে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

বিবরণ।—ঔষধার্থ তাজা পাতা লওয়া হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ মতে।**—টাট্‌কা পাতা থেতো করিয়া উহার দ্বিগুণ ওজন এল্‌কোহল দিয়া যথা নিয়মে অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।**—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*

ইনান্থি ক্রোকেটা।

(Œnanthe Crocata)

সমসংজ্ঞা।—ওয়াটার হেমলক্; ওয়াটার লভেজ। ডেড্ টঙ্ ইত্যাদি।

জন্মস্থান—এই বৃক্ষ ইংলণ্ড, সুইডেন, ফ্রান্স এবং স্পেন্ দেশের আর্দ্র ও সরস ভূমিতে (Swamps) প্রচুর জন্মায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ টাট্‌কা মূল গৃহীত হয়। উহা দিগকে উত্তম করিয়া থেতো করিয়া যথা নিয়মে দ্বিগুণ এল্‌কোহলে আটদিন ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

—*:*—

ইনোথিরা বিন্নিস্।

(Œnothera Biennis)

সমসংজ্ঞা।—ইনোথিরা পার্ভিফ্লোরা। ওনাগ্রা বিন্নিস ইত্যাদি। ইভিনিং প্রেমরোজ। ইত্যাদি।

জন্মস্থান।—এই পুষ্প গাছটী আমেরিকার ময়দানে ও নানাস্থানে সর্ব্বদা পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—তাজা বৃক্ষ তুলিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ভৈষজ্য শক্তি $\frac{1}{10}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ওলিয়েণ্ডার।

(Oleander)

সমসংজ্ঞা।—নিরিয়ম্ ওলিয়েণ্ডার; নিরিয়াম্ এল্বাম্। রোজ-বে; রোজলরেল্। ইত্যাদি।

জন্মস্থান।—দক্ষিণ আমেরিকা; আরব্য দেশে এবং আফ্রিকার স্থানে স্থানে ইহার জন্ম।

বিবরণ।—লোকে আদর করিয়া এই ক্ষুদ্র বৃক্ষ উদ্যানে রোপণ করিয়া থাকে।

পরীক্ষা।—মহাত্মা হানিমান কর্তৃক প্রথমে পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান মতে।—তাজা পাতা উত্তম করিয়া থেতো করিয়া উহার দুইয়ের তৃতীয়াংশ এলকোহলে মিশাইয়া যথা নিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধশক্তি ১/২।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার; পিল ইত্যাদি।

ওলিয়ম এনিমেলি ইথিরিয়ম্।

(Oleum Animale Ætheroum)

সমসংজ্ঞা।—ওলিয়ম এনিমেলি ডিপেলি। ওলিয়ম কর্ণু সাভাই; এনিমেল্ অয়েল্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—অস্থি ও অন্যান্য জান্তব পদার্থ হইতে ইহা প্রক্রিয়া বিশেষ দ্বারা উৎপন্ন করিতে হয়। শিং বা অন্যান্য পদার্থ দাহ করিয়া উহা হইতে এইরূপ তৈল বাহির করা যায়। ইহাতে পাইরিডিন, পাইকোলিন, কোলিডিন, বেন্জিন্, এলিলিন্ প্রভৃতি পদার্থ থাকে।

বিশেষ দ্রষ্টব্য।—ইহা এম্বার বর্ণ শিশিতে কাচের ছিপি দিয়া রাখা উচিত।

পরীক্ষক।—ডাক্তার নেনিঙ্গ্ ইহা পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

অথবা একভাগ তৈল সহ নয় ভাগ এলকোহল দিয়া সলিউশন (Solution) করিতে হয়।

ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৬ষ্ঠ শ্রেণীর (ক) নিয়মে উর্দ্ধ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—সলিউশন রেক্‌টীফাইড্ স্পিরীটে হইয়া থাকে। উহাই ১x ক্রম সমান হয়।

ব্যবহার।—১x এবং উর্দ্ধ ক্রম টিঞ্চার, পিল, ইত্যাদি।

—:*:—

ওলিয়ম কাজুপুটি।

(Oleum Cajuputi)

সমসংজ্ঞা।—অয়েল্ অভ্ কাজুপুট্; অয়েল্ অভ্ ক্যাজিপুট্ ইত্যাদি। (ক্যাজুপুটম্ দ্রষ্টব্য)।

জন্মস্থান।—মালীয়ান পেনিন্সুলা এবং অস্ট্রেলিয়াতে জন্মে। এই বৃক্ষের পত্র হইতে এই রস বাহির হয়।

পরীক্ষা।—ডাক্তার রুডেন ইহা পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—একভাগ তৈল ৯৯ভাগ বিশুদ্ধ ষ্ট্রং এলকোহল দিয়া টিঞ্চার প্রস্তুত হয়। ইহার ঔষধ শক্তি $\frac{1}{100}$। ৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে উর্দ্ধ ক্রম প্রস্তুত হয়।

—:*:—

ওলিয়ম জেকোরিস্ এসেলি।

(Oleum Jecoris Aselli)

সমসংজ্ঞা।—ওলিয়ম মরহুই (Morhuœ)। সাধারণ নাম কড্‌লিভার অয়েল্। কড্ অয়েল্ (Cod Liver oil) ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।--এই চর্ব্বিযুক্ত তৈল কড্ মৎস্য হইতে পাওয়া যায়। ইহা নর্থ এট্লাণ্টিক (North Atlantic) প্রভৃতি স্থানে পাওয়া যায়। ইহাদের যকৃত উত্তপ্ত করিয়া তৈল বাহির করিতে হয়। অতঃপর উক্ত তৈল ফিল্টার করিয়া লইতে হয়।

পরীক্ষা।—ডাক্তার নিড্হার্ড ইহা প্রথমে পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়ার মতে।—৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়। বিশুদ্ধ তৈল ব্যবহৃত হয় বা ইহা হইতে টিঞ্চার করা যায়।

ওলিয়ম লিগ্নি স্যাণ্টেলি।

(Oleum Ligni Santali)

সমসংজ্ঞা।—ওলিয়ম স্যাণ্টেলাম এল্বাম। অয়েল্ অভ্ স্যাণ্ডেল উড্। চন্দন কাষ্ঠ তৈল।

জন্মস্থান।—ভারতবর্ষের অনেক স্থানে দ্বীপে এবং পূর্ব্বদিকের আর্কি-পিলেগোতে ইহা জন্মিয়া থাকে। চীনদেশে ও লঙ্কায় জন্মে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—এই তৈল দেখিতে ঈষৎ পীতাভ এবং এক প্রকার দুর্গন্ধ যুক্ত। একভাগ তৈল, ৯৯ ভাগ এল্কোহলে ভিজাইয়া যথা নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধশক্তি $\frac{1}{100}$।

৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে তরল ক্রম প্রস্তুত হয়।

বিচূর্ণ ক্রম ৮ম শ্রেণীর নিয়মে প্রস্তুত করা যায়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহা রেক্টিফাইড্ স্পিরীটে দ্রবণীয় অর্থাৎ টিঞ্চার প্রস্তুত হয়।

ওলিয়ম্ রিসিনি।

(Oleum Recini)

সমসংজ্ঞা।—ওলিয়ম পামি খৃষ্টাই; রিসিনস্ কমিউনিস্; রিসিনস্ লিভিস্; রিসিনস্ ভাডিস্। সাধারণতঃ ইহাকে কাষ্টর অয়েল কহে।

(রিসিনস্ দ্রষ্টব্য)—এরণ্ড। ভেরাণ্ডা, রেড়ী ইত্যাদি।

জন্মস্থান।—ভারতবর্ষের সকল স্থানেই জন্মে। পৃথিবীর সর্ব্বত্রই ইহার চাষ হইয়াছে।

বিবরণ।—আমেরিকান্ মতে,—নিষ্পেষণ দ্বারা ইহার বীজ হইতে তৈল নিঃসৃত করিতে হয়। ইহার বীজের অতিশয় উগ্র বিরেচক গুণ আছে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—একভাগ ওজনে কাষ্টর অয়েল, ৯৯ ভাগ এল্‌কোহল দিয়া টিঙ্কার প্রস্তুত করিতে হয়।

ইহার ভেষজ শক্তি $\frac{1}{100}$।

৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে উচ্চ ক্রমাদি প্রস্তুত হয়।

ইহার বিচূর্ণ ১ ড্রামে, ৯ ড্রাম দুগ্ধশর্করা দিয়া প্রস্তুত করা যায়। এই নিয়মে যদি ইহার ডাইলিউট এল্‌কোহলে সলিউশন করা যায়, তবে উহা ১× ক্রম প্রস্তুত হয়, ডাক্তার হেলের এই মত।

—*:*—

ওলিবেনম্।

(Olibanum)

সমসংজ্ঞা।—গম ওলিবেনম্; ফ্রাঙ্কিন্‌সেন্স্ ইত্যাদি।

জন্মস্থান।—আফ্রিকা, দক্ষিণ আরব্য এবং ভারতবর্ষে ইহার জন্ম স্থান। ইহা এক প্রকার সুগন্ধ বসেলিয়া। (Boswellia)।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের ত্বক কাটিয়া দিলে উহা হইতে আটা মত দ্রব্য বাহির হয়, উহাই মূল ঔষধ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া আমেরিকান্ মতে।—বিশুদ্ধ ওলিবেনম্ ঔষধের ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

অনিস্কস্ এসেলস্।

(Oniscus Asellus)

সমসংজ্ঞা।—ক্রষ্টে-সিয়া জাতীয় এক প্রকার কীট। কমন উড্ লাউস্; সো বগ (Sow bug)।

জন্মস্থান।—এই কীট অবশ্য আমেরিকার নানা স্থানে অবস্থিতি করে। তিন হইতে ছয় লাইন লম্বা। ইহার ১১টী পা আছে। ইহারা দেখিতে ধূসর।

পরীক্ষা।—প্রসিদ্ধ ডাক্তার হেরিং ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জীবন্ত কীট সকল সংপেষিত করিয়া উহার পাঁচগুণ এল্‌কোহল দিয়া অষ্টাহ ধরিয়া একটী কাচের ছিপিযুক্ত বোতলে রাখিয়া যথানিয়মে ছাকিয়া বা ফিল্‌টার করিয়া লইলে **আমেরিকান্** মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ঔষধ শক্তি $\frac{১}{১০}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

ওনোনিস্ স্পাইনোসা।

(Ononis Spinosa)

সমসংজ্ঞা।—রেমোরা এলোপিকিউরয়িডিস্; রেমোরা এরটাম্ ইউরিমেরিয়া। রেষ্টা বোভিস্। কমন রেষ্ট হ্যারো ইত্যাদি।

জন্মস্থান।—এই ভেষজ ইয়ুরোপের ময়দানে রাস্তার ধারে, উদ্যানের প্রাচীরে প্রচুর জন্মে। ইহার পুষ্প দেখিতে মন্দ নহে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের যখন পুষ্প হইতে থাকে, তখন ইহা সংগৃহীতব্য। তাজা গাছ উত্তম করিয়া কুটিয়া, উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল লইয়া একটী বোতলে রাখিয়া আটদিন পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে**।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে উচ্চ হইতে উচ্চতর ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ওপিয়ম্।

(Opium)

সমসংজ্ঞা।—প্যাপেভর সম্নিফেরম্; অহিফেণ; হোয়াইট্ পপি; সকস্ থিবেকাস্।

প্রাপ্তি স্থান ও বিবরণ।—এই ঔষধি অপক ঢেড়ীকে অল্প অল্প করিয়া চিরিয়া দিলে শ্বেতবর্ণ দুগ্ধবৎ রস বহির্গত হয়। ইহা বায়ুতে শুষ্ক হইয়া পাটল বর্ণ হইলে, চাঁচিয়া লইয়া একত্রে পিণ্ডাকারে সংযত করিতে হয়; ইহাকেই ওপিয়ম কহে।

এসিয়া মাইনর, ইয়ুরোপ, তুরস্ক দেশে এবং ভারতবর্ষের স্থানে স্থানে ইহা পাওয়া যায়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—স্মির্ণা (Smyrna) হইতে যে কৃষ্ণবর্ণ অহিফেণ আমদানি হয়, ইহাই অতিশয় উগ্র, এবং ইহা হইতেই হোমিওপ্যাথিক মূলারিষ্ট প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—শুষ্ক অহিফেণ বিচূর্ণিত করিয়া উহার পাঁচগুণ

ওজনে ডাইলিউট এল্‌কোহল্‌ দিয়া আটদিন ভিজাইয়া রাখিয়া যথা সময়ে যথা নিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্‌ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—অহিফেণ সহ উহার তিন চারিগুণ কাচচূর্ণ একত্র করিয়া প্রথম প্রক্রিয়া অনুসারে টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়; কেবল প্রভেদ এই যে ২× বা ১ম জন্য ডাইলিউট এল্‌কোহল দিবার প্রয়োজন হইয়া থাকে।

বিচূর্ণ ক্রম ৭ম শ্রেণীর নিয়ম অনুসারে প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। এবং একভাগে ২০ ভাগ প্রুফ্‌ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ বা তরল ক্রম।

—*:*—

ওপোপ্যানাক্স।

(Opopanax)

সমসংজ্ঞা।—প্যাষ্টিনেকা ওপোপ্যানাক্স। রফ্‌ পস নিপ্‌ ইত্যাদি।

জন্মস্থান।—দক্ষিণ ইউয়ুরোপ খণ্ডের নানাস্থানে ইহা জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের গঁদ বা আটাবৎ পদার্থ চূর্ণ করিয়া উহার পাঁচগুণ এলকোহল মিশাইয়া যথারীতি ছাকিয়া লইলে আমেরিকান্‌ মাদার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্‌ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ওপন্সিয়া ভলগেরিস্।

(Opunsia Vulgaris)

সমসংজ্ঞা।—ক্যাক্টস্ ওপন্সিয়া। প্রিকুলি পিয়ার। ইণ্ডিয়ান্ ফিগ্।

জন্মস্থান।—আমেরিকায় প্রচুর জন্মে। জুন মাসে ইহার ফুল ফুটিয়া থাকে।

বিবরণ।—ডাক্তার বর্ডিক কর্তৃক ইহা হোমিওপ্যাথিতে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ফুল এবং নবপল্লবগুলি একত্রে থেতো করিয়া দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশ্রিত করিয়া যথা নিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে **আমেরিকান্** মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ঠু।

তৃতীয় শ্রেণীর নিয়মে, মাদার টিঞ্চার হইতে উচ্চ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ওরিয়োসেলিনম্।

(Oreoselinum)

সমসংজ্ঞা।—এথামাণ্টা ওরিয়োসেলিনম্। এপিয়ম্ মণ্টেনম্; মাউণ্টেন্ পার্স্লে; স্পিড্ ওয়েল্।

জন্মস্থান।—এই বৃক্ষ ইয়ুরোপ খণ্ডের সমস্ত প্রদেশে জন্মে। সমস্ত বৃক্ষের একটী বেশ সুমিষ্ট গন্ধ আছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বৃক্ষ উত্তম করিয়া থেতো করিয়া চূর্ণ করতঃ নূতন বস্ত্রে ছাকিয়া রস বাহির করিয়া উহাতে সমপরিমাণে এল্‌-কোহল দিতে হয়। এবং অন্ধকার গৃহে আটদিন রাখিয়া মধ্যে মধ্যে নাড়া দিয়া অবশেষে ফিলটার করিয়া লইলে **আমেরিকান্ মাদার** টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/২।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে

—*:*—

ওরিগেনম্ ভলগেরি।

(Origanum Vulgare)

সমসংজ্ঞা।—ওয়াইলড্ মেজরাম, মাউণ্টেন্ মিণ্ট। অর্গাঙ (organg) ইত্যাদি।

পরীক্ষক।—ডাক্তার সিসোলিস্ ইহা পরীক্ষা করেন।

জন্মস্থান।—আমেরিকার রাস্তার ধারে এবং ময়দানে এই পুষ্প বৃক্ষ উৎপন্ন হয়।

জুন ও অক্টোবর মাসে ইহার ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ ফল, ফুল সমেত থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে অষ্টাহ পরে ছাকিয়া লইয়া মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

ওরোবাঙ্কি ভার্জ্জিনিয়ানা।

(Orobanche Virginiana)

সমসংজ্ঞা।—এফিফেগস্ আমেরিকেনস্। বিচ্ ড্রপ। ক্রম্ রেপ। ক্যান্সারুরুট্।

জন্মস্থান।—এই রাস্না জাতীয় আগাছা (parasitic plant উত্তর আমেরিকায় প্রচুর জন্মে।

বিবরণ।—ইহা তিক্ত। ফুল দেখিতে কটাভ শাদাবর্ণ।

ঔষধার্থ—তাজা গাছ লওয়া হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—তাজা বৃক্ষ উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশাইয়া যথা রীতি রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

-*:*-

ওস্মিয়ম্।

(Osmium)

সমসংজ্ঞা।—এই ধাতু প্লাটীনমের সহিত সংমিশ্রিত ভাবে অবস্থিতি করে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ইহার প্রস্তুতির তারতম্য অনু-সারে গুণেরও তারতম্য ঘটে। রুসিয়ার ডাক্তার ব্রোজেনস্ হোমিওপ্যাথিক ভৈষজ্য ক্ষেত্রে ইহার প্রবেশাধিকার প্রদান করিয়াছেন।

আমেরিকান্ মতে ও ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

অষ্ট্রিয়া ভার্জ্জিনিকা।

(Ostrya Virginica)

সমসংজ্ঞা।—হপ হর্ণ বিম। আইরন্ উড্। লিভার উড্।

জন্মস্থান।—এই উদ্ভিদ আমেরিকার যুক্তরাজ্যের সমস্ত স্থানেই জন্মিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার বার্ট এই ঔষধ প্রথমে পরীক্ষা করিয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।— মধ্যস্থলের কাষ্ঠের চূর্ণ পাঁচগুণ এল্‌কোহলে ভিজাইয়া যথা নিয়মে অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

অক্সিডেণ্ড্রাম্।

(Oxydendrum)

সমসংজ্ঞা।—অক্সিডেণ্ড্রম্ আর্ব্বোরিয়াম্; সরেল ট্রি; সাওয়ার উড্ (Sour wood) ইত্যাদি।

জন্মস্থান।—এই উদ্ভিদ আমেরিকার মধ্যবিভাগে জন্মিয়া থাকে। ইহার ফুল দেখিতে শাদাবর্ণ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পাতা থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে অষ্টাহ রাখিয়া উত্তম করিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

পিয়োনিয়া অফিসিনেলিস্।

(Pæonia Officinalis)

সমসংজ্ঞা।—রোসা বেনিডিক্টা; পিওনি।

জন্মস্থান।—ইয়ুরোপে এই উদ্ভিদের জন্ম। ইহার ফুল দেখিতে অতিশয় লাল। ইহাতে অন্যান্য বর্ণের ফুলও ফুটিয়া থাকে।

পরীক্ষা।—জার্ম্মাণীর ডাক্তার জিয়ার ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল বসন্তকালে সংগ্রহ করিয়া থেতো করিয়া, উহার রস ও সমপরিমাণে এল্‌কোহল দিয়া যথানিয়মে রাখিলে আমেরিকাম্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ-শক্তি ½।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

প্যালেডিয়ম্।

(Palladium)

সমসংজ্ঞা।—ইহার সাঙ্কেতিক চিহ্ন P.d.।

বিবরণ।—এই প্রকার ধাতু প্লাটীনমের সংমিশ্রণে প্রাপ্ত হওয়া যায়। প্লাটীনম হইতে প্রক্রিয়া বিশেষ দ্বারা ইহাকে পৃথক করিয়া লইতে হয়।

পরীক্ষা।—মহাত্মা হেরিং ইহা প্রথমে পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহা ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ। পরে তরল ক্রম ইত্যাদি।

প্যানেসিয়া আর্ভেন্সিস্।

(Panacea Arvensis)

সমসংজ্ঞা।—পুয়র ম্যান্‌স্ মার্কুরি।

জন্মস্থান।—এই উদ্ভিদটী ব্রেজিলে সচরাচর দেখা যায়।

বিবরণ।—ব্রেজিলের ডাক্তার মুর কর্ত্তৃক ইহা প্রথমে হোমিওপ্যাথিক ভৈষজ্য তত্ত্বে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা পাতা থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথানিয়মে ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

প্যানক্রিয়েটিনম্।

(Pancreatinum)

সমসংজ্ঞা।—প্যান্‌ক্রিয়েটিন্।

বিবরণ।—প্যান্‌ক্রিয়া গ্রন্থী বা ক্লোমগ্রন্থী উদর গহ্বরের বামদিকে অবস্থিতি করে। ইহা হইতে প্যান্‌ক্রিয়াটিক্ জুস্ বা ক্লোমরস নিঃসরণ হয়, এবং উহাতে ভুক্ত পদার্থের ষ্টার্চ বা শ্বেতসার জাতীয় পদার্থ পরিপাক্ ক্রিয়ার সহায়তা করে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—অধ্যাপক স্কেফার (Prof Scheffer) ১৭৮৫ খ্রীষ্টাব্দে গোজাতির প্যান্‌ক্রিয়া হইতে প্রক্রিয়া বিশেষ দ্বারা এই "প্যান্‌ক্রিয়েটিন্" প্রস্তুত করিয়াছেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

প্যারাফিন্

(Paraffin)

সমসংজ্ঞা।—প্যারাফিনম্।

বিবরণ।—বসা মিশ্রিত হাইড্রো কার্ব্বনাদি মিশ্রণের 'কঠিনাংশ' হইতে

ইহার উৎপত্তি হয়। অনেক সময় ইহা পিট্রোলিয়মের একটী উপাদান হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—এই পারাফিন্ হইতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

পেপেয়া।

(Papaya)

সমসংজ্ঞা।—কেরিকা পেপেয়া; পিপা বৃক্ষ বীজ ইত্যাদি।

জন্মস্থান।—মধ্য আমেরিকা ও ওয়েষ্ট ইণ্ডিস্ প্রভৃতি স্থানে পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—অপক্ক ফল হইতে টিঞ্চার প্রস্তুত হয়।

ইহার সকস্ (Succus) বা সারাংশ সর্ব্বদা ব্যবহৃত হয়। উহাতে ঔষধ দ্রব্য পাঁচ ভাগ সহ একভাগ স্পিরীট দিয়া প্রস্তুত করা হয়।

—*:*—

পেরেরা ব্রেভা।

(Pareira Brava)

সমসংজ্ঞা।—কন্ডডেণ্ড্রন্ টমেণ্টোসম; ককুলস্ কন্ডডেণ্ড্রন ইত্যাদি।

বিবরণ।—পর্ত্তুগীজ ভাষায় এই শব্দের অর্থ "ওয়াইল্ড্ ভাইন্ (Wild vine) বা বুনো দ্রাক্ষালতা।

এই বৃক্ষে বা উদ্ভিদে গন্ধ নাই, এবং ইহাতে তিক্তাস্বাদ আছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক মূল বিচূর্ণিত করিয়া উহার পাচগুণ এলকোহল দিয়া যথানিয়মে ভিজাইয়া অষ্টাহ পরে যথা নিয়মে ছাকিয়া ফিল্টার করিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

পেরিস্ কোয়াড্রিফোলিয়া।

(Paris Quadrifolia)

সমসংজ্ঞা।—একোনাইটম্ প্যারডালিয়াঞ্চাস্। হার্ব্বা পেরিস্; ট্রুলভ। ফক্সগ্রেপ।

জন্মস্থান।—রুসিয়ার-এসিয়া এবং ইয়ুরোপের ছায়াযুক্তস্থানে ও জঙ্গলে এই উদ্ভিদ জন্মে। ব্রীটনেও স্থানে স্থানে পাওয়া যায়।

বিবরণ।—বসন্ত ও গ্রীষ্মকালে ইহার ফুল ফুটে।

ঔষধার্থ সমস্ত বৃক্ষ গৃহীত হয়। ফুল হইলেই বৃক্ষ সংগ্রহ করা কর্ত্তব্য।

পরীক্ষা।—মহাত্মা হানিমান ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ থেতো করিয়া রস বাহির করত, উহার সম পরিমাণে এল্‌কোহল সহ একটী কাচের ছিপিযুক্ত বোতলে পুরিয়া অষ্টাহ রাখিতে হয়। তৎপরে উহা ছাকিয়া লইয়া আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{2}$।

ইহার প্রথম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মূলারিষ্ট, টিঞ্চার, ট্রিটুরেশন, গ্লিবিউল, পিল ইত্যাদি।

—*:*—

প্যাসিফ্লোরা ইন্‌কার্ণেটা।

(Passiflora Incarnata)

সমসংজ্ঞা।—মেপপ্; প্যাশন ফ্লাওয়ার (Passion flower) ইত্যাদি।

জন্মস্থান।—আমেরিকার মেরিল্যাণ্ড প্রভৃতি স্থানে এই লতান গাছটী জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ টাট্‌কা পত্রগুলি গৃহীত হয়। পাতাগুলি প্রথমে থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথানিয়মে রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এল্‌কোহলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

পালিনিয়া পাইনেটা।

(Paullinia pinnata)

সমসংজ্ঞা।—পলিনিয়া টিম্বু। টিম্বু সিপো।

জন্মস্থান।—ব্রেজিল দেশে ইহার জন্ম। ইহাকে গোয়ারা টিম্বু কহে।

পরীক্ষা।—ডাক্তার মূর কর্ত্তৃক ইহা হোমিওপ্যাথিতে প্রবেশাধিকার প্রাপ্ত হইয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার তাজা মূল থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া ষ্টপার্ড ফাইলে আটদিন ভিজাইয়া যথানিয়মে ফিল্‌টার করিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

পেন্থোরম্ সিডয়িডিস্।

(Penthorum Sedoides)

সমসংজ্ঞা।—ভার্জ্জিনিয়া ষ্টোন্ ক্রপ।

জন্মস্থান।—যুক্ত রাজ্যে এবং ক্যানেডায় ইহা প্রচুর জন্মিয়া থাকে।

বিবরণ।—জুলাই হইতে সেপ্টেম্বর মাস পর্য্যন্ত ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষক।—ইহা ডাক্তার মরো (D. Morrow) কর্ত্তৃক প্রথমে পরীক্ষিত হইয়াছিল।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাটকা গাছটী উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথানিয়মে আট দিন ভিজাইয়া উত্তম করিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

পেপ্‌সিন্।

(Pepsin)

বিবরণ।—পেপ্‌সিন্ দেখিতে পীতাভ কপিশ বর্ণ এবং এক প্রকার বিশেষ গন্ধযুক্ত। আস্বাদে লবণাক্ত। ইহা জলে ও এল্‌কোহলে সামান্য দ্রবিত হয়। অধ্যাপক স্কিফারের (Scheefer) প্রস্তুত পেপ্‌সিন উৎকৃষ্ট।

হোমিওপ্যাথিক ঔষধ ও ক্রম প্রস্তুতি।—বিশুদ্ধ পেপ্‌সিন হইতে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম্ শ্রেণীর নিয়মানুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

পিটিভেরিয়া টিট্রাণ্ড্রা।

(Petivaria Tetrandra.)

সমসংজ্ঞা।—পিটিভেরিয়া ম্যাপ্লা গ্রেভিওলেন্স। পিপি; আর্ভা, ডি পিপি ইত্যাদি।

জন্মস্থান।—ব্রেজিলে এই উদ্ভিদের জন্ম।

পরীক্ষা।—ডাক্তার ম্যানুয়েল্ ডুয়ার্ট মোরেরা কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার শুষ্ক মূল চূর্ণ করিয়া উহার পাঁচগুণ এল্‌কোহল দিয়া ভিজাইয়া যথানিয়মে আট দিন রাখিয়া ছাঁকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান—ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজশক্তি $\frac{1}{10}$। চতুর্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

পিট্রোলেটাম্।

(Petrolatum.)

সমসংজ্ঞা।—ভ্যাসালিন্; কসমোলিন্; জিওলিন্।

বিবরণ।—ইহা পিট্রোলিয়ম হইতে প্রক্রিয়া বিশেষ উৎপাদিত হইয়া থাকে। ইহাতে প্যারাফিন্ এবং কোল অয়েল্ বা মেটে তৈলাদি পদার্থ থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে, ৯ম শ্রেণীর নিয়মে—ইহার চূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

পিট্রোলিয়ম্।

(Petroleum.)

সমসংজ্ঞা।—ওলিয়ম পিট্রি। পিট্রোলিয়মের শোধিত তৈল। ওলিয়ম্ টেরি; ন্যাপ্‌থা মণ্টেনা। কোল অয়েল্। রক্ (Rock oil) অয়েল্।

বিবরণ।—নানা জাতীয়—তরল হাইড্রোকার্ব্বনকে এই আধ্যায় অভিহিত করা যায়। মহাত্মা হানিমান সাধারণ বাণিজ্যের তৈল (পিট্রোলিয়ম্) সল্‌ফিউরিক এসিড্ সহ আন্দোলিত করিয়া ব্যবহার করিয়াছিলেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এক ভাগ (ওজনে)—ক্রুড্ পিট্রোলিয়ম ৯৯ অংশ এলকোহলে দ্রব করিয়া লইতে হয়।

ইহার ঔষধশক্তি $\frac{1}{100}$। ৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

পরীক্ষক।—মহাত্মা হানিমান রেঙ্গুন রক অয়েল্ পরীক্ষা করিয়াছিলেন।

ব্রীটিশমতে, রেক্‌টিফাইড্ স্পিরীটে সলিউশন (১ ভাগে ১০ ভাগ দিতে হয়, তবে ১ × ক্রম হয়।)

পিট্রোসেলিনম্।

(Petroselinum)

সমসংজ্ঞা।—পিট্রোসেলিনম্ স্যাটাইভাম্; এপিয়ম হর্টেন্সিস্; পার্শ্লে ইত্যাদি।

জন্মস্থান।—এই উদ্ভিদটি দক্ষিণ ইয়ুরোপে জন্মিয়া থাকে।

বিবরণ।—ইহার ফুল ঈষৎ পীতাভ বর্ণ; বীজে টার্পিণ তৈলমত গন্ধ।

পরীক্ষা।—জার্ম্মানীর ডাক্তার বেথ মান্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—যখন ফুল ফুটিতে আরম্ভ হয়, তখন এই ভেষজ সংগ্রহ করিয়া উত্তম রূপে নিপীড়িত করিয়া উহার সমান ওজনে এলকোহল দিয়া যথানিয়মে রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে, ইহার ভেষজ শক্তি $\frac{1}{2}$।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এলকোহলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার, ট্রিটুরেশন; পিল; গ্লবিউল ইত্যাদি।

ফিলাণ্ড্রিয়ম একোয়েটিকাম্।

(Phellandrium Aquaticum)

সমসংজ্ঞা।—ইনান্থি ফিলাণ্ড্রিয়ম; ফেনিকিউলম্ একোয়াটিকাম্; ফাইভ্ লিভ্ড্। ওয়াটার হেমলক।

জন্মস্থান।—রুসিয়া ইয়ুরোপ প্রভৃতি—সকল স্থানে পুষ্করিণীতে জন্মে। ইংলণ্ড এবং আয়র্লাণ্ডে কম নহে।

বিবরণ।—গ্রীষ্মকালে ফুল ফুটে। সুপক্ক রস ঔষধার্থ গৃহীত হয়। সেপ্টেম্বর মাসে সংগ্রহ করিতে হয়।

পরীক্ষা।—ডাক্তার নেনিং ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক ফলগুলি বিচুর্ণিত করিয়া উহার পাঁচগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আট দিন ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—মাদার টিঞ্চার রেকটিফাইড্ স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

—:০:—

ফস্ফরস।

(Phosphorus)

সমসংজ্ঞা।—কোমল স্বচ্ছ ফস্ফরস ধাতু।

বিবরণ।—১৭৬৮ খৃষ্টাব্দে অস্থি হইতে এই রূঢ় পদার্থ প্রস্তুত হয়। পর বর্ষে সীল সাহেব উক্ত প্রক্রিয়ার উৎকৃষ্ট সাধন করেন। মুক্তাবস্থায় বা স্বভাবে (Free in nature) ফস্ফরস পাওয়া যায় না। যৌগিক রূপে পার্থিব উদ্ভিজ্জ ও জান্তব বিভাগে অবস্থিতি করে।

ধর্ম্ম।—নবজাত ফস্ফরস স্বচ্ছ, বর্ণহীন মোমের ন্যায় কোমল পদার্থ। রোস্থনেয় মত গন্ধযুক্ত। কিছুদিন পরে হরিদ্রা বর্ণে এবং কালক্রমে লোহিত ও কৃষ্ণবর্ণ হইয়া যায়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—। ১৭৬৮ খৃষ্টাব্দে মূত্র হইতে এই পদার্থ আবিষ্কৃত হয়। বাতির আকারে ইহা বাজারে বিক্রয় হয়। হোমিওপ্যাথিক ব্যবহারার্থ ইহা যথানিয়মে সংশোধিত করিয়া লইতে হয়।

পরীক্ষা।—সুস্থ দেহে মহাত্মা হানিমান ইহা সর্ব্বপ্রথমে পরীক্ষা করেন।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—শতকরা ৯৫ অংশের এল্‌কোহল সহ খানিকটা ফস্ফরস দিয়া একটী মুখ খোলা বোতলে রাখিয়া উষ্ণ জলের (Hot water bath) স্বেদে রাখিয়া ফস্ফরস দ্রবীভূত হইলে সজোরে নাড়িতে হইবে, তৎপরে উহা ছাকিয়া লইলে ফস্ফরসের মূলারিষ্ট প্রস্তুত হয়।

ইহার ভেষজ শক্তি $\frac{1}{১০০০}$।

অর্থাৎ ইহা তৃতীয় ক্রম শক্তিসম্পন্ন।

তৎপশ্চে ইহার দশবিন্দু ৯০ মিনিম এল্‌কোহলে (ষ্ট্রং) দিলে ৪ × বা ২য় ক্রম প্রস্তুত হয়।

দ্রষ্টব্য।—মহাত্মা হানিমানের **পুরাতন ব্যাধি** বা (Chronic Disease) নামক গ্রন্থে লিখিত আছে যে, ফস্ফরস বিচূর্ণ করা যায়। ফলতঃ এল্‌কোহল দিয়া যে দ্রব হয় ইহাই ভাল।

একভাগ বিশুদ্ধ ফস্ফরস একশত ভাগের ইথারে মিশাইলে ১ম ক্রম প্রস্তুত হয়। ইহার একভাগ সহ ৯ ভাগ এবসোলিউট্ এল্‌কোহল মিশাইলে ৩য় দশমিক ক্রম প্রস্তুত হয়। ইহা হইতে ২য় ক্রম এল্‌কোহল দিয়া প্রস্তুত করা যায়। ৬ষ্ঠ ক্রম না হওয়া পর্য্যন্ত ডাইলিউট এল্‌কোহল ব্যবহার করা কোনও মতে উচিত নহে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে—১মতঃ ইথারে যে সলিউশন প্রস্তুত হয়, উহাতে একগ্রেণ ফস্ফরসে ২০০ মিনিম ইথার থাকে।

২য়তঃ, সুরাসারে (এবসোলিউট্ এল্‌কোহলে) যে সলিউশন হয়, উহাতে ৫০০ মিনিমে একগ্রেণ ফস্ফরস থাকে।

এল্‌কোহলিক সলিউশন বা সুরাসারীয় দ্রব প্রস্তুত কালে কাকটি টিল করিয়া বোতলটী উষ্ণ স্বেদে বা উষ্ণ জলের তাপে রাখিতে হয়। ফস্ফরস গলিয়া যাইলে কর্কটী দৃঢ় করিয়া সজোরে নাড়িতে হয়।

এই জন্য ফস্ফরস সলিউশনে সর্ব্বদা একখণ্ড ফস্ফরসের ছড়ি (Stick of Phosph) নিমজ্জিত করিয়া রাখিতে হয়। কেন না তাহা হইলে উক্ত দ্রবের শক্তির অসম্পুর্ণ ভাব থাকে।

এই উভয়বিধ দ্রব পুনঃ পুনঃ প্রস্তত করা কর্ত্তব্য। এবং আম্বার বর্ণের কাচের ছিপিযুক্ত শিশিতে রাখা উচিত (৬য় ডিগ্রীর তাপে রাখিতে হয়, তাহা না হইলে তাপ কমিয়া যাইলে উহার শক্তি কমিয়া যায়।

৩×ক্রম করিতে ১০০০ মিনিমের অবশিষ্ট এল্‌কোহল মিশাইতে হয়। উপরে লিখিত রেকৃটিফাইড্ স্পিরীট দ্বারা প্রস্তত হয়।

ব্যবহার।—নিম্ন সলিউশন ইত্যাদি।

-*:*-

ফস্ফরস্ রুবার।

(Phosphorous Ruber)

সমসংজ্ঞা।—এমরফস্ ফস্ফরস। রেড্ ফস্ফরস।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সাধারণ ফস্ফরস ৪৮২ ডিগ্রীর উত্তাপে যেথানে অক্সিজেন নাই, এবং অনেকক্ষণ ধরিয়া উত্তপ্ত করিতে হয়। ইহাতে উহার বর্ণ লাল হইয়া যায়। এবং উহার গুণের তারতম্য ঘটে। ইহাতে গন্ধ থাকে না, সহজে দ্রব হয় না ; আপেক্ষিক গুরুত্ব বৃদ্ধি পায়, ৫০০ ডিগ্রীর উত্তাপ দিলে ইহা সাধারণ ফস্ফরসে পরিণত হয়।

এমরফস্ ফস্ফরস বায়ুতে রাখা যায়, এবং ইহা সহজে জ্বলিয়া যায় না। হোমিওপ্যাথিক ব্যবহার্য্য ইহা বিশোধিত করিয়া লইতে হয়।

পরীক্ষা।—ডাক্তার নোয়া (D Noah) এই ঔষধ সুস্থ দৈহিক পরীক্ষা করেন।

বিবরণ।—তিনি ইহা ১৮৮২ খৃষ্টাব্দে প্রকাশ করেন।

হোমিওপ্যাথিক ক্রম প্রস্তুতাদি।—আমেরিকান্ ফার্ম্মা-কোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে ইহা বিচূর্ণ ক্রম প্রস্তত হয়। কিন্তু দুগ্ধশর্করা এবং ফস্ফরসকে এলকোহল দিয়া সরস রাখিতে হইবে। সতর্কভাবে ফস্ফরস চিনিয়া সাবধানে এই বিচূর্ণ ক্রম না করিলে জ্বলিয়া উঠিয়া থাকে।

ফাইসস্টিগ্মা।

(Physostigma)

সমসংজ্ঞা।—ফাইসস্টিগমা ভিনেনোসম্। কেবাকেলা বারিকা। কেলেবার বিন। চপ্‌-নট্।

জন্মস্থান।—পশ্চিম আফ্রিকায় ইহার জন্ম। এই লতান উদ্ভিদটীর ফুল দেখিতে লাল।

পরীক্ষক।—ডাক্তার চেজ (Dr. Chase.) ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই ঔষধের বীজ ঔষধার্থ ব্যবহৃত হয়। বীজগুলি বিচূর্ণিত করিয়া উহাও পাঁচগুণ এল্‌কোহলে মিশাইয়া যথা নিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া পরিষ্কৃত করিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেক্টিফাইড্ স্পিরীটে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়। বিচূর্ণ।

ব্যবহার।—মাদার টিঞ্চার, ইত্যাদি। বিচূর্ণ ক্রমও হইয়া থাকে।

—:০:—

ফাইটোলেক্কা।

(Phytolacca)

সমসংজ্ঞা।—ফাইটোলেক্কা ডিকাণ্ড্রা। ফাইটোলেক্কা ভলসেরিস। পোক, পিজিয়ম্ রেটিকং আমেরিকান্ লাইডসেড্; কন্ ফ্রান্স্; কোকম্ পদার্থ জলাপ ইত্যাদি।

জন্মস্থান।—উত্তর আমেরিকা; ইয়ুরোপের দক্ষিণাংশে। পর্টুগাল; এবং আফ্রিকায় ইহা জন্মে।

বিবরণ।—বসন্তকালে ফুল ফুটিয়া থাকে। ঔষধার্থ ফলমূলাদি গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে, ইহার তাজামূল থেতো করিয়া উহার দ্বিগুণ এলকোহল দিয়া যথানিয়মে ছাকিয়া লইলে মাদার টিংচার প্রস্তুত হয়।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার দুই প্রকার টিঞ্চার প্রস্তুত হয়। ১মতঃ মূল হইতে যে টিঞ্চার হয় উহাতে ডাইলিউট এলকোহল দিতে হয়। ২য়তঃ পক্ক ফল হইতে যে টিঞ্চার প্রস্তুত হয়, উহাতে প্রুফ্ স্পিরীট প্রয়োজন হয়।

ফাইটোলেকিন্।

(Phytolaccin)

ইহাতে যে উপক্ষার আছে (Resonoid) উহার বিচুর্ণ প্রস্তুত হয়।

বিশেষ করিয়া কোন চিকিৎসক না লিখিয়া দিলে, **ফাইটোলেকা** বলিলে মূলের টিঞ্চার বুঝায়।

আমেরিকান্ মতে।—উহার ভেষজ শক্তি ১/১০। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল ইত্যাদি অথবা উপক্ষার হইতে বিচুর্ণ হয় ইত্যাদি।

—:০:—

পাইচুরিম্।

(Pichurim)

সমসংজ্ঞা।—নেক্টাণ্ড্রা পুচুরি মেজর। ফেবা পিচুরিম্। পিচুরিম্ বিনস্। সাসাফস নট

জন্মস্থান।—ব্রেজিলে এই উদ্ভিদ প্রচুর জন্মে। ঔষধার্থ ইহার বীজ সংগৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পক্ক বীজ বিচূর্ণিত করিয়া উহার পাঁচগুণ এল্‌কোহল দিয়া যথা নিয়মে ছাঁকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজ-শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—:**—

পাইলোকার্পিনম্ মিউরিয়েটিকাম্।

(Pilocarpinum Muriaticum.)

সমসংজ্ঞা।—হাইড্রোক্লোরেট্ অভ্ পাইলোকার্পিন। মিউরিয়েট অভ্ পাইলোকার্পিন্।

বিবরণ।—১৮৭৫ খ্রীষ্টাব্দে জেবরাণ্ডি পত্র হইতে এই উপক্ষার পদার্থটী প্রাপ্ত হওয়া যায়।

ইহা এল্‌কোহল, ইথার প্রভৃতিতে দ্রবনীয় (Soluble)। **মিউরিয়েট অভ্ পাইলোকার্পিন্** দেখিতে স্বচ্ছ, বর্ণহীন এবং দানা দানা, যাহা জলে দ্রবিত হইয়া যায়।

ক্রম প্রস্তুত প্রণালী।—মিউরিয়েট্ অভ্ পাইলোকার্পিন্ হইতে **আমেরিকান্ মতে** ১ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—*:*—

পিম্‌পিনেল্লা স্যাক্সিফ্রেগা।

(Pimpinella Saxifraga.)

সমসংজ্ঞা।—পিম্পিনেল্লা এল্‌বা,—হার্সিনি,—নষ্ট্রেটিস্ ইত্যাদি। বাই-বার নেল্। স্মল বার্ণেট্ স্যাক্সিফ্রেজ।

জন্মস্থান।—ইউরোপ খণ্ডে, ব্রীটনে ইহা অধিক জন্মে।

পরীক্ষক।—জার্ম্মাণ ডাক্তার—স্কেলিং ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল মে মাসে সংগ্রহ করিয়া থেতো করতঃ, উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল মিশাইয়া যথানিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—:*—

পাইনস্ সিলভেষ্ট্রিস্।

(Pinus Sylvestris)

সমসংজ্ঞা।—স্কচ্ ফার; স্কচ্ পাইন ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপে, সাইবিরিয়া এবং ম্যানচুরিয়ার পার্ব্বত্য স্থানে ইহা জন্মে।

পরীক্ষা।—ডাক্তার স্নিসিটজ্ ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পল্লবগুলি উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে আটদিন রাখিয়া ছাঁকিয়া লইলে, আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য-শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

পাইপার মিথিষ্টিকাম্।

(Piper Methysticum)

সমসংজ্ঞা।—ম্যাক্রোপাইপার মিথিষ্টিকাম্। আভা-আভা; কাভাকাভা।

জন্মস্থান।—এই উদ্ভিদ্ সাণ্ডুইক দ্বীপে এবং প্যাসিফিকের অন্যান্য দ্বীপে জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা মূল হইতে ঔষধ প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—মূলগুলি থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজ-শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেক্‌টিফাইড্ স্পিরীটে মূলারিষ্ট প্রস্তুত হয়।

—*:*—

পাইপার নাইগ্রাম্।

(Piper Nigrum)

সমসংজ্ঞা।—ব্লাক পিপার (Black Pepper); কালামরিচ।

জন্মস্থান।—মালবার, যাভা, সুমাত্রা বর্ণিও প্রভৃতি স্থানে ইহা প্রচুর পাওয়া যায়।

বিবরণ।—এই লতার ফলগুলি পাকিবার পূর্ব্বে শুষ্ক করিলে এইরূপ কাল মরিচ হয়; ইহাতে পিপারিণ নামক দানাযুক্ত বীর্য্য বা উপক্ষার ও বায়ী তৈল আছে।

পরীক্ষক।—ডাক্তার বেরিজ কর্ত্তৃক ইহা হোমিওপ্যাথিতে প্রবেশাধিকার প্রাপ্ত হইয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।- অপক্ব শুষ্ক ফলগুলি চূর্ণিত করিয়া উহার

পাঁচগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$, ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

প্লান্টেগো মেজর।

(Plantago Major)

সমসংজ্ঞা।—গ্রেটার প্লানটেন্। রিবগ্রাস্। ওয়ে-ব্রেড্ (**Way-bread**) ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপে এবং উত্তর আমেরিকায় এই উদ্ভিদ পথের ধারে জমিতে দেখা যায়; ইহার অসংখ্য বীজ হইয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার হেল্ জ্ কর্ত্তৃক ইহা পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা গাছ উত্তম করিয়া থেতো করিয়া ওজন করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথানিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ঔষধ শক্তি $\frac{1}{6}$। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মূল অরিষ্ট (প্রথম প্রক্রিয়া অনুসারে) প্রূফ স্পিরীটে হইয়া থাকে।

দ্রষ্টব্য।—যখন ফুল ফুটিতে থাকে তখন উহা সংগ্রহ করিয়া রাখিতে হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, টিঞ্চার—ট্রিটুরেশন; পিলিউল বা গ্লবিউল ইত্যাদি।

—*:*—

প্লাটিনা।

(Platina)

সমসংজ্ঞা।—প্লাটীনম্। প্লাটীনম্ মিটালিকাম্।

বিবরণ।—জ্যামেকা নিবাসী উড্ সাহেব দ্বারা এই ধাতুটি আবিষ্কৃত। মুক্তাবস্থায়, স্বর্ণ, রৌপ্য, তাম্র, ওসমিয়ম্ প্রভৃতি ধাতুর সহিত মিশ্রিত থাকে। খনিজ প্লাটীনমকে নাইট্রো-হাইড্রোক্লোরিক এসিডে দ্রবীভূত করিয়া স্বর্ণাদিকে পৃথক করা হয়।

প্রাপ্তিস্থান্।—ক্যালিফোর্ণিয়া, দক্ষিণ আমেরিকা, রুসিয়া প্রভৃতি স্থানে ইহা পাওয়া যায়।

ধর্ম্ম।—শুভ্রবর্ণ, চাকচিক্য বিশিষ্ট অতিশয় কঠিন পদার্থ। ইহার আপেক্ষিক গুরুত্ব ২১.৫।

পরীক্ষা।—ইহা মহাত্মা হানিমান কর্ত্তৃক প্রথমে পরীক্ষিত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ও ব্রাটিশ ফার্ম্মা-কোপিয়া মতে।—ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

আমেরিকান্ মতে।—অধঃ ক্ষিপ্ত ধাতুকে লইয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ।

৪র্থ ও তদূর্দ্ধ ক্রম টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন, পিল ইত্যাদি।

—:•:—

প্লাটীনম্ মিউরিয়েটিকাম্।

(Platinum Muriaticum)

সমসংজ্ঞা।—প্লাটিনিক ক্লোরাইড্। প্লাটীনা ক্লোরেট্; ক্লোরাস্ প্লাটীনিকাস্। মিউরিয়েট অভ্ প্লাটীনম্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—একোয়া রিজিয়া (অর্থাৎ হাইড্রোক্লোরিক এবং নাইট্রিক এসিডের সম্মিলন) বিশুদ্ধ প্লাটীনমের পাত মৃদুসন্তাপে দ্রব করিয়া যথা নিয়মে দানা বাধাইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে। একভাগ ওজনে বিশুদ্ধ প্লাটীনম ক্লোরাইড্ ৯৯ অংশ পরিস্রুত জলে দিয়া দ্রাবণ প্রস্তুত করিতে হয়।

উহার ভেষজশক্তি $\frac{1}{100}$। পঞ্চম শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—পরিস্রুত জলে দ্রব করিয়া ১× ও ১ম ক্রম; ৩× ও ৪× ডাইলিউট এলকোহলে; এবং তদূর্দ্ধক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

প্লাটীনা মিউরিয়েটিকা নেট্রো-নেটা।

(Platina Muriatica Natro-nata)

সমসংজ্ঞা।—প্লাটিনী এট নাইট্রি ক্লোরাইডম্। সোডিয়ম্ ক্লোরো প্লাটীনেট্ ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পারক্লোরাইড্ অভ্ প্লাটীনম এবং ক্লোরাইড্ অভ্ সোডিয়মের দ্রব সংযোগে ইহা প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুতপ্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে পরিস্রুত জলে ১× এবং ১ম ক্রম প্রস্তুত হয়। তৎপরে ৩× এবং ৪× ডাইলিউট এলকোহল এবং তদূর্দ্ধ ক্রম সকল রেক্টিফাইড স্পিরীটে প্রস্তুত হয়।

—*:*—

প্লেকট্রান্থাস্ ফ্রুক্টিকোসস্।

(Plectranthus Fructicosus).

সমসংজ্ঞা।—জার্ম্মানিয়া আর্টিসিকোলিয়া।

জন্মস্থান।—প্রথমে এই গন্ধযুক্ত উদ্ভিদ গুড্‌হোপ অন্তরীপে (cape of good hope) জন্মে; এক্ষণে জার্ম্মাণীর প্রত্যেক উদ্যানে ইহা জন্মিয়া থাকে, এখানে পালা-জ্বরের ইহা একটী টোটকা ঔষধ বলিয়া আদৃত।

পরীক্ষা।—অষ্ট্রেলিয়ার পরীক্ষক সম্প্রদায় কর্তৃক ইহা সুস্থ দেহে পরীক্ষিত হইয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই ভেষজের শুষ্ক চূর্ণসহ পাঁচগুণ এলকোহল দিয়া যথানিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে ইহার ভেষজ-শক্তি ১/১০। চতুর্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—*:*—

প্লম্বেগো লিটোরেলিস্।

(Plumbago Littoralis)

সমসংজ্ঞা।—প্লম্বেজিনেসি জাতীয় উদ্ভিদ বা গুল্ম। ইহাকে ব্রেজিলে পিকাও ডি প্রেয়া" কহে।

জন্মস্থান।—ব্রেজিলের রায়ো জেনেরো স্থানে অধিক হইয়া থাকে।

বিবরণ।—ডাক্তার মূর কর্তৃক হোমিওপ্যাথিতে ইহা প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাটকা পাতা লইয়া উত্তমরূপে কুট্টিত করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া আটদিন অন্ধকার ঘরে রাখিয়া যথানিয়মে মধ্যে মধ্যে নাড়া দিয়া, উত্তম করিয়া ফিলটার করিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্মাকোপিয়া মতে, ইহার ভেষজ শক্তি ১/৬। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

প্লম্বম্।

(Plumbum)

সমসংজ্ঞা।—প্লম্বম মিটালিকাম্; লেড্; সীসক।

উৎপত্তি বা বিবরণ।—মুক্তভাবে (স্বাভাবিক অবস্থায়) ইহা অতি

অল্প পরিমাণে পাওয়া যায়। ইহার যৌগিক রূপ যথা,—সলফাইড কার্ব্বোনেট, আর্সেনেট ইত্যাদি।

ধর্ম্ম।—ঈষৎ নীলাভ শ্বেত বর্ণ এবং সহজে কর্ত্তন করা যায়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ সীসা প্রাপ্তির জন্য তাড়িত প্রক্রিয়া (Galvanic process) অনুসরণ করা কর্ত্তব্য। ইহার সূক্ষ্ম পাতলা পাত প্রস্তুত করিয়া দুগ্ধ শর্করা সহিত ঘর্ষণ করিতে হয়।

পরীক্ষা।—জার্ম্মানীর ডাক্তার নেনিং, হেরিং, হার্টমান, বেথমান প্রভৃতি ইহা পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—বিশুদ্ধ সীসক হইতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহা বিচূর্ণ।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ। পরে তরল ক্রমাদি প্রস্তুত হইয়া থাকে।

—:০:—

প্লম্বম্ এসেটিকাম্।

(Plumbum Aceticum)

সমসংজ্ঞা।—প্লাম্বিক এসিটেট্। প্লম্বি এসিটাস্। সুগার অভ্ লেড্।

প্রস্তুত প্রক্রিয়া।—সীস শর্করা যাহা বাজারে সর্ব্বদা বিক্রীত হয় উষ্ণ পরিস্রুত জলে দ্রব করিয়া পুনশ্চ দানা বাঁধাইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে একভাগ (ওজনে) এসিটেট্ অভ লেড্, সহ ৯৯ ভাগ পরিস্রুত জলে মিশাইয়া দ্রাবণ প্রস্তুত করিতে হয়।

ইহার ভেষজ শক্তি $\frac{১}{১০০}$। ৫ম শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ হইয়া থাকে।

ব্রীটিশমতে।—বিচূর্ণ। সলিউশন পরিস্রুতজলে প্রস্তুত হইলে উহা ১×দ ক্রম হয় ১ম ক্রম জন্য ডাইলিউট্ এলকোহল; তদূর্দ্ধক্রম জন্য রেকটিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ; অথবা সলিউশন ১ম পর্য্যন্ত; তৎপরে টিঙ্কার ইত্যাদি।

প্লম্বম্ কার্ব্বনিকাম্।

(Plumbum Carbonicum)

সমসংজ্ঞা।—প্লম্বিক কার্ব্বনেট। কার্ব্বনেট্ অভ্ লেড। সিরুসা ইত্যাদি।

প্রস্তুত প্রক্রিয়া।—এসিটেট্ অভ্ লেড্ বা সীসা শর্করার সহ কার্ব্বনেট অভ্ সোডা একত্র করিয়া পরিস্রুত জলে সলিউশন করতঃ অধঃক্ষিপ্ত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ও ব্রীটিশ — উভয় ফার্ম্মাকোপিয়া-মতে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ, পরে টিঙ্কার।

—*:*

প্লম্বম্ আয়োডেটাম্।

(Plumbum Iodatum)

সমসংজ্ঞা।—প্লম্বিক আয়োডাইড্। আয়োডাইড্ অভ্ লেড্।

প্রস্তুত প্রক্রিয়া।—নাইট্রেট্ অভ্ লেড্ সহ অক্সেডাইড্ অভ্ পোটাসিয়ম্ অধঃপাতন অনুকূল প্রক্রিয়া বিশেষে প্রস্তুত হয়। তৎপরে উহা ফিল্টার করিয়া বিশুদ্ধ করিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ও আমেরিকান্—উভয় মতেই বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত টিঙ্কার, পরে তরল ক্রম।

-*:*—

প্লম্বম্ নাইট্রিকাম্।

(Plumbum Nitricum)

সমসংজ্ঞা।—প্লম্বিনাইট্রাস। প্লম্বিক নাইট্রেট্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ধাতব সীসক নাইট্রিক এসিড দ্রবে দিয়া তৎপরে উহাকে যথা নিয়মে পুনর্ব্বার দানা বাঁধাইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে—ইহা রেক্‌টিফাইড স্পিরীটে সলিউশন এবং ইহার ১ম ক্রম প্রস্তুত হয়। তদূর্দ্ধ ক্রম জন্যও রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হয়।

ব্যবহার।—টিঙ্কার; পিলিউল ইত্যাদি।

পডোফাইলাম্।

(Podophyllum)

সমসংজ্ঞা।—পডোফাইলাম্ পেল্টেটাম্। একোনাইট ফোলিয়াস্ হিউমিলিস্। মে এপেল্। ম্যাণ্ড্রেক্। গ্রাউণ্ড লেমনস্ ইত্যাদি।

জন্মস্থান—ইহা আমেরিকার পশ্চিম ও মধ্য বিভাগে জন্মিয়া থাকে।

বিবরণ।—ডাক্তার উইলিয়ম্‌সন কর্ত্তৃক ইহা হোমিওপ্যাথিক ক্ষেত্রে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

জুনমাসে ফুল ফুটিয়া থাকে; ঔষধার্থ মূল গৃহীত হয়। বসন্তকালে উহাকে সংগ্রহ করিয়া রাখা উচিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজামূল যথাসময়ে সংগ্রহ করিয়া উহা থেঁতো করিয়া উহাতে দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথা নিয়মে অন্ধকার গৃহে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্ম কোপিয়া মতে ইহার ঔষধ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—(১) শুষ্ক মূল হইতে এক প্রকার মাদার টিঞ্চার প্রস্তুত হয়। উহাতে ২০ ডিগ্রীর ওভার প্রুফ স্পিরীট প্রয়োজন

হয়। (২) তাজামূল হইতে দ্বিতীয় প্রকারের টিঞ্চার হয়, উহা আমেরিকা হইতে আনীত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন ইত্যাদি।

—:*:—

পডোফাইলিন্।

(Podophyllin)

সমসংজ্ঞা।—পডোফাইলামের উপক্ষার বা রেসিন্ (resin)।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—নিম্নলিখিত প্রক্রিয়া দ্বারা ইহা প্রস্তুত হইয়া থাকে ;—

পডোফাইলাম্ মূল· · ··এক পাউণ্ড। (চূর্ণ)

রেক্টিফাইড্ স্পিরীট······ ৩ পাইন্ট।

পরিস্রুত জল যথেষ্ট পরিমাণ (a Sufficient quantity)

হাইড্রোক্লোরিক এসিড্······ (ঐ)

বকযন্ত্র বা পার্কোরেশন দ্বারা চুয়াইয়া পডোপাইলামের উপাদান হ্রাস করিতে হয়। তৎপরে পরিস্রুত যন্ত্রের দ্বারা স্পিরীটের ভাগ পৃথক করিতে হয়। তৎপরে হাইড্রোক্লোরিক এসিডাদি যথানিয়মে সংযোগ করিয়া উক্ত উপক্ষার প্রস্তুত করা যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিচূর্ণ। ইহার রেকটিফাইড্ স্পিরীটে দ্রব বা সলিউশন প্রস্তুত হয়। উহাতে ১ ভাগে ১০ ভাগ স্পিরীট দিলে, উহাই মাদার টিঞ্চার হইয়া থাকে।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ; মাদার টিঞ্চার; ট্রিটুরেশন পিল, ইত্যাদি।

—:*:—

পলিগোনম্ হাইড্রোপিপারয়িডিস্।

(Polygonum Hydropiperoides)

সমসংজ্ঞা।—পলিগোনম্ মাইট্। মাইল্ড ওয়াটার পিপার।

জন্মস্থান।—আমেরিকার দক্ষিণ প্রদেশে জলাভূমিতে এই উদ্ভিদ জন্মে।

বিবরণ।—আগষ্ট এবং সেপ্টেম্বর মাসে ইহার ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—আমেরিকার ডাক্তার পেন্ (Payne) ইহার মূল আরক সেবন দ্বারা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার টাট্‌কা গাছ উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল লইয়া, একের ছয় ভাগ উহাতে মিশাইয়া পরে অবশিষ্ট এলকোহল দিয়া যথা রীতি আট দিন অন্ধকার গৃহে একটি বোতলে পুরিয়া রাখা উচিত। তৎপরে উহা ফিলটার করিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য-শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—*:*—

পলিগোনম্ পাংটেটাম্।

(Polygonum Punctatum)

সমসংজ্ঞা।—পলিগোনম্ হাইড্রো ইত্যাদি ওয়াটার স্মার্ট উইড্। ওয়াইল্ড স্মার্ট উইড্ ইত্যাদি।

জন্মস্থান।—আমেরিকার দক্ষিণ প্রদেশস্থ জলাভূমিতে ইহা প্রচুর জন্মিয়া থাকে। জুলাই ও সেপ্টেম্বর মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—সমস্ত টাট্‌কা উদ্ভিদ উত্তম করিয়া চুর্ণিত করিয়া উহা ওজনে যত হইবে, তাহার দ্বিগুণ এলকোহল লইবে। প্রথমে ষষ্ঠভাগ এলকোহল দ্বারা ঐ গাছড়া গুলি ভিজাইয়া পরে অবশিষ্ট এলকোহল ঢালিয়া দিবে। তৎপরে সমস্ত দ্রব্য একটী ষ্টপার্ড বোতলে পুরিয়া অন্ধকার গৃহে আটদিন ধরিয়া রাখিয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—সাধারণ নিয়মে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভৈষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল।

—*:*—

পপিউলস্।

(Populus)

সমসংজ্ঞা।—পপিউলস্ ট্রেমুলয়িডিস্; আমেরিকান্ আস্পেন্। ট্রেম্বিলং পাপ্‌লার ইত্যাদি।

জন্মস্থান।—উত্তর আমেরিকার পূর্ব্ব ও মধ্য বিভাগের অরণ্যময় প্রদেশে ইহা অধিক জন্মে।

পরীক্ষা।—ডাক্তার হেল এই ঔষধ ভৈষজ্য-ক্ষেত্রে প্রবিষ্ট করাইয়াছেন।

বিবরণ।—ঔষধার্থ ইহার আভ্যন্তরিক ত্বক ব্যবহৃত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ত্বকের ভিতরের অংশ উত্তম করিয়া নিস্পেষিত করিয়া, উহার দ্বিগুণ ওজনে এলকোহল সহ যথানিয়মে কয়েক দিবস ভিজাইয়া যথানিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ত্বক হইতে রেকটিফাইড্ স্পিরীটে দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

প্রপিলেমিনম্।

(Propylaminum)

সমসংজ্ঞা।—প্রপিলেমিন্। ট্রাইমেথি লেমিনা ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহা একপ্রকার তৈলবৎ এল্‌কালিন বা ক্ষার বর্ম্মযুক্ত পদার্থ, রাসায়নিক ভাবে উৎপন্ন করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—একভাগ ঔষধ পদার্থ ৯৯ অংশ পরিস্রুত জলে দিয়া দ্রব প্রস্তুত করিতে হয়।

আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ১/১০০। ৫ম শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

পোথস।

(Pothos)

সমসংজ্ঞা।—পোথস ফিটিডস্ বা ড্রেকন্সিয়ম ফিটিডস্।

ঔষধ ও ক্রম প্রস্তুতাদি নিয়ম।—"ড্রেকিন্সিয়ম" ঔষধ স্থলে দ্রষ্টব্য।

—•:•—

প্রুণস্ পেডস্।

(Prunus Padus)

সমসংজ্ঞা।—সিরেসস্ পেডস্। পেডস্ এভিয়ম। প্রুণস্ রেসিমোসা। পেডস্ ভল্গেরিস্, বার্ডচেরি।

জন্মস্থান।—সমগ্র ইয়ুরোপ, আফ্রিকায় উত্তরভাগে সাইবেরিয়া এবং পশ্চিম ভারতে এই গাছ সচরাচর জন্মিয়া থাকে।

বিবরণ।—মে-মাসে ফুলফুটে। ঔষধার্থ তাজা ত্বক প্রয়োজন হয়।

পরীক্ষক।—জার্ম্মণীর ডাক্তার লেম্বকী ইহার পরীক্ষক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—নবপল্লবের ত্বক্ বসন্ত কালে সংগ্রহ করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্কোহল দিয়া যথানিয়মে আট দিন রাখিয়া মাদার টিঙ্কার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—:•:—

প্রুণস্ স্পাইনোসা।

(Prunus Spinosa)

সমসংজ্ঞা।—একেসিয়া জার্ম্মানিকা। প্রুণস্ কমিউনিস্। প্রুণস্ ইনিষ্টিটিসিয়া। স্লো (Sloe)। ব্লাকথরণ।

জন্মস্থান।—প্রথম প্রথম ইহা ইংলণ্ডে পাওয়া যাইত, এক্ষণে ইহা আমেরিকা প্রভৃতির নানাস্থানে জন্মিতে দেখা যায়।

পরীক্ষা।—ডাক্তার ওয়ালি (Dr. Walhe) ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা ফুলের কুঁড়িগুলি থেঁতো করিয়া ওজন করতঃ উহার দুইয়ের তৃতীয়াংশ এলকোহল (Two thirds by weight) দিয়া যথানিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে ইহার ভৈষজ শক্তি।

দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রাটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার প্রুফ স্পিরিটে প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, ট্রিটুরেশন; পিল ইত্যাদি।

সোরাইনম্।

(Psorinum)

সমসংজ্ঞা।—ইহাকে নোসোড্ (Nosode) কহে।

বিবরণ।—প্রসিদ্ধ ডাক্তার হেরিং ইহার উৎপত্তি বিষয়ে নিম্নলিখিত বিবরণ প্রদান করিয়াছেন (নর্থ "এমেরিকান্ জর্নাল্ অভ্ হোমিওপ্যাথি" নামক মাসিক পত্রিকায় দ্বিতীয় খণ্ডে দ্রষ্টব্য, পত্রাঙ্ক ৩৬৬)।

ঔষধ প্রস্তুত বিবরণ।—"১৮৩০ খৃঃষ্টাব্দে একটী সুস্থ শরীর কাফ্রির (নিগ্রোর) কচ্ছুর পূযবটিকা হইতে (Pus from the itch-pustule) পূয সংগ্রহ করিয়াছিলাম। জার্ম্মানীর কতকগুলি দ্রব্য নাড়াচাড়া করিতে

করিতে তাহার উক্ত পীড়া হয়, উহা কচ্ছু কীট (acari) দ্বারা হইয়াছিল কি না বুঝা যায় নাই। হস্তের অঙ্গুলি প্রভৃতি স্থানে ঐ পূয বটিকাগুলি পীতাভ পূযে পূর্ণ হইয়াছিল। যেগুলিকে কণ্ডুয়ন দ্বারা চিহ্ন করা হয় নাই অর্থাৎ আরও অচিহ্ন পূয বটীকা হইতে সাত দিন ধরিয়া পূয লইয়া উহা এলকোহল সহযোগে শিশি মধ্যে রাখিলাম। উত্তমরূপে নাড়িয়া স্থিরভাবে রাখিয়া যথানিয়মে আমি টিঞ্চার প্রস্তুত করিলাম। এক্ষণে উহা দ্বারা সুস্থশরীরে পরীক্ষা আরম্ভ করিলাম এবং ইহার অসাধারণ শক্তি দেখিলাম। রোগেতে দিয়া আশ্চর্য্য উপকার দেখিয়াছি এবং কোন কোনও স্থানে রোগের কৃত্রিম বৃদ্ধি (aggravation) দেখিয়াছি।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—পূর্ব্বোক্ত প্রকারে প্রাপ্ত টিঞ্চার হইতে আমেরিকান্ মতে ৬ষ্ঠ শ্রেণীর (থ) নিয়মে ইহার ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—:*:—

টিলিয়া ট্রাইফোলিয়েটা।

(Ptelia Trifoliata)

সমসংজ্ঞা।—এমেরিস্ এলিমিফিয়া। টিলিয়া ভিটিসিফোলিয়া; ওয়াফার আস্। হপ্‌ট্রি, ইত্যাদি।

জন্মস্থান।—উত্তর আমেরিকারও পেন্সিল্‌ভ্যানিয়া হইতে উইন্ কন্‌সিস এবং দক্ষিণ দিকে, পার্ব্বত্য, এবং ছায়াযুক্ত স্থানে বা আর্দ্র ভূমিতে এই স্থাণু বা ভেষজ জন্মে।

বিবরণ।—জুন মাসে ফুল ফুটিয়া থাকে। ঔষধার্থ ত্বক গৃহীত হয়।

পরীক্ষক।—অধ্যাপক নিকল (Nichol) ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মূলের তাজা ত্বক লইয়া উত্তম করিয়া কুটিয়া রস বাহির করতঃ, উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আট দিন রাখিয়া, পরে ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার রেকটিফাইড্ স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার ; পিল ; গ্লবিউল ইত্যাদি।

—*:*—

পল্‌সেটিলা।

(Pulsatilla)

সমসংজ্ঞা।—পল্‌সেটিলা নাইগ্রিক্যানস। পল্‌সেটিলা প্র্যাটেন্সিস্। এনিমনি প্র্যাটেন্সিস্। হার্ব্বা ভেণ্টি। উইণ্ডফ্লাওয়ার ইত্যাদি।

জন্মস্থান।—জার্ম্মাণি, ফ্রান্স, ডেনমার্ক, স্থইডেন, এসিয়া, তুর্কিস্থান এবং ইংলণ্ডের দক্ষিণাংশে বালুকাময় প্রদেশে এই ভেষজ জন্মে।

বিবরণ।—বসন্তকালে এবং বর্ষাকালে ইহার ফুল ফুটিয়া থাকে। ঔষধার্থ সমগ্র বৃক্ষ প্রয়োজন হয়। ফুল হইলে বৃক্ষ সংগ্রহ করা কর্ত্তব্য।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ফুল হইলে এই বৃক্ষ লইয়া থেতো করিয়া, উহার দ্বিগুণ ওজনে এলকোহল মিশাইয়া যথানিয়মে একটী বোতলে পুরিয়া আট দিন অন্ধকার গৃহে রাখিয়া মধ্যে মধ্যে নাড়িয়া অবশেষে ছাকিয়া লইলে মাদার টিঞ্চার (আমেরিকান্) প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ স্পিরীট দিয়া ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

পল্‌সেটিলা নটালিয়েনা।

(Pulsatilla Nuttalliana)

সমসংজ্ঞা।—এনিমনি নুডো ভিসিয়েনা। ক্লিমেটিস্‌ হির্‌সটিসিমা। এনিমনি পেটেন্স। আমেরিকান্ পল্‌সেটিলা ইত্যাদি।

জন্মস্থান।—ব্রীটিশ আমেরিকায় এবং উত্তর আমেরিকার পার্ব্বত্য প্রদেশে এই বৃক্ষ জন্মে।

বিবরণ।—বসন্তকালে ইহার ফুল ফুটিয়া থাকে। ঔষধার্থ সমস্ত বৃক্ষ প্রয়োজন হয়। ফুল হইলে বৃক্ষ সংগৃহীতব্য।

পরীক্ষক।—ডাক্তার বার্ট ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বৃক্ষ সংগ্রহ করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল মিশাইয়া যথানিয়মে আট দিন রাখিয়া, ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ স্পিরীটে মাদার টিঙ্কার প্রস্তুত হয়; বা আমেরিকা হইতে মাদার টিঙ্কার আনীত হয়।

—•:•—

পিক্‌ন্যান্থিমম্ লিনিফোলিয়ম্।

(Pycnanthemum Linifolium)

সমসংজ্ঞা।—ভার্জ্জিনিয়া থাইম।

জন্মস্থান।—আমেরিকার পরিশুষ্ক স্থানে পাওয়া যায়। ইহা মাসাচুসেট হইতে আইয়োয়া (Iowa) পর্য্যন্ত নানা স্থানে জন্মিতে দেখা যায়।

বিবরণ।—ফুলগুলি আগষ্ট মাসে প্রস্ফুটিত হয়। উহারা দেখিতে শ্বেতবর্ণ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—তাজা বৃক্ষ থেতো করিয়া, উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া আট দিন ভিজাইয়া রাখিয়া পরে ছাকিয়া লইলে, আমেরিকান্ মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভৈষজ্য-শক্তি ১২। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—•:•—

পাইরস্ আমেরিকেনা।

(Pyrus Americana)

সমসংজ্ঞা।—আমেরিকান্ পার্ব্বতীয় ভস্ম (American Mountain ash) নামক বৃক্ষ।

জন্মস্থান।—আমেরিকার মধ্য ও পূর্ব্ব ভারতে পার্ব্বতীয় প্রদেশে এই পুষ্প বৃক্ষ জন্মে।

পরীক্ষক।—ডাক্তার গ্যাচেল্ (Gatchell) ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—এই বৃক্ষে ত্বক লইয়া উত্তম করিয়া পেষণ করতঃ দ্বিগুণ ওজনে এলকোহল ভিজাইয়া যথানিয়মে অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ১২। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

•:•—

কোয়াসিয়া।

(Quassia)

সমসংজ্ঞা।—কোয়াসিয়া এমেরা। পিক্রিনিয়া এক্সেলসা। বিটার অ্যাস্ (Bitter ash); বা বিটার উড্।

জন্মস্থান।—ইহা আমেরিকা, জার্ম্মানি ও ফ্রান্সে জন্মে।

পরীক্ষা।—ডাক্তার মুলার (অষ্ট্রেলিয়া বাসী) ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া—আমেরিকান্ মতে,—শুষ্ক শাখা প্রশাখা সহ বৃক্ষ কাণ্ড বিচূর্ণ করিয়া উহার পাঁচ গুণ এল্‌কোহল দিয়া যথানিয়মে ভিজাইয়া প্রত্যহ দুইবার সঞ্চালিত করিয়া পরে ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—✻:✻—

কুইলেইয়া স্যাপোনেরিয়া।

(Quillaia Saponaria)

সমসংজ্ঞা।—কুইলেইয়া। সোপ বার্ক ইত্যাদি।

জন্মস্থান।—পেরু এবং চিলিতে (Chille) এই বৃক্ষ জন্মে। ঔষধার্থ ইহার শুষ্ক ত্বক গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। আমেরিমান্ ফার্ম্মাকোপিয়া মতে।—শুষ্ক ত্বক চূর্ণ করিয়া উহার ওজনের পাঁচগুণ এলকোহল্ দিয়া যথানিয়মে আটদিন রাখিয়া পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে। ইহার ভেষজ শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

—✻:✻—

র‍্যানান্‌কুলস্ এক্রিস্।

(Rananculus Acris)

সমসংজ্ঞা।—র‍্যানান্‌কুলস্ কেলিফোর্ণিকস্। টল্ ক্রোফুট। টল বটার কাপ্ ইত্যাদি।

অপ্‌রাইট মেডো ক্রোফুট (ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া)

জন্মস্থান।—নিউ ইংলণ্ড এবং ক্যানেডার ময়দানে, ইহা সর্ব্বদা জন্মে।

বিবরণ।—জুন ও সেপ্টেম্বর মাসে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—জার্ম্মাণীর ডাক্তার ফ্রাঞ্জ (Franz) কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে,—অক্‌টোবর মাসে সংগৃহীত গাছড়া থেতো করিয়া রস বাহির করতঃ উহার সম পরিমাণে এলকোহল্ মিশাইয়া যথানিয়মে আটদিন ধরিয়া ভিজাইয়া ফিলটার করিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে,—ইহার ভেষজ শক্তি $\frac{1}{2}$।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—টাট্‌কা উদ্ভিদে প্রুফ্‌স্পিরীট সহযোগে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

র‍্যানান্‌কুলস্ বলবোসস্।

(Rananculus Bullbosus)

সমসংজ্ঞা।—র‍্যানানকুলস্ টীউবারোসস্। ক্রোফুট।

জন্মস্থান।—নিউ ইংলণ্ড দেশে ইহা প্রচুর জন্মে। এবং উত্তর স্কটলাণ্ড প্রভৃতি স্থানে অধিক পাওয়া যায়।

পরীক্ষক।—ডাক্তার ফ্রাঞ্জ ইহা সুস্থ শরীরে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজাগাছে (যখন ফুল হইতে থাকে) জুন মাসে সংগৃহীত করিয়া নিষ্কাষণ দ্বারা রস বাহির করতঃ উহার দ্বিগুণ ওজনে এলকোহল্ মিশাইয়া যথারীতি ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

১ম শ্রেণীর নিয়ম অনুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে। কেবল ৪০ বিন্দু মাদার টিঞ্চার ৬০ বিন্দু এলকোহলে (ডাইলিট) মিশাইয়া ১× করিতে হয়। এবং মাদার টিঞ্চার ৪ বিন্দু ৯৬ ফোটা ডাইলিউট এলকোহলে দিয়া ১ম শততমিক ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, টিঞ্চার ট্রিটুরেশন। পিল, গ্লবিউল ইত্যাদি।

—*:*—

র‍্যানান্‌কুলস্ ফ্লেমিউলা।

(Rananculus Flammula)

সমসংজ্ঞা।—রানাঙ্কুলস্ লিঙ্গুয়া। ক্ষুদ্র ও জলন্ত ক্রোফুট; মার্স বটার কপ, ইত্যাদি।

জন্মস্থান।—ক্যানাডা হইতে কেরোলিনা মধ্যবর্ত্তী স্থানে এই ঔষধি জন্মে।

বিবরণ।—ইহার ফুলগুলি উজ্জ্বল পীত বর্ণ।

পরীক্ষক।—জার্ম্মানির ডাক্তার ফ্রাঞ্জ ইহা হোমিওপ্যাথিক ভৈষজ ক্ষেত্রে প্রবিষ্ট করাইয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—মূল বাদ দিয়া সমস্ত বৃক্ষ থেতো করিয়া উহার সম পরিমাণ এলকোহল্ মিশাইয়া যথানিয়মে আটদিন ভিজাইয়া রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ইহার ভেষজ শক্তি ½।
১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার ডাইলিউট এলকোহলে প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মূল আরক; পিল, ইত্যাদি।

—*:*—

র‍্যানাঙ্কুলস্ রিপেন্স্

Ranunculus Repens.)

সমসংজ্ঞা।—র‍্যানাঙ্কুলস্ ল্যাম্বুগিসিস্। র‍্যানাঙ্কুলস্ টোমেণ্টোসস্ ক্রিপিং ক্রোফুট ইত্যাদি।

জন্মস্থান।—ইহা উপরোক্ত কয়েক প্রকারের র‍্যানাঙ্কুলসে ন্যায় বটে, কিন্তু ফুল প্রভৃতি বিভিন্ন। ইহা ছায়াযুক্ত স্থানে জন্মে।

পরীক্ষা ও বিবরণ।—এই ঔষধটি জার্ম্মানীর ডাক্তার ফ্রাঞ্জের দ্বারা ভৈষজ তত্বে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান মতে,—টাট্কা গাছ অক্টোবর মাসে সংগ্রহ করিয়া থেতো করিয়া যে রস বাহির হয় উহার সমান ওজনে এলকোহলে দিয়া একটী স্থানে আটদিন ভিজাইয়া পরে যথা নিয়মে ছাকিয়া লইলে, আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজশক্তি ⅓

প্রথম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে —ইহার মূল অরিষ্ট বা মাদার টিঙ্কার ডাইলুটেট্ এলকোহলে প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার; টিঙ্কার; পিল, ইত্যাদি।

—*:*—

র‍্যানাঙ্কুলস্ স্কেলেরোটাস্।

(Rananculuss Scelerotus.)

সমসংজ্ঞা।—র‍্যানাকুলাস প্যালুষ্ট্রীস্। হার্ব্ব সার্ডোয়া। মার্স ক্রেফুট। কার্সড্ ক্রোফুট ইত্যাদি।

জন্মস্থান।—ক্যানাডা হইতে জার্জ্জিয়ার আর্দ্র ভূমিতে ইহার জন্ম। সমগ্র ইয়ুরোপে এবং রুসিয়ান এসিয়াতে এবং ব্রীটনে জন্মে।

পরীক্ষা।—জার্ম্মাণ ডাক্তার ফ্রাঞ্জ ইহা পরীক্ষা করেন। গ্রীষ্মকালে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই ভেষজ অক্টোবর মাসে সংগ্রহ করিয়া—উত্তম রূপে নিষ্পেষণ দ্বারা রস বাহির করতঃ উহার দ্বিগুণ এলকোহলে দিয়া যথা নিয়মে আটদিন ভিজাইয়া রাখিয়া ছাঁকিয়া লইলে আমেরিকান (মাদার) টিঙ্কার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে। ঔষধ শক্তি ⅙

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটীশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঙ্কার, পিল ইত্যাদি।

—•:•—

র‍্যাফেনস্ স্যাটাইভাস্ নাইগার।

(Raphanus Sativus niger.)

সমসংজ্ঞা।—র‍্যাফেনস্ হর্টেন্সিস্। র‍্যাফেনস্ নাইগ্রাম। ব্লাক গার্ডেন ইত্যাদি।

জন্মস্থান।—ইহা চিনের দেশে অধিক হইত। এক্ষণে সমগ্র ইয়ুরোপে চাষ হয়।

বিবরণ।—বসন্তকালে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—ফ্রান্সের ডাক্তার নসার ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জুলাই মাসে পাতা সকল লইয়া থেতো করিয়া রস বাহির করতঃ উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথা নিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার মাদার টিঞ্চার প্রুফস্পিরীট দ্বারা প্রস্তুত হয়।

ব্যবহার—মাদার টিঞ্চার, টিঞ্চার, ট্রিটুরেশন পিল ইত্যাদি।

—*:*—

র‍্যাটানিয়া।

(Ratanhia)

সমসংজ্ঞা।—ক্রামেরিয়া।

জন্মস্থান।—পেরু ও ফেলিভিয়া।

বিবরণ।—ঔষধার্থ শুষ্ক মূল ব্যবহৃত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহা "ক্রামেরিকা" স্থানে দ্রষ্টব্য।

ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ স্পিরীটে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন ইত্যাদি।

রেসিনা ইটু।

(Resina Itu)

সমসংজ্ঞা।—ইটু (Itu)।

বিবরণ।-ব্রেজিলয়ান ডাক্তার মুরের মেটিরিয়া মেডিকা বা ভৈষজ্য তত্ত্বে এই ঔষধের উপক্ষার (Resin) বিষয়ে লিখিত আছে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণ,—পরে তরল ক্রম।

—০:০—

রিউম্।

(Rheum)

সমসংজ্ঞা—রিউম্ অফিসিনেলিস্। রুবার্ব্ব। রাবার্বেরম্। রিউম পামেটাম ইত্যাদি।

জন্মস্থান।—চায়না বা চিন দেশে। তিব্বতে এবং তুর্কিস্থানে ইহা জন্মে।

পরীক্ষা।—মহাত্মা হানিমান নিজে ইহা পরীক্ষা করেন।

বিবরণ—ঔষধার্থ মূল গৃহীত হয়। মূল আনীত হইয়া টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে **(ব্রীটিশ মতে)।**

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার মূল চূর্ণ সহ পাঁচগুণ এল্‌কোহল্ মিশাইয়া যথানিয়মে আটদিন রাখিয়া নাড়িয়া যথানিয়মে ছাকিয়া লইলে **আমেরিকান্** মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে— ইহার ভেষজ শক্তি $\frac{১}{১০}$।

৪র্থ শ্রেণীর নিয়মে মাদার টিঞ্চার হইতে ক্রম প্রস্তুত হয়।

৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; বিচূর্ণ; বটিকা।

রোডিয়ম্।

(Rhodium)

সমসংজ্ঞা বা উৎপত্তি বিবরণ।—ইহা এক প্রকার ধাতু বিশেষ; যে প্রকারে আইরিডিয়ম্ বিভিন্ন প্রকার দ্রব্যের সাহায্যে প্রস্তুত হয়, ইহাও তদ্রূপ প্রকারে উৎপন্ন করা যায়।

স্বরূপ।—উৎপন্ন রডিয়ম দেখিতে শ্বেতবর্ণ, স্পঞ্জের মত। ইহার আপেক্ষিক গুরুত্ব ১০.৬। ইহা অতিশয় ভগ্নপ্রবণ। ইহা সহজে বিচূর্ণিত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ। পরে যথা নিয়মে বিচূর্ণ হইতে তরল ক্রম বা টিঞ্চার আকারে পরিণত করা হয়। তখন ইহাতে গ্লবিউল, ও পিলিউল হইয়া থাকে।

—:০:—

রডোডেণ্ড্রন্।

(Rhododendron)

সমসংজ্ঞা।—রডোডেণ্ড্রন্ ক্রিস্যান্থিমম্। ইয়োলো ফ্লাউয়ার্ড রডো-ডেণ্ড্রন্। রোজ বে (Rose bay)।

জন্মস্থান।—সাইবেরিয়ার উচ্চতম পর্ব্বতে জন্মে এবং ককেসস্ ও ক্যামস্কাট্‌কায় পাওয়া যায়।

বিবরণ।—ঔষধার্থ শুষ্ক পত্র এবং মুকুল সকল প্রয়োজন হয় অর্থাৎ যখন ফুল ফুটে না। জার্ম্মানীর ডাক্তার সিডেল ইহা হোমিওপ্যাথিক্ ক্ষেত্রে প্রবেশ করাইয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক পত্রাদি বিচূর্ণ করিয়া উহার পাঁচগুণ ওজনে রেকটিফাইড স্পিরীট দিয়া ভিজাইয়া যথা নিয়মে আটদিন রাখিয়া ছাঁকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান—ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,।—যখন ফুল গুলি ঠিক প্রস্ফুটিত হয় না, তখন প্রুফ্ স্পিরীট দ্বারা ইহা হইতে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিলিউল ইত্যাদি।

—*:*—

রস এরোমেটিকা।

(Rhus Aromatica)

সমসংজ্ঞা।—ফ্রেগ্রাণ্ট সুমাক্। সুইট্সুমাক্। এনাকার্ডিয়াসি জাতীয় বৃক্ষ বিশেষ।

জন্মস্থান।—আমেরিকায় ভার্মণ্ট (Vermont) হইতে বরাবর পশ্চিম ও দক্ষিণ জঙ্গলে এই ক্ষুদ্র বৃক্ষ জন্মে।

বিবরণ।—এপ্রিল ও মে মাসে উহার ফুল প্রস্ফুটিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মূলের তাজা বল্কল থেতো করিয়া রস বাহির করতঃ উহার দ্বিগুণ ওজনে এলকোহল্ দিয়া যথানিয়মে আটদিন ভিজাইয়া রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,।—ইহার ভেষজ শক্তি ১/২।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

রস গ্লাব্রা।

(Rhus glabra)

সমসংজ্ঞা।—রস কেরোলিনেন্স্। রস এলিগ্যান্স্। সুমাক ইত্যাদি।

জন্মস্থান।—আমেরিকার যুক্তরাজ্যে ইহা প্রচুর জন্মে। ফুল গুলি দেখিতে সবুজাভ ও লাল।

বিবরণ।—জুন ও জুলাই মাসে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার মার্সাল্ (Marshall) ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের ত্বক লইয়া উত্তম করিয়া থেতো করিয়া রস বাহির করিতে হয়। তৎপরে উহা ওজন করিয়া উহার দ্বিগুণ এলকোহলে্ যথানিয়মে আটদিন ভিজাইয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভৈষজ্য শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার। টিঞ্চার; পিল; ইত্যাদি।

-:০:—

রস র‍্যাডিকান্স।

(Rhus Radicans)

সমসংজ্ঞা।—পয়জন আইভি। পয়জন ভাইন (Poison Vine)।

বিবরণ।—প্রথমতঃ রসটক্স ও রস্ র‍্যাডিকান্স এই দুইটী ভেষজে পরস্পর গোলযোগ হইত; রসটক্সের গাছগুলি একটু ছোট ছোট। কিন্তু রস র‍্যাডিকান্সি গাছ গুলি লম্বা সুতরাং একই জাতি বিভিন্ন রূপ। তৎপরে উহাদের উভয়ের পরীক্ষা পৃথকভাবে সম্পাদিত হইয়া বিভিন্ন লক্ষণ বাহির হইয়াছে। সুতরাং পৃথক পৃথক টিঞ্চার প্রস্তুত ও ব্যবহার করা হইতেছে।

পরীক্ষক।—যুক্ত রাজ্যের ডাক্তার জস্লিন্ ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্কা গাছটী থেতো করিয়া (জুন ও জুলাই মাসে) উহার রস বাহির করতঃ দ্বিগুণ ওজনে এল্কোহল মিশাইয়া যথানিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করা যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার মাদার টিঞ্চার ৪০ ওভার প্রুফ্ স্পিরীটে প্রস্তুত হয়। অথবা আমেরিকা হইতে আনীত হয়।

ব্যবহার।--মাদার, টিঞ্চার, ট্রিটুরেশন ইত্যাদি।

—*:*—

রস টক্সিকোডেণ্ড্রন্।

(Rhus toxicodendron)

সমসংজ্ঞা।—রস হিউমাইল। রস পিউবিসেন্স। রস টাক্সিকেরিয়ম। রস ভিরুকোসা। ভিটিস্ ক্যানাডেন্সিস্ মার্কুরি ভাইন। পয়জন গ্রাস্। পয়জন ওক।

জন্মস্থান।—উত্তর 'আমেরিকার ময়দানে ও জঙ্গলে জন্মে। অধুনা ইয়ুরোপে ইহা প্রবিষ্ট হইয়াছে।

বিবরণ।—এই ভেষজে সাবধানে হাত দিতে হয়। কেননা ইহাতে বিষাক্ত পদার্থ থাকে, এজন্য সাধারণতঃ স্পর্শ নিষেধ।

পরীক্ষক।—মহাত্মা হানিমান হোমিওপ্যাথিক ভেষজ্য তত্ত্বে উহাকে প্রবেশাধিকার দিয়াছেন। জুন ও জুলাই মাসে ফুল প্রস্ফুটিত হয়। ঔষধার্থ তাজা পাতা লইতে হয়। মে ও জুন মাসে উহা সংগৃহীতব্য। সূর্য্য অস্ত যাইলে পত্র গুলিতে হাত দিতে হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার তাজা ফল থেতো করিয়া উত্তম করিয়া চটকাইয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে অষ্টাহ ভিজাইয়া ছাকিয়া লইতে হয়। ইহাতে আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে মাদার টিঞ্চার হইতে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার ৪০ ওভার প্রুফ স্পিরীট দ্বারা প্রস্তুত করা হয়। অথবা মাদার টিঞ্চার নর্থ আমেরিকা হইতে আনীত হয়। (Proposed of imported from North America)।

ব্যবহার।—মাদার টিঞ্চার ট্রিটুরেশন; পিল, ইত্যাদি।

—*:*—

রস ভিনেনেটা।

(Rhus venenata)

সমসংজ্ঞা।—রস ভার্ণিকস। রস ভার্ণিসফিরা। পয়জন সুমাকা; পয়জন্ ডগউড্। পয়জন এলডার। ভার্ণিস্ট্রি, ইত্যাদি।

জন্মস্থান।—যুক্তরাজ্যের ক্যানাডা প্রভৃতি স্থানে আর্দ্র ভূমিতে ইহা জন্মে। জার্জ্জি বা জাপান লুইসিয়ানা স্থানেও আছে।

পরীক্ষা।—ডাক্তার বিউট্ (Dr Bute) ইহা পরীক্ষা করেন। জুন মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জুন হইতে আগষ্ট মাস মধ্যে পত্রাদি সংগ্রহ করা উচিত। সূর্য্য অস্ত যাইলে ইহা তুলিতে হয়।
পাতাগুলি থেতো করিয়া রস বাহির করতঃ উহা ওজন করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া আটদিন ভিজাইয়া পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার ৪০ ওভার প্রুফ্ স্পিরীট দ্বারা প্রস্তুত হয়। অথবা আমেরিকা হইতে আমদানী করা হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—:০:—

রিসিনস্ কমিউনিস্।

(Ricinus communis)

সমসংজ্ঞা।—রিসিনস্ এফ্রিকেনস্। রিসিনস্ ইয়ুরোপিয়ম্। রিসিনস্ লিভিডস্। রিসিনস্ ভিরিডিস্। পাল্‌মা খ্রীষ্টাই (Palme christi) ক্যাষ্টর অয়েল্ প্লান্ট। রেড়ির তেলের বৃক্ষ। ওলিয়ম রিসিনি দ্রষ্টব্য।

জন্মস্থান।—ইহা দক্ষিণ আমেরিকা, চিন দেশে এবং পূর্ব্ব ও পশ্চিম রাজ্যেতে প্রচুর জন্মে।

বিবরণ।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—(১) ইহার বীজ (Seeds) হইতে একপ্রকার টিঞ্চার হয়। এবং (২) পত্র হইতে আর এক প্রকার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—পক্কবীজ চূর্ণ করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া একটি কাচের ছিপিযুক্ত বোতলে পুরিয়া যথানিয়মে আটদিন ভিজাইয়া রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{১}{১০}$।

৪র্থ শ্রেণীর নিয়মে মাদার টিঞ্চার হইতে ক্রমাদি প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—১ম যে প্রকারে অর্থাৎ বীজ হইতে যে টিঞ্চার হয়, উহাতে রেক্টিফাইড্ স্পিরীট দিতে হয়। দ্বিতীয়তঃ, পত্র হইতে যে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে, উহাতে প্রুফ স্পিরীট প্রয়োজন হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল্ ইত্যাদি।

—*:*—

রোবিনিয়া।

(Robinia)

সমসংজ্ঞা।—রোবিনিয়া সিউডো একেসিয়া। সিউডো একেসিয়া ওডোরেটা। লোকষ্ট্রি। ইয়োলো লোকষ্ট ইত্যাদি।

জন্মস্থান।—আমেরিকার দক্ষিণ ও মধ্য ভাগে ইহা অধিক জন্মে। এখন ইয়ুরোপেও ইহার আবাদ হইতেছে।

পরীক্ষা।—ডাক্তার বার্ট ইহা প্রথমে সুস্থদৈহিক পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—নবপল্লব সমূহের ত্বক উত্তম করিয়া থেতো করিয়া রস বাহির হইলে উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আটদিন ভিজাইয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভৈষজ্য শক্তি ½। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—২০ ওভার প্রুফস্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল্ ইত্যাদি।

—:*:

রোসা সেণ্টিফোলিয়া।

(Rosa Centifolia)

সমসংজ্ঞা।—রোসা মিউকোসা। রোসা প্রভিন্সিয়ালিস্ রোজ। পেল্ রোজ। ক্যাবেজ রোজ ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপের দক্ষিণাংশে এবং পশ্চিম ভাগেও এই বৃক্ষ অধিক জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পুষ্প দল (Petals) লইয়া উত্তম করিয়া থেতো করিয়া উহার দুই তৃতীয়াংশ এলকোহল দিয়া সংপেষণ দ্বারা রস বাহির করিতে হয়। তৎপরে টিঞ্চার আটদিন এই অন্ধকার গৃহে রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ½। ২য় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*o*—

রোজমেরিনস্।

(Rosemarinus)

সমসংজ্ঞা।—রোজমেরিনস্ অফিসিন্যালিস্। হার্ব্বা এন্থস্ ইত্যাদি।

সাধারণ নাম।—সি-ডিউ (সামুদ্রিক শিশির)।

জন্মস্থান।—দক্ষিণ ইয়ুরোপ খণ্ডে এই ভেষজ প্রচুর জন্মে। ইহার ফুলে কর্পূর সদৃশ উগ্র ও উৎকৃষ্ট গন্ধ আছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ টাট্‌কা পাতা এবং পুষ্পমুকুল থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া, আটদিন রাখিয়া পরে যথানিয়মে ছাকিয়া লইয়া আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে.—ইহার ভেষজ শক্তি ১/১০।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

রড্‌বেকিয়া হার্টা।

(Rudbeckia Hirta)

সমসংজ্ঞা—কোন্ ফ্লাউয়ার। হেয়ারি রড্‌বেকিয়া। ইত্যাদি।

জন্মস্থান।—এই পুষ্পজাতীয় বৃক্ষ নিউইয়র্ক প্রভৃতির স্থানে প্রচুর জন্মে।

বিবরণ।—জুন ও জুলাই মাসে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই গাছে যখন ফুল হয়, তখন উহা লইয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া আট দিন ভিজাইয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:—

রিউমেক্স ক্রিস্‌পস্‌।

(Rumex Crispus)

সমসংজ্ঞা—রিউমেকস। কার্‌লড ডক।।গার্ডেন পেসেন্স ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপে এই বৃক্ষের আদি জন্মস্থান। গ্রীষ্মকালে ইহার ফুল হয়।

পরীক্ষা—ডাক্তার হেনরি হটন সাহেব কর্ত্তৃক ইহা প্রথমে পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই বৃক্ষের তাজামূল লইয়া উত্তম করিয়া থেতো করিয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরিট দ্বারা ১ম প্রক্রিয়া অনুসারে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

রুটা।

(Ruta)

সমসংজ্ঞা।—রুটা গ্রেভিয়োলেন্‌স্‌। রুটা ল্যাটিফোলিয়া। রু (rue); বিটার হার্ব্ব ইত্যাদি।

জন্মস্থান।—দক্ষিণ ইয়ুরোপে ইহার জন্ম। অধুনা সমস্ত ব্রীটনে আরোপিত হইয়া থাকে।

বিবরণ।—জুন হইতে সেপ্টেম্বর মাসে ফুল ফুটিতে থাকে। ফুল হইলে পর ঔষধার্থ গৃহীত হয়।

পরীক্ষা।—মহাত্মা সামুয়েল্ হানিমান পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থে তাজা বাকল লইয়া থেঁতো করিয়া রস বাহির করতঃ উহার সম পরিমাণে এল্‌কোহল মিশাইয়া যথারীতি অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ½।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—১ম প্রক্রিয়া অনুসারে প্রুফ্ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—:০:—

সাবেডিলা।

(Sabadilla)

সমসংজ্ঞা।—স্যাবেডিলা অফিসিনেরম্। (Veratrum Sabadlla) ভিরেট্রাম স্যাবেডিলা। ইণ্ডিয়ান্ কষ্টিকবার্ল।

জন্মস্থান।—মেক্‌সিকো প্রভৃতি স্থানে ইহা জন্মে।

ভিরাক্রুজ হইতে আনীত।

বিবরণ।—ঔষধার্থ বীজ গৃহীত হইয়া থাকে।

পরীক্ষা।—হানিমান ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধির বীজ গুলি চূর্ণ করিয়া উহার পাঁচগুণ এল্‌কোহল মিশাইয়া যথানিয়মে অষ্টাহ ধরিয়া ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ১/১০। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—২০ ডিগ্রির ওভার প্রুফ স্পিরীট দ্বারা ১ম প্রক্রিয়া অনুসারে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়। বিচূর্ণ ক্রমও প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন; ট্রিটুরেশন ইত্যাদি।

—*:*—

স্যাবাইনা।

(Sabina)

সমসংজ্ঞা।—সংক্ষিপ্তনাম স্যাভিন। জুনিপার স্যাবাইনা। স্যাবাইনা অাফিসিনেলিস্। ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপের দক্ষিণ এবং লেভান্টে। অাষ্ট্রিয়া সুইজারলাণ্ড, ফ্রান্স, ইটালি, নিউফাউণ্ডলণ্ড প্রভৃতি স্থানে এই ভেষজ অধুনা দেখা যাইতেছে।

পরীক্ষা।—মহাত্মা হানিমান ইহা পরীক্ষা করিয়াছেন।

বিবরন।—আমেরিকান্ মতে,—তাজা পাতা ঔষধার্থ গৃহীত হয়। এপ্রিল মাসে ছোট গাছ হইতে সংগৃহীতব্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পত্র ও নবপল্লবাদি থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া অষ্টাহ ভিজাইয়া যথারীতি ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—এপ্রেল ও মে মাসে পত্রাদি হইতে ৪০ ওভার প্রুফ্ স্পিরীট দিয়া ১ম প্রক্রিয়া অনুসারে মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়। রেক্টিফাইড্ স্পিরীটে ইহার তৈল মিশ্রিত করিয়া ১ x প্রস্তুত হয়, ইহার শক্তি ৫০ হইতে ১০০ গুণ অধিক।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে —ইহার ভেষজ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

স্যাক্কেরম্ অফিসিনেরম্।

(Sacharum Officinarum)

সমসংজ্ঞা।—স্যাক্কেরক এলবাম। কেন্ সুগার; হোয়াইট্ সুগার ইক্ষু চিনি; শর্করা।

জন্মস্থান।—দক্ষিণ ভারতবর্ষে ও ভারতবর্ষে প্রথমে জন্মে। এক্ষণে ইংলণ্ডে ও আমেরিকায় ইহার চাষ হইতেছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পরিপক্ক বা পুষ্ট ইক্ষুদণ্ডের পাপ বা কাণ্ড (stem) উত্তম করিয়া থেতো করিয়া উহার সঙ্গে দ্বিগুণ ওজনে ডাইলিউট এল্‌কোহল মিশাইয়া যথারীতি আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মতের মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅒।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

স্যালিক্স এল্‌বা।

(Salix Allba)

সমসংজ্ঞা।—শ্বেতবর্ণ উইলো (white willow) ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপে ইহা বেশী জন্মে। কিন্তু এক্ষণে যুক্ত রাজ্যে (ইউনাইটেড্ ষ্টেটস্) উহা জন্মিতেছে।

বিবরণ।—ইহার ফুল দেখিতে মন্দ নহে; বল্কল তিক্ত। ঔষধার্থ তাজা বল্কল প্রয়োজন হইয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বল্কল উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল মিশাইয়া যথারীতি আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া আমেরিকান্—ফার্ম্মাকোপিয়া মতে।—
ইহার ভেষজ শক্তি ১/১০।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার; পিল ইত্যাদি।

—:*—

স্যালিক্স নাইগ্রা।

(Salix Nigra)

সমসংজ্ঞা।—ব্লাক উইলো। কৃষ্ণবর্ণ উইলো।

জন্মস্থান।—এক্ষণে আমেরিকায় প্রচুর জন্মিয়া থাকে।

পরীক্ষা।—ডাক্তার রাইট (Dr. wright) কর্ত্তৃক ইহা পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বল্কল থেতো করিয়া দ্বিগুণ ওজনে এলকোহল ভিজাইয়া যথানিয়মে অষ্টাহ বাদে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—ইহার ভেষজ শক্তি ১/১০।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

স্যালিক্স পার্পিউরা।

(Salix purpura)

সমসংজ্ঞা।—পার্পেল বা বেগুণীয়া উইলো ইত্যাদি।

জন্মস্থান।—ইয়ুরোপের নিম্নভূমিতে এই জাতীয় ঔষধ জন্মে।

বিবরণ।—যুক্তরাজ্যের ডাক্তার ডন্‌কান কর্ত্তৃক ইহা পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,।—ইহার তাজা বল্কল ওজন করিয়া উহার দ্বিগুণ এল্‌কোহল দিয়া

ভিজাইয়া আট দিন পরে ছাকিয়া লইলে যে টিঞ্চার প্রস্তুত হয়। উহাকে স্যালিক্সের আমেরিকান্ মাদার টিঞ্চার কহে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ফর্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—•:•—

স্যাল্ভিয়া অফিসিন্যালিস্।

(Salvia Officinalis)

সমসংজ্ঞা।—সাধারণ নাম সেজ (Sage)।

জন্মস্থান।—এই ভেষজটী দক্ষিণ ইয়ুরোপের নানা স্থানে আবাদ হইয়া থাকে। ইহাতে এক প্রকার উৎকৃষ্ট গন্ধ আছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পত্রাদি থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কেহেল মিশাইয়া অন্ধকার গৃহে রাখিয়া যথানিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে মাদার হইতে উচ্চ ক্রমাদি প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—:o:—

স্যাম্বুকাস্।

(Sambucus)

সমসংজ্ঞা।—স্যাম্বুকস্ নাইগ্রা। সাধারণ নাম ইয়োরোপিয়ান্ এল্ডার (Elder)। বোরট্রি।

জন্মস্থান।—দক্ষিণ ইয়ুরোপ খণ্ডে, ইংলণ্ড এবং ওয়েল্‌সে ইহা অধিক জন্মিয়া থাকে।

বিবরণ।—ইহার ফল গোল গোল এবং বেগুনিয়া বর্ণ বিশিষ্ট। ফুল গুলি দেখিতে চ্যাপ্টা।

পরীক্ষা।—মহাত্মা হানিমান ইহা পরীক্ষা করেন। গ্রীষ্মকালে ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমভাগ পাতা ও ফুল একত্রে থেতো করিয়া রস বাহির করতঃ উহার সমান ওজনে এল্‌কোহল দিয়া যথানিয়মে অষ্টাহ দিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ½।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার প্রথম প্রক্রিয়া অনুসারে প্রুফ্ স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার —মাদার; টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

স্যাম্বুকস্ ক্যানাডেন্সিস্।

(Sambucus canadensis)

সমসংজ্ঞা।—ইহাকে "এলডার" (Elder) কহে।

জন্মস্থান—যুক্তরাজের জঙ্গলে এবং পতিত জমিতে এই গাছড়া অনেক জন্মায়। ফুল গুলি দেখিতে রমণীয় এবং গাছের একটী প্রীতিপ্রদ গন্ধ আছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—সম ভাগ ফুল ও পত্র লইয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল লইয়া যথানিয়মে মিশাইয়া অষ্টাহ রাখিয়া পরে ছাকিয়া লইলে বিশুদ্ধ আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মানুসারে মাদার হইতে উর্দ্ধ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; বটিকা ইত্যাদি।

—:০:—

স্যাম্বুকাস নাইগ্রা ই কর্টিস্।

(Sambucus Nigra E Cortex)

স্যাম্বুকাস্ নাইগ্রা বা ইয়ুরোপিনম্ এলডারের নবপল্লবের কচি ও তাজা বল্কল ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা ছাল লইয়া থেতো করিয়া উহার দুইয়ের তৃতীয়াংশ ওজনের এলকোহল দিয়া যথা নিয়মে ভিজাইয়া ৮দিন রাখিয়া ছাকিয়া লইলে যে টিঞ্চার প্রস্তুত হয় উহাকে আমেরিকান্ মাদার টিঞ্চার কহে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ½।

দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার; পিল ইত্যাদি।

-*:*-

স্যাঙ্গুইনেরিয়া।

(Sanguinaria)

সমসংজ্ঞা।—স্যাঙ্গুনেরিয়া ক্যানাডেন্সিস্। স্যাঙ্গুনেরিয়া ভার্ণলিস্; ব্লডরুট। রেডরুট। ইণ্ডিয়ান্ পেণ্ট। টীটার ওয়ার্টা, পাকুন ইত্যাদি।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—স্যাঙ্গুনেরিয়া গ্রাণ্ডিফ্লোরা।

বিবরণ।—মার্চ্চ মাসে ইহার ফুল হয়।

জন্মস্থান।—ক্যানাডা হইতে ফ্লোরিডা অবধি ইহা অধিক জন্মে।

পরীক্ষা।—যুক্তরাজ্যের ডাক্তার বুট (Bute) ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই গাছের তাজা মূল উত্তম করিয়া থেতো করিয়া ওজন করতঃ উহার দ্বিগুণ মাত্রায় এলকোহল দিয়া ভিজাইয়া যথা নিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভৈষজ্য-শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফস্পিরীট দিয়া ১ম প্রক্রিয়া অনুসারে মাদার টিঞ্চার প্রস্তুত হয়; এবং বিচূর্ণও হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার; চূর্ণ; পিল ইত্যাদি।

—:০:—

স্যাণ্টোনিনম্।

(Santoninum)

সমসংজ্ঞা।—স্যাণ্টোনিন্। স্যাণ্টোনাইন।

উৎপত্তি।—(Origin) স্যাণ্টোনিকার উপক্ষার হইতে ইহা প্রস্তুত হয়। ইহাকে আর্টিমিসিয়া মেরিটিমা বা সিনা বলিয়া থাকে ইহা রুসিয়া (Russia) হইতে আমদানি হয়।

ঔষধার্থ ইহার বীজ (worm-seed) ব্যবহৃত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার বীজ জলে দিয়া তৎসঙ্গে চূর্ণের চাক্তি করিয়া ফুটাইয়া হাইড্রো ক্লোরিক্ এসিড্ দিয়া অধঃ ক্ষিপ্ত করাইলে ইহা প্রস্তুত হয়। প্রথমে ইহা পরিস্রুত জলে ধৌত করিয়া পরে এমোনিয়া দিয়া ধৌত করিতে হয়। তৎপরে পুনশ্চ জলে তৎপরে উষ্ণ এল্কোহলাদি দিয়া পুনর্ব্বার দানা বাঁধাইতে হয়।

সতর্কতা। ইহা আম্বার বর্ণ শিশিতে রক্ষণীয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার বিচূর্ণ হয়; এবং রেক্টিফাইড্ স্পিরীটে উষ্ণ করিয়া ১ম দ্রব প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—একভাগ বিশুদ্ধ স্যাণ্টো-নিন্ ৯৯ অংশ এলকোহলে দ্রব করিতে হয়, উহার ভেষজ শক্তি ১/১০০। ৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়। ৭ম শ্রেণীর নিয়মেও বিচূর্ণ হইয়া থাকে।

ব্যবহার।—বিচূর্ণ; টিঙ্কার ইত্যাদি।

—*:*—

স্যাপো ডোমেষ্টিকাস্।

(Sapo Domesticus)

সমসংজ্ঞা। স্যাপো এনিম্যালিস্। কার্ড সোপ (Card Soap)।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। ইহা সোড়া এবং বিশুদ্ধ জান্তব বসা প্রভৃতির দ্বারা প্রস্তুত হইয়া থাকে (গ্লিসরিণ দ্রষ্টব্য)।

হোমিওপ্যাথিক ঔষধার্থ প্রস্তুত প্রকরণ।—ওজনে এক ভাগ কাড সোপ পঞ্চাশ ভাগ এল্কোহলে দ্রব করিয়া সলিউশন প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজ শক্তি ১/১০০। ৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে মাদার সলিউশন হইতে পরবর্ত্তী ক্রম প্রস্তুত হয়।

৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—বিচূর্ণ; টিঙ্কার ইত্যাদি।

—:**—

স্যারাসিনিয়া।

(Sarracenia Purpurea)

সমসংজ্ঞা।—স্যারাজিনা জিবোসা। স্যারাসিনিয়া হিটারো ফাইল। ইভস্ কাপ। ফ্লাই ট্রাপ। হণ্টস্ম্যান কপ্ (Huntsman Cup) ইত্যাদি।

জন্মস্থান।—ক্যানাডা এবং যুক্তরাজ্যের সরস জমিতে ইহা জন্মিয়া থাকে। ইহার মূলকাণ্ড (Rhizome) প্রায় এক ইঞ্চ।

বিবরণ।—জুন মাসে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষক।—ডাক্তার ডন্ কান্ ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছের ফুল প্রভৃতি লইয়া উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এল্‌কোহল দিয়া যথা নিয়মে আট-দিন ভিজাইয়া রাখিয়া ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার টিঞ্চার** প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি ½। তৃতীয় শ্রেণীর নিয়মানুসারে মাদার টিঞ্চার হইতে পরবর্ত্তী ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—:*:—

সার্সাপেরিলা।

(Sarsaparilla)

সমসংজ্ঞা।স্মাইলাক্স অফিসিন্যালিস। সার্সা। ইত্যাদি।

জন্মস্থান।—মধ্য বা সেণ্ট্রাল্ আমেরিকায় ইহা জন্মিয়া থাকে। মেক্সিকো প্রভৃতি স্থানে ইহা অধিক পাওয়া যায়। **ব্রাটিশ মতে** জ্যামেকান্ ও মেক্সিকান সার্সাই সর্ব্বোৎকৃষ্ট। **আমেরিকান মতে** হণ্ডুরাস প্রকারের সার্সা উৎকৃষ্ট।

পরীক্ষা।—মহাত্মা হানিমান ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—হণ্ডুরস প্রকারের সার্সার মূল শুষ্ক করিয়া চূর্ণ করতঃ উহার পাঁচগুণ এল্‌কোহল দিয়া আটদিন অন্ধকার গৃহে ভিজাইয়া রাখিয়া যথা নিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার প্রথম প্রক্রিয়া অনুসারে প্রুফ্ স্পিরীট দিয়া প্রস্তুত হয়।

বিচূর্ণ ক্রমও প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার—মাদার টিঞ্চার; ট্রিটুরেশন ইত্যাদি।

—*:*—

সাসাফ্রাস।

(Sassafras)

সমসংজ্ঞা।—সাসা ফ্রাস অফিসিনেলি।

জন্মস্থান।—এই ভেষজ উত্তর আমেরিকায় মেক্সিকো উপসাগরের সন্নিকটে জন্মে। ইহার উত্তম ফুল হইয়া থাকে।

বিবরণ।—ভারতবর্ষ নেপালে ইহা জন্মে। ধনীলোকেরা চর্ব্বনার্থ পানের সঙ্গে ব্যবহার করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

সিলা।

(Scilla)

সমসংজ্ঞা।—সিলামেরিটমা। সিপা মেরিনা। স্কুইলা হিস্পানিকা। স্কুইলা। সি ওনিয়ন (Sea Onion) ইত্যাদি।

জন্মস্থান।—এই ভেষজ ভূমধ্য বা মেডিটেরিনিয়ান্ সাগরের উপকূলে জন্মে

বিবরণ।—দুই প্রকারের গাছ আছে; এক প্রকারের কন্দ শাদা, অপরের কন্দ লাল। লালাভগুলিই হোমিওপ্যাথিক ক্ষেত্রে ব্যবহৃত হয়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা কন্দ (মূল—bulb) উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া উত্তম করিয়া মাখিয়া আট দিন ভিজাইয়া পরে যথানিয়মে ছাকিয়া লইলে যে মাদার টিঞ্চার প্রস্তুত হয়, তাহাকে আমেরিকান মাদার টিঞ্চার কহে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ½।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে। ১ম ক্রম জন্য ডাঃ এলকোহল প্রয়োজন হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—দ্বিতীয় প্রক্রিয়া অনুসারে প্রফ-স্পিরীট দিয়া ইহার মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

স্ক্রফিউলেরিয়া একোয়াটীকা।

(Scrophularia Aquatica)

সমসংজ্ঞা।—ওয়াটার বিটনি; ওয়াটার ফিগ্‌ওয়ার্ট।

বিবরণ।—ঔষধার্থ সমগ্র গাছ গৃহীত হয়। ইহারা দেখিতে "স্ক্রফিউলেরিয়া নডোসার" সদৃশ।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এলকোহলে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

স্ক্রফিউলেরিয়া মেরিল্যাণ্ডিকা।

(Scrophularia Merilandica)

সমসংজ্ঞা।—ফিবার উইড্ (fever weed)।

জন্মস্থান।—উত্তর আমেরিকায় এই জাতীয় ভেষজ অধিক জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ পত্র গৃহীত হয়। ইহাতেই টিঙ্কার প্রস্তুত করা হইয়া থাকে।

ব্যবহার।—টিঙ্কার, পিল ইত্যাদি।

—*:*—

স্ক্রফিউলেরিয়া নোডোসা।

(Scrophularia Nodosa)

সমসংজ্ঞা।—গ্যালিয়োপ্সিস্। ওসিমাষ্ট্রম্। কার্পেণ্টারস স্কোয়ার। হিল্ অল্। স্ক্রফুলা প্লাণ্ট।

জন্মস্থান।—ইয়ুরোপে, যুক্তরাজ্যে এবং ক্যানাডার আর্দ্র ভূমিতে এই বৃক্ষ প্রচুর জন্মে।

বিবরণ।—জুন ও আগষ্ট মাসে ফুল প্রস্ফুটিত হয়।

পরীক্ষক।—এই ঔষধ জার্ম্মানীর ডাক্তার ফ্রাঞ্জ পরীক্ষা করিয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—যখন ফুল হইতে থাকে তখন সমস্ত বৃক্ষ সংগ্রহ করিয়া উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে যে টিঙ্কার হয়, ইহাকেই আমেরিকান্ মাদার টিঙ্কার কহে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এলকোহলে মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ব্যবহার—টিঙ্কার; পিল ইত্যাদি।

—*:*—

স্কুটেলেরিয়া।

(Scutellaria)

সমসংজ্ঞা।—স্কুটেলেরিয়া লেটিরিফ্লোরা। স্কল্ ক্যাপ্। ব্লু পিম পার্নেল। ম্যাড ডগ্ স্কল-ক্যাপ (mad dog skull-cap) ইত্যাদি।

জন্মস্থান।—যুক্তরাজ্যে এই ভেষজ প্রচুর জন্মে।

বিবরণ।—জুলাই ও আগষ্ট মাসে ফুল প্রস্ফুটিত হয়।

পরীক্ষা।—ডাক্তার গর্ডন ইহা পরীক্ষা করিয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত টাট্‌কা গাছটী উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে যে টিঞ্চার হয়, উহাকেই আমেরিকান্ মাদার টিঞ্চার কহে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅟১₀। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*০*—

সিকেলি কর্ণুটাম।

(Secale Cornutum)

সমসংজ্ঞা।—আর্গটা। এসিনিউলা ক্লেভস্। স্পার্নোয়িডিয়া ক্লেভস্। আর্গট অভ রাই।

সাধারণ নাম।—কক্ স্পার। আর্গট্; হরনড্ রাই (rye) ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা আর্গট সরস ও উষ্ণকালে সংগ্রহ করিয়া উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ এলকোহল্ মিশাইয়া যথা নিয়মে আট দিন ভিজাইয়া যথারীতি ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅟১₀। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে—প্রথম প্রক্রিয়া মতে প্রুফ্ স্পিরীট সহযোগে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে। ইহার এক প্রকার "লিকুয়িড্ এক্‌ষ্ট্রাক্ট" প্রস্তুত হইয়া থাকে। আর্গট চূর্ণ এক পাউণ্ড; ইথার এক পাইণ্ট এবং পরিস্রুত জল ৩½ পাইণ্ট। ৮ আউন্স প্রুফ স্পিরীট যথানিয়মে ইহাদের সম্মিলনে ইহা প্রস্তুত হয়।

ব্যবহার।—ইহার মাদার, টিঞ্চার, পিল, বিচূর্ণ বা লিকুয়িড এক্‌ষ্ট্রাক্ট ইত্যাদি।

—:*:—

সিডি্‌নহা।

(Sedinha)

সমসংজ্ঞা।—এক প্রকার ঔষধি বিশেষ।

বিবরণ।—রায়ো জেনেরোর সন্নিকটবর্ত্তী স্থানে সাধারণতঃ পাওয়া যায়। ব্রেজিলের ডাক্তার মুর ইহাকে হোমিওপ্যাথিক ভৈষজ্য ক্ষেত্রে প্রবেশাধিকার দিয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার তাজা পাতা উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আট দিন রাখিয়া উত্তম করিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

সিডম্ একার্।

(Sedum Acre)

সমসংজ্ঞা।—সেম্পার ভাইভম্ মাইনরিস্। মোসি ষ্টোন ক্রপ্ ইত্যাদি।

জন্মস্থান—এই ক্ষুদ্র গাছগুলি প্রথমে ইয়োরোপেই হইত, কিন্তু এক্ষণে যুক্তরাজ্যে ইহার আবাদ হইয়াছে। ইহার পুষ্প হইয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—যখন এই ক্ষুদ্র স্থাণুর পুষ্পোদ্গম হয়, তখন ইহাকে উত্তোলিত করিয়া উত্তম করিয়া নিষ্পেষিত করতঃ উহার দ্বিগুণ ওজনে এলকোহল মিশাইয়া যথারীতি আট দিন রাখিয়া ছাকিয়া লইলে যে টিঞ্চার প্রস্তুত হয়, উহাই **আমেরিকান্ মাদার টিঞ্চার।**

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে মাদার টিঞ্চার হইতে ক্রম বা পরবর্ত্তী শক্তি প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার; ইত্যাদি।

—*:—

সেলেনিয়ম্।

(Selenium)

সমসংজ্ঞা।—সংক্ষিপ্ত নাম—সেলেন (Selen)।

বিবরণ।—গন্ধকের ন্যায় ইহা একটী নন্ মিটালিক্ পদার্থ বা অধাতব বস্তু। সলফরের সহিত ইহার রাসায়নিক সাদৃশ্যও দেখা যায়। সলফরের সঙ্গে সম্মিলিত ভাবেও পাওয়া যায়।

পরীক্ষক।—মহাত্মা হেরিং ইহা পরীক্ষা করেন।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ও ব্রীটিশ উভয় ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৬× পর্য্যন্ত বিচূর্ণ, পরে টিঞ্চার প্রস্তুত হয় ইত্যাদি।

—:*:—

সেম্পারভাইভম্ টেক্টোরম্।

(Sempervivum Tectorum)

সমসংজ্ঞা।—হাউস্ লিক্।

জন্মস্থান।—সমগ্র ইয়োরোপে এই ভেষজ জন্মিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মুকুলের পূর্ব্বে গাছ সংগ্রহ করিয়া উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল মিশাইয়া যথানিয়মে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; বটিকা ইত্যাদি।

—:০:—

সেনেসিয়ো অরিয়স্।

(Senecio Aureus)

সমসংজ্ঞা।—ভার সেনেসিও গ্রেসেলিস্। গোলডেন্ র‍্যাগওয়ার্ট। লাইফ রুট্ ইত্যাদি।

জন্মস্থান।—যুক্তরাজ্যের উত্তর ও পশ্চিমাংশে সরস ভূমিতে ইহা জন্মে।

পরীক্ষক।—ডাক্তার স্মল ইহা পরীক্ষা করেন।

বিবরণ।—ইহার ফুল মে ও জুন মাসে প্রস্ফুটিত হয়। ঔষধার্থ সমস্ত গাছটী লওয়া হয়। ফুলের সময় গাছ গৃহীতব্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া আট দিন ভিজাইয়া পরে ছাকিলে যে টিঞ্চার প্রস্তুত হয় উহাই আমেরিকান্ মাদার টিঞ্চার।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রথম প্রক্রিয়া সাহায্যে প্রুফ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ইহার উপক্ষার—সেনেসিন (Senecin) বিচূর্ণ।

ব্যবহার।—মাদার, টিঞ্চার; পিল ইত্যাদি।

মন্তব্য।—ডাক্তার হেল্ বলেন যে সেনেসিও অরিয়ম্ সহিত সেনেসিও গ্রেসেলিস একটু বিভিন্ন. শেষোক্ত সেনেসিওটী দেখিতে সভিঙ্গা (Slender) মত।

—:*:—

সেনেগা।

(Senaga)

সমসংজ্ঞা।—পলি গালা সেনেগা। র‍্যাটালস্নেক্। মিল্ক ওয়ার্ট। সিনিকা ইত্যাদি।

জন্মস্থান বা বাসস্থান।—উত্তর আমেরিকা। **ব্রীটিশ মতে,**—শুষ্ক মূল আনীত হইয়া ঔষধ প্রস্তুত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক মূল চূর্ণ করিয়া উহার ওজনে পাঁচগুণ এলকোহল দিয়া যথানিয়মে আট দিন রাখিয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটীশ ফার্ম্মাকোপিয়া মতে।—১ম প্রক্রিয়া অনুসারে প্রুফ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার; পিল ইত্যাদি।

—:*—

সেন্না

(Senna)

সমসংজ্ঞা।—কেসিয়া একিউটিফোলিয়া। কেসিয়া ল্যান্সিও লেটা।

জন্মস্থান। -নর্থ আফ্রিকা, মিসর নুবিয়া প্রভৃতি স্থানে এই বৃক্ষ বা ক্ষুদ্র গাছড়া জন্মে।

বিবরণ।—ইহার ফুলগুলি পীতবর্ণ। ইহার পত্রাদি যাহা বাজারে বিক্রয়ার্থ আইসে উহাকে এলেকজাণ্ড্রিয়া সেনা কহে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার শুষ্ক পত্র গুলি উত্তম করিয়া থেতো করিয়া শিশিতে পুরিয়া উহাতে উহার পাঁচগুণ এলকোহল্ মিশাইয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার প্রুফ্-স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

সিপিয়া।

(Sepia)

সমসংজ্ঞা।—সিপিয়া অক্টোপস্। সিপিয়া সকস্। সিপিয়া অফিসিন্যালিস্। স্কুইড্। কটল্ ফিস্।

জন্মস্থান।—ইয়ুরোপিয়ান্ ভূমধ্যসাগরের জল জন্তু বিশেষ।

বিবরণ।—ঔষধার্থ কৃষ্ণবর্ণ তরল পদার্থ গৃহীত হয় (Inky juice of the cutle fish)। ইহার উপরস্থিত কোষের মধ্যে কৃষ্ণবর্ণ পদার্থ থাকে।

পরীক্ষা।—মহাত্মা হানিমান ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া। আমেরিমান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার বিশুদ্ধ চুর্ণ পাঁচগুণ ডাইলিউট এলকোহল্ সহ একটী বোতলে পুরিয়া

যথানিয়মে আটদিন পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ—শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ প্রস্তুত হইয়া থাকে। অনেকে এই বিচূর্ণ ই পছন্দ করেন।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহা প্রথমে বিচূর্ণ (১× হইতে ৬× পর্য্যন্ত); তৎপরে ইহা তরল ক্রম হইয়া থাকে।

ব্যবহার।—চূর্ণ টিঞ্চার ইত্যাদি।

—*:*—

সার্পেণ্টেরিয়া।

(Sarpentaria)

সমসংজ্ঞা।—ভার্জ্জিনিয়া স্নেক্ রুট্। এরিষ্টোলোকিয়া সার্পেণ্টেরিয়া ইত্যাদি।

জন্মস্থান—আমেরিকার পেন্সিলভ্যানিয়া হইতে ইলিনয়িস্ পর্য্যন্ত সমস্ত স্থানেই ইহা জন্মিয়া থাকে।

বিবরণ।—ইহার ফুল জুন ও জুলাই মাসে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষক।—ডাক্তার জর্গ (Dr. Jorg) ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—শুষ্ক মূল চূর্ণ করিয়া উহার পাঁচগুণ এল-কোহল মিশাইয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার প্রুফ্ স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

সাইলিসিয়া।

(Silicea)

সমসংজ্ঞা।—সিলিকা; সিলিসিয়া। সিলিসিয়া টেরা। সাইলেক্স। এসিডম্ সাইলিকিকাম্।

বিশুদ্ধ বালুকা কণা। বালু যুক্ত কৰ্দ্দম ইত্যাদি।

পরীক্ষক।—মহাত্মা হানিমান।

বিবরণ।—মহাত্মা হানিমান নিম্নলিখিত প্রকারে ইহা প্রস্তুত করিতেন; পার্ব্বতীয় দানা (Mountain Crystal) অৰ্দ্ধ আউন্স লইয়া উত্তাপে দিয়া লইতে হয়। অথবা সাদা বালুকা লইয়া উহা ভিনিগারে পরিষ্কৃত করিয়া লইতে হয়। তৎপরে উহা নেট্রাম সহ সংযোগ করিয়া যথানিয়মে প্রক্রিয়া বিশেষ দ্বারা ইহা প্রস্তুত করা যায়। এতদ্ব্যতীত নিম্ন লিখিত নিয়মেও ইহা প্রস্তুত করা যায়।

সাইলিসিয়া চূর্ণ একভাগ; শুষ্ক কার্ব্বনেট অভ্ সোডা ৪—চারিভাগ; এই চারিভাগ সোডিয়ম্ কার্ব্বনেট জ্বালাইয়া দিয়া যথানিয়মে ইহা প্রস্তুত করা যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ মতে,**—বিশুদ্ধ সাইসিয়া হইতে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ। পরে তরল ক্রম ইত্যাদি।

—*:*—

সিল্‌ফিয়ম্ ল্যাসিনিয়েটাম্।

(Silphium Laciniatum)

সমসংজ্ঞা।—রোসিন্ উইড্। কম্পাস প্লাণ্ট। পাইলট্ উইড্ (pilot Weed)।

জন্মস্থান।—আমেরিকার ইলিনয়িস্ এবং উইস্‌কনসিন্ প্রভৃতি স্থানে ইহা প্রচুর জন্মিয়া থাকে।

বিবরণ।—জুলাই মাসে ইহার পীত বর্ণের ফুল ফুটিয়া থাকে। ইহার পত্রের গঠন দেখিয়া ইহাকে এই নাম দেওয়া হইয়াছে। উত্তর ও দক্ষিণ দিকের ভাগটি কম্পাসের কাঁটার ন্যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার টাট্‌কা গাছ যখন ফুল ফুটে তখন সংগ্রহ করতঃ উত্তম করিয় থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল মিশাইয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

সিমারুবা অফিসিনেলিস্।

(Simaruba Officinalis)

সমসংজ্ঞা।—সিমারুবা আমারা। কোয়াসিয়া সিমারুবা ইত্যাদি।

বিবরণ।—"কোয়াসিয়া" নামক ঔষধের ইহার বিশদ বিবরণ লিখিত হইয়াছে।

ঔষধার্থ ইহার মূলের ত্বক গৃহীত হয়। উহার আস্বাদ বড়ই তিক্ত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই ঔষধির মূলের বল্কল উত্তম করিয়া

নিষ্পেষিত করিয়া উহার পাঁচগুণ ওজনে এলকোহল দিয়া একটি বোতলে পুরিয়া আট দিন অন্ধকার গৃহে রাখিয়া যথানিয়মে ছাকিয়া লইলে যে টিঞ্চার প্রস্তুত হয় উহাই আমেরিকান্ মাদার টিঞ্চার।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে মূলারিষ্ট হইতে অন্যান্য ক্রম প্রস্তুত করা যায়।

ব্যবহার।—মাদার, টিঞ্চার ইত্যাদি।

—*:*—

সিনাপিস্ নাইগ্রা।

(Sinapis Nigra)

সমসংজ্ঞা।—ব্রেসিকা নাইগ্রা। মিলানোসিনাপিস্ কমিউনিস্। ব্লাক মষ্টার্ড (Black Mustard)।

জন্মস্থান।—প্রথমে এই ভেষজ ইয়ুরোপে জন্মে। এক্ষণে ইহা আমেরিকার যুক্ত-রাজ্যে আবাদ করা হইয়াছে।

বিবরণ।—ইহার পুষ্পগুলি গন্ধকের বর্ণের মত পীতাভ। জুন ও জুলাই মাসে প্রষ্ফুটিত হয়।

ডাক্তার ক্লেরান্স বট্‌লার কর্তৃক এই ঔষধটি আমাদের ভেষজ-ক্ষেত্রে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পক্ক ফল থেতো করিয়া উহার পাঁচগুণ এলকোহল দিয়া যথানিয়মে আটদিন ভিজাইয়া উত্তম করিয়া ছাকিয়া লইলে যে টিঞ্চার প্রস্তুত হয় উহাই আমেরিকান্ মাদার টিঞ্চার।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$। মাদার হইতে ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

সোলেনাম।

(Solanum)

সমসংজ্ঞা।—সোলেনাম্ নাইগ্রাম। কমন্ নাইট্ সেড্। ব্লাক্ নাইট্ সেড্।

জন্মস্থান।—ইয়োরোপ, এসিয়া, এবং আমেরিকায় এই ভেষজ জন্মে। পৃথিবীর সর্ব্বত্রই, কেবল সুদূর উত্তর ও দক্ষিণ প্রদেশে জন্মে না। এবং স্কটলণ্ডে কদাচিৎ দুই চারিটী দেখা যায়।

বিবরণ।—জুলাই ও আগষ্ট মাসে ফুল হইতে দেখা যায়। ঔষধার্থ সমস্ত গাছ গৃহীত হয়।

পরীক্ষক।—ডাক্তার লেম্বকি (Lembke) ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সেপ্টেম্বর অক্টোবর মাসে যখন ফুল হয় তখন এই গাছ লইয়া কুট্টিত করিয়া রস বাহির করিয়া উহার সমপরিমাণ এলকোহল দিয়া ভিজাইয়া যথারীতি রাখিয়া ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার** টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভেষজ শক্তি ½।

প্রথম শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রথম প্রক্রিয়া অনুসারে ডাইলিউট এলকোহলে উহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়:

ব্যবহার।—টিঞ্চার, পিল।

—*:*—

সোলেনম আরিবেণ্টা।

(Solanum Arebenta)

সমসংজ্ঞা।—সোলেনম্ রিবেণ্টা। আর্ব্বিবেণ্টা ক্যাডিলস ইত্যাদি।

জন্মস্থান।—আমেরিকার রায়ো জেনেরো প্রভৃতি স্থানে এই স্থাণু বা জন্মে।

বিবরণ।—ব্রেজিলের ডাক্তার মুর এই ভেষজটী হোমিওপ্যাথিক ক্ষেত্রে প্রবিষ্ট করাইয়াছেন।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—তাজা পত্র হইতে **আমেরিকান্ মতে,**—৯ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণ বা ট্রিটুরেশন; পরে টিঞ্চার।

—**—

সোলেনাম মামোসম্।

(Solanum Mammosum)

সমসংজ্ঞা।—মামিফরম্ সোলেনম। নিপল্ নাইট সেড্।

জন্মস্থান।—ভার্জ্জিনিয়া, কেরোলিনা প্রভৃতি স্থানে এই ঔষধির চাষ হয়।

বিবরণ।—মহাত্মা হেরিং কর্ত্তৃক ইহা ভৈষজ্য ক্ষেত্রে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া।—"সোলেনাম লইকোপার্সাম। নামক আর একটী ঔষধ এই জাতীয়;—একই নিয়মে প্রস্তুত হয়!

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সুপক্ক ফল থেতো করিয়া রস বাহির করিয়া উহার সমপরিমাণে এলকোহল দিয়া যথানিয়মে টিঞ্চার প্রস্তুত করিলে উহাই **আমেরিকান্ মাদার টিঞ্চার** হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ মতে,**—ইহার ভৈষজ্য শক্তি ½।

১ম প্রক্রিয়া অনুসারে ইহার ক্রম প্রস্তুত করা যায়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

সোলেনাম ওলিরেসিয়ম।

(Solanum Oleraceum)

সমসংজ্ঞা।—সোলেনাম জিকোয়েরিযোরা ইত্যাদি।

বিবরণ।—এই গুল্ম জাতীয় ভেষজটী রায়ো জেনেরো প্রভৃতির আর্দ্র স্থানে জন্মে। ডাক্তার মূর কর্তৃক প্রবেশাধিকার প্রাপ্ত হইয়াছে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৯ম শ্রেণীর নিয়মানুসারে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—বিচূর্ণ; পরে তরল ক্রম।

—*:*—

সোলেনাম টুবারোসম ইগ্রোটান্স্।

(Solanum Tuberosum Egrotans)

সমসংজ্ঞা।—ডিসিস্‌ড পোটাটো (Diseased potato) ইত্যাদি।

জন্মস্থান।—চিলিতে (chilly) ইহার চাষ হয়। এই গাছ হইতে পচন আরম্ভ হয় এবং দুর্গন্ধ বাহির হইতে থাকে।

বিবরণ।—ডাক্তার মূর কর্তৃক ইহা হোমিওপ্যাথিতে প্রবিষ্ট হইয়াছে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ৯ম শ্রেণীর নিয়মানুসারে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—বিচূর্ণ; পরে তরল ক্রম।

—০:০—

সোলিডাগো ভার্গা অরিয়া।

(Solidago Virga Aurea)

সমসংজ্ঞা।—গোল্‌ডেন্ রড্।

জন্মস্থান।—ইয়োরোপে এবং উত্তর ভারতবর্ষ ইহার জন্মস্থান। এবং যুক্তরাজ্যে, ক্যানাডায় এই ঔষধির আবাদ হইতেছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই পুষ্প বৃক্ষের মুকুলাদি লইয়া উত্তম করিয়া কুট্টিত করিয়া রস বাহির করিতে হয়। তৎপরে উহার দ্বিগুণ ওজনে এলকোহল মিশাইয়া যথারীতি অষ্টাহ রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

স্পার্টিয়ম্ স্কোপেরিয়ম্।

(Spartium Scoparium)

সমসংজ্ঞা।—সিটিসস্ স্কোপেরিয়াস্ ক্রম; প্রুমটসম্

জন্মস্থান।—মধ্য ও দক্ষিণ রুসিয়া। জর্ম্মানিতে ইহা বিস্তর জন্মে।

বিবরণ।—পুষ্প পীতাভ ও গন্ধযুক্ত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা মুকুল থেতো করিয়া উহার দ্বিগুণ এলকোহল মিশাইয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে টিঞ্চার ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

স্পাইজেলিয়া।

(Spigelia)

সমসংজ্ঞা।—স্পাইজেলিয়া এন্থেল্ মিয়া। এন্থেল্ মিয়া কোয়াড্রি ফাইলা পিঙ্করুট। ওয়ারম গ্রাস (Worm grass)

জন্মস্থান।—দক্ষিণ আমেরিকা, ব্রেজিল এবং পশ্চিম ভারতে ইহা প্রচুর জন্মে।

পরীক্ষা।—মহাত্মা হানিমান এই ঔষধ পরীক্ষক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া—শুষ্ক গাছ চূর্ণ করিয়া উহার পাঁচগুণ এল-কোহল দিয়া যথানিয়মে ভিজাইয়া আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—১ম প্রক্রিয়া অনুসারে রেক্টিফাইড্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে। ইহা বিচূর্ণ আকারেও প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; ট্রাইটুরেশন।

—*:*—

স্পিগারস্ মার্টিনি।

(Spiggarus Martini)

সমসংজ্ঞা।—স্পিগীরস্ মার্টিনি পার্কপাইন।

জন্মস্থান বা বাসস্থান।—এই বস্তু বিশেষ ব্রেজিলে অধিক পাওয়া যায়।

পরীক্ষা।—ডাক্তার ভিন্সেন্টি মার্টিন্স ইহা পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার গাত্রে এক প্রকার গুটী গুটী পদার্থ (Prickles) থাকে, উহা লইয়া দুগ্ধ শর্করা সহযোগে নবম প্রক্রিয়া অনুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণ; পরে তরল ক্রম।

—*:*—

স্পঞ্জিয়া।

(Spongia)

সমসংজ্ঞা।—স্পঞ্জিয়া টোষ্টা। স্পঞ্জিয়া অফিসিন্যালিস্। টার্কি স্পঞ্জ।

জন্মস্থান।—গ্রীস্ ও সিরিয়ার নিকটে ভূমধ্য সাগরে এবং প্যাসিফিক সমুদ্রে এই জাতীয় স্পঞ্জ পাওয়া যায়।

বিবরণ।—হোমিওপ্যাথিক ঔষধার্থ টার্কি স্পঞ্জ ব্যবহার হইয়া থাকে ব্যবহারের পূর্ব্বে সংশোধিত করিয়া লইতে হয়। টুক্‌রা টুক্‌রা করিয়া কাটিয়া ইহার সহিত অন্য পদার্থ বিমিশ্রিত আছে কিনা পরীক্ষা করিতে হয়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহা জান্তব পদার্থের নিম্ন শ্রেণী মধ্যে পরিচালিত। সমুদ্রে এবং পরিষ্কার জলে জন্মিয়া থাকে টার্কি স্পঞ্জ ভাজিয়া লইয়া (Roasted) উহার সহিত পাঁচগুণ এল্‌কোহল মিশাইয়া অন্ধকার গৃহে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। ইহা ৭ম শ্রেণীর মতে বিচূর্ণ ক্রম হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। তরল ক্রম ২০ ওভার প্রুফ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণ ও তরল ক্রম ইত্যাদি।

—:০:—

ষ্ট্যানম্।

(Stannum)

সমসংজ্ঞা।—ষ্ট্যানম্ মেটালিকাম। টিন্ ইত্যাদি।

উৎপত্তি (Origin)।—বিশুদ্ধ টিন ধাতু স্বভাবে বা মুক্তভাবে (In free state) অনেক স্থলে পাওয়া যায়।

প্রাপ্তিস্থান।—যুক্তরাজ্যে, কেলিফোর্ণিয়াতে, অষ্ট্রেলিয়া, ডিভন, সায়ারে (ইংলণ্ডে) নানাস্থানে পাওয়া যায়।

পরীক্ষা —মহাত্মা সামুয়েল হানিমান ইহা পরীক্ষা করেন।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—রাসায়নিক ভাবে বিশুদ্ধ টিন লইয়া বা উহার অধঃক্ষিপ্ত পদার্থ (Pricipeted metal) লইয়া ৭ম শ্রেণীর নিয়মে ব্রীটিশ মতে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১৫ হইতে ৬× বিচূর্ণ। পরে তরল ক্রম ; পিল ইত্যাদি

—*:*—

ষ্ট্যাফিসেগ্রিয়া।

(Staphisagria)

সমসংজ্ঞা।—ডেল্ ফিনিয়ম ষ্ট্যাফিসেগ্রিয়া। ষ্ট্যাফাডিস্ একার।

জন্মস্থান।—এই ভেষজ দক্ষিণ ইয়োরোপে অধিক জন্মায়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহা পরীক্ষা করেন।

বিবরণ।—এপ্রিল হইতে আগষ্ট মাসে ফুল হইতে থাকে। ঔষধার্থ বীজ গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পক বীজ চূর্ণ করিয়া উহার পাঁচগুণ এলকোহল দিয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার** টিঞ্চার হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—রেক্টিফাইড্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার ; পিল।

—*:*—

ষ্টিক্‌টা।

(Sticta)

সমসংজ্ঞা।—ষ্টিক্টা পলমোনেরিয়া। পল্‌মোনেরিয়া রটিকুমেটা। ওক লঙ্‌স। লঙ্‌মস্ ইত্যাদি। লোবেরিয়া পলমোনেরিয়া।

জন্মস্থান।—নিউ ইংলণ্ড, নিউইয়র্ক, কেরোলিনা ও যুক্তরাজ্যে প্রচুর পাওয়া যায়।

পরীক্ষা।—ডাক্তার বর্ডিক্ ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত গাছড়া চূর্ণিত করিয়া উহার পাঁচগুণ এলকোহল দিয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে **আমেরিকান্** মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{10}$। চতুর্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—প্রুফ্ স্পিরীট দিয়া মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল।

—**—

ষ্টিলিঞ্জিয়া।

(Stillingea)

সমসংজ্ঞা।—ষ্টিল ইহার সংক্ষিপ্ত নাম। ষ্টিলিঞ্জিয়া সিল্‌ভেস্টকা; কক্ অপ্ হাট। কুইন্‌স্ রুট্ (Queens root)। কুইন্‌স্ ডিনাইট।

জন্মস্থান।—ভার্জ্জিনিয়া হইতে ফ্লোরিডা এবং সিপিসিনি ও লুইসিয়ান প্রভৃতি স্থানে জন্মে।

বিবরণ।—এই ঔষধির এপ্রিল মাসে ফুল প্রস্ফুটিত হয়।

পরীক্ষক।—ডাক্তার নিকলস্ ইহা পরীক্ষা করেন।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল লইয়া থেতো করিয়া

রস বাহির করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোইল দিয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধ শক্তি ১/১০। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ষ্ট্রামোনিয়ম।

(Stramonium)

সমসংজ্ঞা।—ধুতরা; ষ্ট্রামোনিয়ম। সোলেমাম্ ম্যানিয়েকাম্। জিনশন্ উইড্। থরন্ আপ্‌ল ইত্যাদি।

জন্মস্থান।—ইয়োরোপ, এসিয়া, নর্থ আমেরিকায় ইহা পাওয়া যায়। ভারতবর্ষ ইহার আদি জন্ম স্থান; এক্ষণে যুক্তরাজ্যে জন্মিয়া থাকে।

বিবরণ।—ইহার ফুল জুন হইতে আগষ্ট মাসে ফুটিয়া থাকে।

পরিক্ষক।—মহাত্মা হানিমান ইহার প্রথম পরীক্ষক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সুপক্ক বীজ চূর্ণ পাঁচগুণ এলকোহলে দিয়া যথানিয়মে আটদিন অন্ধকার ঘরে রাখিয়া ছাকিয়া হইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভেষজ শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ঔষধার্থ সমস্ত গাছটী গৃহীত হয়। ফুল ও বীজ হইলে বৃক্ষ সংগ্রহ করিতে হয়।

প্রথম প্রক্রিয়া অনুসারে প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার, টিঞ্চার, পিল ইত্যাদি।

ষ্ট্রন্সিয়ানা কার্ব্বনিকাম্।

(Strontiana carbonica)

সমসংজ্ঞা।—ষ্ট্রন্সিয়ম কার্ব্বনেট্। ষ্ট্রন্সিয়ানাইট্। ষ্ট্রন্সিয়ানি কার্ব্বনাস্ ইত্যাদি। কার্ব্বনেট অভ্ টন্সিয়াম্।

ঔষধ প্রস্তুত প্রকরণ।—বিশুদ্ধ নাইট্রেট্, কার্ব্বনেট—অভ এমোনিয়ার সহিত প্রিসিপিটেশন বা অধঃ পাতিত করিয়া উহা সংগ্রহ করতঃ সাবধানে বিধৌত করিয়া শুষ্ক করিয়া লইতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—এই লাবনিক পদার্থ ষ্টনসিয়ানে খনিজ পদার্থ সহ দেখা গিয়াছিল। ইহা স্যাকসনিতেও দেখা যায়।— **আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া।**

পরীক্ষক।—ডাক্তার নেনিং ইহা পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া ব্রীটিশ ও উত্তর আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহা বিচূর্ণ।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করা হয়।

ব্যবহার।—১ × হইতে ৬ × পর্য্যন্ত বিচূর্ণ পরে তরল ক্রম ইত্যাদি।

—*:*—

ষ্ট্রীকনিনম্।

(Strychninum)

সমসংজ্ঞা।—সংক্ষিপ্ত নাম ষ্ট্রীক্নিয়া। (Strych)

উৎপত্তি।—ইহা নক্সভমিকার ও ইগ্নেসিয়ার উপক্ষার (An Alkaloid contained in Nux and Ignatia)

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। ২০ ওভার প্রুফ্ স্পিরীট্ সলিউশন বা দ্রব প্রস্তুত হয় এবং এক গ্রেণে ২০০ মিনিম দিতে হয়। ইহার একভাগ ২০ ওভার প্রুফ্ স্পিরীট ৪ ভাগ

মিশ্রিত করিয়া ৬× প্রস্তুত হয়। তৎপরে সমস্ত ক্রম রেকটিফাইড স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—বিশুদ্ধ ষ্ট্রীকনিয়া। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

—:০:—

ষ্ট্রীক্‌নিনম্ মিউরিয়েটিকাম্।

(Strychninum Muriaticum)

সমসংজ্ঞা।—ষ্ট্রীক্‌নিয়া হাইড্রোক্লোরস্। মিউরিয়স্ অভ্ ষ্ট্রীকনিয়া। ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ডাইলিউটেড্ উষ্ণ হাইড্রোক্লোরিক্ এসিড সাবধানে ষ্ট্রীক্‌নিয়া সহ মিশাইতে হয়। উহার প্রতিক্রিয়ায় অন্য পদার্থ উৎপাদন শক্তির লোপ পায়, তখন ইহাকে দানা বাঁধাইতে দিতে হয়। তখন এই পদার্থ উৎপন্ন হয় এবং ইহা ৫০ ভাগ শীতল জলে দ্রবনীয় হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ মিউরিয়েট অভ্ ষ্ট্রীকনিয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়। তৎপরে যথানিয়মে তরল ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—বিচূর্ণ ; পরে তরল ক্রম ইত্যাদি।

—*:*—

ষ্ট্রিকনিনাম্ নাইট্রিকাম্।

(Strychninum Nitricum)

সমসংজ্ঞা।—ষ্ট্রিক্‌নিয়া নাইট্রাস। নাইট্রেট্ অভ্ ষ্ট্রীক্‌নিয়া। ষ্ট্রীক্‌নিক নাইট্রেট্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—নাইট্রিক্ এসিডের দ্রব সহ বিশুদ্ধ ষ্ট্রিকনিয়মে নিউট্রলাইজড্ করিয়া পুনশ্চ দানা বাঁধাইতে হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ষ্ট্রীকনিয়া এক শত ভাগের একভাগ বিশুদ্ধ নাইট্রিক এসিডে নিউ ট্রাইলাইজ্‌ড হইয়া থাকে (প্রতিক্রিয়া বিহীন হয়)। তৎপরে উহাকে দানা বাঁধাইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার সলিউসন প্রস্তুত হয়। ডাইলিউট এলকোহলে দ্রব করিয়া ১ম ক্রম করা যায়। তৎপরে পরবর্ত্তী ক্রম সকল রেকটিফাইড্ স্পিরীটে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণ ও তরল ক্রম।

—*:*—

ষ্ট্রিকনিনাম্ ফস্ফরিকাম্।

(Strychninum Phosphoricum)

সমসংজ্ঞা।—ফস্ফেট্ অভ্, ষ্ট্রিকনিনাম। ষ্ট্রীকনিয়া ফস্ফরাস। বর্ত্তমান নাম—এসিড ফস্ফেট অভ্ ষ্ট্রীকনিন্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।— উষ্ণ ডাইলিউট ফস্ফরিক এসিড সহ ষ্ট্রীকনিয়া একত্রিত করিয়া উহা পুনর্ব্বার দানা (Crystallised) বাধাইয়া লইতে হয়। উহা দেখিতে রেসমের সূত্র মত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ফর্ম্মাকোপিয়া মতে,।—বিশুদ্ধ ফস্ফেট অভ্ ষ্ট্রীকনিয়া লইয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচুর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এল্‌কোহল সলিউসন ইহা ১ম ক্রমের সমান। তৎপরবর্ত্তী ক্রম সকল রেকটি ফাইড্ স্পিরীটে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—::—

ষ্ট্রিকনিনম্ সল্ফিউরিকাম্।

(Strychninum Sulphuricum)

সমসংজ্ঞা।—ষ্ট্রীক্নিয়া সলফস্। সলফেট্ অভ্ ষ্ট্রীকনিয়া। নর্ম্মান সল্ফেট্ অভ্ ষ্ট্রীক্নাইন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটীশ ফার্ম্মাকোপিয়া মতে,—ডাইলিউটেড্ সলফিউরিক এসিড্ ষ্ট্রীক্নিয়া সহ একত্রিত করিয়া উহার প্রতিক্রিয়া শক্তি বিহীন করতঃ পুনর্ব্বার দানা বাঁধাইয়া লইতে হয়।

আমেরিকান্ ফার্ম্মকোপিয়া মতে।—দশ ভাগ সলফিউরিক এসিড এক শত ভাগ পরিশ্রুত জল এবং এক শতভাগ এল্কোহল সহ সাত ষট্টি অংশ ষ্ট্রীকসহ জাল দিয়া অবশেষে উহা শীতল করিয়া দানা বাধাইয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার তরল ক্রম হইয়া থাকে। ১ম ক্রম করিতে পরিস্রুত জল ব্যবহার করিতে হয়; যে জলে শতকরা পাঁচ-ভাগ ইত্যাদি রেক্টিফাইড্ স্পিরীট মিশ্রিত থাকে। ৩× ক্রম জন্য ডাইলিউট এল্কোহল আবশুক হয় এবং তদূর্দ্ধ ক্রম সকল রেকটিফাইড্ স্পিরীটে প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণ ও তরল ক্রম।

—*:*—

সক্কিনম্।

(Succinum)

সমসংজ্ঞা।—আম্বার (Amber)।

বিবরণ।—ইহা এক প্রকার কঠিন রজন্ বা ধুনার মত পদার্থ। উহা পিনিটিস্ সক্নিফার নামক বৃক্ষ হইতে উৎপন্ন বলিয়া কথিত হয়।

প্রাপ্তিস্থান।—ইহা জার্ম্মানী, ফ্রান্স, ইটালি, স্পেন, সুইডেন, নরওয়ে, ক্যাস্পিয়ান্ সাগর, সাইবেরিয়া, চায়না, ভারতবর্ষ, উত্তর আমেরিকা প্রভৃতি স্থানে পাওয়া যায়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ইহা রেক্‌টিফাইড্ স্পিরীটে দ্রব হয় না। তবে অকৃত্রিম পদার্থ যাহা সক্কিনম নামে বিক্রীত হয়, উহা স্পিরীটে গলিয়া যায় বলিয়া উহাদের কৃত্রিমতা ধরা পড়ে।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—বিচূর্ণ, পরে তরল ক্রম।

—:*—

সল্‌ফর।

(Sulphur)

সমসংজ্ঞা।—সলফর্ সব্লিমেটাম্ লোটম। ফ্লোরেস্ সল্‌ফিউরিস্।

সাধারণ নাম।—ব্রিম্‌ষ্টোন্। বিধৌত সলফর। ফ্লাওয়ারস্ অভ্ সলফর ইত্যাদি।

উৎপত্তি।—এই পদার্থটি অতি প্রাচীনকাল হইতে ব্যবহৃত ও জ্ঞাত হইয়া আসিতেছে। আগ্নেয় গিরির অগ্ন্যুৎপাত কালে গন্ধকের যৌগিক পদার্থ বিশেষ পরস্পর বিকৃত হইয়া বিশুদ্ধ গন্ধকে পরিণত হইয়া থাকে।

যৌগিক গন্ধকের সীমা নাই। অন্যান্য ধাতুর সহিত মিলিত হইয়া সলফাইড্ সর্ব্বদা সর্ব্বত্র পাওয়া যায়।

ঔষধ প্রস্তুত প্রণালী।—লৌহ ও তাম্রের যৌগিকাদি হইতে কখন কখন গন্ধক প্রস্তুত হয় বটে, কিন্তু সিসিলি নামক দেশের আগ্নেয় প্রদেশে যুক্ত গন্ধক প্রচুর পরিমাণে প্রাপ্ত হয় বলিয়া ইহাকে পরিস্রুত করিয়া লওয়া হয়। তাহাতে গন্ধকের সহিত অন্য আবর্জ্জনা যাহা মিশ্রিত থাকে, তাহা বাহির হইয়া যায়।

এই গন্ধককে দ্বিতীয় বার উত্তপ্ত করিয়া তদুদ্ভূত বাষ্প ইষ্টক নির্ম্মিত সুবৃহৎ

গৃহে সঞ্চিত করিলে যে গন্ধক চূর্ণ পাওয়া যায় তাহাকে **ফ্লাওয়ার অভ্ সলফর** (Flowor of sulphur) কহে।

গন্ধক ও চূণ জলের সঙ্গে ফুটাইয়া শোধক কাগজে ছাকিলে উজ্জ্বল লালবর্ণ দ্রব প্রস্তুত হয়। ইহার সহিত হাইড্রোক্লোরিক এসিড মিশ্রিত করিবা মাত্র শ্বেত অধঃপতন হয় ইহাকে (Precipited) প্রিসিপিটেড্ গন্ধক কহে।

বর্ণ।—গোলাকার বাতি ও ফ্লাওয়ার গন্ধক দেখিতে হরিদ্রা বর্ণ।

আর্য্য বা বৈদ্যক মতে,—ইহা আকরিক পদার্থ। লাল, পীত, শ্বেত ও কৃষ্ণ চারি প্রকার গন্ধক আছে। পীত বর্ণ গন্ধকই সর্ব্বদা ব্যবহৃত হয়।

প্রাপ্তিস্থান।—নেপাল, জাবা, পারস্য দেশে পাওয়া যায়।

পরীক্ষা—মহাত্মা হানিমান ইহা প্রথমে পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—বিধৌত ও বিশুদ্ধ সলফরে ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

—**—

সল্‌ফিউরিস্ টিঞ্চিউরা।

(Sulphuris Tinctura)

প্রস্তুত করিতে একভাগ সলফর দশভাগ এলকোহল (শতকরা ৯৫ অংশ যুক্ত এলকোহল) মিশাইয়া আটদিন একটী বোতলে পুরিয়া রাখিয়া যথানিয়মে পরিস্রুত করিয়া লইতে হয়। ইহার ভেষজ শক্তি ১/১০।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। এবসোলিউট এলকোহলে যে দ্রব প্রস্তুত হয়, উহাকে **"টিঞ্চিউরা সলফিউরিস্ ফর্টসিমা"** কহে।

মন্তব্য।—১ গ্রেণ সলফর ৬০ ডিগ্রীর উত্তাপে ২৭২০ গ্রেণের কম ওজনের এবসোলিউট এলকোহলে চিরস্থায়ী দ্রব হয় না।

সামান্য উত্তাপ কম হইলে অধঃপাতন (Pricpitation) ঘটিয়া থাকে। তাহাতে উক্ত দ্রব বা টিঞ্চারের ঔষধ শক্তির স্থিরতা পাওয়া যায় না। সুতরাং দ্রব ক্রম হইতে কোনও উচ্চক্রম করা উচিত নহে।

ব্যবহার।—১ × হইতে ৩ চূর্ণ। ৪র্থ হইতে টিঞ্চার ; পিলিউল ইত্যাদি।

টিঞ্চার সলফিউরিসের—টিঞ্চার, পিল, বটিকা সকলই হয় ইত্যাদি।

—:০:—

সলফর আয়োডেটাম্।

(Sulphur Iodatum)

সমসংজ্ঞা।—সলফিউরিস্ আয়োডিডম্। সল্‌ফর আয়োডাইড্। আয়োডাইড্ অভ্ সলফর।

পরীক্ষা।—ডাক্তার কেস্ সাল ইহার পরীক্ষক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—চারিভাগ (আউন্স) আয়োডিন এবং একভাগ (আউন্স) সলফর মিশ্রিত করিয়া খলে মর্দ্দিত করিয়া একটী ফ্লাস্কে পুরিয়া মুখ বন্ধ করিয়া সামান্য উত্তাপ দিলে উহার বর্ণের পরিবর্ত্তন হইতে থাকে। ক্রমশঃ উত্তাপ বৃদ্ধি করিলে উহা গলিয়া যায়। তৎপরে উহা ঠাণ্ডা করিলে যথানিয়মে ইহা প্রস্তুত করা হয় এবং উহাকে কাচের ছিপি যুক্ত বোতলে রাখা কর্ত্তব্য।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—বিচূর্ণ।

ব্যবহার।—১× হইতে ৩য় পর্য্যন্ত কেবল বিচূর্ণ। ৪র্থ বা তদূর্দ্ধ ক্রম টিঞ্চার, টিঞ্চার-ট্রিটুরেশন। পিলিউলস। গ্লবিউলস্ ইত্যাদি।

—*:*—

সাম্বূল।

(Sumbul)

সমসংজ্ঞা।—সাম্বুলস্ মস্কেটাস। জটামাংসী। মস্করুট ইত্যাদি।—ফেরুলা (ইয়ুর‍্যাঞ্জিয়ম), সম্বূল ইত্যাদি।

জন্মস্থান।—তুর্কিস্থান ও উত্তর ভারতবর্ষে এই বৃক্ষ জন্মে। সমরখণ্ডের পার্ব্বত্য প্রদেশে ইহা পাওয়া যায়।

বিবরণ।—ঔষধার্থ ইহার মূল গৃহীত হয়। মূল উত্তম সুগন্ধ যুক্ত।

পরীক্ষা।—জার্ম্মানীর ডাক্তার লেম্বকী (Dr. Lembke) ইহা পরীক্ষা করিয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার মূল চূর্ণ করিয়া পাঁচগুণ এলকোহলে ভিজাইয়া আটদিন রাখিয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটীশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—:•:—

সিম্ফোরিকার্পাস।

(Symphoricorpus)

সমসংজ্ঞা।—সিম্ফোরি কার্পাস রেসিমোসস্। স্নো-বেরি (Snow bery) ইত্যাদি।

জন্মস্থান।—এই গাছড়া ক্যানাডা এবং নিউইংলণ্ডের পশ্চিম ভাগে প্রচুর জন্মে।

বিবরণ।—ডাক্তার বর্ডিক (Dr. Burdick) কর্ত্তৃক এই ঔষধ হোমিওপ্যাথিক ভৈষজ্য ক্ষেত্রে প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার তাজা ফল লইয়া থেতো করিয়া রস বাহির করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আটদিন ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার; বটিকা ইত্যাদি।

—*:*—

সিম্ফাইটাম্।

(Symphytum)

সমসংজ্ঞা।—সিম্ফাইটাম অফিসিন্যালি। কনসলিডা মেজোরিস্। কম্ফ্রে। গম প্লান্ট। হিলিং হার্ব্ব।

জন্মস্থান।—ইয়োরোপ ও পশ্চিম ভারতে ইহা জন্মে। ইংলণ্ড ও আইরল্যাণ্ডে জন্মিয়া থাকে।

বিবরণ।—জুন মাসে ফুল প্রস্ফুটিত হয়। ঔষধার্থ মূল গৃহীত হইয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মুকুল হইবার পূর্ব্বে মূল সংগ্রহ করিয়া উহা থেতো করিয়া রস বাহির করিতে হয়। তৎপরে উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার প্রুফ্ স্পিরীটে প্রথম প্রক্রিয়া অনুসারে প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার; ৬ষ্ঠ ক্রম পিলিউল গ্লবিউল ইত্যাদি।

—:০:—

ট্যাবেকাম্।

(Tabacum)

সমসংজ্ঞা।—নিকোটিনা ট্যাবেকাম। টোবাকো।

জন্মস্থান।—অধুনা আমেরিকা ও ভারতবর্ষে ইহা জন্মে। ১৫৮৬ খ্রীষ্টাব্দে ইহা ইয়োরোপে জন্মায়, ট্যাবেগো দ্বীপ হইতে ইহা আনীত হয় বলিয়া উহার নাম ট্যাবেকাম হইয়াছে। এখন পৃথিবীর সর্ব্বত্রই জন্মিতেছে।

বিবরণ।—এই ক্ষুদ্র বৃক্ষ বৎসর বৎসর জন্মে। জুলাই মাসে ইহার ফুল হয়।

পরীক্ষক।—ডাক্তার নেনিং ইহা প্রথম পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ ইহার তাজা পাতা গৃহীত হয়। ফুল হইবার পূর্ব্বে উহা লইতে হয়। হাবানা (Habana) তামাকের পাতা কাটিয়া উহাতে পাঁচগুণ এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া রাখিয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এলকোহলে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

টেমস্ কমিউনিস্।

(Tamus Communis)

সমসংজ্ঞা।—ব্লাক্ ব্রায়োনি (Black Bryony)

জন্মস্থান।—ইহা দক্ষিণ ইয়োরোপে, উত্তর আফ্রিকা এবং পশ্চিম ভারতে অধিক জন্মে। ইংলণ্ডে সর্ব্বদা পাওয়া যায়।

বিবরণ।—বসন্ত ও গ্রীষ্মকালে ইহার ফুল প্রস্ফুটিত হয়। তাজা মূল ঔষধার্থ গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার টাট্‌কা শিকড় থেতো করিয়া উহার রস বাহির করিয়া সমান ওজনে এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া রাখিয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/১।

প্রথম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে দ্বিতীয় প্রক্রিয়া অনুসারে উহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি

—•:•—

ট্যানাসিটাম।

(Tanacetum)

সমসংজ্ঞা।—ট্যানাসিটাম ভল্গেরি। এথানিসিয়া তান্সী (Tansy) ইত্যাদি।

জন্মস্থান।—ইয়োরোপে এবং রুসিয়ান এসিয়ার ময়দানে এবং ভাগাড়ে বা রাস্তার ধারে এই গাছ জন্মিয়া থাকে। ব্রিটনে সচরাচর হইয়া থাকে।

বিবরণ।—গ্রীষ্মকালের শেষে ফুল ফুটিয়া থাকে, ঔষধার্থ টাট্কা গাছ লওয়া হয়। (ব্রীটিশ মতে) ফুল হইলে উহা সংগৃহীতব্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার টাট্কা পাঁতা ও ফুলের কুড়ি সমভাগে লইয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া যথানিয়মে ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার টিঞ্চার** প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—২০ ওভার প্রুফ্স্পিরীটে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—•○•—

ট্যাঙ্গ্হিনিয়া।

(Tanghenea)

সমসংজ্ঞা।—ট্যাঙ্গ্হিনিয়া ভিনিনিকিরা। ম্যাডাগাস্কার পয়জন নট্ (Poison nut)

ঔষধার্থ।—ইহার ফল ব্যবহৃত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে—রেক্টিফাইড্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তত হয়।

ব্যবহার।— টিঞ্চার, পিল ইত্যাদি।

—:•:—

ট্যারেক্সেকাম্।

(Taraxacum)

সমসংজ্ঞা—ট্যারেক্সেকাম্ ডেন্স লিওনিস্। ট্যারেক্সেকাম অফিসি-নেলি। ড্যাণ্ডিনিয়ন পফবল্ ইত্যাদি।

জন্মস্থান।—সমগ্র ইয়োরোপ খণ্ডে এই গাছড়া জন্মিয়া থাকে। রুসিয়াতে, মধ্য ভারতে ও উত্তর আমেরিকায় ইহা প্রচুর জন্মে।

বিবরণ।—সমস্ত গ্রীষ্মকালে ইহার ফুল ফুটিয়া থাকে। ঔষধার্থ সমগ্র বৃক্ষ গৃহীত হয়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বসন্তকালে ফুল হইবার পূর্ব্বে গাছ সংগ্রহ করিতে হয়। গাছ থেতো করিয়া রস বাহির করতঃ, উহার সমান পরিমাণে এলকোহল দিয়া আটদিন রাখিয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/২।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রথম প্রক্রিয়া অনুসারে প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার, টিঙ্কার; পিল ইত্যাদি।

—•:•—

ট্যারেণ্টুলা কিউবেন্সিস্।

(Tarentula Cubensis)

সমসংজ্ঞা।—ট্যারেণ্টুলা। কিউবান স্পাইডার। এক প্রকার মাকড়সা।

বাসস্থান।—ইটালি এবং দক্ষিণ ইয়োরোপে ইহা পাওয়া যায়।

(ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া)

বিবরণ।—ট্যারেণ্টুলা কিউবেন্সিস্ কিউবা এবং মেক্সিকোতে পাওয়া যায়। ট্যারেণ্টুলা হিস্পানা ঐ জাতীয় হইলেও উহাদের ক্রিয়ার পার্থক্য আছে। "ট্যারেণ্টুলা হিস্পানা" মস্তিষ্ক মেরু মজ্জার কার্য্য করে। ইহা স্নায়ু বিকারে ব্যবহৃত হয়।

ট্যারেণ্টুলা কিউবেন্সিস্।—শোনিতের উপর কার্য্যকরে, ইহার অনেকটা ক্রোটেলস্, এপিস্, আর্সেনিকের, ন্যায় কার্য্য করিয়া সাংঘাতিক ক্ষত, স্ফোটক প্রভৃতিতে ব্যবহৃত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে**।—ডাক্তার নাভারো (Dr. Navarro) জীবন্ত মাকড়সা একটী কাচের বোতলে রাখিয়া উহাকে উত্তেজিত করিয়া উহার গাত্রে বিষ (Virus) সংগ্রহ করে। উহাতে ষ্ট্রং এল্‌কোহল দিয়া মাদার টিঙ্কার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে**,—ইহা ষষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রূফ্ স্পিরীটে উক্ত মাকড়সা খলে দিয়া সংপেষিত করিয়া দশ বার দিন ভিজাইয়া মাদার টিঙ্কার প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—টিঙ্কার ইত্যাদি।

—•:•—

ট্যারেণ্টুলা হিস্পানা।

(Tarentula Hispana)

সমসংজ্ঞা।—লাইকোসা ট্যারেণ্টুলা।

বাসস্থান।—উত্তর আমেরিকায় ইহার মূল বাসস্থান; স্পেন দেশে সচরাচর দেখা যায়।

বিবরণ।—ডাক্তার ননেজ (Nunez) ইহা ১৮৬৪ খৃষ্টাব্দে স্পেন হইতে সংগৃহীত করিয়া সুস্থ দৈহিক পরীক্ষা করেন।

স্ত্রীজাতি ও পুরুষ জাতীয় বিষের কিছু পার্থক্য দেখা যায় নাই।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ডাক্তার ননেজ জীবন্ত মাকড়সা লইয়া দুগ্ধ শর্করায় মিশাইয়া শুষ্ক করিয়া উহা ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করিয়াছিলেন। আমেরিকান্ মতে এইরূপ প্রথা অবলম্বন করা হয়। কিন্তু ব্রীটিশ মতে দুগ্ধ শর্করার দ্বারা ইহা প্রস্তুত হয় না।

ব্যবহার।—বিচূর্ণ, তরল ক্রম ইত্যাদি।

—*:*—

ট্যাক্সস্ ব্যাকেটা।

(Taxus Baccata)

সমসংজ্ঞা।—ইউ। গ্রাউণ্ড হেমলক ইহার সাধারণ নাম।

জন্মস্থান।—এই বৃক্ষ মধ্য ও দক্ষিণ ভারতবর্ষে জন্মিয়া এখন আফ্রিকার উত্তর ভাগে এবং ইয়ুরোপের অধিকাংশ স্থানে ছড়াইয়া পড়িয়াছে।

পরীক্ষক।—ডাক্তার গ্যাষ্টিয়ার ইহা প্রথমে পরীক্ষা করিয়াছেন। ইহার চাষ ফ্রান্সদেশে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধার্থ তাজা পাতা লইয়া উত্তম করিয়া থেতো করিয়া উহার দুই এর তৃতীয়াংশ এলকোহল দিয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{2}$।

দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—২০ ওভার প্রুফ দ্বারা মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—:*:—

ট্যাক্সস্ ইরেকটা।

(Taxus Erecta)

সমসংজ্ঞা।—অপরাইট্ আইরিস্ ইউ।

বিবরণ।—ঔষধার্থ ইহার মুকুল গুলি গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া—(ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে)।

২০ ওভার প্রুফ্ স্পিরীটে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, বটিকা ইত্যাদি।

—**:—

টিকোমা র‍্যাডিকানস্।

(Tecoma Radicans)

সমসংজ্ঞা।—বিগনোনিয়া রেডিকান্স। ট্রম্পেট্ ক্রিপার ইত্যাদি।

জন্মস্থান।—এই গুল্ম জাতীয় বৃক্ষ পেন্সিলভ্যানিয়া হইতে ইলিনয়িস্ পর্য্যন্ত এবং দক্ষিণ ভাগে জন্মিয়া থাকে।

বিবরণ।—ইহার ফুল জুলাই হইতে সেপ্টেম্বর মাসে ফুটিয়া থাকে। ঔষধার্থ মূল গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল থেতো করিয়া রস বাহির করতঃ দ্বিগুণ ওজনে এল্কোহল দিয়া ৮দিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

টেলা এরেনি।

(Tela aranea)

সমসংজ্ঞা।—সাধারণ নাম,—স্পাইডার্স ওয়েব। কবওয়েব। সাধারণতঃ স্পাইডার বা মাকড়সা হইতে ইহা প্রস্তুত হয়। অন্ধকারময় স্থানের মাকড়সা ময়দানের মাকড়সা অপেক্ষা অধিক গুণযুক্ত।

শস্য ক্ষেত্রের মাকড়সার বিষ উগ্রতর সন্দেহ নাই।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—বিচূর্ণ ক্রম ইত্যাদি।

—*:*—

টেলুরিয়াম্।

(Tellurium)

সমসংজ্ঞা।—সেলেনিয়মের ন্যায় ইহা এক প্রকার ধাতব পদার্থ।

উৎপত্তি।—ইহা অনেক আকরে পাওয়া যায়, অনেক সময় স্বর্ণাদির সহিত সংমিশ্রিত থাকে। ইহা দেখিতে রৌপ্য সদৃশ চাকচিক্যবিশিষ্ট ও শাদা। হঙ্গেরী প্রভৃতি স্থানে পাওয়া যায়।

পরীক্ষক।—ডাক্তার মেটকাফ ইহা পরীক্ষা করেন।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ও ব্রীটিশ উভয় ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ, পরে তরল ক্রম। পিল ইত্যাদি।

—*:*—

টেরিবিন্থিনা।

(Terebinthina)

সমসংজ্ঞা।—ওলিয়ম্ টেরিবিন্থিনা। অয়েল অভ্ টার্পেণ্টাইন। তার্পিণ তৈল ইত্যাদি।

উৎপত্তি।—দেবদারু (Pine) জাতীয় বৃক্ষ বিশেষের নির্য্যাসকে তার্পিণ তৈল কহে। ইহা তৈল এবং ধুনার মিশ্র পদার্থ। বাজারে তিন প্রকারের তার্পিণ পাওয়া যায়।

প্রাপ্তিস্থান।—ইংরাজী ফরাসী এবং ভিনিস্। বৃক্ষ নিঃসৃত টার্পিনকে পরিস্রুত করিলে শত করা ৯০ পর্য্যন্ত ধুনা এবং ২৫ হইতে ৩০ ভাগ তৈল পাওয়া যায়।

ধর্ম্ম।—বর্ণহীন, বিশেষ গন্ধযুক্ত তরল পদার্থ।

জলে গলেনা কিন্তু ইথারে ও এলকোহলে দ্রবীভূত হয়।

পরীক্ষক।—জার্ম্মান ডাক্তার সিডেল ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেকটিফাইড্ স্থরায় সলিউশন করা যায় ও ১× হয়।

আমেরিকান্ মতে,—এক ভাগ বিশুদ্ধ তৈল ৯৯ অংশ এল্‌কোহলে দ্রবীভূত করিয়া যে সলিউসন হয় উহার ভেষজ শক্তি $\frac{1}{100}$।

৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঙ্কার; পিল ইত্যাদি।

—:*:—

টিউক্রিয়াম্।

(Teucrium)

সমসংজ্ঞা।—টিউক্রিয়ম মেরম; মেরম ভেরম। হার্ব্বা সিরিয়াসি। মের্জোরাণা সিরিয়াকা। ক্যাট থাইম।

জন্মস্থান।—এই ভেষজ দক্ষিণ ইযুরোপে এবং আফ্রিকায় জন্মিয়া থাকে।

বিবরণ।—ইহার ফুল জুন এবং জুলাই মাসে ফুটিয়া থাকে।

পরীক্ষক।—জার্ম্মান ডাক্তার ষ্টাফ্ ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজাগাছে যখন ফুল হয় তখন উহাকে তুলিতে হয়। উহাকে থেতো করিয়া উহা হইতে নিঃসারিত রসের সমান

পরিমাণে এল্‌কোহল মিশাইয়া আটদিন পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/১

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—১ম প্রক্রিয়া অনুসারে মাদার টিঞ্চারের জন্য প্রুফ্‌স্পিরীট প্রয়োজন হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

থাসপিয়ম অরিয়ম্।

Thaspium Aureum

সমসংজ্ঞা।—জিজিয়া অরিয়া। সারম ট্রাইফোলিয়েটাম্। সিসন্ অরিয়ম্। গোল্‌ডেন্ এলেক্‌জাণ্ডার। মেডো পারস্নিপ ইত্যাদি।

জন্মস্থান।—যুক্তরাজ্যে ও ক্যানাডায় ইহা জন্মে।

বিবরণ।—এই বৃক্ষের পুষ্প পীতাভ বর্ণ যুক্ত এবং জুন জুলাই মাসে ফুল ফুটিয়া থাকে।

পরীক্ষা।—যুক্তরাজ্যের ডাক্তার মার্সি ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা গাছ থেতো করিয়া ওজন করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এল্‌কোহল দিয়া ভিজাইয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

থিয়া চায়নেন্‌সিস্।

(Thea chinensis)

সমসংজ্ঞা।—ক্যামেলিয়া থিয়া, "টি"। গ্রীন্ টি।

জন্মস্থান।—দক্ষিণ এবং পূর্ব্ব এসিয়াতে ইহা অধিক জন্মে। চায়না, জাপান এবং ভারতবর্ষে ইহার বিশেষ আবাদ হইয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার পত্রাদি ঔষধ জন্য গৃহীত হয়। পিকো (Pekoe tea) টি চূর্ণ করিয়া উহার পাঁচগুণ ওজনে এল্‌কোহল দিয়া আট দিন পরে যথানিয়মে ছাকিয়া লইলে ইহার আমেরিকান্ মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।— ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে। $\frac{1}{4}$ স্পিরীটে ক্রপ মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঙ্কার, পিল ইত্যাদি।

—*:—

থিইন।

(Thein)

সমসংজ্ঞা।— থেনা (Theina)।

উৎপত্তি ও বিবরণ।—কাফি হইতে যেমন "কেফিন্" উৎপন্ন হয় "থিয়া" হইতে সেইরূপ থিইন্ অর্থাৎ চায়ের উপক্ষার। সাধারণতঃ শত করা দুই তিন অংশ থিইন্ থাকে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ইহা আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—বিচূর্ণ ক্রম ইত্যাদি।

—*:*—

থিরিডিয়ন্ কুরাসাভিকাম্।

(Theridion Curassavicum)

সমসংজ্ঞা।—অরনা (Aranya)। কুরাকোয়ার কৃষ্ণ বর্ণ মাকড়সা।

জন্মস্থান।—পশ্চিম ভারতবর্ষে ইহা হইতে দেখা যায়।

পরীক্ষা।—ডাক্তার হেরিং ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—জীবন্ত উর্ণনাভ নিষ্পেষিত করিয়া উহার পাঁচগুণ এলকোহল দিয়া ভিজাইয়া যথানিয়মে আট দিন রাখিয়া যথারীতি ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—নিষ্পেষিত মাকড়সাকে দশ বার দিনপ্রুফ স্পিরীটে ভিজাইয়া রাখিতে হয়। একটী মাকড়সার জন্য ৫০ মিনিম প্রুফ স্পিরীট দিতে হয়। তৎপরে খলধৌত করিয়া পুনশ্চ শিশির ভিতর দিতে হয়। যে কয়দিন থাকে, প্রত্যহ একবার করিয়া কাটী দিয়া তৎপরে ছাকিয়া লইতে হয়।

ব্যবহার।—টিঞ্চার ইত্যাদি।

—*:*—

থ্লাস্পি বর্ষা প্যাষ্টারিস্।

(Thlaspi Bursa Pastoris)

সমসংজ্ঞা।—ক্যাপ্‌সেলা বর্ষা প্যাষ্টরিস্। সেফার্ডস্ (Shepherds Purse) পার্স।

জন্মস্থান।—ইয়োরোপে এবং আমেরিকায় ইহা প্রচুর জন্মিয়া থাকে।

বিবরণ।—এপ্রিল এবং সেপ্টেম্বর মাসে এই পুষ্প বৃক্ষের ফুল ফুটিয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—যখন ফুল হইতে থাকে তখন উহাকে

নিষ্পেষিত করিয়া উহার পাঁচগুণ এলকোহল দিয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার; গ্লবিউল, পিল ইত্যাদি।

—*:*—

থুজা
(Thuja)

সমসংজ্ঞা।—থুজা অক্সিডেণ্টালিস্। ট্রি অভ্ লাইফ। হোয়াইট সিডার। আর্ব্বর ভাইটি।

জন্মস্থান।—ক্যানাডা এবং যুক্তরাজ্যে এই গাছ অধিক জন্মে।

পরীক্ষক।—মহাত্মা হানিমান পরীক্ষা করেন।

বিবরণ।—জুন মাসে ফুল ফুটিতে থাকে। ঔষধার্থ নব পল্লব গৃহীত হয়। ফুল হইতে থাকিলেই সংগৃহীতব্য।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্কা পত্রাদি গ্রহণ করিয়া নিষ্পেষিত করতঃ রস বাহির হইলে উহার দ্বিতীয় তৃতীয়াংশ এলকোহল মিশাইয়া আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি ১/২।

২য় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রাটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—২০ ওভার প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার হয়

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—:০:—

থাইমস্।

(Thymus)

সমসংজ্ঞা।—থাইমস সার্পিলাম। ওয়াইলড্ থাইম্।

জন্মস্থান।—জার্ম্মানী এবং ফ্রান্স বা ফরাসী দেশে ইহা প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা গাছ যখন ফুলে শোভিত হয় তখন উহা লইয়া থেতো করিয়া রস বাহির করতঃ উহার তৃতীয়াংশ এলকোহল মিশাইয়া যথানিয়মে আটদিনের পর ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—ইহার ভেষজ শক্তি ½।

২য় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

টীলিয়া।

(Tilia)

সমসংজ্ঞা।—টিলিয়া ইয়োরোপিয়া। লাইম বা লিণ্ডেন ট্রি।

জন্মস্থান—ইয়োরোপে ইহা প্রচুর জন্মে।

পরীক্ষক।—ডাক্তার মুলার ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—যখন নব পল্লব হয়, তখন উহা লইয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

টিটানিয়ম।

(Titanium)

সমসংজ্ঞা।—ইহা এক প্রকার ধাতু, কিন্তু বিশুদ্ধ ধাতুর আকারে ইহাকে পাওয়া যায় না। ইহা লৌহ ধাতুর সহিত মিশ্রিত ভাবে অবস্থিতি করে।

ঔষধ ও ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—প্রায় সমস্ত ধাতুর ন্যায় ব্রীটিশ ও আমেরিকান্ উভয় মতে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত করা হয়।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ। পরে টিঞ্চার।

—:০:—

ট্রেডেস্ক্যাণ্টিয়া ডায়েরিটিকা।

(Tradescantia Diuretica)

সমসংজ্ঞা।—স্পাইডার ওয়ার্ট (Spider wort)।

জন্মস্থান।—এই ক্ষুদ্র বৃক্ষ ব্রেজিলে প্রচুর জন্মিয়া থাকে।

বিবরণ।—এই ভেষজ হোমিওপ্যাথিক ক্ষেত্রে ডাক্তার মূর কর্ত্তৃক প্রবেশাধিকার লাভ করিয়াছে।

ঔষধ প্রস্তুতপ্রক্রিয়া। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—নব পত্রাদি লইয়া থেতো করিয়া দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ, শক্তি [illegible]।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার ; পিল ইত্যাদি।

—:*:—

ট্রাইফোলিয়াম্।

(Trifolium)

সমসংজ্ঞা।—রেড্ ক্লোভার।

জন্মস্থান।—যুক্তরাজ্যে ইহা প্রচুর জন্মে।

পরীক্ষা।—ডাক্তার ডনকান্ কর্ত্তৃক ইহা প্রথমে পরীক্ষিত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—মুকুল থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া যথানিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—•:•—

ট্রিফোলিয়ম আর্ভেন্সি।

(Trifolium Arvense)

সমসংজ্ঞা।—র‍্যাবিট্ ফুট। ষ্টোন্ ক্লোভার।

জন্মস্থান।—এই ক্ষুদ্র বৃক্ষ ইয়োরোপ এবং মধ্য এসিয়াতে প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত টাট্কা গাছ লইয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল; গ্লবিউল ইত্যাদি।

—•:•—

টন্‌গো বা টঙ্গো।

(Tongo)

সমসংজ্ঞা।—ডিপটিরিক্স ও ডোরেটা। ক্রম প্রস্তুতাদি সমস্ত উপরোক্ত স্থলে দ্রষ্টব্য।

—•:•—

ট্রিলিয়ম।

(Trillium)

সমসংজ্ঞা।—ট্রিলিয়ম পেণ্ডুলম। ট্রিলিয়ম এল্‌বাম , হোয়াইট্ বেথ-রুট।

জন্মস্থান।—আমেরিকার মধ্য ও পশ্চিম প্রদেশে এই ভেষজ জন্মে।

বিবরণ।—ঔষধার্থ ইহার মূল গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার মূল থেতো করিয়া রস বাহির করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঙ্কার, পিল ইত্যাদি।

—*:*—

ট্রিয়ষ্টিয়ম।

(Triosteum)

সমসংজ্ঞা।—ফিভার ওয়ার্ট। হর্স জেন্সিয়ান।

জন্মস্থান।—আমেরিকায় বা যুক্তরাজ্যে ইহা প্রচুর জন্মে।

পরীক্ষক।—মহাত্মা উইলিয়মশন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল হইতে ঔষধ প্রস্তুত হয়। উহার রসের দ্বিগুণ এল্‌কোহল মিশাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—পিল, টিঙ্কার ইত্যাদি।

—:০:—

থ্রম্বিডিয়ম।

(Thrombidium)

সমসংজ্ঞা।—থ্রম্বিডিয়ম মিউসি ডোমেষ্টিসি।

বাসস্থান।—ফিলাডেলফিয়ার মক্ষিকার ডানায় এক প্রকার কীটাণু (Acarus) জন্মে।

পরীক্ষক।—ইহা ডাক্তার হার্ব্বি কর্ত্তৃক পরীক্ষিত।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহাদিগকে সংপেসিত করিয়া উহার ৫০ পঞ্চাশ ভাগ বা গুণ এলকোহলে ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{১}{১০০}$।

৬ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল; গ্লবিউল ইত্যাদি।

টিউসিলেগো পিটাসাইটিশ।

(Tussilago Petasites)

সমসংজ্ঞা।—পিটাসাইটিস্ ভলগারিস। বাটারবার। পেষ্টীলেন্স ওয়ার্ট।

জন্মস্থান।—ইয়োরোপে এই বৃক্ষের জন্ম।

পরীক্ষক।—ডাক্তার কুচেনমিষ্টার পরিক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছ থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আটদিন ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{১}{৬}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ডাইলিউট এলকোহলে মাদার টিঞ্চর প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

অলমাস্।

(Ulmus)

সমসংজ্ঞা।—কমন্ এলেম্; ব্রড্‌লিভ্‌ড্ এল্‌ম (Elm)

ঔষধার্থ—ইহার আভ্যান্তরিক ত্বক গৃহীত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—**ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।**—প্রুফ্ স্পিরীট সাহায্যে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়াতে এই ঔষধের নাম নাই। ইহা বিশেষরূপে পরীক্ষিত নহে।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:—

আপাস্ টাইউটী।

(Upas Tieute)

সমসংজ্ঞা।—ষ্ট্রীকনস্ টায়িউটি। অপাস্ টি।

জন্মস্থান।—ম্যাকেসার (Macassar) দেশে ইহা জন্মে। ইহার রস বিষাক্ত। তীর ফলকে মাথান হইত।

পরীক্ষক।—ফ্রান্সের ডাক্তার পিটেট ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—একভাগ ঔষধ বা উক্ত গাছের রস সহ পঞ্চাশ ভাগ এলকোহল মিশাইয়া মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৬ষ্ঠ শ্রেণীর (খ) নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঙ্কার ; গ্রবিউল ইত্যাদি।

—*:*—

ইয়ুর‍্যানিয়ম্ নাইট্রিকাম্।

(Uranium Nitricum)

সমসংজ্ঞা।—ইয়ুর‍্যানিল্ নাইট্রেট। নাইট্রেট অভ্ ইয়ুর‍্যানিয়ম্।

উৎপত্তি (Origin)।—ইহা ধাতু সংযুক্তাবস্থায় পাওয়া যায়। পিচ্ ব্লেণ্ড (Pitch Blende) বা গন্ধক, আর্সেনিক্, সীসক প্রভৃতি ধাতুর সহিত সংমিশ্রণে পাওয়া যায়।

পরীক্ষা।—ডাক্তার ব্লেক (Dr. Blake) ইহার পরীক্ষক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া—বিশুদ্ধ নাইট্রিক এসিড্ দিয়া উহাকে বিশুদ্ধ করিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—১ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—পরিস্রুত জলে দ্রব করিয়া ১x ; ২x বা ১ম ক্রম জন্য ডাইলিউট এলকোহল। তদূর্দ্ধ ক্রম জন্য রেক্টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

দ্রষ্টব্য।—এই ঔষধ প্রস্তুতকালে সূর্য্যালোক সাহার্য্য না লইয়া কৃত্রিম আলোক (Artificial Light) সাহায্য গ্রহণ করিতে হয়।

এই ঔষধ আম্বার বর্ণ শিশিতে রাখা কর্ত্তব্য।

ব্যবহার।—বিচূর্ণ ও তরল উভয় ক্রমই ব্যবহার্য্য।

—*:*—

আর্টিকা ইয়ূরেন্স।

(Urtica Urens)

সমসংজ্ঞা।—আর্টিকা। আর্টিকা মাইনোরা। কমন্ নেটল্। বিছুটী।

জন্মস্থান।—উত্তর আমেরিকা, ইয়োরোপ এবং এসিয়াতে প্রচুর জন্মে

বিবরণ।—ইহাতে ছোট ছোট সবুজ বর্ণের ফুল।

পরীক্ষা।—ডাক্তার জন রেড্‌মান্ কক্সি।

ঔষধার্থ সমস্ত বৃক্ষ গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমস্ত বৃক্ষ সংগ্রহ করিয়া উহা থেতো করিয়া উহার দ্বিগুণ মাত্রায় এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া রাখিয়া যথা নিয়মে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—:•:—

আর্টিকা ডায়োকা।

(Urtica Dioica)

সমসংজ্ঞা।—গ্রেট্ বা লার্জ্জ নেট্‌ল্ ইত্যাদি।

বিবরণ।—উত্তর আমেরিকায় এই শ্রেণীর বিছুটী অধিক। এতদ্ব্যতীত অন্যান্য বিষয় সাধারণ বিছুটির সমান।

ঔষধ প্রস্তুত প্রণালী।—টাট্‌কা গাছ যখন ফুল হয় তখন উহা তুলিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ এলকোহল দিয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—:•:—

অস্নিয়া বার্ব্বেটা।

(Usnea Barbata)

বিবরণ।—বড় বড় বনে, বৃক্ষের ত্বকে এই প্রকারের রাস্ন (Lichen) জন্মে। ইহা নানাপ্রকারের হইয়া থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা টাট্‌কা তুলিয়া উহা থেতো করিয়া উহার পাঁচগুণ ডাইলিউটেড এলকোহল মিশাইয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার ; পিল ইত্যাদি।

—:০:—

অষ্টিলেগো মেডিস্।

(Ustilago Maidis)

সমসংজ্ঞা।—মেজ স্মট্। করণ্ স্মট ইত্যাদি।

বিবরণ।—ইহা এক প্রকার ফঙ্গস্ (Fungus) বা ছাতা বিশেষ ; শস্যাদিতেও উৎপন্ন হয়। ইহার আকার নেবুর মত বড়।

ডাক্তার বার্ট (Burt) কর্ত্তৃক ইহা ভেষজ ক্ষেত্রে প্রবেশাধিকার প্রাপ্ত হইয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—স্টপক জাতীয় ছাতা লইয়া চূর্ণ করিয়া উহার পাঁচগুণ ওজনে এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে তরল ক্রম প্রস্তুত হয়। ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ, এবং ব্রীটিশ মতেও বিচূর্ণ হইয়া থাকে।

ব্যবহার।—বিচূর্ণ ও তরল ক্রম ব্যবহার্য্য।

—*:*—

ইউভা আর্সি।

(Uva Ursi)

সমসংজ্ঞা।—বিথার বোধ। আর্বিউটাস্ ইয়ুভা আর্সি ইত্যাদি।

জন্মস্থান।—ইহা ইয়োরোপ, উত্তর আমেরিকা এবং উত্তর এসিয়ায় জন্মে (বালুকা ও পার্ব্বত্য প্রদেশে); রুসিয়াতে ও স্কটলণ্ড এবং আয়রলণ্ড প্রভৃতি স্থানে সর্ব্বদা জন্মিয়া থাকে।

পরীক্ষক।—মহাত্মা হানিমান।

বিবরণ।—বসন্তকালে ফুল হয়। পত্র ঔষধার্থ গৃহীত হয়। (ব্রীটিশ মতে)।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার পত্র থেতো করিয়া উহার দুইয়ের তৃতীয়াংশ ওজনে এলকোহল মিশাইয়া যথানিয়মে আটদিন ভিজাইয়া ছাকিয়া লইলে মাদার টিঙ্কার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ঔষধ শক্তি ½।

দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—প্রুফস্পিরীটে মাদার টিঙ্কার প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঙ্কার, পিল ইত্যাদি।

—*:*—

ভার্ব্বাস্কম্।

(Verbascum)

সমসংজ্ঞা।—ভার্ব্বাস্কাম্ থাপসস্। মুলেন (Mullein)। ফ্লাটেরিয়া। ফ্লানেল্ প্লাণ্ট।

জন্মস্থান।—ইয়োরোপে ইহার আদিম জন্মস্থান, কিন্তু এক্ষণে আমেরিকায় চাষ হইয়াছে।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহা পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া ।—টাট্‌কা গাছ সংগ্রহ করিয়া উত্তম করিয়া কর্ত্তিত করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয় ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া ।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে ।—ঔষধ শক্তি $\frac{1}{6}$ ।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয় ।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে ।—প্রুফ্ স্পিরীটে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হইয়া থাকে ।

ব্যবহার ।—পিল, গ্নবিউল ; টিঞ্চার ইত্যাদি ।

—:•:—

ভ্যাক্সিনিনম্ ।

(Vaccininum)

সমসংজ্ঞা ।—ভ্যাকাইন ভিরস্। বোভাইন ভিরস্ ; গোবসন্ত বীজ ইত্যাদি ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া ।—বিশুদ্ধ বীজ গ্রহণ পূর্ব্বক ৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয় ।

ব্যবহার ।—বিচূর্ণ ক্রম ইত্যাদি ।

—*:*—

ভ্যালেরিয়ানা অফিসিন্যালিস্ ।

(Valeriana Officinalis)

সমসংজ্ঞা ।—ফু জার্ম্মনিকাম্। ওয়াইলড্ ভ্যালেরিন ।

জন্মস্থান ।—সমস্ত ইয়োরোপ। স্পেনের উত্তর। এসিয়াতে এবং ম্যাঞ্চুরিয়াতে এই ভেষজ প্রচুর জন্মে। উত্তর আমেরিকায় আবাদ হয় ।

বিবরণ ।—ঔষধার্থ মূল গৃহীত হয়।

পরীক্ষক ।—মহাত্মা হানিমান পরীক্ষা করিয়াছিলেন ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া ।—শুষ্ক মূল লইয়া চূর্ণ করিয়া উহার পাঁচ-গুণ এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয় ।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ইহার ঔষধ শক্তি ১/১০। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তত হয়।

ব্রাটীশ ফার্ম্মাকোপিয়া মতে,—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তত হয়।

ব্যবহার।—টিঞ্চার; পিল ইত্যাদি।

—*:*—

ভেরিয়োলিনম্।

(Variolinum)

সমসংজ্ঞা।—মলপক্স্ ভিরস। ইচ্ছা বসন্ত বা মসূরিকা বসন্তের বীজ বা বিষ।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বসন্ত গুটীকার সুপক্ক গুটীকা হইতে লিম্ফ বা বীজ লইয়া আমেরিকান্ ফার্ম্মাকোপিয়ার অষ্টম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তত করিতে হয়।

ব্যবহার।—টিঞ্চার ট্রিটুরেশন।

—*:*—

ভিরেট্রাম্ এলবাম।

(Veratrum Album)

সমসংজ্ঞা।—এলিবোরম্ এলবাম্। হেলিবোরস এলবাম্। শ্বেতবর্ণ হেলিবোর। ইয়োরোপিয়ান্ হেলিবোর।

জন্মস্থান।—সমস্ত ইয়োরোপ ও এসিয়াটিক রুসিয়া প্রভৃতি স্থানে জন্মে।

বিবরণ।—জুন হইতে আগষ্ট মাসে ফুল হয়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহার পরীক্ষক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার শুষ্ক মূল চূর্ণ করিয়া পাঁচ গুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আট দিন ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রোটিশ মতে।—২০ ওভার প্রুফ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ঔষধ শক্তি ১/১০।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করা হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ভিরেট্রাম ভিরিডি।

(Veratrum Viride)

সমসংজ্ঞা।—হেলোনিয়াস্ ভিরিডিস্। আমেরিকান্ হেলিবোর ইত্যাদি।

জন্মস্থান।—ক্যানাডা হইতে জর্জ্জিয়া পর্য্যন্ত নিম্ন ও জলা ভূমিতে এবং পার্ব্বত্য প্রদেশে এই বৃক্ষ জন্মে।

বিবরণ।—জুন হইতে জুলাই মাসে ফুল হয়। ঔষধার্থ মূল গৃহীত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল হইতে আমেরিকান্ মাদার টিঞ্চার নিম্নলিখিত মতে প্রস্তুত হয়। মূলগুলি কাটিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে ডাইলিউট এলকোহল মিশাইয়া আট দিন পরে ছাকিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়, কেবল ২০ ক্রম পর্য্যন্ত ডাইলিউট এলকোহল দিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—২০ ওভার প্রুপস্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*•*—

ভিরাটিনম্।

(Veratinum)

বর্ত্তমাননাম।—ভিরেটিয়া। ইহা স্যাবোডিলার অবিশুদ্ধ সারাংশ (Alkaloid)। রেক্টিফাইড স্পিরীটে দ্রব হয়।

ভার্ব্বিনা হাষ্টেটা।

(Verbena Hastata)

সমসংজ্ঞা।—ব্লু ভার্ভেন। পার্ভেন। ওয়াইল্ড হিস্প।

জন্মস্থান।—আমেরিকায় ইহা প্রচুর জন্মে। জুলাই ও সেপ্টেম্বর মাসে ফুল হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছ থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া ভিজাইয়া আটদিন পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ঔষধ শক্তি ১/৬।
তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়। (আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া)

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—:**—

ভার্ব্বিনা অফিসিন্যালিস্।

(Verbena Officinalis)

সমসংজ্ঞা।—ভার্ব্বিনা মেরিস্। হোয়াইট্ ভার্ব্বেন (White Vervain)।

জন্মস্থান।—জার্ম্মানী এবং ইয়োরোপের দক্ষিণ দিকে এই পুষ্প বৃক্ষ জন্মে। সমস্ত গ্রীষ্মকালে ফুল ফুটিতে থাকে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—পুষ্প হইলে তাজা গাছ লইয়া থেতো করিয়া উহার দুইয়ের তৃতীয়াংশ ওজনে এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া ছাকিয়া লইলে ইহার আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে,—ইহার ভেষজ শক্তি ১/২।

দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, গ্লবিউল ইত্যাদি।

—**—

ভার্ব্বিনা আর্টিসিফোলিয়া।

(Verbena Urticefolia)

সমসংজ্ঞা।—নেটাল লিভ্ড অথবা হোয়াইট ভার্ব্বেন।

জন্মস্থান।—এই গাছ মেক্সিকো এবং পশ্চিম ভারতবর্ষ এবং আমেরিকায় জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—এই গাছ লইয়া থেতো করিয়া উহার দুই তৃতীয়াংশ ওজনে এলকোহল দিয়া আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{2}$।

দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ভিরোনিকা বেকাবঙ্গা।

(Veronica Beccabunga)

সমসংজ্ঞা।—ভিরোনিকা আমেরিকান্। ব্রুকলাইম।

জন্মস্থান।—এই গাছড়া ইয়োরোপ এবং এসিয়ায় প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা গাছ থেতো করিয়া উহাতে দুইয়ের তৃতীয়াংশ ওজনে এলকোহল দিয়া যথারীতি আটদিন পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{2}$।

দ্বিতীয় শ্রেণীর নিয়মে মাদার টিঞ্চার হইতে ক্রমাদি প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ভেস্পা ক্র্যাব্রো।
(Vespa Crabro)

সমসংজ্ঞা।—ইহা এক প্রকার বোলতা (Wasp) বিশেষ।

বাসস্থান।—ইয়োরোপে সচরাচর ইহা দেখা যায়।

ঔষধ প্রস্তুত প্রণালী।—জীবন্ত বোল্‌তা একটী বোতল মধ্যে পুরিয়া উহা নাড়া দিতে হয়। তৎপরে উহাতে পাঁচগুণ ওজনের এলকোহল দিয়া আটদিন রাখিতে হয়। তৎপরে যথারীতি ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$।

৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।— টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ভাইবর্ণম অপুলস।
(Viburnum Opulus)

সমসংজ্ঞা।—ভাইবার্ণম ইডুল। হাইক্রেণ্‌বেরি। সিপস্‌বেরি (Sheep's Berry)। স্নোবল্।

জন্মস্থান।—আমেরিকার মেরিল্যাণ্ডের প্রান্তভাগে এই ক্ষুদ্র গুল্ম জন্মে।

ঔষধার্থ ইহার বল্কল প্রয়োজন হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মূল থেতো করিয়া দ্বিগুন ওজনে এলকোহল দিয়া যথা নিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে, ইহার ভেষজশক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার প্রুফ স্পিরীটে প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:—

ভাইবর্ণম প্রুণিফোলিয়াম্।

(Viburnum Prunifolium)

সমসংজ্ঞা।—ব্লাক "হ"। প্লমলিভড্ ভাইবর্ণম ইত্যাদি।

জন্মস্থান।—নিউইয়র্কের জর্জ্জিয়া প্রভৃতি স্থানে প্রচুর জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্কা পক্ক ফল থেতো করিয়া উহার দ্বিগুণ এলকোহল দিয়া যথা নিয়মে আট দিন ভিজাইয়া পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—:*:—

ভিন্‌কা মাইনর।

(Vinca Minor)

সমসংজ্ঞা।—ভিঙ্কা পারভিন্‌কা। লেসার পেরি উইন্‌কেল্।

জন্মস্থান।—ইউরোপে ইহা জন্মিয়া থাকে। অন্যান্য স্থানেও ইহা হইয়া থাকে।

বিবরণ।—এপ্রেল ও মে মাসে ইহার ফুল হয়।

পরীক্ষা—ডাক্তার রসেন্ বার্গ ইহা পরীক্ষা করিয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা বৃক্ষ হইতে নিম্নলিখিত উপায়ে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।—ফুল হইতে আরম্ভ হইলেই গাছগুলি থেতো করিয়া উহার দুইয়ের তৃতীয়াংশ ওজনে এলকোহলে ভিজাইয়া আট দিন পরে ছাকিয়া লইলে উক্ত মূলারিষ্ট প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া। আমেরিকান্ মতে।—ইহার ভেষজ শক্তি ২।

দ্বিতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

—*:*—

ভায়োলা ওডোরেটা

(Viola Odorata)

সমসংজ্ঞা।—ভায়োলা ইম্বেরিস্। ভায়োলা সুয়াভিস্। সুইট সেণ্টেড্ ভায়োলেট্।

জন্মস্থান।—ইউরোপে এবং উত্তর এসিয়ায়। যুক্তরাজ্যে ইহার জন্মস্থান হইবার উদ্যোগ হইয়াছে।

বিবরণ।—এই ঔষধের ফুল এপ্রেল্ ও মে মাসে ফুটিয়া থাকে।

পরীক্ষা।—মহাত্মা হানিমান ইহার পরীক্ষা করিয়াছেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার মাদার টিঞ্চার নিম্নলিখিত ভাবে প্রস্তুত হয়; তাজা গাছ কুট্টিত করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথা নিয়মে আট দিন রাখিয়া ছাকিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ডাইলিউশন প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ভায়োলা ট্রিকোলর।

(Viola Tricolor)

সমসংজ্ঞা।—ভায়োলা ট্রিনিটেটিস্। প্যান্‌সি। হার্টস্ ইজ্।

জন্মস্থান।—ইউরোপে এবং উত্তর ভারতবর্ষে এখন অনেক জন্মে। তৎপরে ইহা সর্ব্বত্র দেখিতে পাওয়া যায়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান ইহার নিজে পরীক্ষক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাট্‌কা গাছ থেতো করিয়া, উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে আটদিন পরে ছাকিয়া লইলে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি ১/৬।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে—প্রুফ্ স্পিরীটে ইহার মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ভাইপারা রিডাই।

(Vipera Redi)

সমসংজ্ঞা।—একপ্রকার সর্প। আফিডিয়া শ্রেণী।

সাধারণ নাম।—ইটালীর ভাইপার।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—টাট্‌কা বিষ হইতে দুগ্ধ সর্করা সংযোগে ৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ মতে।—গ্লিসিরিণে দ্রব প্রস্তুত হয়; অন্যান্য সমস্ত নিয়ম ক্রোটেলসের ন্যায়।

ব্যবহার।—বিচূর্ণ ক্রম ইত্যাদি।

—*:*—

ভাইপারা টর্ভা।

(Vipera Torva)

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—সর্পের বিষ লইয়া দুগ্ধ শর্করার দ্বারা ৮ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণ ইত্যাদি।

ভিস্কাম এলবাম্।

(Viscum Album)

সমসংজ্ঞা—ভিস্কাম ফ্লাভেসেন্স।

সাধারণ নাম।—মিসলেটো (Mistletoe)

প্রাপ্তিস্থান—এই বৃক্ষ ইয়োরোপে প্রচুর পাওয়া যায়। বসন্তকালে ইহার ফুল হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—সমান ভাগে ফল ও পাতা লইয়া উহাদের দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথা নিয়ম পূর্ব্বক আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে, ইহার ভেষজ শক্তি ⅙। তৃতীয় শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—প্রুফ্ স্পিরীটে মাদার টিঞ্চার প্রস্তুত হয়। কেহ কেহ নিম্নলিখিত প্রকারে টিঞ্চার প্রস্তুত করিতেন। পত্রাদি খণ্ড করিয়া উহার রসে এলকোহল দিয়া কিছু কাচ খণ্ড দিয়া যথানিয়মে ক্রম প্রস্তুত করা হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

ভিটিস্ ভিনিফেরা।

(Vitis Vinifera)

সমসংজ্ঞা।—কমন্ গ্রেপ্ ভাইন।

জন্মস্থান।—মধ্য ভারতবর্ষ ইহার আদি জন্মস্থান। এক্ষণে পাশ্চাত্য দেশে সকল স্থানেই চাষ হইয়াছে। নিউ ইংলণ্ডে ইহা অধিক হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—টাটকা পাতা লইয়া থেতো করিয়া একখানি নূতন বস্ত্রে ছাকিয়া রস বাহির করিতে হয়। তৎপরে উহার সমান পরিমাণে এলকোহল দিয়া আটদিন পরে ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত করা হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ঔষধ শক্তি $\frac{1}{2}$।

১ম শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঙ্কার, পিল ইত্যাদি।

ভল্‌পিস্ ফেল্।

(Vulpis Fel)

সমসংজ্ঞা।—ফক্স গল্ (Fox gall)।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৯ম শ্রেণীর নিয়মানুসারে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণ ইত্যাদি।

—*:*—

ভলপিস্ হিপার।

(Vulpis Hepar)

সমসংজ্ঞা।—ফক্স লিভার (Fox Liver)।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—খেকসেয়ালির যকৃত সযত্নে শুষ্ক করিয়া ৯ম শ্রেণীর নিয়মে (আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে) বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—ট্রাইটুরেশন বা বিচূর্ণ ইত্যাদি।

—*:*—

ভলপিস্ পলমো।

(Vulpis Pulmo)

সমসংজ্ঞা।—পল্‌মো ভলপিস।

সাধারণ নাম।—ফক্স লংঙ্স্ (Fox Lungs); অর্থাৎ খেকসিয়ালির ফুস্‌ফুস।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—থেকসিয়ালির ফুসফুস্ সমত্নে শুষ্ক করিয়া ৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—বিচূর্ণ, গ্লবিউল ইত্যাদি।

—:*:—

ওয়াইথিয়া হেলিনয়িডিস্।

(Wyethia Helenioides)

সমসংজ্ঞা।—আলারগোনিয়া হেলিনয়িডিস্।

জন্মস্থান।—এই ঔষধি সান্‌ফ্রান্সিসকো এবং স্যাক্রেমেণ্টো প্রভৃতি স্থানে প্রচুর জন্মে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—টাট্‌কা মূল থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল মিশাইয়া যথানিয়মে আট্‌দিন পরে ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার টিঞ্চার** প্রস্তুত হইয়া থাকে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—ইহার ঔষধ শক্তি ⅙।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

জ্যান্থিয়াম্ স্পাইনোসাম্।

(Xanthium Spinosum)

সমসংজ্ঞা।—স্পিনী ক্লোটবর।

জন্মস্থান।—দক্ষিণ ইয়োরোপে এবং যুক্তরাজ্যে এবং জর্জ্জিয়া প্রভৃতি স্থানে এই ক্ষুদ্র বৃক্ষ জন্মে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—যখন এই বৃক্ষের ফুল হইতে থাকে, তখন উহা লইয়া উত্তম করিয়া থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথানিয়মে ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে, ইহার ভেষজ শক্তি ⅒।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

জ্যান্থক্সাইলাম্ ফ্রাক্সিনিয়ম্।

(Xanthoxylum Fraxineum)

সমসংজ্ঞা।—জ্যান্থক্স্ইলাম আমেরিকেনম্। প্রিকৃলি আস্। ইয়েলা উড্ ইত্যাদি।

জন্মস্থান।—এই ভেষজ বৃক্ষ যুক্তরাজ্যে ও ক্যানাডা হইতে ভার্জ্জিনিয়া প্রভৃতি স্থলে জন্মিয়া থাকে।

বিবরণ।—এপ্রেল ও মে মাসে ইহার ফুল ফুটিতে থাকে। ঔষধার্থ বল্কল ও ফল গৃহীত হয়। (ব্রীটিশ মতে)

পরীক্ষা।—ডাক্তার কুলিস্ কর্তৃক ইহা ভৈষজ্য তত্ত্বে প্রবেশাধিকার প্রাপ্ত হইয়াছে।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার তাজা ছাল লইয়া থেতো করিয়া বা চূর্ণ করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া আটদিন ভিজাইয়া ছাকিয়া লইলে আমেরিকান্ মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,— ইহার ঔষধ শক্তি ⅒।

তৃতীয় শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটীশ ফার্ম্মাকোপিয়া মতে।—(১) ছাল হইতে এক প্রকারের মাদার টিঞ্চার—রেক্টিফাইড স্পিরীটে প্রস্তুত হয়। এবং (২) পক্ব ফল হইতে রেক্টিফাইড স্পিরীট সাহায্যে মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মাদার টিঞ্চার; পিল ইত্যাদি।

ইয়ূকা।

(Yucca)

সমসংজ্ঞা।—ইয়ুক্কা ফিলামেণ্টোসা। বিয়ার গ্রাস্। এডাম্‌স্ নিডল্ (Adam's needle) ইত্যাদি।

জন্মস্থান।—ইষ্ট ভার্জ্জিনিয়ার বালুকাময় জমিতে এই ভেষজ জন্মিয়া থাকে।

বিবরণ।—ইহার ফুল জুন ও জুলাইমাসে ফুটিতে থাকে।

পরীক্ষক।—যুক্তরাজ্যের ডাক্তার চার্লস্ রাওয়েল্ সাহেব ইহা প্রথমে পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—তাজা মূল এবং পত্রাদি থেতো করিয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া আটদিন রাখিয়া ছাকিয়া লইলে আমেরিকান মাদার টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মানুসারে মাদার টিঞ্চার হইতে ক্রমাদি প্রস্তুত হয়।

ব্যবহার।—টিঞ্চার, পিল ইত্যাদি।

—*:*—

জিঙ্কাম।

(Zincum)

সমসংজ্ঞা।—জিঙ্কাম মিটালিকাম্। ষ্ট্যানম ইণ্ডিকাম্। জিঙ্ক। দস্তা।

উৎপত্তি (Origin)।—ইহা পুরাকাল হইতে প্রচলিত আছে। অষ্ট্রেলিয়াতে ধাতব অবস্থায় পাওয়া গিয়া থাকে। ইংলণ্ড, বেলজিয়ম প্রভৃতি স্থানে ইহার কারখানা আছে। ইহা কার্ব্বনেট, সালফাইড, অক্সাইড ও সিলিকেটেড্ রূপে অবস্থিতি করে।

ধর্ম্ম।—লঘু, কঠিন, নীলাভ, শ্বেত দানাদার ধাতু। দস্তা নানাবিধ ধাতুকে পৃথক করিয়া দিতে পারে।

পরীক্ষক।—মহাত্মা হানিমান

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিশুদ্ধ পরিস্রুত ধাতুকে চূর্ণ করিয়া পরিস্রুত জলের নিম্নে রাখিয়া চূর্ণ প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ও আমেরিকান্ উভয় ফার্ম্মাকোপিয়া মতে ইহার বিচূর্ণ। আমেরিকান্ মতে, ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৩য় পর্য্যন্ত কেবল বিচূর্ণ। ৪র্থ ক্রমের টিঞ্চার।

—:•:—

জিঙ্কাম এসিটিকাম্।

(Zincum Aceticum)

সমসংজ্ঞা।—জিঙ্কাম এসিটেট্। এসিটেট্ অভ্ জিঙ্ক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—কার্ব্বনেট্ অভ্ জিঙ্কাম সহ উষ্ণ এসিটিক এসিড্ মিশাইয়া প্রক্রিয়া বিশেষ দ্বারা দানা বাঁধাইয়া লইতে হয় অর্থাৎ ভেষজ পদার্থ অধঃস্থ হয়।

পরীক্ষক।—মহাত্মা হানিমান

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে প্রস্তুত—(একশত ভাগ জিঙ্কাম অকসাইড সহ ২৫০ ভাগ পরিস্রুত জল এবং ৫৩০ ভাগ ডাঃ এসিটিক এসিড্ এবং ১৫ ভাগ মিটালিক জিঙ্ক একত্র করিয়া উত্তপ্ত হইলে ঠাণ্ডা করিয়া দানা বাঁধাইয়া লইতে হয়। জিঙ্কাম্ ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—১× জন্য ডিষ্টিল্ড্ ওয়াটার বা পরিস্রুত জল প্রয়োজন। ২× বা ১ম ক্রম প্রস্তুত করণার্থ উক্ত জলে ৫ ভাগ রেকটিফাইড্ স্পিরীট মিশ্রিত থাকে। ৩× বা ২য় ক্রম জন্য রেকটিফাইড্ স্পিরীট প্রয়োজন হয়।

ব্যবহার।—বিচূর্ণ ক্রম ইত্যাদি।

—*:*—

জিঙ্কাম ব্রোমেটাম।

(Zincum Bromatum)

সমসংজ্ঞা।—জিঙ্কাম ব্রোমাইড্। ব্রোমাইড অভ্ জিঙ্ক্।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—দানা বিশিষ্ট বিশুদ্ধ দস্তা সব্ হাইড্রো ব্রোমিক এসিড্ সংমিশ্রিত করিয়া ইহা প্রস্তুত করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে, ৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়। কিন্তু ১x দশমিক ক্রম ভাল থাকে না; কেননা উহাতে লাবণিক পদার্থ থাকে।

ব্যবহার।—বিচূর্ণ ইত্যাদি।

—*০*—

জিঙ্কাম্ কার্ব্বনিকাম্।

(Zincum Carbonicum)

সমসংজ্ঞা।—জিঙ্কাম কার্ব্বনেট। কার্ব্বনেট্ অভ্ জিঙ্ক। প্রিসিপিটেট্ কার্ব্বনেট্ অভ্ জিঙ্ক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—কার্ব্বনেট ও হাইড্রেট্ অভ্ জিঙ্কের সম্মিলনে ইহা প্রস্তুত হয়। সলফেট্ অভ্ জিঙ্কের উষ্ণ দ্রবে কার্ব্বনেট্ অভ্ সোডা দিয়া ঠাণ্ডা করিয়া দানা বাধাইতে হয়। শ্বেত বর্ণ পদার্থ অধঃস্থ হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান ও ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত জন্য আমেরিকান্ ফার্ম্মাকোপিয়ার ৭ম শ্রেণীর নিয়ম অবলম্বনীয়।

ব্যবহার।—বিচূর্ণ ইত্যাদি।

—*:*—

জিঙ্কাম ক্লোরাইডাম্।

(Zincum Chloridum)

সমসংজ্ঞা।—জিঙ্কাম মিউরিয়াটিকাম্ ক্লোরাইড্ অভ্ জিঙ্ক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—হাইড্রোক্লোরিক এসিডে, দানাদার দস্তা

গলাইলে ইহা প্রস্তুত হয়। উত্তপ্ত করিয়া দ্রব করতঃ শীতল না হইতে ইহা শিশিতে পুরিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—১ × পরিস্রুত জলে দ্রব প্রস্তুত করিতে হয়। ১ম ক্রম জন্য ডাইলিউট এলকোহল; অর্দ্ধ ক্রম জন্য রেক্টিফাইড্ স্পিরীট ব্যবহার্য্য।

আমেরিকান্ মতে।—বিশুদ্ধ ধাতু লইয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত হয়। কিন্তু লাবণিক পদার্থ জন্য নিম্ন ক্রম ভাল থাকে না।

ব্যবহার।—বিচূর্ণ ইত্যাদি।

—*:*—

জিঙ্কাম সায়েনেটাম্।

(Zincum Cyanatum)

সমসংজ্ঞা।—জিঙ্কাম হাইড্রো সায়েনিকাম্; জিঙ্কিক্ সাইনাইড। সায়েনাইড অভ্ জিঙ্ক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ মতে।—দশভাগ শুষ্ক ক্লোরাইড অভ্ জিঙ্ক সলিউশন, দশভাগ পোটাসিয়ম সায়েনাইড দ্রব সম্মিলন দ্বারা উহাতে একশত ভাগ পরিস্রুত জল মিশাইতে হয়। তৎপরে উহাতে তিনভাগ ডাইলিউট এসিটিক এসিড মিশাইয়া অধঃস্থ পদার্থ সাবধানে প্রস্তুত করিয়া লইতে হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ। ইহার সমস্ত ক্রম সদ্য প্রস্তুত করিয়া ব্যবহার করা কর্ত্তব্য।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণ ইত্যাদি।

—*:*—

জিঙ্কাম ফেরোসায়েনেটাম্।

(Zincum Ferrocyanatum)

সমসংজ্ঞা।—জিঙ্কি ফেরোসাইনাইডাম; ফেরোসাইনাইড অভ্ জিঙ্ক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ছয় ভাগ দানাদার পোটাসিয়ম ফেরো-সায়েনাইড ৬০ ভাগ পরিস্রুত জলে দ্রব করিয়া উহা ধীরে ধীরে চুয়াইতে হয়। এবং উহার সঙ্গে ৮ভাগ দানাদার সল্‌ফেট্ অভ, জিঙ্ক সলিউসন (এক ভাগে।১৮০ ভাগ জল) দিতে হয়। উষ্ণ স্থান হইতে উহা ক্রমে শীতল স্থানে আনিয়া অধঃস্থ পদার্থ সংগ্রহ করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—বিশুদ্ধ ফেরোসায়েনাইড্ অভ্ জিঙ্ক লইয়া ৭ম শ্রেণীর নিয়মানুসারে বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্যবহার।—বিচূর্ণ ইত্যাদি।

—:০:—

জিঙ্কাম আয়োডেটাম্।

(Zincum Iodatum)

সমসংজ্ঞা।—জিঙ্ক আয়োডাইড্। আয়োডাইড্ অভ্ জিঙ্ক ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—একটী বড় কাচের ফ্লাস্কে (Flask) বা কাচের পাত্রে দশভাগ বিশুদ্ধ আয়োডিন্ এবং বিশ ভাগ পরিস্রুত জল দিয়া উহার সঙ্গে ক্রমশ তিন ভাগ দানাদার জিঙ্কাম মিশাইতে হয়। উহাতে উত্তাপ প্রয়োগ করিলে (১০৪ ডিগ্রীর ফারেন্‌হিট্) এবং উহার মুখ একটী কাচের ফণেল দিয়া আবৃত করিতে হয়। এইরূপ করিলে দেখা যায় যে উহা ক্রমশঃ জিঙ্কামে আইসে; তৎপরে উহা শুষ্ক করিয়া লইতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—বিশুদ্ধ আয়োডাইড্ অভ্ জিঙ্ক লইয়া ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ মতে,—১x ও ১ম ক্রম প্রস্তুত জন্য সিরপ (Syrup) প্রয়োজন। সিরপ এবং পরিস্রুত জল (যে জলে শতকরা ৫ভাগ রেক্‌টিফাইড্ স্পিরীট মিশ্রিত থাকে) সমভাগ লইয়া তৎপরে ক্রম প্রস্তুত করা হয়। ২য় বা ৪x ক্রম জন্য ডাইলিউটেড্ এলকোহল এবং তদূর্দ্ধ ক্রম প্রস্তুত জন্য রেক্‌টিফাইড্ স্পিরীটের প্রয়োজন হয়।

—*:*—

জিঙ্কাম্ অক্সাইডেটম্।

(Zincum oxydatum)

সমসংজ্ঞা।—বর্ত্তমান নাম।—জিঙ্কাই অক্সাইড্; অক্সাইড্ অভ জিঙ্ক ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—জিঙ্ককে কিম্বা ইহার কার্ব্বনেটকে দগ্ধ করিলে অক্সাইড উৎপন্ন হয়। আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—অধঃপতিত কার্ব্বনেট অভ্ জিঙ্ক, ১২ আউন্স, একটি পাত্রে করিয়া উত্তাপ দিতে হয়। উপরে উহাতে কয়েক বিন্দু হাইড্রোক্লোরিক এসিড দিয়া যথা নিয়মে ইহা উৎপন্ন করিতে হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—বিচূর্ণ।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ; পরে তরল ক্রম ইত্যাদি।

—*:—

জিঙ্কাম ফস্ফোরেটাম্।

(Zincum Phosphoratum)

সমসংজ্ঞা।—জিঙ্কাই ফস্ফাইড্। জিঙ্কাম্ ফস্ফাইডাম্। ফস্ফাইড অভ্ জিঙ্ক।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—বিভিন্ন প্রকারের উপায় বা প্রক্রিয়া অবলম্বনে এই পদার্থটি উৎপন্ন হয়। এবং ইহাতে উৎপন্নকারীর অনেক সময় বিপদ ঘটে এবং সকল বারের পদার্থ সমান ফল প্রদান করে না।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—লিখিত আছে, তপ্ত মিটালিক জিঙ্কাম ফস্ফরস সহ একটী শিল করা বা মুখবন্ধ ছিপিতে (In a sealed glass tube) বা টিউবে পুরিয়া উহা একটী ম্যাগ্নেসিয়া পূর্ণ লৌহ টিউবে পরিয়া ক্রমশ ৮।১০ ঘণ্টা মৃদু সন্তাপ প্রয়োগ করিবে।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—৭ম শ্রেণীর নিয়মে ইহার বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার বিচূর্ণ প্রস্তুত হয়।

ব্যবহার।—বিচূর্ণাদি।

—*:*—

জিঙ্কাম্ সল্‌ফিউরিকাম্।

(Zincum Sulphuricum)

সমসংজ্ঞা।—জিঙ্কি সলফাস্। জিঙ্কিক্ সলফেট্। সলফেট্ অভ্ জিঙ্ক; হোয়াইট ভিট্রিয়ল্ ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—বিশুদ্ধ দস্তা সলফিউরিক এসিডে দ্রব করিয়া যে অধঃস্থ পদার্থ জন্মে, তাহা হইতে ইহা প্রস্তুত করিতে হয়।

রসায়ন শাস্ত্রের মতে,—সলফাইডকে দগ্ধ করিলে সল্‌ফেট হয়, কিন্তু অধিক উত্তাপ প্রয়োগ করিলে অক্সাইড্ হইয়া যায়। সলফিউরিক এসিডে দস্তা দ্রবীভূত করিলে সলফেট অভ্ জিঙ্ক প্রস্তুত হয়।

হাইড্রোজেনের পাত্রাবশিষ্ট দ্রাবণ শুষ্ক করিয়া লইলে ইহা প্রাপ্ত হওয়া যায়।

স্বরূপ।—ইহা দানাদার—জলে দ্রবনীয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—বিশুদ্ধ সল্‌ফেট্ অভ্ জিঙ্ক ৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ আকারে ৬× ক্রম পর্য্যন্ত প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহা পরিস্রুত জলে দ্রব করিয়া ১× ; ২ × বা ১ম এবং ৩× জন্য ডাইলিউট এলকোহল ; ২য় বা ৪× জন্য ২০ ওভার প্রুফ স্পিরীট্ এবং তদূর্দ্ধ ক্রম জন্য রেক্‌টিফাইড্ স্পিরীট ব্যবহৃত হইয়া থাকে।

ব্যবহার।—১× হইতে ৬× সলিউশন। ২× বা ৪× এবং তদূর্দ্ধ ক্রম টিঞ্চার ট্রিটুরেশন, এবং সলিউশন আকারে ব্যবহৃত হইয়া থাকে।

—০:০—

জিঙ্কাম্ ভ্যালেরিয়ানিকাম্।

(Zincum Valerianicum)

সমসংজ্ঞা।—জিঙ্কাম্ ভ্যালেরিয়েনেট্। জিঙ্কি ভ্যালরিয়ানাস্। ভ্যালবিয়েনেট্ অভ্ জিঙ্ক ইত্যাদি।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—সল্‌ফেট অভ্ জিঙ্কের উষ্ণ দ্রবের সহিত ভ্যালেরিয়েনেট্ অভ্ সোডা (Valerianate of soda) মিশাইয়া উহার উষ্ণতা নাশ করিলে, শীতলতার সঙ্গে সঙ্গে অধঃস্থ পদার্থ পতিত হয়।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—সাড়ে পাঁচ আউন্স সল্‌ফেট্ অভ্ জিঙ্ক, পাঁচ আউন্স ভ্যালেরিয়েনেট্ সোডা এবং যথেষ্ট পরিমাণ পরিস্রুত জল। পৃথক করিয়া উক্ত লাবণিক পদার্থ নিচয় দ্রব করিতে হয়। উত্তাপ প্রয়োগের পর যথানিয়মে অধঃস্থ পদার্থ পতিত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ এবং ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—বিচূর্ণ।

আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—৭ম শ্রেণীর নিয়মে বিচূর্ণ ক্রম প্রস্তুত হয়।

ব্যবহার।—১× হইতে ৬× বিচূর্ণ; পরে টিঞ্চার ইত্যাদি।

—*:*—

জিঞ্জিবার অফিসিন্যালি।

(Zingeber officinale)

সমসংজ্ঞা।—এমোমাম জিঞ্জিবার। জিঞ্জিবার এলবাম্। জিঞ্জিবার নাইগ্রাম। জিঞ্জার। আর্দ্রক।

জন্মস্থান।—ভারতবর্ষ, দক্ষিণ আমেরিকা ও পশ্চিম ভারতে, আফ্রিকায় এবং অষ্ট্রেলিয়াতে ইহা প্রচুর জন্মে।

বিবরণ।—ইহার পীতবর্ণ ফুল ফুটিয়া থাকে। ইহা সদ্‌গন্ধযুক্ত, কটু আস্বাদ যুক্ত

কাচা অবস্থায় "আদা" এবং শুষ্কাবস্থায় শুঠ নামে আখ্যাত হয়।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—ইহার শুষ্ক মূল চূর্ণ করিয়া উহার পাঁচগুণ ওজনে এলকোহল দিয়া একটী বোতলে পুরিয়া আট দিন রাখিয়া যথানিয়মে ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার** টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি $\frac{1}{10}$। ৪র্থ শ্রেণীর নিয়মে ক্রম প্রস্তুত হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে,—প্রথম প্রক্রিয়া (Process I) অনুসারে ইহার মূলারক রেক্‌টিফাইড্ স্পিরীট্ দ্বারা প্রস্তুত হইয়া থাকে।

ব্যবহার।—মাদার টিঞ্চার, পিল, গ্লবিউল, টিঞ্চার ট্রিটুরেশন ইত্যাদি।

—*:*—

জিজিয়া অরিয়া।

(Zezia Aurea)

সমসংজ্ঞা।—(স্মিরনিয়ম্ অরিয়ম্)। সায়ম্ ট্রাইফোলিয়াম। সিনম সিসন্ অরিয়স্। গোলডেন্ আলেকজাণ্ডার; মেডো পার্সনিপ ইত্যাদি। থ্যাস্‌পিয়ম অরিয়াম।

জন্মস্থান।—এই ঔষধিটি যুক্ত পারস্ত ক্যানেডা প্রভৃতি স্থলে জন্মে।

পরীক্ষক।—যুক্তরাজ্য বাসী, ডাক্তার মার্সি (Dr, E Mercy) এই ঔষধটী পরীক্ষা করেন।

ঔষধ প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে।—ইহার টাট্‌কা গাছ কর্ত্তন করিয়া থেতো করিয়া লইয়া উহার দ্বিগুণ ওজনে এলকোহল দিয়া যথারীতি আট দিন অন্ধকার গৃহে রাখিয়া প্রত্যহ একবার করিয়া নাড়িয়া যথারীতি ছাকিয়া লইলে **আমেরিকান্ মাদার** টিঞ্চার প্রস্তুত হয়।

ক্রম প্রস্তুত প্রক্রিয়া।—আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া মতে,—ইহার ভেষজ শক্তি $\frac{1}{6}$।

তৃতীয় শ্রেণীর নিয়মে মাদার টিঞ্চার হইতে উচ্চ ক্রম প্রস্তুত করিতে হয়।

ব্রীটিশ ফার্ম্মাকোপিয়া মতে।—রেক্‌টিফাইড স্পিরীটে উহার মাদার-টিঞ্চার প্রস্তুত হয়।

ব্যবহার।—মূলারিষ্ট, টিঞ্চার, টিঞ্চার ট্রিটুরেশন, পিল, গ্লবিউল ইত্যাদি।

ডাক্তার হেলের মন্তব্য।—"জিজিয়া অরিয়াকে" এক্ষণে "থ্যাস্পিয়ম্ অরিয়ম্" বলে। কিন্তু পুরাতন নামেই ইহা অধিক পরিচিত ও উল্লিখিত হইয়া থাকে।

—*:*—

সম্পূর্ণ।